(শরীর) ন উপলভ্যতে (উপলব্ধ হয় না) তস্মাৎ (তজ্জগত) প্রত্যক্ষাদি-
বিরোধঃ ন (প্রত্যক্ষাদি প্রমাণের সহিত বিরোধ হয় না) ॥ ৫৯

অনুবাদ [আচার্য্য পুনঃ শিবোর প্রত্যক্ষাদি বিরোধ শব্দা নিরাকরণ
করিতেছেন । তুমি যে বলিয়াছিলে—আত্মাতে দেহের অসত্তা হইলে প্রত্যক্ষাদি
প্রমাণের সহিত বিরোধ উপস্থিত হয়,—তাহা যথার্থ নহে ; কারণ প্রত্যক্ষাদি
প্রমাণের দ্বারা আত্মাতে দেহের সত্তা উপলব্ধি হয় না । কুণ্ডে বদরের
স্তায়, ছুণ্ডে ঘুতের স্তায়, তিলে তৈলের স্তায় এবং ভিত্তিতে চিত্রের স্তায়
প্রত্যক্ষাদি প্রমাণের দ্বারা আত্মাতে দেহ উপলব্ধ হয় না ; সে কারণ প্রত্যক্ষাদি
প্রমাণের সহিত বিরোধ নাই ॥ ৪৯ *

টীকা । তদ্ এবং দুষণোক্ত্যেণ ইত্যন্তেরাধ্যাসঃ তাদাত্ম্যব্যবহারহেতুং
গ্রাহয়িত্বা আত্মং বিকল্পং নিরাকার্য্যৎ । ইদানীং পরমতে দুষণমাপাদয়িত্বং
দ্বিতীয়ম্ উত্থাপয়তি—যৎপুনরুক্তমিতি । নিরাকরোতি—তন্নেতি । আত্মনি
দেহঃ অস্তি ইতি এবং প্রত্যক্ষং তাবৎ ন সম্ভবতি, চক্ষুঃস্পর্শনাভ্যাং দেহস্ত
গৃহীতভে অপি আত্মনঃ তাভ্যাম্ অগৃহীতত্বাৎ, তদগ্রহণাভাবে চ তত্র
ইদমিতি গ্রহণামুপপত্তেঃ । ‘ পরাঞ্চি ধানি’ (কঠ) ইতি শ্রুতেশ্চ ন
আত্মা ইন্দ্রিয়বিষয়ঃ, অতঃ ন তস্মিন্ দেহসম্বন্ধঃ প্রত্যক্ষঃ । অতঃ এব ন
অনুমানাদিগোচরত্বম্ অপি ইতি আন্তঃপ্রত্য অমুপলব্ধিব্যতিরেকদৃষ্টান্তৈস্তেঃ
বিবৃণোতি—ন হীত্যাদিনা । আত্মঃ প্রত্যক্ষস্ত, দ্বিতীয়ঃ অনুমানস্ত, তৃতীয়ঃ
অর্থাপত্তেঃ । ন হি কুণ্ডে বদরবৎ দেহাত্মানো একদেশসংলগ্নৌ উপলভ্যতে ইতি
উক্তে ভিত্তিচিত্রয়োঃ ভেদেন অমুপলব্ধে অপি যথা আধারাধেয়ভাবঃ তথা অত্র
অপি ইতি আশঙ্ক্য আহ—ভিত্তৌ চিত্রমিবেতি । চিত্রাঙ্কিতায় ভিত্তেঃ
উপলব্ধবদ্ দেহাকারাক্ষিতঃ আত্মা ন উপলভ্যতে, তথা সতি ময়ি মনুষ্যঃ দেহঃ
অয়ন্ অস্মি ইতি ব্যবহারঃ স্তাৎ । ন তু মনুষ্যঃ অহং সুলঃ অহম্ ইত্যাদি ইতি
সমুদার্য্যার্থঃ ॥ ৫৯

* তাৎপর্য্য—যেমন দেহ চক্ষুঃদ্বারা কিংবা অগ্নিজ্বলের দ্বারা পুহীত হয়, সেইরূপ আত্মা হয়
না । কুণ্ডে বদরকল সংযুক্ত আছে, উভয়ই ইন্দ্রিয়গাহ্য ; সেইরূপ দেহ ও আত্মার স্থলে
উভয় ইন্দ্রিয় গ্রাহ্য নহে ; সুতরাং প্রত্যক্ষের সহিত কোন বিরোধ নাই ।

কথং তর্হি প্রত্যক্ষাদ্যপ্রসিদ্ধাত্মনি দেহাধ্যারোপণা, দেহে
চাত্মারোপণা ॥ ৬০

পদার্থায় । তর্হি (তাহা হইলে) প্রত্যক্ষাদ্যপ্রসিদ্ধাত্মনি (প্রত্যক্ষ
প্রভৃতি প্রমাণের দ্বারা অপ্রসিদ্ধ আত্মাতে) দেহাধ্যারোপণা (দেহের আরোপ)
দেহে চ (এবং দেহে) আত্মারোপণা (আত্মার আরোপ) কথম্
(কিরূপে হয়) ? ॥ ৬০ *

অনুবাদ । তাহা হইলে প্রত্যক্ষাদি প্রমাণের দ্বারা অপ্রসিদ্ধ আত্মাতে
দেহের আরোপ এবং দেহে আত্মার অধ্যাস কিরূপে হয় ? ॥ ৬০

টীকা । নমু সাধান্ততঃ গৃহীতে বিশেষতশ্চ অগৃহীতে বিষয়ে বিষয়ান্তরাধ্যাসঃ
দৃষ্টঃ, তদ্ ইহ আত্মনঃ প্রত্যক্ষাত্মবিষয়ত্বে কথং তত্র অনাত্মাধ্যারোপঃ, অনাত্মনি
বা কথম্ আত্মাধ্যারোপঃ, তস্ম অতান্তাসন্ধে ইতি অভিপ্রেত্য শিষ্যঃ শকতে—
কথং তর্হীতি ॥ ৬০

নায়ং দোষঃ, স্বভাবপ্রসিদ্ধত্বাদাত্মনঃ । ন হি কাদাচিৎক-
সিদ্ধৌ এব অধ্যারোপণা ন নিত্যসিদ্ধৌ ইতি নিয়ন্তুং
শক্যম্, আকাশে তলমলাদ্যধ্যারোপণদর্শনাৎ ॥ ৬১

পদার্থায় । অয়ম্ (এই) দোষঃ (দুষণ) ন (না, নহে), [এ পক্ষে হেতু
প্রদর্শিত হইতেছে] আত্মনঃ (আত্মার) স্বভাবপ্রসিদ্ধত্বাৎ (স্বভাবতঃ প্রসিদ্ধত্ব-
হেতু, যত্নপি আত্মা প্রত্যক্ষাদি প্রমাণগম্য নহে, তথাপি আত্মা স্বপ্রকাশ বলিয়া
তাহার সুরণের জন্ত প্রমাণান্তরের প্রয়োজন নাই) কাদাচিৎকসিদ্ধৌ এব
(কোন সময়ে সত্তাসিদ্ধি থাকিলেই) অধ্যারোপণা (অধ্যাস), নিত্যসিদ্ধৌ
(নিত্যসিদ্ধি থাকিলে) ন অধ্যারোপণা (অধ্যাস হয় না) ইতি (ইহা) নিয়ন্তুং
(নিয়মিত করিতে) ন হি শক্যম্ (পার না), আকাশে (গগন, অপ্রত্যক্ষভূত-
পদার্থে) তলমলাদ্যধ্যারোপণদর্শনাৎ (তল, মল প্রভৃতির অধ্যারোপ দেখা
যায়) ॥ ৬১

* তাৎপর্য—যে বস্তুর সাধারণ জ্ঞান আছে বিশেষ জ্ঞান নাই তাহাতে অন্য বস্তুর আরোপ
দেখা যায় ; যেমন পুরোবর্জিনী শুদ্ধিকার সামান্যরূপে পূর্বে জ্ঞান থাকার নীলপূষ্ঠাদি বিশেষ
জ্ঞান না থাকায় তাহাতে রক্তের অধ্যাস হয়। আত্মাত প্রত্যক্ষাদি প্রমাণের বিহীন নহে,
ইতরাং এইরূপ অপ্রসিদ্ধ বস্তুতে কিরূপে অন্য বস্তুর অধ্যাস হইতে পারে—এইরূপ শিষ্য
শকা করিতেছেন।

অনুবাদ। আত্মার স্বাভাবিক প্রসিদ্ধি থাকায়—ইহাতে কোন দোষ হয় না। কদাচিৎ প্রসিদ্ধ বস্তুতে অধ্যাস হয়, নিত্যসিদ্ধ বস্তুতে অধ্যাস হয় না—এরূপ নিয়ম করিতে পারা যায় না। কারণ আকাশে তল-মালিন্ত প্রভৃতির অধ্যাস দৃষ্ট হয় ॥ ৬১ *

টীকা। কিম্বা আত্মনঃ সুরণাভাবাৎ তত্র অধ্যাসঃ ন সম্ভবতি ইতি উচ্যতে ? কিংবা বিষয়ত্বেন সুরণাভাবাৎ ? গৃহীতসামান্তাংশাগৃহ্যমাণবিশেষাংশাভাবাদ্ বা ? তত্র ন আশুঃ ইতি আহ -নায়ং দোষঃ স্বভাবপ্রসিদ্ধত্বাদাত্মন ইতি। স্বপ্রকাশশ্চ আত্মনঃ স্বমহিমা এব সুরণাদিত্যর্থঃ। ন দ্বিতীয়ম্ ইতি আহ—ন হীতি। আকাশে অপ্রত্যক্ষে অপি ইতি শেষঃ। অর্নৈক্সিয়াক অপি আকাশে ঐক্সিয়কভ্রমদর্শনাৎ অবিষয়ে অপি স্বতঃ সুরতি আত্মনি বিষয়াধ্যাসঃ ন অসম্ভাবিতঃ ইত্যর্থঃ। ন চরমঃ—বহিরর্থেষু বিদ্যমানয়োঃ অপি সামান্ত-বিশেষাংশয়োঃ অগ্নিপৈঙ্গল্যাদিবদ্ ধূমাদৌ অধ্যাসং প্রেতি অতন্ত্রত্বাৎ স্বরূপমাত্রেন সুরণং অধ্যাসবিরোধাকারেণ অসুরণঞ্চ অধিষ্ঠানশ্চ অধ্যাসে অপেক্ষ্যতে। তদ্ ইহ আত্মনঃ স্বরূপতঃ সুরণে অপি অন্তর্ভুক্তহঃখাস্তবহানাশ্চব্যাবৃত্তাকারেণ বেদান্তজনিতজ্ঞানে অধ্যাসবিরোধিনি সুরণাভাবাদ্ অধ্যাসোপপত্তেঃ ন কচ্চিদ-দোষঃ ইতি দ্রষ্টব্যম্ ॥ ৬১

কিং ভগবন্ ! দেহাত্মনোঃ ইতরেতরাধ্যারোপণা দেহাদি-সংঘাতকৃতা, অথবা আত্মকৃতা ? ইতি ॥ ৬২

পদান্বয়। ভগবন্ ! (ঐশ্বর্যাদি গুণশালিন্) দেহাত্মনোঃ (শরীর এবং আত্মার) ইতরেতরাধ্যারোপণা (পরস্পর অধ্যাস) কিম্ (কি) দেহাদি-সংঘাতকৃতা (শরীরাদি সংঘাতজনিত) অথবা (কিংবা) আত্মকৃতা (আত্ম-সম্পাদিত) ? ইতি (বাক্য শেষ) ॥ ৬২

অনুবাদ। শরীর এবং আত্মার পরস্পর আরোপ দেহাদিসংঘাতজনিত কিংবা আত্মকৃত ? ॥ ৬২

* তাৎপর্য। শিব্যের আকাঙ্ক্ষায় গুরু বলিতেছেন—যটাবি অর্ড বস্তুর প্রসিদ্ধিতে প্রত্য-কাদি প্রমাণের আবশ্যকতা আছে, আত্মা স্বয়ংপ্রকাশ বলিয়া তাহার প্রসিদ্ধি স্বতঃসিদ্ধ; সুতরাং তাহাতে অস্ত বস্তুর অধ্যাস হইবার বাধক কি আছে?—শুদ্ধিকা প্রভৃতি পদার্থ প্রত্যকাদি প্রমাণের বিবরণীভূত হয় বলিয়া তাহার তখন জ্ঞান হয়; সুতরাং তাহাতেই অধ্যাস হইবে স্বতঃসিদ্ধ বস্তুতে হইবে না, ইহাতে বা যুক্তি কি? স্বতঃসিদ্ধ আকাশে তল মালিন্ত প্রভৃতির আরোপ দেখা যায়।

টীকা । নহু অধ্যাসজ্ঞানাকারপরিণামঃ কিম্ আত্মনঃ ? উত অন্যত্মনঃ ?
কিংবা উভয়োঃ ? নাশ্চ, তশ্চ বিকারিতাপস্তেঃ অনিত্যত্বাদিদোষপ্রসঙ্গাৎ ।
ন দ্বিতীয়ঃ, অচেতনশ্চ তদলুপপস্তেঃ । অতএব ন তৃতীয়ঃ ইতি অভিপ্রেত্য
শিষ্যঃ পৃচ্ছতি—কিং ভগবন্মিতি ॥ ৬২

গুরুঃ উবাচ—যদি দেহাদিসংঘাতকৃত্য, যদি বা আত্মকৃত্য,
কিং তত্র স্মাৎ ? ॥ ৬৩

পদাশ্রয় । গুরুঃ (আচার্য্য) উবাচ (বলিয়াছিলেন) যদি (যদি)
[ইতরেতরাধ্যারোপণা = পরস্পরাধ্যাস] দেহাদিসংঘাতকৃত্য (দেহ প্রভৃতি
সংঘাতকৃত) যদি বা (অথবা) আত্মকৃত্য (আত্মকৃত) তত্র (তাহাতে)
[তব = তোমার] কিং স্মাৎ (কি হবে) ॥ ৬৩

অনুবাদ । গুরু বলিলেন—যদি পরস্পর অধ্যাস দেহাদিসংঘাতকৃত
কিংবা আত্মকৃত, তাহাতে তোমার কি ? ॥ ৬৩

টীকা । শিষ্যাভিপ্রায়ঃ শ্রোতুকামঃ গুরুঃ কস্মিন্ সতি কিং স্মাদ্ ইতি
পৃচ্ছতি—যদীতি । কিং তত্র স্মাৎ তব ইতি শেষঃ ॥ ৬৩

ইত্যুক্তঃ শিষ্যঃ আহ—যদি অহং দেহাদিসংঘাতমাত্রঃ,
ততঃ মম অচেতনত্বাৎ পরার্থত্বম্ ইতি ন মৎকৃত্য দেহাত্মনোঃ
ইতরেতরাধ্যারোপণা । অথাহমাত্মা পরঃ অন্তঃ সংঘাতাৎ,
চিতিমত্বাৎ স্বার্থঃ ইতি ময়া এব চিতিমতা আত্মনি অধ্যারোপণা
ক্রিয়তে সৰ্ব্বানর্থবীজভূতা ॥ ৬৪

পদাশ্রয় । ইতি উক্তঃ (গুরু কহুক এইরূপ অভিহিত) শিষ্যঃ (ছাত্র)
আহ (বলিলেন) যদি (যদি) অহম্ (আমি) দেহাদিসংঘাতমাত্রঃ (কেবলমাত্র
দেহাদি সংঘাতস্বরূপ, দেহাদিসংঘাত ব্যতীত আমার আর পৃথক্ সত্তা নাই),
ততঃ (সেইজন্য) মম (আমার) অচেতনত্বাৎ (জড়ত্ববশতঃ) পরার্থত্বম্ (পর-
প্রয়োজন সিদ্ধির নিমিত্ত) ইতি (এইহেতু) দেহাত্মনোঃ (দেহ এবং আত্মার)
ইতরেতরাধ্যারোপণা (পরস্পর আরোপ) মৎকৃত্য ন (মৎকর্তৃক নহে),
অথ (পক্ষান্তরে) সংঘাতাৎ (দেহাদি সংঘাত হইতে) পরঃ অন্তঃ (অন্ত কেহ)
অহম্ (আমি) আত্মা (আত্মা) চিতিমত্বাৎ (চৈতন্যবশতঃ) স্বার্থঃ (পরার্থ নহে)
ইতি (এই হেতু) চিতিমতা (চৈতন্যস্বরূপ) ময়া এব (মৎকর্তৃকই)

আত্মনি(আত্মাতে) সর্বানর্থবীজভূতা (সমস্ত অনিষ্টের কারণীভূত) অধ্যারোপণা
(আরোপ, অধ্যাস) ক্রিয়তে (কৃত হইতেছে) ॥ ৬৪

অনুবাদ । গুরু কর্তৃক এইরূপ অভিহিত হইয়া শিষ্য বলিলেন—যদি আমি কেবলমাত্র দেহাদি সংঘাতস্বরূপ হই, তাহা হইলে আমি অচেতন বলিয়া পরার্থ হইয়া পড়িলাম, অতএব শরীর এবং আত্মার পরস্পর অধ্যাস মংকৃত নহে । যদি আমি দেহাদি সংঘাত হইতে অন্য আত্মা হই, তবে আমি চৈতন্যস্বরূপ বলিয়া স্বার্থ (নিজের প্রয়োজন সিদ্ধির নিমিত্ত) হইলাম, সুতরাং চৈতন্যস্বরূপ আমিই আত্মাতে সমস্ত অনর্থের কারণীভূত অধ্যারোপ করিলাম ॥ ৬৪

টীকা । স্বাতিপ্রায়ঃ শিষ্যঃ প্রকটয়তি ইতি আহ—ইত্যুক্তঃ ইতি । অনাত্মনঃ স্বরূপেণ অধ্যাস্ত্বাৎ নিঃস্বভাবস্ত তস্ত অধ্যাসকর্তৃত্বানুপপত্তেঃ আত্মা এব তৎকর্তা ইতি স্বয়ম্ উহমানঃ অহমবভাসস্ত আত্মপ্রত্যয়ত্বং সংঘাতে চ তদ্বর্ণনাৎ স বা অহম্, অন্তঃ বা অধ্যাসকর্তা ইতি উভয়ত্র দোষম্ উপলক্ষ্যতি— শিষ্য আহ যদ্যহমিত্যাদিনা । আত্মে পক্ষে অধ্যাসকর্তৃঃ অভাবাৎ সংসারদর্শনং ন শ্চাদ্ ইতি ভাবঃ । দ্বিতীয়ে স্বয়ম্ এব স্বানর্থার্থঃ প্রবৃত্ত্বাদ্ অনির্মোক্ষত্বাপত্তিঃ ইতি ভাবঃ ॥ ৬৪

ইত্যুক্তো গুরুরুবাচ—অনর্থবীজভূতাং চেৎ মিথ্যাধ্যারোপণাং জানীষে, মাকার্ষীস্তুহি ॥ ৬৫

পদানুব্র। ইতি উক্তঃ (এইরূপ কথিত) গুরুঃ (আচার্য্য) উবাচ (বলিয়াছিলেন) [কি বলিয়াছিলেন তাহা কথিত হইতেছে] চেৎ (যদি) মিথ্যাধ্যারোপণাম্ (মিথ্যা অধ্যাসকে) অনর্থভূতাম্ (অনর্থরূপ) জানীষে (জানি) তর্হি (তাহা হইলে) মা কার্ষীঃ (অধ্যাস করিও না) ॥ ৬৫

অনুবাদ । শিষ্যকর্তৃক এবংপ্রকার অভিহিত হইয়া গুরু বলিলেন—মিথ্যা অধ্যাসকে যদি অনর্থরূপ জান, তবে অধ্যাস করিও না অর্থাৎ একরূপ অধ্যাস ত্যাগ কর ॥ ৬৫

টীকা । চিন্মাত্রাপ্রবিশেষানাত্মনির্ধ্বচনীয়াবিষ্টাবেশবশাৎ চিন্মাত্মা এব অবিষ্টাপরিকল্পিতাহংকারাদিহুলশরীরাত্তম্ আয়ত্বেন অস্তিমন্তমানঃ মিথ্যা এব অধ্যাসকর্তা ইতি প্রসিদ্ধিম্ উপগতঃ । পরমার্থতত্ত্ব কূটস্থঃ এব আত্মা । অবিষ্টানিবৃত্ত্যা চ সংসারনিবৃত্তিঃ নিদ্রানিবৃত্ত্যা এব স্বপ্ননিবৃত্তিঃ ইতি ন অহুপগমঃ কিঞ্চিৎ ইতি অভিপ্রৈত্য শটেনঃ শটেনঃ উক্তার্থঃ শিষ্যবুদ্ধিম্ আরোহয়তি

শুক্ৰঃ ইতি আহ—ইত্যাঙ্কো গুরুরিত্যাদিনা । মেহাশাস্ত্রভাবনাম্ অনর্থার্থং
চেৎ অবগচ্ছসি কিং ইতি তর্হি তাং ন মুঞ্চসি স্বতন্ত্র্যাং তব ইতি তাবৎ
সংঘাতবিলক্ষণতাং তন্ত সূচয়তি—অনর্থবীজভূতামিতি ॥ ৬৫

নৈব ভগবন্ ! শক্ৰোমি ন কর্তুন্ম । অশ্ৰেন কেনচিৎ
প্রযুক্তঃ অহং ন স্বতন্ত্রঃ ইতি ॥ ৬৬

পদাশ্রয় । ভগবন্ ! (ঐশ্বর্যাদিগুণশালিন্) ন কর্তুং ন এব শক্ৰোতি
(আরোপ করি না এমন নহে অর্থাৎ আরোপ করিতেই হয়) অশ্ৰেন (অপর)
কেনচিৎ (কোন পুরুষ কর্তৃক) প্রযুক্তঃ (প্রেরিত) অহম্ (আমি) ইতি (এই
জন্ত) ন স্বতন্ত্রঃ (স্বাধীন নহি) ॥ ৬৬

অনুবাদ । ভগবন্ ! অধ্যাস করিব না ইহা হইতেই পারে না, অত্র
কোন পুরুষ কর্তৃক প্রেরিত হইয়া আমি আরোপ করিয়া থাকি, কারণ আমি
স্বাধীন নহি ॥ ৬৬

টীকা । সাক্ষিণঃ কূটস্থত্যাং ন অনর্থসম্বন্ধঃ পরমার্থতঃ ইত্যুক্তান্তিপ্রায়ম্
অনববুধ্যমানঃ শিষ্যঃ প্রাহ—নৈব ভগবন্নিত্তি । হে ভগবন্ ! ন কর্তুং ন এব
শক্ৰোমি ইতি—অনর্থঃ । অনিচ্ছতোহপি মে নিবৃত্ত্যভাবাৎ নাঃ স্বতন্ত্রঃ,
অশ্ৰেন কেনচিৎ প্রেয়ামাণঃ এব ইতি মন্তে ইত্যর্থঃ ॥ ৬৬

ন তর্হি অচিতিমত্ৰাং স্বার্থঃ ত্বম্ । যেন প্রযুক্তঃ অস্বতন্ত্রঃ
প্রবর্তসে স চিতিমান্ স্বার্থঃ । সংঘাত এব ত্বম্ ॥ ৬৭

পদাশ্রয় । তর্হি (তাহা হইলে, অর্থাৎ স্বতন্ত্র না হইলে) ত্বম্ (তুমি)
অচিতিম ত্ৰাং (অচৈতন্যবশতঃ, জড়ত্বপ্রযুক্ত) স্বার্থঃ (পরার্থ রহিত, স্বপ্রয়োজন
নিমিত্ত) ন (না), যেন (যৎকর্তৃক, আত্মকর্তৃক) প্রযুক্তঃ (প্রেরিত) অস্বতন্ত্রঃ
(পরাধীন) [ত্বম্ = তুমি] প্রবর্তসে (প্রবৃত্ত হইতেছ) চিতিমান্ (চৈতন্যযুক্ত)
সঃ (সে, তিনি, আত্মা) স্বার্থঃ (পরার্থ নহে), ত্বম্ (তুমি) সংঘাতঃ এব
(সংঘাতই) ॥ ৬৭

অনুবাদ । [শুক্ৰ] তুমি যদি পরতন্ত্র, তবে জড়ত্ববশতঃ স্বার্থ নহ ;
যৎকর্তৃক প্রেরিত হইয়া তুমি পরাধীন ভাবে প্রবৃত্ত হইতেছ সেই চেতন পদার্থ
স্বার্থ, তুমি সংঘাতরূপ ॥ ৬৭

টীকা । যদি এবং মন্তসে, তদা চিতিমত্ৰাং স্বার্থঃ ইতি মরা এব ইত্যাদিনা

উক্তং যুবা ইতি গুরুঃ স্বাভিপ্রায়ং প্রকটয়তি—ন তর্হি অচিতিম-
স্বাদিতি ॥ ৬৭

যদি অচেতনোহহং, কথং সুখদুঃখবেদনাং ভবদুক্তং চ
জানামি ? ॥ ৬৮

পদান্বয় । যদি (যদি) অহম্ (আমি) অচেতনঃ (চৈতন্যহিত, জড়)
কথম্ (কিরূপে) সুখদুঃখবেদনাম্ (সুখ দুঃখের অনুভব) ভবদুক্তং চ (এবং
আপনার কথিত বিষয়) জানামি (জানিব) ? ॥ ৬৮

অনুবাদ । [শিষ্য] যদি আমি অচেতন হইলাম, [তাহা হইলে] সুখ
দুঃখের অনুভব এবং আপনার কথিত বিষয় কিরূপে জানিব ? ৬৮

টীকা । নহু কথমহং সংঘাতঃ জ্ঞাত্বাদিতি শিষ্যঃ আহ—যদুচেতন
ইতি । ভবদুক্তমিতি । সংঘাতঃ এব ভমিত্যাদি ইত্যর্থঃ ॥ ৬৮

গুরুরুবাচ—কিং সুখদুঃখবেদনায়াঃ মদুক্তাচ্চ অনন্যঃ,
কিংবা অনন্য এব ইতি ॥ ৬৯

অনুবাদ । গুরু বলিলেন—তুমি কি সুখদুঃখানুভব হইতে এবং মৎকথিত
বিষয় হইতে ভিন্ন ? অথবা অভিন্ন ।

পদান্বয় । গুরুঃ (আচার্য্য) উবাচ (বলিলেন) ত্বম্ (তুমি) সুখদুঃখ-
বেদনায়াঃ (সুখ দুঃখের অনুভব হইতে) মদুক্তাৎ চ (এবং কথিত বিষয়
হইতে) অন্যাঃ (ভিন্ন) কিম্ (কি, প্রশ্নে) ? কিংবা (অথবা) অনন্যঃ এব
(অভিন্নই) ইতি (ইহা) [পৃচ্ছামি জিজ্ঞাসা করি] ॥ ৬৯

টীকা । মিথ্যাধ্যাসপ্রযুক্তকর্তৃত্বাত্তবভাসস্ত দেহেদ্রিয়ারস্তঃকরণগতচিদাভাসা-
বিবিক্ততয়া তদ্বিশিষ্টাঙ্গবিষয়ত্বাৎ তস্ত চ অবিবেকবিবেকাত্যাম্ আত্মনঃ
পরতত্ত্বত্বতত্ত্ব প্রতিভাসগোচরত্বাদ্ অবিবেকনিরাকরণেন অত্র স্বরূপপ্রতিষ্ঠা বুদ্ধিঃ
সংপাত্তা ইত্যতিপ্রোত্য আচার্য্যঃ পৃচ্ছতীত্যাহ—গুরুরুবাচ—কিমিত্যাদিনা ॥ ৬৯

শিষ্য উবাচ—নাহং তাবৎ অনন্যঃ । কস্ম্যাৎ ? যস্ম্যাৎ
তদুভয়ং কস্মভূতং ঘটাদিকমিব জানামি । যদি অনন্যো-
হহং, তেন তদুভয়ং ন জানীয়াম্, কিন্তু জানামি, তস্মাদন্যঃ ।
সুখদুঃখবেদনাবিক্রিয়া চ স্বার্থা এব প্রাপ্নোতি, তদুক্তঞ্চ স্মাৎ,

অনন্তঃ । ন চ তয়োঃ স্বার্থতা যুক্তা । ন হি চন্দন-
কণ্টককৃতে স্নুখদুঃখে চন্দনকণ্টকার্থে, ঘটোপযোগো বা
ঘটার্থঃ । তস্মাৎ তদ্ বিজ্ঞাতুঃ মম চন্দনাদিকৃতঃ অর্থঃ ।
অহং হি ততঃ অন্তঃ সমস্তম্ অর্থং জানামি বুদ্ধ্যাক্রুতম্ ॥ ৭০

পদাশ্রয় । শিষ্যঃ (বিদ্বাৰ্ণী) উবাচ (বলিয়াছিলেন) [কি বলিয়াছিলেন
তাহা প্রদর্শিত হইতেছে] অহম্ (আমি) তাবৎ (বাক্যালঙ্কার) অনন্তঃ ন
(অভিন্ন নহি, সংঘাত হইতে ভিন্ন), কস্মাৎ (কেন ? কেন আমি সংঘাত
হইতে ভিন্ন) যস্মাৎ (যেহেতু) ঘটাদিকম্ ইব (ঘটাদির স্তায়) কৰ্মভূতম্
(কৰ্মস্বরূপ, কৰ্মভূত নহে) তদ্ উত্তরম্ (সেই দুঃখটি, জ্ঞান এবং বিষয়)
জানামি (জানিতেছি), যদি) অহম্ (আমি) অনন্তঃ (সংঘাত হইতে
ভিন্ন নহি) তেন (তাহা হইলে) তদুত্তরম্ (সেই উত্তর জ্ঞান ও জ্ঞেয়) ন
জানীয়াম্ (জানিতাম না) কিন্তু (পরন্তু) জানামি (জানিয়া থাকি) তস্মাৎ
(তজ্জন্ত) অন্তঃ (ভিন্ন, সংঘাত হইতে পৃথকভূত), অনন্তঃ (অভিন্নত্বে)
স্নুখদুঃখবেদনাবিক্রিয়া চ (স্নুখ দুঃখানুভবরূপ বিকার) স্বার্থা এব (স্বার্থই,
পরার্থ নহে) প্রাপ্নোতি (প্রাপ্ত হইল, পতিত হইল) তদুত্তরম্ (এবং স্বংকথিত
অসম্ব অনিত্যত্ব প্রভৃতি পূৰ্ব্বোক্ত দোষ) স্মাৎ (হইল, ঘটল), তয়োঃ (স্নুখ-
বেদনারূপ বিকার এবং দুঃখ বেদনারূপ বিকারের) স্বার্থতা (স্বপ্রয়োজন-
নিমিত্ততা) ন চ যুক্তা (উচিত নহে) [স্নুখদুঃখবেদনাবিক্রিয়া যে স্বার্থ নহে
তাহা দৃষ্টান্ত দ্বারা স্পষ্ট করিয়া বলিতেছেন] চন্দনকণ্টককৃতে (চন্দন জনিত
এবং কণ্টক জনিত) স্নুখদুঃখে (স্নুখ এবং দুঃখ) চন্দনকণ্টকার্থে (চন্দন এবং
কণ্টকের নিমিত্ত) ন হি (নহে) ঘটোপযোগঃ (ঘটের উপযোগ, ঘটের জল
আহরণাদি) ঘটার্থঃ বা (কিংবা ঘটার্থ) [ন = নহে], তস্মাৎ (সেই হেতু)
তদবিজ্ঞাতুঃ (তদবিষয়ক জ্ঞানবান্, চন্দনকণ্টকাদিজনিতস্নুখ ও দুঃখের অনু-
ভবিতা) মম (আমার) চন্দনাদিকৃতঃ (চন্দনাদি জনিত) অর্থঃ (প্রয়োজন),
অহম্ (আমি) হি (নিশ্চিত) ততঃ (তাহা হইতে, পূৰ্ব্বোক্ত বিষয়সমূহ
হইতে) অন্তঃ (ভিন্ন) সমঃ (সৰ্বত্র তুল্যরূপ,) বুদ্ধ্যাক্রুতম্ (বুদ্ধিতে
আক্রুত) তম্ অর্থম্ (সেই পদার্থ) জানামি (জানি) ॥ ৭০

অনুবাদ । শিষ্য বলিলেন—আমি [দেহাদি সংঘাতের সহিত] অভিন্ন
নহি, [প্রশ্ন] কেন ? [উত্তর]—কারণ আমি কৰ্মভূত ঘটাদি পদার্থের স্তায়

জ্ঞান ও জ্ঞেয় উভয়কে জানি। যদি আমি সংঘাতের সহিত অভিন্ন, তাহা হইলে জ্ঞান ও জ্ঞেয় উভয়কে জানিতে পারি না, কিন্তু জানিয়াও থাকি, অতএব আমি সংঘাত হইতে ভিন্ন। যদি অভিন্ন হই, তাহা হইলে সুখদুঃখবেদনারূপ বিক্রিয়া স্বার্থ হইয়া পড়িল এবং ভবৎকথিত অসৎ ও অনিত্যাদি দোষও ঘটিল। সুখবেদনা এবং দুঃখবেদনার স্বার্থতা উচিত নহে। [কারণ] চন্দনজনিত সুখ এবং কণ্টক জন্ত দুঃখ চন্দন ও কণ্টকের নিমিত্ত নহে কিংবা ঘটের জলাহরণাদি উপযোগ ঘটের নিমিত্ত নহে। অতএব তদ্বিষয়ক জ্ঞানবান্ আমার চন্দনাদি-জনিত সুখাদির প্রয়োজন, আমি তাহা হইতে ভিন্ন, সর্বত্র তুল্যরূপে অবস্থিত থাকিয়া বুদ্ধিতে আরুঢ় পদার্থকে জানিয়া থাকি ॥ ৭০ •

টীকা। শিষ্যঃ পুনঃ স্বানুভবমনুস্মরনুত্তরমাহ ইতি দর্শয়তি—শিষ্য ইতি। নাহং সংঘাতাক্তঃ, তদ্ভ্রষ্টাৎ। যো যদ্ভ্রষ্টা ন স তদনন্তঃ, যথা ঘটভ্রষ্টা ইত্যর্থঃ। হেতোঃ অপ্রয়োজকতাশঙ্কাম্ অনবকাশয়তি—যদীতি। তেন ইতি অনন্তত্বেন হেতুনা ইত্যর্থঃ। ন হি স্বয়ং স্ববেদ্যম্ কিম্ অপি ভবতি, স্বানুনি বৃত্তিবিরোধাৎ, জড়শ্চ চ স্বপ্রকাশতানুপপত্তেঃ। স্বানুভ্রষ্ট-বিষয়ত্বাভাবে তদসিদ্ধিপ্রসঙ্গাৎ তদব্যবহারলোপঃ প্রসজ্জাত ইতি ভাবঃ। উপনয়নিগমনে দর্শয়তি—কিন্তু জানামি তস্মাদগ্ণ্য ইতি। অনন্তত্বে বিষয়ত্বানুপপত্তিরূপং বাধকম্ অভিধায় শেষাস্তরাত্বাৎ সংঘাতশ্চ স্বশেষত্বাপত্তিঃ বাধকাস্তরম্ আহ—সুখদুঃখেতি। বিক্রিয়া কর্তৃত্বাদিলক্ষণা ইত্যর্থঃ। তদুক্তং চেতি। অসৎঅনিত্যাদিপূর্বোক্তদোষশ্চ প্রাপ্নোতি ইত্যর্থঃ। ভবতু স্বার্থতা ইতি আশঙ্ক্য বিষয়শ্চ স্বার্থত্বাভাবঃ দৃষ্টান্তেন উপপাদয়তি—ন চ তয়োরিতি। সুখদুঃখবেদনাবিক্রিয়য়োঃ ইত্যর্থঃ। ভ্রষ্টঃ আয়নঃ দৃষ্টাদ্ অন্তত্বঃ শেষত্বং চ উপপাদয়িতুম্ উপসংহরতি—তস্মাদিতি। জাতুঃ জ্ঞেয়সম্বন্ধম্ আহ—বুদ্ধ্যাক্রুঢ়মিতি ॥ ৭০

* তাৎপর্য। গুরু শিষ্যকে স্মরণ করিয়াছিলেন—তুমি দেহাদি সংঘাত হইতে ভিন্ন অথবা অভিন্ন। তাহার উত্তরে শিষ্য বলিতেছেন—আমি দেহাদি সংঘাত হইতে ভিন্ন। কারণ দেহাদি বিষয়, আমি অবিষয়। আরও দেখা যায়, যে বিষয় হয়, সে পরার্থ হয়, যদি আমি দেহাদির সহিত অভিন্ন হই, তাহা হইলে বিষয় হইলাম, নিয়ম হইলে পরার্থ অবশ্যস্তাবী; কিন্তু আমি কখনও পরার্থ হইতে পারে না। অপিচ, যে যাহার ভ্রষ্টা যে তাহা হইতে ভিন্ন, যেমন ঘট-ভ্রষ্টা পুরুষ ঘট হইতে ভিন্ন। যদি দেহ, সুখ দুঃখ প্রভৃতি আমা হইতে অভিন্ন, তবে আমি তাহাদিগকে অনুভব করিতে পারিতাম না। সুতরাং আমি ঐ সমস্ত পদার্থ হইতে সম্পূর্ণ ভিন্ন।

তং গুরুকৃবাচ—এবং তর্হি স্বার্থঃ ত্বং চিত্তিমত্বাৎ ন
পরেণ প্রযুক্ত্যসে । ন হি চিত্তিমান্ পরতন্ত্রঃ পরেণ প্রযুক্ত্যতে,
চিত্তিমতঃ চিত্তিমদর্থত্বানুপপত্তেঃ সমত্বাৎ প্রদীপপ্রকাশয়ো-
রিব । নাপি অচিত্তিমদর্থত্বং চিত্তিমতঃ ভবতি, অচিত্তিমতঃ অচি-
ত্তিমত্বাদেব স্বার্থসম্বন্ধানুপপত্তেঃ । নাপি অচিত্তিমতঃ অশ্চো-
ন্যার্থত্বং দৃষ্টম্ । ন হি কাষ্ঠকুড্যে অশ্চোন্যার্থং কুর্বাতে ॥ ৭১

পদান্বয় । গুরুঃ (অ'চাখ্য) তম্ (তাঁহাকে, শিষ্যকে) উবাচ (বলিয়া-
ছিলেন) [কি বলিয়া ছিলেন, তাহা কথিত হইতেছে] এবং (এইরূপ) তর্হি
(তাহা হইলে) চিত্তিমত্বাৎ (চৈতন্যরূপত্ববশতঃ) ত্বম্ (তুমি) স্বার্থঃ
(সিদ্ধির নিমিত্ত, শয্যাসনাদির জ্ঞান পরার্থ নহে) পরেণ (অন্তর্কর্তৃক) ন
প্রযুক্ত্যসে (প্রেরিত হও না) চিত্তিমান্ (চেতন) পরতন্ত্রঃ (পরাধীন হইয়া)
পরেণ (পরকর্তৃক) নহি প্রযুক্ত্যতে (প্রেরিত হয় না) প্রদীপপ্রকাশয়োঃ ইব
(প্রদীপ এবং প্রকাশের জ্ঞান) সমত্বাৎ (তুল্যত্ব হেতু) চিত্তিমতঃ (চেতনের)
চিত্তিমদর্থত্বানুপপত্তেঃ (কারণ, চেতনের প্রয়োজন নিমিত্ত হয় না), [চেতন
চেতনের উপকারী নাই হউক, অচেতনের উপকার হইতে পারে, এই আশঙ্কার
বলিতেছেন] চিত্তিমতঃ (চেতনের) অচিত্তিমদর্থত্বম্ (জড়ের উপকারের
নিমিত্তত্ব) অপি ভবতি (হয়ও না) [একে হেতু প্রদর্শিত হইতেছে]
অচিত্তিমতঃ (অচেতনের, জড়ের) অচিত্তিমত্বাদ্ এব (অচেতনত্ব হেতু, জড়ত্ব-
বশতঃ) স্বার্থসম্বন্ধানুপপত্তেঃ (স্বার্থসম্বন্ধের অনুপপত্তিবশতঃ, জড় বস্তুর নিজের
প্রয়োজনসিদ্ধি হইতে পারে না জড় চেতনের অঙ্গ হয়, অঙ্গী হয় না) [চেতন
অচেতনের উপকার নাই করুক, জড়বস্তু সকল পরস্পরের উপকারক হউক,
এই আশঙ্কার বলিতেছেন] অচিত্তিমতঃ (অচেতন পদার্থবয়ের, দুইটি জড়-
বস্তুর, যেমন ঘট ও পট) অশ্চোন্যার্থত্বম্ (পরস্পর প্রয়োজন সিদ্ধার্থত্ব, পরস্পরের
উপকারকত্ব) ন অপি দৃষ্টম্ (দৃষ্ট হয় না, দেখা যায় না) [দৃষ্টান্ত দ্বারা
ইহাকে পরিস্ফুট করিতেছেন] কাষ্ঠকুড্যে (কাঠ এবং ভিত্তি) অশ্চোন্যার্থং
(পরস্পরের উপকার সাধকত্ব) ন হি কুর্বাতে (করে না) ॥ ৭১ *

অনুবাদ । গুরু শিষ্যকে বলিলেন—তবে এরূপ হইলে তুমি চেতন

* ভাষ্যপথ্য । জগতে চেতন ও অচেতন এই দুইটি বস্তু দেখিতে পাওয়া যায় ; তন্মধ্যে
আমরা চেতন, ভিত্তির সমুদয় পরার্থ অচেতন বা জড় । চেতন পদার্থ পরার্থ অর্থাৎ পরের

বলিয়া স্বার্থ, অতএব পরকর্তৃক প্রেরিত হও না। চেতন পরতন্ত্র হইয়া পর-
কর্তৃক প্রেরিত হয় না, প্রদীপ ও প্রকাশের জ্ঞান তুল্যজ্ঞাত্বহেতু চেতনের
চেতনার্থক উপপন্ন হয় না। চেতনের অচেতনার্থক ও সম্ভব নহে, কারণ
অচেতন পদার্থের অচেতনত্ববশতঃ স্বার্থসম্বন্ধের অনুপপত্তি ঘটে। অচেতন
পদার্থসমূহের পরস্পর উপকারকত্বও দেখা যায় না, [যেহেতু] কাষ্ঠ এবং কুড়া
পরস্পরের প্রয়োজন সাধন করে না ॥ ৭১

টীকা। যদি এবং প্রতিবুদ্ধঃ অসি বৎস! ন তর্হি পরপ্রযুক্ততা তব ইতি
তবম্ অববোধয়তি আচার্য্য ইতি আহ—তৎ গুরুরিত্তি। নহু চিত্তিমতঃ অপি
পরার্থকঃ কিং ন স্মাদ্ ইতি চেৎ তত্র বক্তব্যং কিং চিত্তিমান্ চিত্তিমদর্থঃ?
কিংবা অচিত্তিমদর্থঃ? ইতি। আদ্যে অপি স্বয়ম্ এব স্বার্থঃ? চিত্তিমদন্তরার্থঃ
বা? ন আদ্যঃ—একস্মিন্ উপকার্যোপকারকতাবলক্ষণশ্চ অর্থার্থিত্বশ্চ অযো-
গাদ্ ইতি অভিপ্রৈত্য দ্বিতীয়ং প্রতি আহ—চিত্তিমত ইতি। সমস্তাৎ
অন্তোন্তুক্ততাশিরাভাবাদ্ ইত্যর্থ। দ্বিতীয়ং দুষয়তি—নাপীতি। অচিত্তি-
মদর্থকঃ চিত্তিমতঃ ইতি পূর্বেণ অনুষঙ্গঃ। অচিত্তিমতঃ জড়শ্চ জড়ত্বাদ্ এব
শ্বেদিত্বানুপপত্তেঃ ইতি হেত্বর্থঃ। মাত্ত্বং তর্হি অচেতনানাম্ অপি চিত্তিমচ্ছেদিত্বং,
তেষাম্ অন্তোন্তুক্ততা কিম্ ইতি ন ভবেৎ, অতঃ কিম্ ইতিচেতনঃ অধাক্ষঃ স্বার্থঃ
কল্প্যতে ইতি আশঙ্ক্য দৃষ্টবিরোধাত্ মা এবম্ ইতি আহ—নাপ্যচিত্তিমতো-
রিত্তি ॥ ৭১

নহু চিত্তিমত্তে সমেহপি ভৃত্যস্বামিনোঃ অন্তোন্ত্যার্থকঃ
দৃষ্টম্ ॥ ৭২

জড়ের প্রয়োজন সিদ্ধির নিমিত্তীভূত হয় না—কিন্তু জড় বস্তু শব্দা, আসন, ঘট প্রভৃতি পরের—
চেতনের ভোগনিমিত্ত হয়। তুল্যজ্ঞাতীর বস্তু গণের মধ্যে উপকার্য উপকারকত্ব দেখা
যায় না। যেধুন—প্রদীপ ও প্রকাশ সমানজ্ঞাতীর। সুতরাং কেহ কাহার উপকার করে
না বা উপকৃত হয় না; কিন্তু অপ্রকাশশীল ঘটাদি জড় বস্তুর প্রকাশ করিয়া তাহার উপকার,
সাধন করে, চেতন অচেতনের ভোগার্থ দেখা যায় না, কেন না অচেতন বস্তু আপনাকে কি
উপকৃত মনে করিবে, সুতরাং তাহাতে নিজের প্রয়োজন সিদ্ধির সম্বন্ধ উপপন্ন হয় না
অর্থাৎ অসী হয় না, চেতনের অঙ্গই হয়। অচেতন বস্তুরা ও পরস্পরের উপকার করে না,
কারণ ঘট পটের উপকার করিতে পারে না, যেহেতু ঘট ও পট উভয়েই জড় বলিয়া বস্তুতীর,
তাহারা জলাহরণাদি কার্য্য করিয়া চেতন মনুষ্যের উপকার সাধন করে। সুতরাং ইহাই
নিশ্চিত হইল যে—চেতনের প্রয়োজন সাধন করে না, চেতন অচেতনের প্রয়োজন সিদ্ধির
নিমিত্ত হয় না এবং হুইটি বা বহু অচেতন পদার্থ পরস্পরের উপকার্য উপকারক হয় না।

পদাশ্রয় । নহু (প্রপ্নে) চিত্তিমবে (চৈতন্ত) সমে অপি (তুল্য হইলেও)
ভৃত্যস্বামিনোঃ (ভৃত্য ও প্রভুর) অন্তোত্তার্থত্বম্ (পরস্পরার্থত্ব) দৃষ্টম্
(দেখা যায়) ॥ ৭২ *

অনুবাদ । [শিষ্য] ভৃত্য ও স্বামীর চৈতন্ত অবশিষ্ট হইলেও
পরস্পরার্থত্ব দেখা যায় ॥ ৭২

টীকা । যদ্ উক্তং চিত্তিমতঃ চিত্তিমদর্শনং ন উপপত্ততে সমত্বাদ্ ইতি তত্র
ব্যভিচারঃ শক্যতে—নশ্চিতি ॥ ৭২

নৈবম্, অগ্নেরুক্ষপ্রকাশবৎ তব চিত্তিমত্বস্য বিবক্ষি-
তত্বাৎ । প্রদর্শিতশ্চ দৃষ্টান্তঃ প্রদীপপ্রকাশয়োরিতি । তত্র
এবং সতি স্ববুদ্ধ্যাক্রমমেব সর্বমুপলভসে অগ্ন্যুক্ষপ্রকাশ-
তুল্যেন কূটস্থনিত্যচৈতন্তস্বরূপেণ । যদি চ এবমান্ননঃ সর্বদা
নির্কিশেষত্বম্ উপগচ্ছসি, কিমিত্যুচিবান্ ‘স্বপ্তে বিশ্রম্য
বিশ্রম্য জাগ্রৎস্বপ্নয়োঃ দুঃখমনুভবামি, কিময়মেব মম
স্বভাবঃ কিংবা নৈমিত্তিকঃ’ ইতি চ । কিমসৌ ব্যামোহঃ
অপগতঃ ? কিংবা ন ইতি ? ॥ ৭৩

পদাশ্রয় । এবং ন (একরূপ নহে, চেতন ভৃত্য চেতন প্রভুর উপকার করে
তাহা নহে) অগ্নেঃ (অগ্নির) উক্ষপ্রকাশবৎ (উক্ষ এবং প্রকাশের স্তায়) তব
(তোমার) চিত্তিমত্বস্য (চৈতন্তের) বিবক্ষিতত্বাৎ (বিবক্ষিতত্ব হেতু) প্রদীপ-
প্রকাশয়োঃ ইতি (প্রদীপ এবং প্রকাশের) দৃষ্টান্তঃ (উদাহরণ) প্রদর্শিতশ্চ
(প্রদর্শিত হইয়াছে) তত্র এবং সতি (তদ্বিষয়ে একরূপ হইলে, চিত্তিমত্বের
পরার্থত্ব না হইলে) অগ্ন্যুক্ষপ্রকাশতুল্যেন (অগ্নির উক্ষ, প্রকাশ সদৃশ) কূটস্থ-
নিত্যচৈতন্তস্বরূপেণ (কূটস্থ—নির্কিকার, নিত্য—অবিনাশী চৈতন্ত স্বরূপে)
স্ববুদ্ধ্যাক্রমম্ (নিজবুদ্ধিতে সমাক্রম) সর্বম্ এব (সমস্ত বস্তুই) [ত্বম্ = তুমি]
উপলভসে (উপলব্ধি করিতেছ) যদি চ (যত্নপি) আন্ননঃ (আন্নার) এবম্
(এইরূপ) সর্বদা (সকল সময়) নির্কিশেষত্বম্ (একরূপত্ব) উপগচ্ছসি (প্রাপ্ত

* তাৎপর্য । সমাজীয় বস্তুরা পরস্পরের উপকার সাধন করে না, ইহা ঠিক নহে, কারণ
প্রভু ও ভৃত্য চেতন বলিয়া পরস্পর সমান জাতীয়, তদ্বোধে ভৃত্য প্রভুর উপকার সাধন করে
এবং উপকৃত হন,—এইরূপ শিষ্যের আশঙ্কা ।

হইতেছ, জানিতেছ) সুষুপ্তে (সুষুপ্তিকালে) বিশ্রম্য বিশ্রম্য (পুনঃ পুনঃ
বিশ্রাম লাভ করিয়া) জাগ্রৎস্বপ্নয়োঃ (জাগ্রৎ ও স্বপ্নাবস্থায়) হুঃখম্ (ক্লেশ)
অনুভবামি (অনুভব করি) ইতি (ইহা) অন্নম্ এব (ইহাই) মম (আমার)
স্বভাবঃ (প্রকৃতি, সহজ ভাব) কিম্ (কি), কিংবা (অথবা) নৈমিত্তিকঃ
(নিমিত্ত জন্ত) ইতি চ (এবং ইহা) কিম্ (কেন) উচিবান্ (তুমি বলিয়াছিলে) ?
অসৌ (এই) ব্যামোহঃ (ভ্রান্তি) কিম্ (কি) অপগতঃ (দূরীভূত, নাশপ্রাপ্ত)
কিংবা ন ইতি (অথবা যায় নাই) ॥ ৭৩

অনুবাদ । ইহা যথার্থ নহে, অগ্নির উষ্ণ ও প্রকাশের স্মার তোমার
চৈতন্যস্বরূপ বিবক্ষিত । পূর্বে প্রদীপ ও প্রকাশের দৃষ্টান্ত প্রদর্শিত হইয়াছে ।
চেতনের স্বার্থত্ব সিদ্ধ হইলে অগ্নির উষ্ণ প্রকাশ-সদৃশ কূটস্থ নিত্যচৈতন্যস্বরূপে
স্বকীয় বুদ্ধিতে আকৃষ্ট সমস্ত বস্তু তুমি উপলব্ধি করিতেছ । যদি সর্বদা আত্মার
এইরূপ নির্বিকার স্বভাব অবগত হইতেছ, 'সুষুপ্তি অবস্থায় পুনঃ পুনঃ বিশ্রাম
লাভ করত জাগ্রৎ ও স্বপ্নাবস্থাতে হুঃখ অনুভব করি, এবং এই হুঃখানুভব
আমার স্বভাব কিংবা নিমিত্তজন্ত'—ইহা কেন বলিয়াছিলে ? এই ভ্রান্তি কি নষ্ট
হইয়াছে ? অথবা হয় নাই ? ৭৩

টীকা । স্বামিচৈতন্য ভৃত্যদেহঃ এব অচেতনভাগঃ উপকরোতি, ন তন্নির-
পেক্ষং চিন্মাত্রং ; তথা ভৃত্যচৈতন্য স্বামিদেহঃ এব অচেতনভাগঃ উপকরোতি,
ন চৈতন্যমাত্রং, তথা দর্শনাদ্ ইতি অভিপ্রেত্য পরিহরতি—নৈবমগ্নেরিতি ।
তদ্ এবং চেতনস্ত অনন্তশেষত্বে সতি তস্ত ক্লেষরাশ্বঃ সিদ্ধম্, অতঃ কূটস্থঃ
এব আত্মা ইতি উপসংহরতি—তত্রৈবং সতীতি । চিত্তিমতঃ স্বার্থত্বম্ এব,
ন পরার্থত্বং সর্বদা ইতি স্থিতে সতি ইত্যর্থঃ । স্ববুদ্ধ্যাক্রম্ এব স্বাধ্যস্তাস্তঃ-
কল্পণবৃত্তিকবলিতম্ এব সর্বম্ অধ্যাত্মাধিভূতাদিলক্ষণং সংঘাতম্ অগ্ন্যুষ্ণপ্রকাশবৎ
স্বরূপভূতেন নির্বিকারনিত্যচৈতন্যস্বভাবেন উপলভ্যসে ত্বম্ । অতঃ নিত্যমুক্তঃ
অহং ন সংঘাতাধ্যাসকর্তা ন মে সংঘাতধর্মসংসর্গঃ অস্তি ইতি স্বহঃ তব ইত্যর্থঃ ।
ওম্—ইতি চেৎ স ক্রয়াৎ, তদা গুরুঃ এবং ক্রয়াদ্ ইতি আহ—যদি চৈবমিতি ।
মোহাদ্ এব অক্রবম্ ইতি চেৎ স ক্রয়াৎ তদা তং প্রতি গুরুণা বক্তব্যম্ আহ—
কিমসাবিতি ॥ ৭৩

ইতি উক্তঃ শিষ্যঃ আহ—ভগবন্ ! অপগতঃ ত্বৎ-
প্রসাদাৎ । কিন্তু মম কূটস্থতায়াং সংশয়ঃ । কথম্ ? শব্দাদীনাং

স্বতঃসিদ্ধিঃ নাস্তি, অচেতনত্বাৎ ; শব্দাঙ্কাকারপ্রত্যয়োৎ-
পত্তেস্তু তেষাম্ । প্রত্যয়ানাম্ ইতরেতরব্যাবৃত্তিবিশেষাৎ
নীলপীতাঙ্কাকারবতাৎ স্বতঃসিদ্ধ্যসম্ভবাৎ । তস্মাদ্ বাহ্যাকার-
নিমিত্তত্বং গম্যতে ইতি বাহ্যাকারবৎ শব্দাঙ্কাকারত্বসিদ্ধিঃ ।
তথা প্রত্যয়ানামপি অহংপ্রত্যয়ালম্বনবস্তুভেদানাং সংহতত্বাদ্
অচৈতন্যোপপত্তেঃ । স্বার্থত্বাসম্ভবাৎ স্বরূপব্যতিরিক্তগ্রাহক-
গ্রাহত্বেন সিদ্ধিঃ শব্দাদিবদেব । অসংহতত্বে সতি চৈতন্যাত্মকত্বাৎ
স্বার্থঃ অপি অহংপ্রত্যয়ানাং নীলপীতাঙ্কাকারাণামুপলক্ষা
ইতি বিক্রিয়াবানেব, কথং কূটস্থঃ ইতি সংশয়ঃ ॥ ৭৪

পদান্বয় । ইতি (ইহা, পূর্বোক্ত বাক্যে) উক্তঃ (অভিহিত, কথিত)
শিষ্যঃ (বিদ্বাং) আহ (বলিলেন) [কি বলিলেন তাহা দর্শিত হইতেছে]
তৎপ্রসাদাৎ (আপনার অনুগ্রহ বশতঃ) [মোহঃ = মূঢ়তা, ভ্রান্তি) অপগতঃ
(দূর হইল) কিম্ব (পরন্তু) মম (আমার) [আশ্বয়ঃ = আশ্রয়] কূটস্থত্বাম্
(কূটস্থত্বে, কূটের স্থায় নির্ভিকারত্বে) সংশয়ঃ (সন্দেহ আছে) [গুরু জিজ্ঞাসা
করিতেছেন] কথম্ ? (কিরূপ) [সংশয়ঃ = সন্দেহ] [শিষ্য উত্তর প্রদান
করিতেছেন] শব্দাদীনাম্ (শব্দ, স্পর্শ রূপ, রস, গন্ধ এই পাঁচটি বিষয়ের)
স্বতঃ (স্বভাবতঃ, পরের অপেক্ষা ব্যতীত) সিদ্ধিঃ (ফুরণ,) নাস্তি
(নাই), [কেন নাই, তাহাতে হেতু প্রদর্শিত হইতেছে] তেষাং তু (শব্দাদি
আকারে জ্ঞানের উৎপত্তি বশতঃ, শব্দের শব্দাকারে জ্ঞান, স্পর্শের স্পর্শাকারে
জ্ঞান হয়, এইরূপ অন্যান্য বিষয়েরও জানিবে) তেষাং তু (তাহাদের, শব্দাদির)
[সিদ্ধিঃ = ফুরণ, প্রকাশ], [এক্ষণে প্রসঙ্গক্রমে বিজ্ঞানবাদী বৌদ্ধের মত
আশঙ্কা করিয়া ধ্বংস করিতেছেন] ইতরেতরব্যাবৃত্তিবিশেষণানাম্ (ইতরেতর-
পরস্পর, ব্যাবৃত্ত—অননুগত—নিবৃত্ত, বিশেষণ—শব্দাদি আকার বাহাদের যে
সমস্ত প্রত্যয়ের, অর্থাৎ শব্দজ্ঞানে শব্দাকার বিশেষণ তাহাতে স্পর্শ ব্যাবৃত্ত
হইয়াছে—নাই, নীলজ্ঞানে নীল বিষয়, পীত ব্যাবৃত্ত অর্থাৎ নাই এইরূপ সর্বত্র)
নীলপীতাঙ্কাকারবতাম্ (নীলপীত প্রভৃতি আকার-বিশিষ্ট) প্রত্যয়ানাং
(প্রত্যয় সমূহের, জ্ঞান সমূহের) স্বতঃসিদ্ধ্যসম্ভবাৎ (স্বভাবতঃ সৃষ্টির অসম্ভব-
বশতঃ, জ্ঞান সর্বত্র একরূপ, নীল পীত প্রভৃতি বিষয়ভেদে তাহাদের ভেদ,

ইহাদের স্বভাবতঃ প্রকাশ নাই) [এক্ষণে বৌদ্ধমত নিরাকরণকে উপসংহার করিতেছেন] তস্মাৎ (তজ্জন্ত, সেই হেতু) বাহ্যাকারনিমিত্তত্বম্ (শব্দাদিরূপ বাহ্য আকার যাগাদের—প্রত্যয়দের নিমিত্ত—কারণ, এবদ্ভূতত্বরূপে, জ্ঞানসমূহের বাহ্যশব্দাত্মাকার নিমিত্তত্ব) গম্যতে (অবগত হওয়া যাইতেছে) ইতি (এতন্ত) বাহ্যাকার বচ্ছকাত্মাকারত্বসিদ্ধিঃ (বাহ্যাকারবিশিষ্ট শব্দাদির আকার সিদ্ধি হইল) [এখানে 'বাহ্যাকারবৎ' এই পদটি পৃথক্ রাখিয়া অর্থ করা যাইতে পারে অর্থাৎ বাহ্যাকারের ত্বম্; কিন্তু তাহা সমীচীন বলিয়া বোধ হয় না, কারণ বিজ্ঞানবাদী বৌদ্ধেরা সমস্ত পদার্থের আন্তরত্বরূপে স্বীকার করেন, সিদ্ধান্তী তাহা নিরাকরণ করিবার জন্ত বাহ্যাকারবিশিষ্টরূপে শব্দাদির উপলক্ষি হয়, আন্তরত্বরূপে হয় না, ইহা বলিয়াছেন] তথা (তাহা হইলে) অহং-প্রত্যয়ালম্বনবস্তুভেদানাম্ (অহং প্রত্যয়—অহংজ্ঞান, তাহার আলম্বন আশ্রয়, তক্রূপ বস্তু—অন্তঃকরণ, তাহার ভেদ বৃত্তিবিশেষ, তৎস্বরূপভূত) প্রত্যয়ানাং (জ্ঞান সমূহের) সংহতত্বাৎ (সংহতত্বহেতু) অচৈতন্যোপপত্তেঃ (অচৈতনের জড়ত্বের উপপত্তি হয় বলিয়া), স্বরূপবাত্তিরিক্তগ্রাহকগ্রাহত্বেন (স্বরূপ অর্থাৎ জ্ঞান ভিন্ন বস্তুরূপ গ্রাহক কর্তৃক গ্রাহ্য বস্তুতঃ) (স্বার্থত্বাসম্ভবাৎ) (স্বার্থত্বের অসম্ভব হেতু, পরার্থত্বপ্রযুক্ত) শব্দাদিবৎ এব (শব্দাদির ত্বম্) [প্রত্যয়ানাং = জ্ঞান-গুলির] সিদ্ধিঃ (নিষ্পত্তি, ফুক্তি), অসংহতত্বে সতি (অসংহতত্ব হইলে) চৈতন্যাত্মকত্বাৎ (চৈতন্যস্বরূপত্বহেতু) স্বার্থঃ অপি (স্বার্থ হইয়াও, পরার্থ নহে) নীলপীতাত্মাকারানাম্ (নীল পীতাদি আকার) অহংপ্রত্যয়ানাম্ (অহং প্রত্যয়সমূহের) উপলক্ষা (জ্ঞাতা, উপলক্ষির কর্তা) ইতি (এই নিমিত্ত) বিক্রিয়াবান্ এব (বিকারশালীই [এতন্ত] কথং কূটস্থঃ (আত্মা কূটস্থ কিরূপে) ইতি সংশয়ঃ (ইহা সন্দেহ) ॥ ৭৪

অনুবাদ । গুরুকর্তৃক এবং প্রকার অভিহিত হইয়া শিষ্য কহিলেন,— ভগবন্! আপনার অহংগ্রহে আমার মোহ দূরীভূত হইয়াছে; কিন্তু আমার [আত্মার] কূটস্থতা বিষয়ে সন্দেহ আছে। [গুরু বলিলেন] কিরূপ সন্দেহ। [শিষ্য] অচৈতন্যপ্রযুক্ত শব্দস্পর্শাদি বিষয়সমূহের স্বভাবতঃ ফুক্তি নাই; শব্দাদি আকারে জ্ঞান উৎপন্ন হইয়া তাহাদের (শব্দাদির) সিদ্ধি হয়। শব্দাত্মাকাররূপ বিশেষণ সমূহ বাহ্যদের পরস্পর ব্যাবৃত্ত আছে এবংবিধ নীলপীতাদি আকার বিশিষ্ট প্রত্যয় সমূহের স্বভাবতঃ প্রকাশ নাই বলিয়া শব্দাদি জ্ঞানমাত্র স্বরূপ নহে। অতএব শব্দাদিরূপ বাহ্য আকার প্রত্যয়সমূহের কারণ, এইজন্ত

বাহু আকারের জ্ঞান শব্দাদি আকারও সিদ্ধ হইল। তাহা হইলে অস্তঃকরণের বৃত্তিরূপ জ্ঞান সমূহের সংহতত্বহেতু জড়ত্ব উপপন্ন হয়। স্বার্থস্বক্কে অসম্ভব-বশতঃ স্বরূপভিন্ন গ্রাহককর্তৃক গ্রাহ্য হওয়ার শব্দাদির জ্ঞান প্রত্যয় গুলিরও সিদ্ধি হইল। অসংহতত্ব হইলেও চৈতন্যস্বরূপত্ববশতঃ আত্মা স্বার্থ হইয়াও নীল পীতাদি আকারবিশিষ্ট অহংপ্রত্যয়সমূহের উপলব্ধি বলিয়াই বিকারশীল, সূত্রাং আত্মা কিরূপে কূটস্থ হইতে পারেন, ইহাই আমার সন্দেহ ॥ ৭৪ *

টীকা । নমু সংসারী অহং দুঃখী নিত্যমুক্তস্বভাবাৎ ঈশ্বরাদন্তঃ ইত্যাদি ভ্রমহেতুঃ যঃ ব্যামোহঃ অবিবেকলক্ষণঃ আসীৎ মম, স ইদানীং ত্বৎপ্রসাদাৎ নিবৃত্তঃ। পরন্তু কূটস্থচৈতন্যস্বরূপেণ ইতি যদিদং মম কূটস্থত্বম্ উচিবান্ ভবান্, তত্র প্রতিবিষয়ং জ্ঞানকর্তৃহাৎ কথং কূটস্থচিৎস্বভাবতা ইতি সংশয়ঃ জায়তে ইতি শিষ্যপ্রশ্নম্ উথাপয়তি—ইত্যুক্তঃ শিষ্য উবাচেতি। অপগতঃ ব্যামোহঃ

* তাৎপর্য্য। কূটের জ্ঞান নির্বিকার বলিয়া আত্মাকে কূটস্থ বলা হয়। 'কূট' শব্দের অর্থ কর্দমকারের লোহানির্মিত জ্রব্য, বাটার উপর রাখিয়া দাত্ত ছুরিকা প্রভৃতি জ্রব্য নির্মিত হয়। কত জ্রব্যের বিকার হইতেছে, কিন্তু সে এক ভাবে আছে।

শব্দ স্পর্শ রূপ রস ও গন্ধ এই পাঁচটি বিষয়, ইহারা অচেতন বলিয়া স্বয়ংপ্রকাশ নহে, পরপ্রকাশ। জ্ঞান সর্বদা একরূপ, বিষয়ভেদে তাহার ভেদ হইয়া থাকে, যেমন ঘটজ্ঞান, পটজ্ঞান ইত্যাদি। শব্দাদি জড় বলিয়া স্বভাবতঃ সিদ্ধ না হইলেও যখন শব্দাদি আকারে জ্ঞান হয়, তখন তাহাদের স্বরূপ নিষ্পন্ন হয়।

বিজ্ঞানবাদী বৌদ্ধগণ শব্দাদি বাহ্য পদার্থ স্বীকার করেন না, তাহার সমস্ত পদার্থকে জ্ঞানের পরিণাম বলিয়া থাকেন, সেই শব্দা নিরাস করিতেছেন—নীলজ্ঞানে নীল বিশেষণ, পীত নহে, পীতজ্ঞানে পীত বিশেষণ, নীল নহে—এইরূপ জ্ঞানে বৈচিত্র্য কি জন্ম হয়? যদি নীল পীতাদি বাহ্যবস্তু যথার্থই না থাকে, তবে নীল জ্ঞানে নীল বিষয় না হইয়া পীত বিষয় হইতে পারিত এবং পীত জ্ঞানে পীত বিষয় না হইয়া নীল বিষয় হইতে পারিত। আরও এককথা, যদি সমস্ত পদার্থ আন্তর, বাহ্য বস্তুই নাই, তাহা হইলে 'অহং নীলঃ' এইরূপ জ্ঞান হইত, 'অহং-নীলঃ' এরূপ জ্ঞান হইত না। এই সমস্ত কারণে শব্দাদি বিষয় জ্ঞান হইতে ভিন্ন। শব্দজ্ঞানে বাহ্যশব্দাদি জ্ঞানমান হইতেছে, সূত্রাং তত্ত্বং জ্ঞানের প্রতি বাহ্য তত্ত্বং বস্তু কারণ।

জ্ঞান অস্তঃকরণের পরিণাম বিশেষ, সূত্রাং সংহত বলিয়া তাহা জড়, জড় বস্তু মাত্রই পরার্থ। জড়ের স্বরূপ সিদ্ধি স্বভাবতঃ নাই স্বব্যতিরিক্ত গ্রাহক কর্তৃক গৃহীত হইয়া থাকে, যেমন ঘটাদি।

আত্মা জ্ঞান-স্বরূপ, জ্ঞান মাত্রই অস্তঃকরণপরিণামবিশেষ, তদতিরিক্ত নিত্যজ্ঞান নাই, জ্ঞান অথচ নিত্য ইহা অদৃষ্টচর ও অপ্রসিদ্ধ। যদ্যপি সেই জ্ঞানস্বরূপ আত্মাকে অসংহত স্বীকার করায়, অসংহতত্বপ্রযুক্ত যদি আত্মা স্বার্থ ও হয় তথাপি নীল পীতাদি জ্ঞানের উপলব্ধি বলিয়া বিকারশীল বলা যায়, অর্থাৎ যে কখন ও উপলব্ধি করে, কখনও বা করে না, তবে সে উপলব্ধি বিকারী, সূত্রাং আত্মার কূটস্থত্ব কিরূপে সম্ভবে?

इति अनुषङ्गः । संघातसाक्षिणः निर्विकारश्च उक्तत्वात् कथं संशयः इति
 तन्मुत्थेन एव कूटहताम् अवगमयितुं शक्यः पृच्छति—कथमिति । संशयः इति
 अनुषङ्गः । शिवाः स्वविदितम् अर्थं निवेदयति—शब्दादीनामिति । शब्दस्पर्श-
 रूपरसगन्धाः तावद् विषयाः प्रसिद्धाः । तेषाम् अचिद्रूपत्वात् स्वतःस्फुरणं
 नास्ति इति अविवादः कथं तर्हि तेषां स्फूर्तिः इति ? तद्वाह—शब्दाद्या-
 कारप्रत्ययोत्पत्तेस्तु तेषामिति । सिद्धिः इति अनुषङ्गः । शब्दाद्या-
 काराणां प्रत्ययरूपत्वात् न स्वातिरिक्तग्राह्यता इति विज्ञानवादिमतम् आशङ्क्य
 मध्ये निराकरोति—प्रत्ययानामित्यारभ्य सिद्धिरित्युत्तेन । इतरेतरं
 व्यावृत्तानि विशेषणानि शब्दाद्याकाररूपाणि येषां ते तथा, हेतुगर्भं विशेषणं
 प्रकाशस्वरूपत्वात् प्रत्ययानां स्वतः एव परोपरागं विना नीलपीताद्याकार-
 वस्तुनाः असंभवात् न प्रत्ययमात्रस्वरूपाः शब्दादयः इति अध्याहारेण बोधना ।
 परमतनिराकरणम् उपसंहरति—तस्मादिति । बाह्यः आकारः शब्दादिरूपः
 इन्द्रियसंस्पर्शः अर्थः निमित्तः येषां प्रत्ययानां तेषां तावः बाह्याकारनिमित्तत्वम्
 इति विग्रहः । इति स्वतः तस्मात् प्रत्ययानां बाह्याकारवत् शब्दाकारत्वमिति
 इति अनुषङ्गः । चैतन्यात् पृथगाकारवस्तुः ये शब्दादयः परानुभावहारयोग्याः
 तत्कृताकारत्वात् सिद्धिः प्रत्ययानां, न स्वतः इत्यर्थः, एवं शब्दानां विषयाणां
 स्वातिरिक्तप्रत्ययग्राह्यत्वं चेत् अद्यवस्तुनि, तर्हि प्रत्ययस्वरूपे विशेषाभावसिद्धेः
 कूटहत्वमिति इति आशङ्क्य आह—तथा प्रत्ययानामपीति । न हि विषय-
 संस्पर्शतया भासमानाः विषयाकाराः प्रत्ययाः स्वप्रकाशचैतन्यरूपाः भवन्ति,
 आगमापारिद्धात् । किञ्च अग्रसाक्षिकाः एव इति अङ्गिप्रेत्य तत्स्वरूपविशेषं
 विशेषणनिर्देशेन कथयति—अहं प्रत्ययानामनवस्तुभेदानामिति । अहं-
 प्रत्ययानामनं वस्तु अस्तुःकरणं (अहंकरणं), तस्य भेदा वृत्तिविशेषाः
 तदाश्रयकानामित्यर्थः । विमताः प्रत्ययाः न चिन्स्वभावाः, संहतत्वात् ।
 संहतत्वं च आगमापारिद्धात् शब्दादिवत्, देहादिवद्वा । तथा विमताः स्वाति-
 रिक्तग्राहकग्राह्याः, अचेतनत्वात्, शब्दादिवदेव इत्यर्थः । अतः परमाकारा-
 त्वात् प्रत्ययोत्पत्त्याश्रयव्यवसायि निर्विशेषः चिदात्मा सिद्धः एव इति कृतः
 कूटहतायां संशयः इति न वाच्यम् इति आह—असंहतत्वे सतीति । यद्यपि
 संघातादन्तः चैतन्यस्वभावः स्वार्थः एव आत्मा, तथापि अहं प्रत्ययाना-
 मस्तुःकरणवृत्तीनां नीलपीताद्याकाराणाम् उपलक्षा उपलक्षिकर्ता इति हेतोः
 विक्रियावान् एव अग्रं, कथं कूटहः इति ये संशयः इत्यर्थः ॥ १४

তং গুরুকুবাচ—ন যুক্তঃ তব সংশয়ঃ, যতঃ তেষাং প্রত্য-
য়ানাং নিয়মেন অশেষতঃ উপলক্কেরেব অপরিণামিত্বাৎ কূটস্থ-
সিক্তৌ নিশ্চয়হেতুমেব অশেষচিত্তপ্রচারোপলক্কিং সংশয়-
হেতুমাখ । যদি হি তব পরিণামিত্বং স্যাৎ, অশেষস্ববিষয়-
চিত্তপ্রচারোপলক্কিন্ স্যাৎ, চিত্তশ্চৈব স্ববিষয়ে যথা চ ইন্দ্রি-
য়াণাং স্ববিষয়েষু । ন চ তথা আত্মনঃ তব স্ববিষয়েকদেশো-
পলক্কিঃ । অতঃ কূটস্থতা এব তব ইতি ॥৭৫

পদানুব্র। গুরুঃ (অধ্যাপক) তম্ (শিষ্যকে) উবাচ (বলিয়াছিলেন)
[কি বলিয়াছিলেন তাহা প্রদর্শিত হইতেছে] তব (তোমার) সংশয়ঃ (সন্দেহ)
ন যুক্তঃ (উচিত নহে) [কেন উচিত নহে তাহা দর্শিত হইতেছে] যতঃ (যেহেতু,
কারণ) তেষাং (সেই সমুদায়) প্রত্যয়ানাং (জ্ঞানগুলির) নিয়মেন (ঐকান্তিক-
ভাবে, অব্যভিচারিত্বরূপে) অশেষতঃ (অশেষভাবে, সম্পূর্ণরূপে) উপলক্কঃ
এব (উপলক্কি বশতই) অপরিণামিত্বাৎ (অপরিণামিত্ববশতঃ, একরূপত্বহেতু)
কূটস্থসিক্তৌ (কূটস্থসিক্তি হইলে, কূটবৎ নির্লক্ষ্যকার ইহা স্থির হইলে) নিশ্চয়-
হেতুমে (নিশ্চয়ের কারণীভূত) অশেষচিত্তপ্রচারোপলক্কিন্ এব (অশেষরূপে
চিত্তপ্রচারের জ্ঞানকেই) সংশয়হেতুমে (সন্দেহের কারণ) মাখ (বলিতেছ)
যদি (যদি) হি (নিশ্চিত) তব (তোমার, আত্মার) পরিণামিত্বম্ (পরিণাম-
শীলত্ব) স্যাৎ (হয়, হইত) [তদা = তাহা হইলে] অশেষস্ববিষয়চিত্তপ্রচারো-
পলক্কিঃ (অশেষরূপে নিজের বিষয় চিত্তপ্রকারের উপলক্কি) ন স্যাৎ (হইত না),
যথা চ (যেমন) ইন্দ্রিয়াণাম্ (ইন্দ্রিয় সমূহের) স্ববিষয়েষু (নিজের বিষয়ে)
[তথা = সেইরূপ] চিত্তশ্চ এব (চিত্তেরই) স্ববিষয়ে (নিজের বিষয়ে) [উপলক্কিঃ
= জ্ঞান হয়], তথা চ (তাহা হইলে) আত্মনঃ (আত্মস্বরূপ) তব (তোমার)
স্ববিষয়েকদেশোপলক্কিঃ (স্ববিষয়ের একদেশের জ্ঞান) ন (হয় না), অতঃ (এই
হেতু) তব (তোমার) কূটস্থতা এব ইতি (কূটস্থতাই) ॥ ৭৫

অনুবাদ। গুরু শিষ্যকে বলিলেন—তোমার সন্দেহ করা উচিত নহে,
কারণ সেই সমস্ত প্রত্যয়ের নিয়মিতরূপে সম্পূর্ণভাবে উপলক্কি হওয়ার আত্মার
অপরিণামিত্ববশতঃ কূটস্থতা সিক্ত হইতেছে, তাহা হইলে তুমি অশেষরূপে
চিত্ত বৃত্তির উপলক্কিরূপ নিশ্চয়হেতুকে সংশয়হেতু বলিতেছ। যদি তোমার

পরিণামিত্ব স্থির হয়, তবে অশেষরূপে স্ববিষয় চিন্তাশ্রচারের উপলক্ষি হয় না । যেমন ইন্দ্রিয়সমূহের স্ব স্ব বিষয়ের স্মার চিন্তের স্ববিষয় জ্ঞাত হইয়া থাকে । কিন্তু আত্মস্বরূপ—তোমার স্ববিষয়ের একদেশ উপলক্ষি হয় না ; অতএব তুমি কূটস্থস্বরূপ ॥ ৭৫ •

টীকা । এবং চেদ্ দৃশ্যদর্শনে বিবেচয়সি, ন তর্হি তে সংশয়াবকাশঃ ইতি পরিহরতি—তং গুরুকুর্বাচেত্যাদিনা । সংশয়াযোগে হেতুন্ আহ— যত ইতি । যঃ পরিণামী চিন্তাদিঃ তস্ম ক্রমেণ স্ববিষয়গ্রাহকত্বং অকৃত্বৎ-গ্রাহকত্বং সকলস্ববিষয়াবস্থাগ্রাহকত্বং চ দৃষ্টং তদ্ব্যাপকম্ আত্মনঃ প্রত্যয়সাক্ষিণঃ সকাশাদ্ ব্যাবর্তমানং স্ববাপ্যং পরিণামিত্বম্ অপি তস্ম ব্যাবর্তয়তি ইতি ব্যাপক-বিরুদ্ধোপলক্ষেঃ কূটস্থত্বসিদ্ধৌ নিশ্চয়ঃ এব যুক্তঃ ন সংশয়ঃ ইত্যর্থঃ । উক্তম্ এব অর্থং ব্যাতিরেকব্যাপ্তিং বিবৃণু উপপাদয়তি—যদিহীতি ॥ ৭৫

তত্র আহ—উপলক্ষিঃ নাম ধাত্বর্থঃ বিক্রিয়া এব, উপলক্ষ্যা কূটস্থাত্মতা চ ইতি বিরুদ্ধম্ ॥ ৭৬

পদান্বয় । তত্র (তদ্বিষয়ে) [শিষ্যঃ = শিষ্য] আহ (বলিতেছেন) উপলক্ষিঃ নাম (উপলক্ষি বলিতে) ধাত্বর্থঃ (উপ পূর্বক লভ্ ধাতুর অর্থ বুঝায়) বিক্রিয়া এব (বিশিষ্ট ক্রিয়া) উপলক্ষুঃ (উপলক্ষি কর্তার) কূটস্থতা চ (কূটস্থত্বও) ইতি (ইহা) বিরুদ্ধম্ (বিরোধযুক্ত) ॥ ৭৬

অনুবাদ । [এখন শিষ্য প্রকৃতি প্রত্যয়ের আলোচনা দ্বারা আত্মার কূটস্থত্বে দোষারোপ করিতেছেন] তাহাতে শিষ্য বলিতেছেন—উপলক্ষি বলিলে উপ পূর্বক লভ্ ধাতুর অর্থ বুঝায়, তাহা বিশিষ্টক্রিয়া, স্মতরাং উপলক্ষি কর্তার কূটস্থতা বিরুদ্ধ ॥ ৭৬ †

টীকা । ইদানীং প্রকৃতি প্রত্যয়ার্থপর্যালোচনয়া উপলক্ষা কূটস্থঃ ইতি

* তাৎপৰ্য্য । আত্মা ও আত্মার এই দুইটি বস্তুর বিবেক করিলে আত্মার কূটস্থত্বে সংশয় উপস্থিত হইতে পারে না । ইন্দ্রিয়াদি পরিণামী বস্তু যখন কোন বস্তু গ্রহণ করে, তখন তাহার সম্পূর্ণ গ্রহণ করে না, যেমন চক্ষু ঘণ্টের পৃষ্ঠভাগ গ্রহণ করিতে সমর্থ নহে ; কারণ তাহার সহিত ইন্দ্রিয়ের সঙ্গিকর্ষ নাই । কিন্তু আত্মা স্বপ্রকাশ বলিয়া মনোবৃত্তির সম্পূর্ণ প্রকাশক ; তাহা হইলে আত্মা পরিণামী নহে, স্মতরাং কূটস্থ । এখানে স্বপ্রচার শব্দের অর্থ 'মনোবৃত্তি' ।

† তাৎপৰ্য্য । ধাত্বর্থ ক্রিয়া, ক্রিয়াসাত্ত্বই উৎপত্তিধ্বংসশীল, ক্রিয়াতে বিকার থাকিবে তাহার কর্তা অধিকারী হইবে ইহা বিরূপে সম্ভবে—এইরূপ শিষ্যের শকা ।

বিরুদ্ধম্ ইতি শিবাঃ শকাম্ উদ্ভাবয়তি—তদ্বাহেতি । উপোপসর্গস্ত লভতেঃ
ধাতোঃ কর্তরি তূচঃ বিধানাদ্ ধাত্বর্থস্ত চ ক্রিয়াত্বাৎ ক্রিয়াশ্চ উৎপত্তিবিনাশবদ্বাৎ
তৎকর্তরি কথং বিক্রিয়ারাহিত্যম্ ইত্যর্থঃ ॥ ৭৩

ন, ধাত্বর্থবিক্রিয়ায়াম্ উপলক্ষ্যপচারাৎ । যো হি বৌদ্ধঃ
প্রত্যয়ঃ স ধাত্বর্থো বিক্রিয়াত্মক আত্মন উপলক্ষ্যভাসফলাব-
সান ইতি উপলক্ষিশব্দেন উপচর্যতে, যথা—ছিদিক্রিয়া দ্বৈধী-
ভাবফলাবসানা ইতি ধাত্বর্থেন উপচর্যতে তদ্বৎ ॥ ৭৭

পদান্বয় । ন (না, বিরুদ্ধ নহে) ধাত্বর্থবিক্রিয়ায়াম্ (ধাতুর অর্থ রূপ বিশিষ্ট
ক্রিয়াতে) উপলক্ষ্যপচারাৎ (উপলক্ষির উপচার হয়—গৌণ প্রয়োগ হয়) যঃ
হি (যে) বৌদ্ধঃ (বুদ্ধির পরিণাম) প্রত্যয়ঃ (জ্ঞান) স (তাহা) বিক্রিয়াত্মকঃ
(বিশিষ্ট ক্রিয়ারূপ) ধাত্বর্থঃ (ধাতুর অর্থ) আত্মনঃ (আত্মার) উপলক্ষ্যভাস-
ফলাবসানঃ (আত্মস্বরূপভূত—উপলক্ষির আভাস—চৈতন্যচ্ছায়াপতিরূপ ফল
বাহার অবসান এরূপ) ইতি (এই চেতু) উপলক্ষিশব্দেন (উপলক্ষি-শব্দ দ্বারা)
উপচর্যতে (উপচার করা হয়, গৌণ প্রয়োগ করা হয়) [এপক্ষে দৃষ্টান্ত প্রদর্শিত
হইতেছে] যথা (যেমন) ছিদিক্রিয়া (ছেদনরূপ ক্রিয়া) দ্বৈধীভাবফলাবসানা
(দ্বিধাবিভাগরূপ ফল বাহার অবসান এবভূতা) ইতি (এই জ্ঞ) ধাত্বর্থেন
(ছেদনরূপ ধাত্বর্থের দ্বারা) উপচর্যতে (উপচার করা হয়) তদ্বৎ
(সেইরূপ) ॥ ৭৭

অনুবাদ । [গুরু] বিরুদ্ধ নহে, কারণ ধাত্বর্থরূপ বিশিষ্টক্রিয়াতে উপ-
লক্ষির উপচার করা হইয়া থাকে, যাহা বুদ্ধির পরিণামভূত প্রত্যয়, তাহাই
বিশিষ্ট ক্রিয়ারূপ-ধাত্বর্থ আত্মার স্বরূপভূত-উপলক্ষির আভাসরূপ ফল পর্যাস্ত
বলিয়া তাহাকে উপলক্ষি-শব্দ দ্বারা উপচার করা হয় ; যেমন ছেদন-ক্রিয়ার
ফল দ্বিধাবিভাগ বলিয়া ছেদনরূপ ধাত্বর্থদ্বারা তাহার উপচার করা হয়, এখানেও
সেইরূপ ॥ ৭৭ •

• তাৎপর্য । শিবা গুর্কো আশঙ্কা করিয়াছিলেন—ক্রিয়ামাত্র পরিণামী বলিয়া বিকারশীল,
উপপূর্ব লক্ষ্য-ধাতুর অর্থ উপলক্ষি, সুতরাং তাহাও বিকার, যদি উপলক্ষিরূপ ক্রিয়াতে বিকার
থাকিল, তৎকর্তা—উপলক্ষ্য ক্রিয়াকে অবিকারী হইবেন, সুতরাং ইহা বিরুদ্ধবাক্য । তদ্বস্তরে
গুরু বলিতেছেন, ইহা বিরুদ্ধ নহে । কারণ যেমন ছেদন ক্রিয়া, তাহার ফল দ্বৈধীভাব, তথাপি

টীকা । ক্রিয়া এব প্রকৃতিভূতধাত্বর্থঃ কৰ্ত্তা এব চ প্রত্যয়ার্থঃ সৰ্বত্র মুখ্যঃ ইতি নাস্তি নিয়মঃ, গড়ি বদনৈকদেশে, সবিভা প্রকাশতে, সবিভা প্রকাশয়তি ইত্যত্র ব্যাচিয়ারাদিত্যভিঃপ্রত্য প্রকৃতে ধাত্বর্থতৎকর্তৃবচনস্ত উপলক্ষিত্বস্ত গৌণার্থত্বমেব যুক্তমিত্যাহ গুরুঃ—ন ধাত্বর্থোতি । সংগ্রহঃ বিবৃণোতি— যো হি বৌদ্ধ ইতি । বৌদ্ধঃ বুদ্ধি পরিণামঃ প্রতিবিষয়ম্ অয়তি গচ্ছতি ইতি প্রত্যয়ঃ । ননু বুদ্ধেঃ অন্তঃকরণস্ত দ্রব্যত্বাৎ তৎপরিণামস্ত চ যৎপরিণামঘটা দিবৎ দ্রব্যাহোপপত্তেঃ কথং ক্রিয়াত্বমিত্যাহ—স ধাত্বর্থো বিক্রিয়াত্মকু ইতি । বিশিষ্টক্রিয়াত্মকঃ ইত্যর্থঃ । নহি যদাদিবৎ স্বাকারতিরোধানেন অন্তঃকরণপরিণামঃ ইযাতে, কিন্তু জলুকাবৎ আলোকবদ্বা সঙ্কোচবিকাশরূপেণ । তাদৃশস্ত পরিণামঃ পরিণামিচেষ্টারূপত্বাৎ তৎক্রিয়া ইতি বক্তুং যুক্ত ইত্যভিপ্রায়ঃ । তস্তাঃ ক্রিয়ায়াঃ উপলক্ষিত্বকোপচারে নিমিত্তমাহ—আত্মন ইতি । আত্মনঃ স্বরূপভূতা বা উপলক্ষিঃ 'সত্যং জ্ঞানম্' (তৈত্তিরিঃ ১২।১) 'বিজ্ঞানঘন এব' (বৃহঃ ৪।৪।১২) ইত্যাদিশ্রুতিসিদ্ধা । তস্তা আভাসঃ বহুব্যাপ্তায়ঃপিণ্ডস্ত বহ্বাকারত্ব-বৎ চিদাত্মব্যাপ্ততয়া চিচ্ছারাপত্তিঃ তদেব ফলং তদবমানঃ তৎপর্যন্তঃ ইতি কৃত্বা উপলক্ষিত্বেন উপচর্যতে ইত্যর্থঃ । তত্র অনুকূলং দৃষ্টান্তমাহ—যথেনিতি । অয়ং ভাবঃ—অর্থপ্রকাশো হি উপলক্ষিত্বার্থঃ প্রসিদ্ধঃ । স ন অর্থধর্মঃ, অর্থানাং জড়ত্বাদিত্যক্রং, নাপি অন্তঃকরণধর্মঃ, তস্ত অপি করণত্বাৎ চৈতন্যপ্রকাশ-শ্রয়ত্বাযোগাৎ । তথাপি স্বয়ংপ্রকাশমাননিত্যচৈতন্যাত্মনি অবাবধানেন অহং-তয়া এব অধ্যাসাৎ স্বসত্ত্বায়াং প্রকাশাব্যতিরেকাদ্ আত্মচৈতন্যব্যাপ্তাঃ তত্তদর্থ-কারাবৃত্তীঃ কুর্কৎ অন্তঃকরণং উপলক্ষা কৰ্ত্তা প্রমাতা স্তোক্তা ইতি চ প্রমাতৃত্ব-কর্তৃত্বভোকৃত্বানুভবিত্ত্বব্যাপদেশাম্পদং ভবতি, যথা অয়ঃ পিণ্ডঃ দহতি প্রকাশয়তি ইতি তদ্বৎ । আত্মা আকাশবদবিক্রিয়ত্বাৎ কূটস্থোহপি সন্ তাদৃগন্তঃকরণ-গত স্বাভাসাবিবেকাৎ তদ্বর্থেঃ তদবস্থাভিচ্চ মিত্যা এব ব্যপদিশ্রুতে, চতুর্কোণো বর্তুলঃ কৃশঃ স্থূলঃ জাতঃ নষ্টঃ অগ্নিঃ ইতি যথা অয়ঃপিণ্ডগতভাসাবিবেকাদ্ অগ্নিঃ ব্যপদিশ্রুতে তদ্বৎ । তস্মাদ্ অন্তঃকরণস্ত বিকারিণঃ কর্তৃত্বেনপি উপলক্ষেঃ ক্রিয়মাণত্বাভাবাদ্ উপলক্ষিত্বরূপস্তাত্মনঃ সিদ্ধং কূটস্থম্ ইতি ॥ ৭৭

লোক হেমন ক্রিয়াতে বৈধীভাবরূপ কলের উপচার অর্থাৎ গৌণপ্রয়োগ করিয়া থাকে । সেইরূপ উপলক্ষি—আত্মার স্বরূপভূতজ্ঞান, বুদ্ধিতে প্রতিবিম্বিত হইয়া তৎকালৌহপিণ্ডের স্থায় এক হইয়া যায় । তখন লোক সেই চিচ্ছারাপন্ন বুদ্ধির পরিণামকে উপলক্ষিত্ব দ্বারা ব্যবহার করিয়া থাকে ।

ইত্যুক্তঃ শিষ্যঃ আহ—ননু ভগবন্ ! মম কূটস্থত্ব-প্রতি-
পাদনং প্রতি অসমর্থো দৃষ্টান্তঃ । কথম্ ? ছিদিঃ ছেদনক্রিয়া-
বসানা উপচর্যতে যথা ধাত্বর্থত্বেন, তথা উপলক্ষিশব্দোপচরিতো-
হপি ধাত্বর্থো বৌদ্ধপ্রত্যয় আত্মন উপলক্ষিবিক্রিয়াবসানশেচৎ
ন আত্মনঃ কূটস্থতাং প্রতিপাদয়িত্বুং সমর্থঃ ॥ ৭৮

পদার্থায় । ইতি (ইহা, পূর্বোক্তবাক্য) উক্তঃ (কথিত) শিষ্যঃ (বিদ্বাং)
আহ (বলিলেন) [কি বলিলেন তাহা প্রদর্শিত হইতেছে] ননু (তোঃ)
ভগবন্ (ঐশ্বর্যাদিগুণশালিন্) দৃষ্টান্তঃ (উদাহরণ, পূর্বোক্ত ছিদিক্রিয়াক্রম দৃষ্টান্ত)
মম (আমার, আত্মার) কূটস্থত্বপ্রতিপাদনং প্রতি (কূটস্থত্বসম্পাদনের প্রতি)
অসমর্থঃ (অক্ষম) [গুরু বলিলেন] কথম্ (কেন ?) [শিষ্য বলিতেছেন]
যথা (যেমন) ছেদনক্রিয়াবসানা (ছেদন কাষ্ঠাদির বিকার হইয়াছে অবসান—
পর্যাপ্ত বাহার এবমুতা) ছিদিঃ (ছেদন ক্রিয়া) ধাত্বর্থত্বেন (ধাত্বর্থত্বরূপে, ছেদন-
রূপ ধাত্বর্থত্বরূপে) উপচর্যতে (উপচার-গোণপ্রয়োগ করা হইতেছে) তথা
(সেইরূপ) বৌদ্ধপ্রত্যয়ঃ (বুদ্ধির পরিণাম জ্ঞান) ধাত্বর্থঃ (উপ পূর্বক লভ-
ধাত্বর্থ) উপলক্ষিশব্দোপচরিতোহপি (উপলক্ষি শব্দের দ্বারা উপচরিত
হইলেও) আত্মনঃ (আত্মার) উপলক্ষিবিক্রিয়াবসানঃ (উপলক্ষিরূপ বিকার
হইয়াছে অবসান-ফল-সীমা-পর্যাপ্ত বাহার এইরূপ) চেৎ (যদি) আত্মনঃ
(আত্মার) কূটস্থত্বাম্ (কূটস্থত্বকে) প্রতিপাদয়িত্বুং (প্রতিপাদন করিতে) ন
সমর্থঃ (ক্ষম নহে) ॥ ৭৮

অনুবাদ । গুরু কর্তৃক এইরূপ উক্ত হইয়া শিষ্য বলিলেন—হে ভগবন্ !
[পূর্বোক্ত] দৃষ্টান্ত আমার কূটস্থতা প্রতিপাদন করিতে অক্ষম । [গুরু] কেন ?
[শিষ্য] ছেদনক্রিয়া কাষ্ঠাদি ছেদনবস্তুর বিকার পর্যাপ্ত, তাহা যেমন ছিদি-
ধাত্বর্থত্বরূপে উপচরিত হইতেছে, সেইরূপ বুদ্ধির পরিণাম লভ-ধাত্বর্থরূপ প্রত্যয়
(জ্ঞান) উপলক্ষি শব্দ দ্বারা উপচরিত হইলেও উপলক্ষিরূপ বিকার যদি তাহার ফল
হয় ; তবে দৃষ্টান্ত আত্মার কূটস্থতা প্রতিপাদন করিতে সমর্থ হইতেছে না ॥ ৭৮*

* তাৎপর্য—ছেদন ক্রিয়ার ফল কাষ্ঠাদি বস্তুর বৈধীভাব, সেই বৈধীভাবরূপ ফল ছেদন
ক্রিয়ার যেমন উপচার করা হয়, সেইরূপ উপলক্ষির ফল বুদ্ধির পরিণামরূপ জ্ঞান,
উপলক্ষিতে উপচার করা হইয়া থাকে । যদি উপলক্ষি ফল হইল ফলমাত্রই সাধ্য, হতরাং
সাধ্যবস্তুর অনিত্যতাহেতু তৎকর্তা উপলক্ষার ও অনিত্যঃ অনিবার্য ।

টীকা । তত্র উক্তমর্থং বিশদীকর্তুং দৃষ্টান্তস্ত দৃষ্টান্তিকানুরূপত্বং শকরতি—
ইত্যানুক্রমঃ শিষ্য আহ নম্বিতি । উত্তরত প্রকৃতিপ্রত্যয়ার্থয়োঃ ঔপচারিকবস্ত
উক্তত্বাৎ কথং দৃষ্টান্তাসামর্থ্যমিতি গুরুঃ আহ—কথমিতি । উপচরিতত্বে-
হপি উপলক্ষ্যঃ বিক্রিয়া হুকারা, যতঃ ছিদিক্রিয়াসাধ্যং বৈশীভাবাধ্যং ফলং
বিক্রিয়া, এবমুপলক্ষিকফলশ্চাপি ফলত্বাবিশেষাৎ সাধ্যতয়া বিক্রিয়াত্বোপপত্তেঃ
কথম্ উপলক্ষ্য কূটস্থঃ শ্রাৎ ইতি শিষ্যঃ দৃষ্টান্তাসামর্থ্যম্ উপপাদয়তি—
ছিদিঃ ছেদোত্যাদিনা । ছিদিক্রিয়ায়াঃ ছেদবিক্রিয় বসানত্ববদ্ বৌদ্ধঃ ধাত্বর্থঃ
উপলক্ষিকত্বোপচরিতোহপি আত্মোপলক্ষিবিক্রিয়াবসানশ্চেৎ ইতি যোজন্য ।
ছিদিক্রিয়ায়াঃ 'হেতুকৃতবৈধীভাবপর্যাস্ত্ববৎ আত্মকৃতোপলক্ষিবিকারপর্যাস্তঃ
উপলক্ষিধাত্বর্থশ্চেনিত্যর্থঃ ॥ ৭৮

গুরুবচ —সত্যমেবং শ্রাদ্, যদি উপলক্ষ্যপলক্ৰো-
বিশেষঃ । নিত্যোপলক্ষিমাত্র এব হি উপলক্ষ্য, ন তু তार्কিক-
সময়ে ইব অন্য উপলক্ষিঃ অন্য উপলক্ষ্য চ ॥ ৭৯

পদান্বয় । গুরুঃ (আচার্য্য) উবাচ (বলিয়াছিলেন) [কি বলিয়া-
ছিলেন, তাহা প্রদর্শিত হইতেছে] সত্যম্ (বধার্থ) এবম্ (একরূপ) শ্রাৎ
(হইতে পারে) যদি (যদি) উপলক্ষ্যপলক্ৰোঃ (জ্ঞান ও জ্ঞাতার) বিশেষঃ
(ভেদ) [শ্রাৎ—থাকে] হি (বেহেতু) উপলক্ষ্য (জ্ঞাতা) নিত্যোপলক্ষিমাত্রঃ
এব (নিত্যোপলক্ষিবরূপই, নিত্যজ্ঞানবরূপই) তार्কিকসময় ইব (নৈয়ায়িক-
দিগের সিদ্ধান্তের স্থায়) উপলক্ষিঃ (জ্ঞান) অন্য : (তিন্ন) উপলক্ষ্য চ (এবং
জ্ঞাতা) অন্তঃ (তিন্ন) নতু (নহে) ॥ ৭৯

অনুবাদ । গুরু বলিলেন—যদি উপলক্ষি এবং উপলক্ষ্যর ভেদ থাকে,
তবে ইহা বধার্থ বটে, কিন্তু উপলক্ষ্য নিত্য—উপলক্ষিবরূপমাত্র, নৈয়ায়িক-
মতের স্থায় বেদান্তমতে উপলক্ষি অন্ত এবং উপলক্ষ্য তিন্ন, তাহা নহে ॥ ৭৯ *

* তাৎপর্য্য—নৈয়ায়িকমতে জ্ঞানমাত্রকে উপলক্ষি বলে, এবং তৎকর্তা উপলক্ষ্য; অতরাং
ক্রিয়া ও কর্তার ভেদের স্থায় জ্ঞান ও জ্ঞাতার ভেদ আছে। তবে সেই একই উপলক্ষি বুদ্ধি-
রূপ-উপাধিসম্বন্ধবশতঃ উপলক্ষ্য বলিয়া কথিত হয়। বস্তুতঃ উত্তরের কোন ভেদ নাই।
বৌদ্ধগণ বুদ্ধিকে আত্মা বলেন, কিন্তু তাহা কণিক সেই অন্ত 'নিত্য'পদ প্রযুক্ত হইয়াছে,
এবং ভেদাত্মকবাদ বারণের অন্ত 'মাত্র' পদ প্রয়োগ করা হইয়াছে।

টীকা। উপলক্ষে স্বরূপেণ এব ফলস্বং বিবক্ষিত্বা দৃষ্টান্তানমুগ্ধত্বং
অধ্যবসাসি ? কিংবা উপাধিবশাৎ ? ইতি বিকল্পা আদ্যাং দুষয়তি—সত্যমেব-
মিতি। বিশেষঃ ভেদঃ। নিত্যশব্দেন বৌদ্ধমতাদ্ ব্যাবৃতিঃ, মাত্রপদেন
ভেদাভেদমতাৎ। 'প্রজ্ঞানঘনঃ এব' (বৃহঃ ৩।৫।১৩) 'প্রজ্ঞানং ব্রহ্ম' (ঐতঃ
৫।৩) ইত্যাদিশক্তিপ্রসিদ্ধং হেতুম্ আহ—হীতি। এবকারব্যাবর্ত্যমাহ—
ন তু তর্কিকৈতি ॥ ৭২

ননু উপলক্ষিফলাবসানো ধাত্বর্থঃ কথমিতি ॥ ৮০

পদান্বয়। ননু (প্রশ্নে) ধাত্বর্থঃ ('লভ্' ধাতুর অর্থ) উপলক্ষিফলাবসানঃ
(উপলক্ষিরূপ ফল সাহার অবসান—পর্যাপ্ত এরূপ) ইতি (ইহা) কথম্ ?
(কিরূপে) ॥ ৮০

অনুবাদ। [যদি এইরূপ আয়ত্ত্ব নির্ণীত হইল, তাহা হইলে] ধাত্বর্থ
উপলক্ষি ফল পর্যাপ্ত ইহা কিরূপে সঙ্গত হয় ? ॥ ৮০ *

টীকা। যদি এবম্ আয়ত্ত্বং কথং তর্হি ধাত্বর্থফলবসবচনম্ ইতি শিষ্যঃ
শঙ্কতে—নশ্বিতি। ৮০

উচ্যতে—শৃণু, উপলক্ষ্যাত্মসফলাবসান ইত্যুক্তম্, কিং
ন শ্রুতং তৎ ত্বয়া ? ন তু আত্মা বিক্রয়োৎপাদনাবসান ইতি
ময়া উক্তম্ ॥ ৮১

পদান্বয়। উচ্যতে (কথিত হইতেছে), শৃণু (শ্রবণ কর), উপলক্ষ্যাত্ম-
ফলাবসানঃ (উপলক্ষির আভাসরূপ ফল অবসান সাহার এইরূপ) [ধাত্বর্থ—
ধাতুর অর্থ] ইতি (ইহা) উক্তম্ (কথিত হইয়াছে, আমি বলিয়াছি), তৎ
(তাহা) ত্বয়া (তোমার কর্তৃক) ন শ্রুতং কিম্ ? (শুন নাই কি ?) আত্মা তু
(কিন্তু আত্মা) বিক্রয়োৎপাদনাবসানঃ (বিকার উৎপত্তি সাহার ফল এইরূপ)
ন (নহে) ইতি (এইরূপে ইহা) ময়া (মৎকর্তৃক) উক্তম্ (কথিত
হইয়াছে) ॥ ৮১

* তাৎপর্য—উপলক্ষিই আহার বর্ধার স্বরূপ, কিন্তু উপলক্ষি আহার ফল হইতেছে ইহা ত
টিফ সংহ—এরূপ শিষ্যের শঙ্কা।

অনুবাদ। [কেন তাহা] শ্রবণ কর, বলিতেছি—উপলক্ষির আভাসরূপ ফল পর্য্যন্ত ধাত্বর্থ—ইহাই আমি বলিমাছি তুমি কি শুনিয়াছিলে ? কিন্তু বিকারোৎপত্তি ফল পর্য্যন্ত আস্মা—একথা ত বলি নাই ॥ ৮১ *

টীকা। উপাধিবশাৎ ফলস্বোপচারঃ উপলক্ষঃ, ন স্বরূপতঃ ইতি উক্তং স্মারয়ন্ পক্ষান্তরম্ অবিকল্পম্ ইতি আহ গুরুঃ—শৃণ্বিতি। অক্ষঃকরণবৃত্তীনাং আবির্ভাবতিরোভাবধর্ম্মকত্বাৎ তদ্বিশিষ্টতয়া স্মরণম্ অক্ষীকৃত্য বিষয়প্ৰচৈতন্ত্যা-ভেদেন প্রকাশমানবৃত্তিতৎস্বাভাসাশ্রয়তয়া ভাসমানঃ আত্মা প্রমাতা ইতি উচ্যতে। কর্ম্মেঞ্জিয়ানি অধিষ্ঠায় ক্রিয়াবৎ প্রাণপ্রধানাস্তঃকরণ লিঙ্গগতাত্মাসা-বিবেকাৎ কর্তা ইতি চ উচ্যতে। শুভাশুভকর্ম্মোপস্থাপিতাস্তঃকরণপরিণাম-বিশেষঃ তদবিবেকাৎ স্বগতমিব পশুন্ আত্মা ভোক্তা ইতি উচ্যতে। এতাং সর্কামেব চিত্তবিলাসাবস্থাং স্বরূপচৈতন্ত্যানুগমমাত্রাণে সাক্ষাদ্ অবভাসয়ন্নিব ভাসমানঃ অনুপ্তপ্রকাশঃ অসন্দিগ্ধঃ অবিপর্য্যস্তঃ অবিষয়ঃ সাক্ষী উপলক্ষা জ্ঞাতা ইতি চ ব্যপদিশ্যতে। বৃত্তিবিনাশাৎ তদগতচিদাত্মাস্ত্র অপি বিলয়াৎ তৎসংস্কার-সম্ভবে সতি সমস্রাস্তরে পূর্বাগতবিষয়াকারস্মৃতিবৃত্ত্যাদয়ে তদগতাত্মাসম্বারা স এব স্মৃতা ইতি ব্যপদিশ্যতে। স এব ত্ চিদাত্মা সমস্তকার্য্যাকারণপ্রপঞ্চোপলক্ষিতঃ তদনুবৃত্তসত্তা অভেদেন সর্কাধিষ্ঠানমিত্যুচ্যতে। কারণোপাধ্যবিবেকেন অনুপ্তজ্ঞানশক্তিতয়া চ অস্তুর্য্যাম্যাদি-শব্দবাচ্যোহপি ভবতি। তস্মাৎ কেনচিৎ উপাধিনা কচিৎ কচিৎ তথা তথা ব্যবহারাস্পদভেদেন অবিজ্ঞাবশাদ্ ভাসমানোহপি আত্মা স্বরূপতঃ নির্লিকারঃ নির্ধর্ম্মকঃ অসঙ্গঃ কূটস্থ এব ইতি ॥ ৮১

শিষ্যঃ উবাচ—কথং তর্হি কূটস্থে ময়ি অশেষস্ববিদ্যুচিত্ত-প্রচারোপলক্ষ্ণত্বমিতি আখ ॥ ৮২

পদাশ্রয়। শিষ্যঃ (বিস্ময়ার্থী) উবাচ (বলিয়াছিলেন) [কি বলিয়াছিলেন তাহা কথিত হইতেছে] তর্হি (তাহা হইলে) কূটস্থে (কূটবৎ বিকার শূন্য)

* তাৎপর্য্য—আত্মার স্বরূপই উপলক্ষি, তাহা ফল নহে, যদি উপলক্ষি ফল হইত, তাহা হইলে ফলমাত্র সাধ্য বলিয়া অনিত্য হইত, আত্মার কূটস্থ সিদ্ধ হইত না। কিন্তু তাহা নহে, উপলক্ষি আত্মা—স্বরূপচৈতন্ত্য বুদ্ধিরূপ উপাধিতে অতিবিদিত হওয়ার বুদ্ধি চেতনের স্মার প্রতীয়মান হয়, সেই বুদ্ধি অতিক্রান্ত চৈতন্ত্যকে আভাস বা চিদাত্মাস বলে, তাহা বুদ্ধির পরিণামবিশেষ, সাধ্য বলিয়া ফল : তাহাই স্বরূপভূত—উপলক্ষি—আত্মাতে উপচার করিয়া থাকে। একই অবিকার চৈতন্ত্য উপাধিসম্পর্কবশতঃ কর্তা, ভোক্তা ইত্যাদি ব্যবহার বোধ্য হয় ; ইহার কারণ অবিদ্যা ; বস্তুতঃ আত্মা অসঙ্গ কূটস্থ।

ময়ি (আমাতে) অশেষস্ববিষয়চিত্তপ্রচারোপলক্ষ্যম্ (সম্পূর্ণরূপ চিত্তের
বিষয় চিত্তবৃত্তির জ্ঞাতৃৎ) কথম্ (কিরূপে) ইতি (ইহা) অথ
(বলুন) ॥ ৮২

অনুবাদ । যদি আমি কূটস্থ হইলাম, তবে আমাতে অশেষরূপ চিত্ত বিষয়ী-
ভূত চিত্তবৃত্তির জ্ঞাতৃৎ কিরূপে থাকিতে পারে, তাহা বলুন ॥ ৮২ *

টীকা । এতৎ সৰ্বম্ অভিপ্রেত্য উক্তমর্থং প্রশ্নমুখাপ্য উপসংহরতি
—শিম্য উবাচ কথং তর্হীত্যারভ্য তবেত্যশ্চেন । তেনৈব অশেষস্ব-
বিষয়চিত্তপ্রচারোপলক্ষ্যেন ইত্যর্থঃ । অতঃ কৃতঃ তত্র তব অনাখ্যাসঃ জায়তে
ইতি অভিপ্রায়ঃ ॥ ৮২ ॥ ৮৩

তং গুরুকুবাচ—সত্যমেব অবোচম্, তেনৈব কূটস্থতাম্
অব্রবং তব ॥ ৮৩

পদান্বয় । গুরুঃ (আচার্য্য) তম্ (ঐশ্যকে, শিম্যকে) উবাচ (বলিয়া-
ছিলেন)—সত্যম্ এব (যথার্থই) অবোচম্ (বলিয়াছিলাম), তেন এব (তাহা-
দ্বারা, অশেষরূপ চিত্তবৃত্তির উপলক্ষ্য দ্বারা) তব (তোমার) কূটস্থতাম্
(কূটস্থত্ব) অব্রবম্ (বলিয়াছিলাম) ॥ ৮৩

অনুবাদ । গুরু শিম্যকে বলিয়াছিলেন—আমি বলিয়াছিলাম, সত্য,
অশেষরূপ চিত্তবৃত্তির উপলক্ষ্য দ্বারাই তোমার কূটস্থতা বলিয়াছিলাম ॥ ৮৩ +

যদ্যেবং ভগবন্ ! কূটস্থনিত্যোপলক্ষিস্বরূপে ময়ি
শব্দাত্মাকারবৌদ্ধপ্রত্যয়েষু চ মৎস্বরূপোপলক্ষ্যাত্মাসফলাবসান-
বৎসু উৎপদ্যমানেষু কস্ত্ব অপরাধো মম ? ॥ ৮৪

পদান্বয় । ভগবন্ (ঐশ্বর্য্যাদিগুণশালিন্) যদি (যদি) এবম্ (এইরূপ)
কূটস্থনিত্যোপলক্ষিস্বরূপে (কূটস্থনিত্যজ্ঞানস্বরূপ) ময়ি (আমাতে) মৎস্বরূপো-
পলক্ষ্যাত্মাসফলাবসানবৎসু (আত্মস্বরূপভূত-উপলক্ষির আভাসরূপ ফলাবসান-
বিশিষ্ট) শব্দাত্মাকারবৌদ্ধপ্রত্যয়েষু চ (শব্দাদিআকারে বুদ্ধির পরিণামাত্মত

* তাৎপৰ্য্য । কূটস্থ অথচ জ্ঞানকর্তৃৎ ইহা পরস্পর বিরুদ্ধ ।

+ তাৎপৰ্য্য । যে হেতু দ্বারা বিকার সম্ভাবনা করিতেহ, একতরুণকে তাহাই কূটস্থতা-
প্রতিপাদক ।

জ্ঞান-সমূহ) উৎপত্তমানেষু (উৎপন্ন হইলে) মম তু (আমার) কঃ (কি) অপরাধঃ (দোষঃ) ॥ ৮৪

অনুবাদ । [শিষ্য স্বকীয় ভ্রমের কারণ না দেখিয়া তখন এইরূপ বলিতে-
ছেন] ভগবন্! যদি এইরূপই, [তাহা হইলে] কূটস্থ—নিত্য উপলক্ষিস্বরূপ
আমাতে আমার স্বরূপভূত-উপলক্ষির আভাসরূপ ফলাবসানবিশিষ্ট শব্দাদি-
আকারে বুদ্ধির পরিণামভূত জ্ঞানসমূহ উৎপন্ন হইলে আমার দোষ কি ? ॥ ৮৪ *

টীকা । আশ্বিনঃ নিত্যনিবৃত্তাশেষস্বগতবিশেষতয়া কূটস্থে অববোধিতে
অববুদ্ধিস্বরূপঃ শিষ্যঃ স্বভ্রান্তিবীকস্ম অপশ্রুত্ব পৃচ্ছতি—যদ্যেবমিতি । অথবা—
বৌদ্ধপ্রত্যয়াশ্চেৎ উপলক্ষ্যাভাসফলাবসানাঃ জায়ন্তে, তদা তান্ আশ্বনি
নিত্যং পশুতঃ মম কঃ অপরাধঃ ইতি আক্ষিপতি—যদ্যেবমিতি ॥ ৮৪

সত্যং, নাস্তি অপরাধঃ, কিন্তু অবিদ্যামাত্রস্তু অপরাধঃ
ইতি প্রাগেব অবোচম্ ॥ ৮৫

পদার্থায় । সত্যম্ (ঠিক, বার্থ), [তব=তোমার] অপরাধঃ (দোষ)
ন অস্তি (নাই), কিন্তু (পরন্তু) অবিদ্যামাত্রঃ তু (কেবল অজ্ঞানই) অপরাধঃ
(দোষ) ইতি (ইহা) প্রাক্ এব (পূর্বেই) অবোচম্ (বলিয়াছিলাম) ॥ ৮৫

অনুবাদ । তোমার দোষ নাই সত্য, কিন্তু কেবল অবিদ্যাই অপরাধ ইহা
পূর্বে বলিয়াছিলাম ॥ ৮৫ ।

টীকা । প্রশ্নস্ত উত্তরম্ আহ—সত্যং নাস্ত্যপরাধ ইতি । কথং তহি
'কিং নু শ্রুতং স্বরা' ইতি মাম্ আখ ইতি শব্দতে—কিস্থিতি । অজ্ঞাসোঃ
তব প্রেক্ষাবতঃ উক্তার্থানবধানং ন আগত্বকদোষনিমিত্তকং সম্ভাবাতে ইতি
অস্তিপ্রেতা ময়া উক্তম্ ইতি পরিহরতি—অবিদ্যেতি । যদ্বা আক্ষেপঃ
পরিহরতি—সত্যমিতি । নাস্তি অপরাধঃ তব স্বানুভবাপ্রচ্ছাদকত্বাৎ । কথং
তহি স্বরা উক্তং 'মম অনাখাসঃ জায়ন্তে' ইতি পৃচ্ছতি—কিং স্থিতি । অস্তঃ
অস্ত অপরাধঃ ইতি উত্তরম্ আহ—অবিদ্যেতি । তদ্ এবং বথাবদ্ আশ্বিনঃ
স্বরূপানবভাসাবিষ্টানিবন্ধনঃ এবং সংসারিবন্ধম্ অবিদ্যাকৃতত্বম্ ইত্যান্ততৎসর্বাভাসঃ
ন পরমার্থঃ অস্তি ইতি উপপত্তিতঃ অবগমিতম্ আশ্বিনঃ কূটস্থনিত্যত্বম্ ॥ ৮৫

* তাৎপৰ্য্য—আমি কূটস্থ নিত্য-জ্ঞানস্বরূপ হইলেও আমাতে বুদ্ধিবৃত্তি উৎপন্ন হইতেছে ।

† তাৎপৰ্য্য—আমি কূটস্থনিত্য জ্ঞানস্বরূপ—সত্য, তথাপি অবিদ্যাশ্রয়িত্ব কারণে
যদিও থাকে ।

যদি ভগবন্ । সুষুপ্ত ইব মম বিক্রিয়া নাস্তি, কথং স্বপ্ন-
জাগরিতে ? ॥ ৮৬

পদান্বয় । ভগবন্ (ঐশ্বর্যাদিশুণ্ণশালিন্) যদি (যদি) সুষুপ্তে ইব (সুষুপ্তির স্তায় = অথবা সুষুপ্ত পুরুষের স্তায়) মম (আমার) বিক্রিয়া (বিকার) নাস্তি (নাই) [তর্হি মম = তাহা হইলে আমার] স্বপ্নজাগরিতে (স্বপ্ন ও জাগ্রৎ অবস্থা) কথম্ (কেন) ॥ ৮৬

আত্মরূপবিধেঃ (আত্মরূপাবধারণের) কার্য্যম্ (ফল) আত্মা (আত্মা) সাধ্যং
সাধনং বা (সাধ্য কিংবা সাধন) ন (নহে), নিত্যতৃপ্তঃ (সৰ্ব্বদাতৃপ্ত) মতঃ
(অভিমত) স্মৃতেঃ (স্মৃতিবশতঃ, শাস্ত্রবশতঃ) ॥ ৪৯

অনুবাদ । কৰ্ম্মপ্রভৃতি হইতে নিবর্তন—আত্মরূপ প্রতিপাদনের ফল,
আত্মা সাধ্য কিংবা সাধন নহে, কারণ, স্মৃতিতে আত্মা নিত্যতৃপ্ত বলিয়া
অভিহিত হইয়াছে ॥ ৪৯

টীকা । 'এতৈশ্চ বানন্দশ্রাত্তানি ভূতানি মাত্ৰামুপক্ৰীবন্তি' 'নিত্যতৃপ্তো
নিরঞ্জনঃ' ইত্যাদিশ্রুতেরাশ্রয়নো নিত্যতৃপ্তত্বাবগমাৎ তস্মৈ সাধ্যসাধনবিলক্ষণত্বেন
স্বতঃ ক্রিয়াদিসংস্পর্শিত্বাভাবাদধাসমুৎস্বং ক্রিয়াতৎকারকযোগস্তেতি নিশ্চিত্যায়-
তত্বাববোধেনৈব ক্রিয়াদি ত্যাজ্যমিত্যাৎ—আত্মরূপেতি । বিধিবিধানং
তৎস্বরূপাবধারণম্ ॥ ৪৯

উৎপাদ্যাপ্যবিকার্য্যানি সংস্কার্য্যঞ্চ ক্রিয়াফলম্ ।

নাতোহন্যৎ কৰ্ম্মণা কার্য্যং ত্যজেৎ তস্মাৎ সসাধনম্ ॥ ৫০

পদান্বয় । উৎপাদ্যাপ্যবিকার্য্যানি (উৎপাদ্য, আপ্য ও বিকার্য্য)
সংস্কার্য্যঞ্চ (এবং সংস্কার্য্য) ক্রিয়াফলম্ (ক্রিয়ার ফল) ; অতঃ (এইজন্য) কৰ্ম্মণা
(কৰ্ম্ম দ্বারা) অন্তঃ (অপর) কার্য্যম্ (কৃত্য) ন (নাই), তস্মাৎ (অতএব)
[মুমুকু] সসাধনম্ (জায়াদি সাধনের সহিত) [কার্য্যম্ = কৰ্ম্ম] ত্যজেৎ (ত্যাগ
করিবে) ॥ ৫০

অনুবাদ । উৎপাদ্য, আপ্য, বিকার্য্য এবং সংস্কার্য্য এই চারিটি ক্রিয়ার
ফল ; অতএব মুমুকুর অন্ত কার্য্য নাই ; তজ্জন্য মুমুকু জায়া পুত্রাদি সাধনের সহিত
কৰ্ম্ম ত্যাগ করিবে * ॥ ৫০

* তাৎপর্য্য—দেবদত্তঃ পটং কুরোতি—এখানে 'পট' উৎপাদ্য ; আত্মা সেরূপ নহে ।
বিকার্য্য—তত্ত্বানোদনং পচতি, এখানে 'তদন' বিকার্য্য কৰ্ম্ম, আত্মা সেরূপ নহে । বজ্রদত্তো

টীকা । যতপি বিজ্ঞাতাত্মত্বস্ত ক্রিয়াভেদভাবাৎ তদভাবস্তথাপি বিজ্ঞাসো-
মুস্কোমোঁকার ক্রিয়ামুষ্ঠানং তাদিত্যাশঙ্ক্য মোক্ষস্ত ক্রিয়াকলবিলক্ষণদ্বার
তস্তাপি ক্রিয়াসম্ভব ইত্যাহ—উৎপাদ্যেতি । সমাধনঃ জ্ঞানাপত্যবিত্তশিখা-
যজ্ঞোপবীতাদিসাধনসহিতকর্মবিধিলক্ষণং ত্যজেশুমুকুরিতি শেষঃ । কৃতকস্তা-
নিত্যাত্মানোকস্ত চ নিত্যাত্মস্বরূপাবস্থানরূপদ্বার মুস্কোরপি কর্মণা কৃত্যমস্তীতি
ভাবঃ ॥ ৫০

তাপাস্ত্বহাদনিত্যত্বাদাত্মার্থত্বাচ্চ যা বহিঃ ।

সংহৃত্যাশ্বনি তাং প্রীতিং সত্যার্থী গুরুমাশ্রয়েৎ ॥ ৫১

পদান্বয় । তাপাস্ত্বহাৎ (পরিশেষস্বাপ্রদত্ত্ব বশতঃ) অনিত্যত্বাৎ
(অনিত্যত্বহেতু) আত্মার্থত্বাৎ চ (এবং আত্মার নিমিত্ত) বহিঃ (পুত্র, কলত্র
প্রভৃতি বাহুবস্তুতে) যা (যে) [প্রীতিঃ = প্রেম], সত্যার্থী (সত্যার্থেষু) তাং
(সেই) প্রীতিম্ (প্রীতিকে) আশ্বনি (আশ্বাতে) সংহৃত্যা (সংহার করিয়া,
আত্মাভিমুখী করিয়া) গুরুম্ (গুরুকে) আশ্রয়েৎ (আশ্রয় করিবে) ॥ ৫১

অনুবাদ । পুত্র কলত্র প্রভৃতি বাহুবস্তুতে যে প্রীতি আছে, তাহা তাহাদের
তাপাবসানত্ব, অনিত্যত্ব এবং আত্মনিমিত্তত্ববশতঃ আশ্বাতে স্থাপন করিয়া
সত্যার্থেষু পুরুষ গুরুকে আশ্রয় করিবেন ॥ ৫১

টীকা । কিং সমাধনকর্মত্যাগমাত্রেণ মুক্তিমিচ্ছিঃ কিংবাচ্যং কিমপি কৃত্য-
মস্তীতাপেক্ষায়ামাত্মত্বজ্ঞানার গুরুপন্থিঃ কর্তব্যোত্যাহ—তাপাস্ত্বহাদিতি ।
যদ্বা যস্মাৎ সর্গকর্মনিবন্ধনা প্রীতিরনির্ভা হুঃখাস্তা স্বার্থপ্রযুক্তা চ তস্মাৎ তন্নিমিত্তাৎ
প্রীতিম্নাত্মবিষয়মাশ্বভেবোপসংহৃত্যা নিতাপুরুষার্থী গুরুং সংশ্রয়েতেতি মুস্কুং
শিক্ষয়তি—তাপাস্ত্বহাদিতি । যা বহিরাশ্বনোহুত্র জ্ঞানপুত্রাদৌ প্রীতিস্তাং
প্রীতিমাশ্বনি উপসংহৃত্যাশ্বসাৎ কৃষেত্যর্থঃ ॥ ৫১

শাস্ত্রং প্রাজ্ঞং তথা মুক্তং নিষ্ক্রিয়ং ব্রহ্মণি স্থিতম্ ।

শ্রুতেরাচার্য্যান্ বেদ তদ্বিদ্বীতি শ্বুতেস্তথা ॥ ৫২

পদান্বয় । শাস্ত্রম্ (অক্ষুচ্চিত্ত) প্রাজ্ঞম্ (মেধাবী) তথা (সেইরূপ) মুক্তং
(বন্ধনশূন্য) নিষ্ক্রিয়ম্ (ক্রিয়ারহিত, ঐহিক পারলৌকিক প্রবৃত্তি রহিত) ব্রহ্মণি

গ্রামং গচ্ছতি, এখানে 'গ্রাম', প্রাপ্যকর্ম, আত্মা সেরূপ হইতে পারে না । দর্পণং সংস্কৃত্যে—
এখানে 'দর্পণ' সংকার্য্য কর্ম, আত্মা সেরূপ নহে । কর্ম হইতে গেলে উক্ত প্রকারের একটি
হওয়া চাই, তন্মধ্যে আত্মা কোন প্রকারের নহে ।

(পরব্রহ্মে) স্থিতম্ (স্থিত) [গুরুকে আশ্রয় করিবে], আচার্য্যবান্ (আচার্য্য
বিশিষ্ট জন) বেদ (জানেন) [ইতি = এইরূপ] শ্রুতেঃ (শ্রুতিবশতঃ), তথা
(সেইরূপ) তৎ (তাহাকে অথবা সেই হেতু) বিদ্ধি (জান) ইতি (এরূপ)
শ্রুতেঃ (শ্রুতি থাকায়) ॥ ৫২

অনুবাদ । [কিরূপ গুরুর আশ্রয় লইবেন, তাহা বলা হইতেছে]
[মুমুক্শু] অমুক্শু চিত্ত মেধাবী, মুক্ত, ব্রহ্মনিষ্ঠ গুরুর আশ্রয় লইবেন, 'আচার্য্যবান্
পুরুষ জানেন'—এইরূপ শ্রুতি এবং 'প্রণিপাতের দ্বারা তাঁহাকে জান'—ইত্যাদি
শ্রুতি এ বিষয়ে প্রমাণ রহিয়াছে ॥ ৫২

টীকা । উপগন্তব্যঃ গুরুঃ বিশিনষ্টি—শাস্তিমিতি । শাস্তমকুচ্চিত্তং
প্রোক্তং মেধাবিনং যথা পরিত্যক্তবক্সসজাতোয়েন পুনর্ক্বক্কো ন ভবতি তথা মুক্তং
নিষ্কিঞ্চনমিত্যর্থঃ । নিষ্ক্রিয়মৈহিকামুগ্নিকার্থপ্রবৃত্তিরহিতং ব্রহ্মণি স্থিতং স্বব্রহ্মপা-
নন্দানুভবেন সর্বত্রোদাসীনমিত্যর্থঃ । গুরোরশ্রয়ণীরূপে প্রমাণমাহ—শ্রুতে-
রিত্তি । 'আচার্য্যবান্ পুরুষো বেদ'ইতি চ শ্রুতেঃ । 'তদ্বিদ্ধি প্রণিপাতেন পরি-
প্রশ্নেন সেবয়া । উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ' ইতি শ্রুতে-
শ্চেত্যর্থঃ ॥ ৫২

স গুরুস্তারয়েদ্মুক্তং শিষ্যং শিষ্যগুণাবিতম্ ।

ব্রহ্মবিদ্যাপ্রবেনাশু স্বাস্ত্বধ্বাস্ত্বমহোদধিম্ ॥ ৫৩

পদান্বয় । সঃ (সেই পূর্বোক্ত) গুরুঃ (উপদেষ্টা) যুক্তম্ (সমাহিত)
শিষ্যগুণাবিতম্ (প্রশাস্তচিত্তাদি শিষ্যগুণযুক্ত) শিষ্যম্ (শিষ্যকে) আশু (শীঘ্র)
ব্রহ্মবিদ্যাপ্রবেন (ব্রহ্মজ্ঞানরূপ ভেলাদ্বারা) স্বাস্ত্বধ্বাস্ত্বমহোদধিম্ (অস্তঃকরণ-
স্থিত অজ্ঞানরূপ মহা সমুদ্রকে) তারয়েৎ (তরণ করান) ॥ ৫৩

অনুবাদ । সেই গুরু সমাহিত শিষ্যগুণযুক্ত শিষ্যকে ব্রহ্মজ্ঞানরূপ ভেলার
দ্বারা শীঘ্র অস্তঃকরণস্থিত অজ্ঞানরূপ পারাবারের পরপারে লইয়া যান ॥ ৫৩

টীকা । উক্তপ্রমাণানুসারেণ উক্তবিশেষণগুরুপগমনে কলং নিরতিশয়ং
দর্শয়তি—স গুরুরিত্তি । যুক্তং সমাহিতম্ । শিষ্যগুণাঃ 'প্রশাস্তচিত্তায় জিতে-
ক্রিয়ায়'ইত্যত্রোক্তা গুণা অমানিষাদয়শ্চ ভগবদ্গীতোক্তাঃ তৈরবিত্তমিত্যর্থঃ ।
ব্রহ্মবিদ্যৈব প্রবো ব্রহ্মবিদ্যাপ্রবেনেত্যর্থঃ । স্বাস্ত্বমস্তঃকরণম্ উপাধি-বচনেন
উপাধীরমানো জীবো লক্ষ্যতে, তন্ত ধ্বাস্ত্বমাত্মস্বভাবাবরণাশ্চবিক্লেপলক্ষণমনাস্ত
নির্কাচ্যাজ্ঞানং তদেব মহানুদধিরপর্যাস্ত্বাস্ত্বমিত্যর্থঃ ॥ ৫৩

দৃষ্টিঃ স্পৃষ্টিঃ শ্রুতিঃ ব্রাহ্মিঃ তির্মতিবিজ্ঞাতিরেব চ ।

শক্তয়োহন্যাশ্চ ভিদ্যন্তে চিদ্রূপত্বেহুপ্যুপাধিভিঃ ॥ ৫৪

পদার্থায় । দৃষ্টিঃ (দর্শন) স্পৃষ্টিঃ (স্পর্শ) শ্রুতিঃ (শ্রবণ) ব্রাহ্মিঃ (ব্রাহ্ম)
মতিঃ (মনন) বিজ্ঞাতিঃ এব চ (এবং বিজ্ঞান) অন্যাশ্চ শক্তয়ঃ (এবং রসন,
বচনাদি শক্তি সমূহ) চিদ্রূপত্বে অপি (অথচ চৈতন্যরূপ হইলেও) উপাধিভিঃ
(বুদ্ধি প্রভৃতি উপাধির দ্বারা) ভিদ্যন্তে (ভেদ প্রাপ্ত হয়) ॥ ৫৪

অনুবাদ । দর্শন, স্পর্শ, শ্রবণ, ব্রাহ্ম, মনন ও বিজ্ঞান এবং অন্ত শক্তিসমূহ
চৈতন্যরূপ হইলেও উপাধি সমূহের দ্বারা ভেদ প্রাপ্ত হয়* ॥ ৫৪

টীকা । কথমুক্তলক্ষণো গুরুকৃতলক্ষণঃ শিষ্যঃ সম্যগ্জ্ঞানেন সত্ত্বঃ সংসার-
সাগরং তারয়েদিত্যপেক্ষায়াং প্রথমং পদার্থবিবেকং কারয়িত্বা বাক্যার্থজ্ঞানোপ-
দেশেনেতাভিঃ প্রত্য সংক্ষেপতঃ পদার্থবিবেকমাহ—দৃষ্টিঃ স্পৃষ্টিরিতি । অন্যাশ্চ-
রসয়তি বক্ত্ব গত্যাত্মাশ্চ শক্তয় ইত্যর্থঃ । এতা দৃষ্টাদিশক্তয়ো যত্তপ্যথচিদ্রূপা
এব তথাপি তত্তদিত্তিরিয়ারকবুদ্ধিবৃত্তিভেদোপাধিভিঃ ভিদ্যন্তে ন বস্ততো ভেদোহস্তি
ইতি তত্তদবৃত্তাংশপরিত্যাগেন সর্ববুদ্ধিসাক্ষিতয়ানুগত প্রকাশস্বভাব এবাদ্বা হুং-
পদার্থ ইতি প্রথমং গ্রাহয়েদিত্যর্থঃ ॥ ৫৪

অপায়োদ্ভূতিহীনাভিনিত্যং দীপ্যন্ রবির্ষথা ।

সর্বজ্ঞঃ সর্বদৃক্ শুদ্ধঃ সর্বং জানাতি সর্বদা ॥ ৫৫

পদার্থায় । ষথা (যেমন) রবিঃ (সূর্য) অপায়োদ্ভূতিহীনাভিঃ (বিনাশ-
অন্যরহিত রশ্মির দ্বারা) :নিত্যম্ (সর্বদা) সর্বম্ (সমস্ত) দীপ্যন্ (প্রকাশিত
করিয়া) [বর্ততে = আছেন], [তথা = সেইরূপ] সর্বজ্ঞঃ (সর্বজ্ঞানবান্)
সর্বদৃক্ (সর্বদর্শী) শুদ্ধঃ (শুদ্ধ) [আত্মা = আত্মা, সর্বদা (সকল সময়ে) [সর্বম্
= সমস্ত] জানাতি (জানে) ॥ ৫৫

অনুবাদ । সূর্য যেমন জনন-বিনাশ-রহিত কিরণ সমূহের দ্বারা নিত্য সমস্ত
বস্তু প্রকাশ করিয়া বর্তমান আছেন, সেইরূপ আত্মাও [অনন্য-বিনাশ-রহিত]
স্বরূপত্ব চিহ্নতির দ্বারা সমস্ত বিষয় জানিয়া সর্বজ্ঞ হ'ন, সমস্ত দর্শন করেন,
তথাপি নির্বিকার আছেন ॥ ৫৫

* তাৎপর্য—দর্শন, শ্রবণ প্রভৃতি চৈতন্যেরই বিকার, তথাপি চক্ষুরিত্তির দ্বারক বুদ্ধি-
বৃত্তি ও শ্রবণেরিত্তির দ্বারক বুদ্ধিবৃত্তিরূপ উপাধি পরস্পরের ভেদক । সর্বত্র চৈতন্য অবিশিষ্ট ।

টীকা । কথমুপাধিতিরেষ চিচ্ছক্তিভেদঃ স্বরূপত এব ভেদো যথানুভব-
মস্থিতি চেন্নৈবম্ আত্মনো বিকারিহাপত্তেঃ কল্পনাপৌরবাচেত্যভিপ্রেতা দৃষ্টান্তেনা
ধংরূপতাং সাধয়তি—অপায়েতি । যথা রবিরপায়োদ্ভূতিহীনাভিবিনাশজন্ম-
শূন্যভিঃ স্বরশিভিঃ সৰ্বং ব্রহ্মাণ্ডং দীপ্যন প্রকাশয়ন্তেক এবাবিকৃতো বর্ততে
তথা আত্মাপি অপায়োৎপত্তিহীনাভিবিনাশজন্মশূন্যভিরেষ স্বরূপভূতচিচ্ছক্তিভিঃ
তত্তদ্বুদ্ধিবৃত্ত্যুপাধিভেদাদ্ ভিন্নাভিঃ সৰ্বং বিষয়জাতং বিশেষতো জানাতি সৰ্বদা
সৰ্বদৃক্ সামান্তেনাপি সৰ্বং পশুমান্তে যতঃ সৰ্বগতঃ সৰ্বদৃশ্যাদিষ্ঠানশ্চেন সৰ্বা
ব্যভিচারী তস্মাচ্ছুদ্ধো নির্বিকার ইতি যোজনা ॥ ৫৫

অন্যদৃষ্টিঃ শরীরস্থতাবন্যাত্রো হবিদ্যায়া ।

জলেন্দ্রাদ্যুপমাভিস্তু তদ্বর্ণ্যা চ বিভাব্যতে ॥ ৫৬

পদার্থায় । [আত্মা] অবিদ্যায়া (অজ্ঞানের দ্বারা বা অবিদ্যাবশতঃ) শরীরঃ
(স্থূল ও সূক্ষ্ম শরীরে বর্তমান) তাবন্যাত্রঃ (শরীর পরিমাণ মনে করিয়া) অন্য-
দৃষ্টিঃ (শরীরাদিতে দৃষ্টিসম্পন্ন হইয়া) জলেন্দ্রাদ্যুপমাভিঃ তু (জল চন্দ্রাদি দৃষ্টান্তের
দ্বারা, যেমন জলে প্রতিবিম্বিত চন্দ্র জলের চঞ্চলতার চঞ্চল হয়) তদ্বর্ণ্যা চ
(জলাদির ধর্মযুক্ত এবং পক্ষে শরীরাদির ধর্মযুক্ত) বিভাব্যতে, (বোধ হয়), হি
(নিশ্চিত) ॥ ৫৬

অনুবাদ । যেমন জলে প্রতিবিম্বিত চন্দ্র জলের কম্পনে কম্পিত বলিয়া
বোধ হয়,—সেইরূপ আত্মা অবিদ্যাবশতঃ স্থূল ও সূক্ষ্ম শরীরে বিদ্যমান থাকিয়া,
শরীর পরিমাণ বিবেচিত হয় এবং শরীরাদি বিষয়ে আন্যদৃষ্টি থাকায় আত্মা তদ্বর্ণ্যা
বলিয়া বোধ হয় ॥ ৫৬

টীকা । যন্তেবমুক্তলক্ষণ আত্মা কথং তন্ত সংসারোপলকৃতা পরিচ্ছেদ-
প্রতিভাসশ্চেত্যত আহ—অন্যদৃষ্টিরিতি । অবিদ্যায়া শরীরঃ স্থূলসূক্ষ্ম-
শরীরয়োরেবোপলভ্যমানত্বাৎ তত্র বর্তমানস্তাবন্যাত্রঃ শরীরং যাবস্তাবন্যাত্রোহ-
মিতি মন্তমানোহন্যদৃষ্টির্দেহবাহেভ্যো ব্যবস্তান্যদৃষ্টিগুণতথৈশ্চৈরাশ্বনো ধর্মব-
দৃষ্টিরপি সন্ পরিচ্ছিন্নঃ সংসারীব চাবভাসত ইত্যর্থঃ । এতদেব দৃষ্টান্তেন
স্পষ্টয়তি—জলেন্দ্রাদীতি । যথা চন্দ্রাদিজলে প্রতিবিম্বিতো জলোপাধিভেদা-
ভেদবানিব মলকম্পাদিনা কম্পাদিমানিব চাবিবেকাদেব বিভাব্যতে, তথৈত্রা-
ভিরূপমাভিস্তদ্বশ্চেত্যাহ্যুক্তার্থম্ ॥ ৫৬

দৃষ্ট্ৰ। বাহুং নিমীল্যাথ স্মৃত্বা তং প্রবিহার চ ।

অথোন্মীল্যান্ননো দৃষ্টিং ব্রহ্ম প্রাপ্নোত্যনধ্বগঃ ॥ ৫৭

পদার্থায় । বাহুং (জাগরিত বাহু বস্তুকে) দৃষ্ট্ৰ। (দর্শন করিয়া) নিমীল্যা
(বিলীন করিয়া) অথ (অনন্তর) স্মৃত্বা (জাগরিত বস্তু স্বপ্নাবস্থায় দর্শন করিয়া,
স্মরণ করিয়া) তং [অপি] (বাসনাময়ঃলিঙ্গ শরীরকেও) প্রবিহার চ (এবং
ত্যাগ করিয়া) অথ (অনন্তর, সুষুপ্তিকালে) আয়নঃ (আত্মার) দৃষ্টিম্
(জ্ঞান প্রকাশস্বরূপ) উন্মীল্যা (উন্মীলিত করিয়া, জ্ঞান প্রকাশ স্বরূপকে উপাধি-
শূত্র করিয়া) অনধ্বগঃ (অর্চিরাদি মার্গে গমন না করিয়া) ব্রহ্ম (ব্রহ্মকে)
প্রাপ্নোতি (প্রাপ্ত হয়) ॥ ৫৭

অনুবাদ । [আত্মা] জাগ্রৎকালে বাহু বস্তু দর্শন করতঃ দৃষ্ট বস্তুজাত
কারণে বিলীন করিয়া স্বপ্নাবস্থায় বাসনাময় বস্তুসমূহ স্মরণ করতঃ সেই বাসনা-
ময় লিঙ্গশরীর পরিত্যাগ করে, অনন্তর সুষুপ্তিকালে আত্মার স্বরূপভূতজ্ঞানকে
উপাধিশূত্র করতঃ অর্চিরাদিমার্গে গমন না করিয়া ব্রহ্মকে প্রাপ্ত হ'ন • ॥ ৫৭

টীকা । তদেবমুপাধিপরাশর্শমত্তরেণায়নি ভেদসংসারাদেবমুপলভ্তা-
হুপাধীনাঞ্চান্ননো বহিঃ স্বাতন্ত্র্যেণ সত্ত্বায়াং প্রমাণাভাবাদবিজ্ঞানমহে সতি
নিত্যশুদ্ধঃ পরিপূর্ণ এব চিদাশ্বেতাবাস্তববাতৈকারবধায়িত আশ্বেতব সত্য-
জ্ঞানাদিলক্ষণং ব্রহ্মেতি মহাবাক্যেনাচার্যাদবগতাত্মতত্ত্বো মুমুকুরবহাভ্রয়া-
শ্বকসৈব্য সর্কদৃষ্টত্বাং তদপোহেন তৎসাক্ষিতয়া তদধিষ্ঠানতয়া চাব্যভিচারি
চিদেকরসং ব্রহ্মাশ্বেতি শ্বানুভবমাপাদয়ন্ মুচ্যতে, ইত্যভিপ্রত্যাহুসদ্ধান-
প্রকারমাহ—দৃষ্টিতি । বাহুং জাগরিতং পক্ষীকৃতপক্ষমহাত্ততৎকার্য্যা-
শ্বকং সমষ্টিব্যষ্টিরূপং সর্কং বিষয়জাতং দৃষ্ট্ৰ। দ্রষ্টৃদৃষ্টাবয়ব্যাতিরেকাত্যাং
কার্য্যকরণাবয়ব্যাতিরেকাত্যাঞ্চালোচ্যাথ নিমীল্যা দৃষ্টং তৎসর্কং দ্রষ্টৃমাত্রশ্বেন
কার্য্যং সর্কং কারণভূততন্মাত্রশ্বেন বিলাপ্যেত্যর্থঃ । সুলোপাধিঃ তদ্বাসনাময়ে
লিঙ্গে স্মৃত্বভূতসহিতে প্রবিলাপ্য বাসনাময়ং স্বপ্নমাত্রমেব তদিত্যহু-
সদ্ধানেত্যর্থঃ । তদপি লিঙ্গশরীরং বাসনাময়ং প্রবিহার চ বাসনাসহিতস্য
মনঃপ্রাণেন্দ্রিয়সংঘাতস্তাপি তৎকারণপ্রপঞ্চতন্মাত্রাদনতিরেকাং তাবন্মাত্রেণ
প্রবিলাপ্য তেষাঞ্চোৎপত্তিক্রমতৈবপরীতোন তৎকারণসাত্তাসাজ্ঞানমাত্রশ্বেন

* তাৎপর্য—জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই তিনটি অবস্থা আত্মার নহে । অন্যায়দর্শা
র্চিরাদিমার্গে গমন করে, আত্মজ ব্রহ্মের সহিত অতির হওয়ার ভাৱের গতি সম্ভব নহে

প্রবিল্যপ্যাবস্থানং তদ্ধানং তৎকৃত্যেত্যর্থঃ । অখানস্তরং সুষুপ্তৌ জীবাশ্চকম-
জ্ঞানমাত্রং যদ্ব্যবহৃতং তদপি সদসম্বত্তিরাভিন্নাদিপ্রকারনিকল্পণাসহস্রা-
দিবাক্রপরিবৃত্তিতাক্রকারবদ্ যৎকিঞ্চিদতি বিবেকেন বাধিত্বাশ্বনঃ সর্কীবস্থা
সাক্ষিতরানুস্মাতসচ্চিদানন্দমাত্রস্ত দৃষ্টিং জ্ঞানপ্রকাশস্বরূপানুশীল্য
নিক্রপাধিকাং কৃত্বা স্থিতৌ ব্রহ্ম প্রাপ্নোতি সত্যজ্ঞানাদিলক্ষণং ব্রহ্মৈব ভবতীতি
যাবৎ অনধ্বগোহ্চিঁরাদিকমধ্বানং ন প্রাপ্নোতি ব্রহ্মণ আশ্বদ্বার গত্যারতা
ব্রহ্মপ্রাপ্তিরিত্যর্থঃ ॥ ৫৭ ॥

প্রাণাণ্ডেবং ত্রিকং হিত্বা তীর্ণোহ্জ্ঞানমহোদধিম্ ।

স্বাশ্বহো নিগুর্গঃ শুক্কো বুদ্ধো মুক্তঃ স্বতো হি সঃ ॥ ৫৮

পদার্থয় । প্রাণাদি (প্রাণ, মনঃ ও বুদ্ধি অথবা জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তিরূপ
অবস্থা) এবং ত্রিকং (এই তিনটি) হিত্বা (ত্যাগ করিয়া) অজ্ঞানমহোদধিঃ
(অবিদ্যাসমুদ্র) তীর্ণঃ (উত্তীর্ণ হইয়া), স্বাশ্বহঃ (আশ্বনিষ্ঠ) নিগুর্গঃ (গুণহীন)
শুক্কঃ (উপাধিশূন্য বুদ্ধঃ (জ্ঞানস্বরূপ) সঃ (তিনি) স্বতঃ (স্বভাবতঃ) মুক্তঃ
(মুক্তস্বরূপ) হি (নিশ্চিত) ॥ ৫৮

অনুবাদ । তিনি জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি—এই তিনটি অবস্থা পরিত্যাগ
করিয়া অজ্ঞানরূপ মহাসমুদ্র হইতে উত্তীর্ণ হইয়া, আশ্বনিষ্ঠ, নিগুর্গ শুক্ক ও বুদ্ধ-
স্বরূপ হইয়া স্বাভাবিক মুক্তস্বরূপ লাভ করেন ॥ ৫৮

টীকা । অনধ্বগো ব্রহ্ম প্রাপ্নোতীত্যুক্তমেব বিশদয়ন্নিক্রপচরিতৈবাস্ত
মুক্তিনোঁপাসকস্যেবাপেক্ষিকীতি স্তোত্রয়তি প্রাণাদীতি দ্বাভ্যাং । সুষুপ্ত্যানৌ-
ত্যর্থঃ । স্বাশ্বহো নাচিঁরাদিমার্গস্থঃ তথা নিগুর্গঃ স্বাশ্বনি প্রবিল্যপিতসকলগুণ
ইত্যর্থঃ । শুক্কো নিক্রপাধিকোহ্চতঃ স্বতঃ স্বভাবত এব মুক্ত ইত্যর্থঃ ॥ ৫৮ ॥

অজোহ্হক্ষামরোহ্মৃত্যুরজরোহ্ভয় এব চ ।

সর্বজ্ঞঃ সর্বদৃক্ শুক্ক ইতি বুদ্ধো ন জায়তে ॥ ৫৯

পদার্থয় । অহম্ (আমি) অজঃ (জন্মরহিত) : অমরশ্চ (এবং অমর)
অমৃত্যুঃ (মৃত্যুরহিত) অজরঃ (জরারহিত) অভয় এব চ (এবং ভয় রহিত) সর্বজ্ঞঃ
(সর্কীবয়রক জ্ঞানবান্) সর্বদৃক্ (সকলের দ্রষ্টা) শুক্কঃ (কেবল) ইতি (এই
হেতু, এইরূপ) বুদ্ধঃ (জ্ঞানবান্) ন জায়তে (জন্মে না) ॥ ৫৯

অনুবাদ । আমি জন্মরহিত, অমর, মৃত্যুশূন্য, সৰ্ব্বজ্ঞ, সৰ্ব্বদর্শী, শুদ্ধ-
ব্রহ্মস্বরূপ—এইরূপ জানিয়া তিনি আর জন্ম গ্রহণ করেন না ॥ ৫৯

টীকা । অজ্ঞেহিমিতি । এবংবিধেহহং ব্রহ্মাস্মীতি যো বুদ্ধোহজ্ঞান-
নিদ্রায়া নির্গতঃ স ন জায়তে পুনঃ শরীরং ন গৃহ্নাতীত্যর্থঃ ॥ ৫৯ ॥

পূর্বেবাক্তং যত্তমোবীজং তন্নাস্তীতি বিনিশ্চয়ঃ ।

তদভাবে কুতো জন্ম ব্রহ্মৈকত্বং বিজানতঃ ॥ ৬০

পদান্বয় । পূর্বেবাক্তম্ (পূর্বেকথিত) যৎ (যে) তমোবীজম্ (স্বষ্টির
কারণ অজ্ঞান) তৎ (তাহা, অজ্ঞান) নাস্তি (নাই) ইতি (এরূপ) [যন্ত =
যাহার] বিনিশ্চয়ঃ (নির্গম আছে), ব্রহ্মৈকত্বম্ (আত্মা এবং ব্রহ্মের একত্ব)
বিজানতঃ (জানেন, এবংবিধ) [তন্ত = তাঁহার] তদভাবে (অজ্ঞানরূপ কারণের
অভাবে) জন্ম (জনন, জননরূপকার্য) কুতঃ (কোথায়? অর্থাৎ নাই) ॥ ৬০

অনুবাদ । পূর্বে কথিত স্বষ্টির হেতু অজ্ঞান নাই, এরূপ যাহার নিশ্চয়
আছে, আত্মা ও ব্রহ্মের একত্বদর্শী সেই পুরুষের অজ্ঞানের অভাববশতঃ জন্মেরও
অভাব ঘটয়া থাকে ॥ ৬০

টীকা । প্রবুদ্ধস্ত পুনর্জন্মাভাবে হেতুমাহ—পূর্বেবাক্তমিতি । স্বষ্টিপ্যাথাৎ
তমোহজ্ঞানমিত্যাदिना যৎপূর্বেবাক্তমজ্ঞানং তৎ কালত্রয়েহপি নাস্তীতি বিনিশ্চয়ঃ,
কস্মিন্ অপি কালে সতোহজ্ঞানমাত্রাৎ তিরোধানাসম্ভবাদস্ত তু জ্ঞানোদয়মাত্র এব
তিরোধানাৎশুক্লিরজতবদিত্যর্থঃ । তদভাব ইতি কারণাভাবাৎ কার্য্যভাব
ইত্যর্থঃ ॥ ৬০ ॥

ক্ষীরাত্ সর্পিযথোদ্ধৃত্য ক্ষিপ্তং তস্মিন্ পূর্ববৎ ।

বুদ্ধ্যা দেজ্ঞ স্তথাহসত্যান্ন দেহী পূর্ববদ্রবেৎ ॥ ৬১

পদান্বয় । যথা (যেমন) সর্পিঃ (নবনীত) ক্ষীরাত্ (দুগ্ধ হইতে) উদ্ধৃত্য
(তুলিয়া) তস্মিন্ (সেই দুগ্ধে) ক্ষিপ্তম্ (নিষ্কিপ্ত হইলে) ন পূর্ববৎ (পূর্বের
স্থায় মিলিত হয় না), তথা (সেইরূপ) অসত্যাৎ (মিথ্যাভূত) বুদ্ধ্যা দেঃ (বুদ্ধি
প্রভৃতিসম্ভ্যাত হইতে) [উদ্ধৃত্য = বিবিক্ত হইয়া] জ্ঞঃ (জ্ঞানস্বরূপ আত্মা)
পূর্ববৎ (অবিবেক অবস্থার স্থায়) দেহী (দেহাভিমানবান্) ন ভবেৎ (হয়
না) ॥ ৬১

অনুবাদ । যেমন দুগ্ধ হইতে নবনীত তুলিয়া পুনরায় সেই দুগ্ধে

নিষ্কিণ্ড করিলে, পূর্বের জ্ঞান আর মিলিত হয় না, সেইরূপ মিথ্যাভূত বুদ্ধাদি হইতে জ্ঞানস্বরূপ আত্মাকে বিবিক্ত করিলে, আত্মা পূর্ববৎ দেহদ্বয়ে অস্তিমানী হ'ন না ॥ ৬১

টীকা । অহং ব্রহ্মাস্মীত্যাত্মানং সাক্ষাৎপশুতোহপি পূর্ববৎ ব্যবহার-দর্শনাৎ তৎকৃতধর্মাদর্শনাবন্ধনং পুনঃ শরীরগ্রহণং স্মাদিত্যাশঙ্ক্য বাধিতানু-বৃত্তিমাত্রত্বাৎ জ্ঞানিনো ব্যবহারশ্চ ন তন্নিবন্ধনং পুনঃ শরীরগ্রহণাদিসংসার ইতি দৃষ্টান্তপূর্বকমাহ—ক্ষীরাদিতি । যথা সর্পির্নবনৌতং ক্ষীরাহুপায়েনোকৃত্য তন্নিবেব নিঃসারীকৃতে ক্ষীরে ক্ষিপ্তং ন পূর্ববদবিবিক্তং ভবতি তথা অসত্যাদ-বুদ্ধাদেঃ সংঘাতাৎ প্রথমনাত্মা বিবিক্তো জ্ঞানমাত্ররূপেণোকৃত্যো ব্রহ্মাহমস্মীতি বাক্যাদবগতব্রহ্মভাবঃ পূর্ববৎ পুনর্দেহী দেহদ্বয়সংঘাতাভিমানবাংস্তন্নি-বিষ্টমানোহপি ন ভবেদিতার্থঃ । সাহকারশ্চ হি কর্মবন্ধহেতুর্ন নিরংকারশ্চ । তথা চোক্তং ভগবতা—‘যশ্চ নাহংকৃতো ভাবো বুদ্ধির্যশ্চ ন লিপ্যতে, হৃদ্যপি স ইমান্ লোকান্ ন হস্তি ন নিবধ্যতে’ ইতি ॥ ৬১

সত্যং জ্ঞানমনস্তঞ্চ রসাদেঃ পঞ্চকাৎ পরম্ ।

অদৃশ্যাদিশাস্ত্রোক্তমহং ব্রহ্মেতি নির্ভয়ঃ ॥ ৬২

পদান্বয় । রসাদেঃ পঞ্চকাৎ (অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময় এবং আনন্দময়রূপ পাঁচটি কোষ হইতে) পরম্ (তিন্ন কিংবা উৎকৃষ্ট) সত্যং জ্ঞানম্ অনস্তঞ্চ (সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ এবং অনন্তস্বরূপ), অদৃশ্যাদিশাস্ত্রোক্তম্ (অদৃশ্য প্রভৃতি শাস্ত্রকথিত) অহং (আমি) ব্রহ্ম (ব্রহ্মস্বরূপ) শ্চাম্ (হই) ইতি (এইরূপ দেখিয়া) নির্ভয়ঃ (ভয়শূন্য) [ভবেৎ = হয়] ॥ ৬২

অনুবাদ । তিনি অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময় এবং আনন্দময়—এই পাঁচটি কোষ হইতে পৃথক্ভূত, সত্য, জ্ঞান ও অনন্তস্বরূপ এবং ‘অদৃশ্য’ প্রভৃতি শ্রুতিকথিত ‘আমি ব্রহ্ম হই’—এইরূপ ব্রহ্মস্বরূপ জানিয়া নির্ভয় হ'ন ॥ ৬২

টীকা । পদার্থশোধনপূর্বকং বাক্যাদহং ব্রহ্মাস্মীতি প্রতিবুদ্ধশ্চ পুনঃ সংসারভয়শঙ্কা নাশীত্বাক্তেহর্থে ‘আনন্দং ব্রহ্মণো-বিদ্যায় বিভেতি কুতশ্চনে’ত শ্রুতিমর্থতঃ পঠতি । সত্যং জ্ঞানমিতি । রসাদেঃ অন্নময়-প্রাণময়-মনোময়-বিজ্ঞানময়ানন্দময়াখ্যকোষ-পঞ্চকাৎ পরম্ তদাধারভূতং ‘ব্রহ্মপুচ্ছং প্রতিষ্ঠে’তি

নির্দিষ্টং বক্তদেব 'অদৃশ্যোহনাশ্বোহনিকৃষ্ণেহ্নিলয়নেহতয়ং প্রতিষ্ঠাং বিন্দতে' ইতি
শাস্ত্রোক্তং ব্রহ্মাহং শ্রামস্মীতি পশুমির্ভয়ো ভবতীতি যোজন্য ॥ ৬২ ॥

যস্মাদ্ভীতাঃ প্রবর্তন্তে বাধানঃপাবকাদয়ঃ ।

তদাত্মানন্দতত্ত্বজ্ঞো ন বিভেতি কুতশ্চন ॥ ৬৩

পদান্বয় । যস্মাং (যাহা হইতে, আত্মা হইতে) ভীতাঃ (ভীত) বাঙ-
মনঃপাবকাদয়ঃ (বাক্য, মনঃ, অগ্নি প্রভৃতি) প্রবর্তন্তে (প্রবৃত্ত হয়), তদাত্মানন্দ-
তত্ত্বজ্ঞঃ (সেই আনন্দস্বরূপ আত্মস্বরূপ জ্ঞানবান্ পুরুষ) কুতশ্চন (কোথা
হইতেও) ন বিভেতি (ভীত হ'ন না) ॥৬৩

অনুবাদ । বাক্, মনঃ, অগ্নি প্রভৃতি যাহার ভয়ে ভীত হইয়া [স্বস্বকর্মে]
প্রবৃত্ত হয়, সেই আনন্দস্বরূপ আত্মতত্ত্ববিৎ পুরুষ কোথা হইতেও ভীত
হ'ন না । ॥৬৩

টীকা । ভয়ঙ্করাণামপি ভয়ঙ্করব্রহ্মাত্মভূতস্য কুতো ভয়ঙ্করাবকাশ ইতি
ব্রহ্মজ্ঞস্য পুনঃ সংসারাভাবমুক্তং দ্রষ্টম্—যস্মাদিত্তি । যদি বাধুনৌ
পাবকাদয় ইতি পাঠস্তদা ইনঃ স্য্য আদিপদাদস্তমূহ্য গৃহেতে, তথাচ শ্রুতিঃ
“ভীতাস্মাদাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ, ভীতাস্মাদগ্নিশ্চেন্দ্রশ্চ মৃত্যুর্ধাবতি
পঞ্চম' ইতি । বাঙ মনঃপাবকাদয় ইতি পাঠেহধ্যাত্মং বাগাদমোহধিদৈব-
মধ্যাদয়শ্চ যস্মাদ্ভীতাঃ প্রবর্তন্ত ইত্যর্থঃ । তথা চ শ্রুতিঃ—‘কেনেবিতং পততি
পেধিতং মনঃ কেন প্রাণঃ প্রথমঃ তৈপ্রতি যুক্তঃ, কেনেবিতাং বাচমিমাং বদন্তি
চক্ষুঃ শ্রোত্রং ক উ দেবো যুনক্তি' 'ভয়াদশ্রাণ্ডপতি ভয়ান্তপাত সূর্য্যঃ, ভয়াদি-
শ্চ বায়ুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চম' ইতি ॥ ৬৩ ॥

নামাদিভ্যঃ পরে ভূমি স্বরাজ্যে চেৎ স্থিতোহুদয়ে ।

প্রণমেৎ কিং তদাত্মজ্ঞো ন কার্য্যং কৰ্ম্মণা তদা ॥ ৬৪

পদান্বয় । নামাদিভ্যঃ (নাম, বাক্, মনঃ, প্রভৃতি প্রাণান্তের) পরে (পর)
ভূমি (ব্যাপক, সর্বব্যবহারাতীত) অধয়ে (অধিতীয়) স্বরাজ্যে (স্বর্গহিমায়)
চেৎ (যদি) স্থিতঃ (বর্তমান), তদা (তৎকালে) আত্মজ্ঞঃ (আত্মবিৎ) কং
(কাহাকে) প্রণমেৎ (প্রণাম করিবে) [কারণ] তদা (তৎকালে) কৰ্ম্মণা
(কর্ম্মের দ্বারা) কার্য্যম্ (প্রয়োজন) ন (নাই) ॥৬৪

অনুবাদ । নামাদি প্রাণান্ত হইতে পর ব্যাপক অধিতীয় স্বরাজ্যে বর্তমান

আত্মজ্ঞ পুরুষ কাহাকে প্রণাম করিবেন, কারণ তখন কর্মের কোন প্রয়োজন নাই ॥ ৬৪

টীকা । নহু বিছযোহপি হরিহরহিরণ্যগর্ভাদীনাং নমস্কার্যহাং তদতিক্রমে ভয়সম্ভবাং কার্যশেষো বিচুতে ইতিচেন্নেত্যাহ—নামাদিভ্য ইতি । নামবাক্ মন-আদিপ্রাণাস্তেভ্য উত্তরোত্তরভূয়স্বেন শ্রতেভ্যঃ পরে পরস্মিন্ ভূমি সর্ক-ব্যবহারাতীতেহমৃতে সুধরূপেহৃষ্মে স্মে মহিস্মি স্বরাজি চেদহমস্মি ভূমা ব্রহ্মেতি ব্যবস্থিত আত্মজ্ঞো বিদ্বাংস্তদা তস্মাত্চংপ্রতি গুণভাবাভাবাং কং প্রণামং প্রণম্যানামাত্মভূতহাং অতঃ পরিপক্জ্ঞানশ্চ কৃতকৃত্যহান কর্মণা কিমপি কার্যমস্তীত্যর্থঃ ॥ ৬৪

বিরাড়্ বৈশ্বানরো বাহুঃ স্মরম্ভুঃ প্রজাপতিঃ ।

প্রবিলীনে তু সর্কস্মিন্ প্রাজ্ঞোহব্যাকৃতমুচ্যতে ॥ ৬৫

পদানুবয় । বিরাট্ (বিশ্ব) বৈশ্বানরঃ (বৈশ্বানর) বাহুঃ (বহিঃ প্রজ্ঞ) অস্তঃ স্মরন্ (অভ্যন্তরস্থিত পদার্থস্মর্তা, স্বপ্নকালে বাসনাময় বিষয়দর্শী) প্রজা-পতিঃ (হিরণ্যগর্ভ, তৈজস) তু (কিন্তু) সর্কস্মিন্ (সমস্ত বস্তু) প্রবিলীনে (লীন হইলে, অর্থাৎ সুষুপ্তিকালে) অব্যাকৃতম্ (মায়োপাধিক ঈশ্বর) প্রাজ্ঞঃ (প্রাজ্ঞ) উচ্যতে (কথিত হয়) ॥৬৫

অনুবাদ । বিশ্ব ও বৈশ্বানর বহিঃ প্রজ্ঞ, স্বপ্নাবস্থায় বাসনাময় বিষয়দর্শী প্রজাপতি (হিরণ্যগর্ভ তৈজস), এবং সমস্ত বস্তু বিলীন হইলে (সুষুপ্তিকালে) মায়োপাধিক ঈশ্বর প্রাজ্ঞ নামে অভিহিত হ'ন * ॥৬৫

টীকা । ভূয়ো নামাদিভ্যঃ পরত্বেহপি কথমহয়ত্মিত্যাশক্য নামাদেববহ্বাত্রয়-রূপস্যাধ্যস্ত্বেন মিথ্যায়াং তৎসাক্ষিগন্তরীয়শ্চ ভূয়োহহয়ত্মিত্তি বক্তুমবহ্বাত্রয়-মনুবদতি—বিরাড়িতি । অধ্যাত্মাধিদৈবতমোরভেদাভিপ্রায়েণ বিরাড়্ বৈশ্বানর ইত্যুক্তং বিশ্ববৈশ্বানর ইত্যর্থঃ । বাহোবহিঃ প্রজ্ঞ ইত্যর্থঃ । অস্তঃস্মরন্নিতি স্বপ্নে বাসনাময়বিষয়দর্শী প্রজাপতিহিরণ্যগর্ভতৈজস ইতি যোজ্যম্ । অব্যাকৃত-মায়োপাধীশ্বরার্থাৎ তস্যঃ প্রাজ্ঞ উচ্যত ইত্যর্থঃ ॥ ৬৫

* তাৎপর্য—এই শ্লোকে 'বিরাট্' শব্দে 'বিশ্ব' কে বুঝিতে চাইবে, অধ্যাত্ম ও অধিদৈবতের একত্ব অভিপ্রায়ে 'বিরাড়্ বৈশ্বানর' বলা হইরাছে । শুদ্ধ ব্রহ্ম তুরীয়, একপক্ষে—ঈশ্বর, হিরণ্যগর্ভ ও বৈশ্বানর (বিরাট্), অপরপক্ষে—প্রাজ্ঞ, তৈজস ও বিশ্ব । তন্মধ্যে পর পরটি পূর্বে পূর্বে বিলীন করত একমাত্র শুদ্ধ ব্রহ্ম অবশিষ্ট থাকেন, সুতরাং বৈত নাই ।

বাচারন্তুগমাত্রহাং সুষুপ্তাদি ত্রিকং ত্বসং ।

সত্যো জ্ঞশ্চাহমিত্যেবং সত্যসন্ধো বিমুচ্যতে ॥ ৬৬

পদান্বয়। বাচারন্তুগমাত্রহাং (বাক্যের দ্বারা কেবলমাত্র আরম্ভ হয় বলিয়া) সুষুপ্তাদি (জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি) ত্রিকং তু (তিনটি) ত্বসং (মিথ্যা), জ্ঞঃ (সাক্ষী) সত্যঃ (পরমাত্মা) অহম্ (আমি) ইতি এবম্ (এরূপ) সত্যসন্ধঃ (সত্যে বিশ্বাসী) বিমুচ্যতে (বিমুক্ত হ'ন) ॥ ৬৬

অনুবাদ। জাগ্রৎ, স্বপ্ন, ও সুষুপ্তিরূপ অবস্থাত্রয়াক্ষক জগৎ মিথ্যা, আমি সাক্ষী পরমাত্মস্বরূপ—এইরূপ সত্যসন্ধ পুরুষ বিমুক্ত হ'ন ॥ ৬৬

টীকা। এতদবহাত্রয়াক্ষকং জগদপোহ তৎসাক্ষিণো বস্তুভূতস্তাহং ব্রহ্মেতি সম্যগ্জ্ঞানান্বুক্তো ভবত্যেহ—বাচেতি। জ্ঞঃ সাক্ষী সত্যঃ পরমাত্মা সোহহমেবেত্যেবং সত্যসন্ধোহনায়ামেন মুচ্যত ইত্যর্থঃ ॥ ৬৬

ভারূপত্বাদ্ যথা ভানো নাহোরাত্রৈ তথৈব চ ।

জ্ঞানাজ্ঞানে ন মে স্মৃতাং চিদ্রূপত্বাবিশেষতঃ ॥ ৬৭

পদান্বয়। যথা (যেমন) ভানোঃ (সূর্যের) ভারূপত্বাৎ (প্রকাশস্বরূপত্ব-
হেতু) ন অহোরাত্রৈ (দিন ও রাত্রি সূর্যের ধর্ম নহে), তথা এব চ (সেইরূপ) চিদ্রূপত্বাবিশেষতঃ (চৈতন্যস্বরূপতার কোনরূপ বিশেষ না থাকায়) মে (আমার) জ্ঞানাজ্ঞানে (জ্ঞান ও অজ্ঞান) ন স্মৃতাং (নাই) ॥৬৭

অনুবাদ। [যদি বল আত্মতত্ত্বের অজ্ঞানবশতঃ সংসার অধ্যস্ত, তজ্জ্ঞানে সংসার নিবৃত্ত, তাহা হইলে জ্ঞান ও অজ্ঞান আত্মার ধর্ম হইয়া পড়িল, এই আশঙ্কায় দৃষ্টান্ত দ্বারা তাহার নিরাশ করিতেছেন] যেমন :সূর্য প্রকাশস্বরূপ বলিয়া দিন ও রাত্রি তাহার ধর্ম নহে, সেইরূপ জ্ঞানস্বরূপ আত্মার জ্ঞান ও অজ্ঞান ধর্ম নহে * ॥৬৭

টীকা। আত্মতত্ত্বাজ্ঞানাধ্যস্তঃ সংসারস্তজ্জ্ঞানান্নিবর্তত ইত্যুক্তে জ্ঞানাজ্ঞানয়োরাত্মধর্মত্বং স্মৃতিত্যাগক্য দৃষ্টান্তেন প্রত্যাহ—ভারূপত্বাদিতি। জ্ঞানাজ্ঞানয়োরাপি সাক্ষ্যত্বাৎ কল্পিতহে সতি নাঅধর্মত্বমিতি ভাবঃ ॥ ৬৭

* তাৎপর্য—সূর্য প্রকাশস্বরূপ; সূত্রঃ প্রকাশ বা অপ্রকাশ তাহার ধর্ম নহে; তদ্রূপ চৈতন্য সর্বাৎ জ্ঞান আত্মার স্বরূপ সূত্রঃ তাহাতে জ্ঞান বা অজ্ঞান ধর্ম থাকিতে পারে না।

শাস্ত্রস্থানতিশক্ত্যত্ৰৈব স্যামহং সদা ।

ত্রক্ষণো মে ন হেয়ং স্যাদ্ গ্রাহং বেতি চ সংস্মরেৎ ॥ ৬৮

পদান্বয় । শাস্ত্রস্থ (শাস্ত্রের, শ্রুতির) অনতিশক্ততাৎ (প্রামাণ্যে শঙ্কারাহিত্য
হেতু) অহম্ (আমি) সদা (সর্বদা) ত্রক্ষ এব (ত্রক্ষই) স্যাম্ (হই), ত্রক্ষণঃ
(ত্রক্ষস্বরূপ) মে (আমাব) হেয়ং (ত্যাজ্য) গ্রাহং বা (কিংবা গ্রহণীয়) ন
(নাই) ইতি চ (এইরূপ) সংস্মরেৎ (স্মরণ করিবেন) ॥৬৮

অনুবাদ । শাস্ত্রপ্রামাণ্যে শঙ্কা করা উচিত নহে ; স্মরণ্যং আমি সর্বদা
ত্রক্ষস্বরূপে বিদ্যমান আছি ; আমি ত্রক্ষস্বরূপ, অতএব আমার ত্যাজ্য বা গ্রাহ
[কিছুই] নাই,—এইরূপ স্মরণ করিবেন ॥৬৮

টীকা । আয়নো নির্বিশেষত্বাদেঃ শাস্ত্রপ্রামাণ্যাদেব সিদ্ধেন্নাতি যুক্তি-
কল্পনয়া মনঃ খেদনৌরমিত্যভিপ্রেত্যাছ—শাস্ত্রস্মৃতি ॥ ৬৮

অহমেব চ ভূতেষু সর্বেষেকো নভো যথা ।

ময়ি সর্বাণি ভূতানি পশ্যন্নেবং ন জায়তে ॥ ৬৯

পদান্বয় । যথা নভঃ (আকাশের স্থায়) অহম্ এব চ (আমিই) সর্বেষু
(সমস্ত) ভূতেষু (ভূতে) একঃ (অদ্বিতীয়), এবং (এইরূপ) ময়ি (আমাতে)
সর্বাণি (সমস্ত) ভূতানি (প্রাণী) পশ্যন্ (দেখিয়া) ন জায়তে (জন্মগ্রহণ
করেন না) ॥৬৯

অনুবাদ । আকাশের স্থায় সমস্তভূতে অদ্বিতীয়, মানব এরূপ আমাতে
সমস্ত ভূত দর্শন করিয়া জন্মগ্রহণ করেন না ॥৬৯

টীকা । কিং তত্র পশ্যন্ শাস্ত্রং কিংবা সর্বাদাহেয়ানুপাদেয়ত্রক্ষাঙ্ক-
জ্ঞাননিষ্ঠস্ত ুকলমিত্যপেক্ষায়াং, 'যস্ত সর্বাণি ভূতানি' ইত্যাদিমন্ত্রার্থমুদাহরতি—
অহমেবেতি । স্পষ্টম্ ॥ ৬৯

ন বাহুং মধ্যতো বাস্তুর্বিদ্যতেহন্যৎ স্বতঃ কচিৎ ।

অবাহাস্তঃ শ্রুতেঃ কিঞ্চিৎ তস্মাচ্ছুদ্ধঃ স্বয়ংপ্রভঃ ॥ ৭০

পদান্বয় । বাহুং (বহির্দেশ) মধ্যতঃ (মধ্যদেশ) অহঃ বা (অথবা
অত্যন্তর) স্বতঃ (স্বভাবতঃ) কচিৎ (কোথায়) অন্তঃ (অন্ত) কিঞ্চিৎ (কিছু)
ন (নাই), [এ বিষয়ে প্রমাণ প্রদর্শিত হইতেছে] অবাহাস্তঃ শ্রুতেঃ (ব্রহ্মের

বাহু বা অন্তঃ নাই এইরূপ শ্রুতিবশতঃ), তস্মাৎ (অতএব) [আত্মা] শুদ্ধঃ (কেবল) স্বয়ংপ্রভঃ (স্বয়ংপ্রকাশ) ॥৭০

অনুবাদ । আত্মার বাহু, মধ্য কিংবা অভ্যন্তর নাই অথবা কৃত্রাপি অস্ত কিছু নাই, কারণ বাহু ও অভ্যন্তর রহিত একরূপ শ্রুতি বিদ্যমান আছে, অতএব আত্মা শুদ্ধ, স্বয়ংপ্রকাশস্বরূপ ॥৭০

টীকা । আত্মনোহদ্বিতীয়ব্রহ্মরূপে শাস্ত্রমর্থত উদাহৃত্য নির্বিশেষব্রহ্ম-রূপে উদাহরতি—ন বাহুমিতি । ‘তদেতদ্ব্রহ্মাপূর্বমনপরমনস্তরমবাহুময়নায়া ব্রহ্ম সর্কানুভূঃ’ ইতি শ্রুতেরিত্যর্থঃ । সর্কানুভূরিত্যর্থঃ স্বয়ংপ্রভ ইতি ॥ ৭০

নেতি নেত্যাदिशास्त्रेभ्यः प्रपञ्चोपशमोहद्वयः ।

अविज्ञातादिशास्त्राच्च नैव ज्ञेयो ह्यतोহনুথা ॥ ৭১

পদান্বয় । নেতিনেত্যাदिशास्त्रेभ्यः (বস্তু, বস্তুসমূহ আত্মা নহে ; দেহ, ইন্দ্রিয় প্রভৃতি আত্মা নহে—এরূপ শাস্ত্রসমূহ হইতে) প্রপঞ্চোপশমঃ (জগতের নিবৃত্তি হয়), অবিজ্ঞাতাदिशास्त्राच्च চ (আত্মা জ্ঞানের বিষয় নহে ইত্যাদি শাস্ত্রবশতঃ ও) অনুথা (অন্তরূপ) জ্ঞেয়ঃ (বিষয়) ন এব (নাই) হি (নিশ্চিত) অতঃ (অতএব) অদ্বয়ঃ (অদ্বিতীয় আত্মা অবশিষ্ট থাকেন) ॥৭১

অনুবাদ । ‘বাহুবস্তু এবং দেহ ইন্দ্রিয় প্রভৃতি আত্মা নহে’—এরূপ শাস্ত্র থাকায় এবং ‘অবিজ্ঞাত’ প্রভৃতি শাস্ত্র বাক্যহেতু প্রপঞ্চের নিবৃত্তি হয়, সুতরাং অস্ত কোন বিষয় থাকে না, অতএব একমাত্র অদ্বিতীয় আত্মা অবশিষ্ট থাকেন ॥৭১

টীকা । সামায়েন সর্কপ্রপঞ্চসংস্পর্শরহিতত্বে শ্রুতি মুদাহরতি—নেতীতি । প্রপঞ্চনিষেধদ্বারেনৈবায়া বিজ্ঞেয়ো ন পুনর্বিষয়তয়া স প্রপঞ্চতয়া বেত্যা ‘অন্তদেব তদ্বিদিভাদধো অবিদিভাদধি’ । ‘ষশ্চামতং তস্ম মঃ মতং যশ্চ ন বেদ সঃ’, ‘অবি-জ্ঞাতং বিজ্ঞাত’-ইত্যাদি শাস্ত্রমুদাহরতি—অবিজ্ঞাতাদিতি ॥ ৭১

सर्वश्रुत्याहमेवेति ब्रह्म चेद्विदितं परम् ।

स आत्मा सर्वभूतानामात्मा ह्येषामिति श्रुतेः ॥ ৭২

পদান্বয় । অহম্ এব (আমিই) সর্কশ্রু (সমস্তভূতের) আত্মা (স্বরূপ) পরং ব্রহ্ম (পরমাত্মা) ইতি (এরূপ) চেৎ (যদি) বিদিতম্ (জ্ঞাত হ’ন) [তর্হি=তাহা হইলে] সঃ (তিনি) সর্কভূতানাম্ (সমস্ত প্রাণীর) আত্মা

(আত্মা), হি (যেহেতু) এষাম্ (এই সমস্ত প্রাণীর) আত্মা (স্বরূপ) ইতি (এরূপ) শ্রুতেঃ (শ্রুতি বিদ্যমান থাকায়) ॥৭২

অনুবাদ । আমিই সকলের আত্মা পরব্রহ্ম—এরূপ যিনি জানেন, তিনি সকল ভূতের আত্মা, কারণ 'তিনি সমস্ত ভূতের আত্মা' এরূপ শ্রুতি বিদ্যমান আছে ॥৭২

টীকা । 'তস্মাদেবা তন্ন প্রিয়ং যদেতন্মহুযা বিদ্যাঃ'ইতি শ্রুতিরেবমহুযাদি-
লক্ষণমাত্মানং জানতো দেবাঃ ফলপ্রাপ্তিং বিব্রস্তীতি চেন্নৈবম্ । দেবানাংপ্যাশ্ব-
ভূতত্বাদ্বিদুযো বিদ্বশ্রুতেরবিদ্বদ্বিষয়ত্বাদিত্যভিপ্রত্যাহ—সর্বশ্চোতি । “তস্ম হ
ন দেবাশ্চ নাভূত্যা ঈশত আত্মা হেধাং সম্ভবতি” ইতি শ্রুতিরিত্যর্থঃ ॥ ৭২

জীবশ্চেৎ পরমাত্মানং স্বাত্মানং দেবমঞ্জসা ।

দেবোপাস্তঃ স দেবানাং পশুত্বাচ্চ নিবর্ততে ॥ ৭৩

পদানুবয় । জীবঃ (জীব) চেৎ (যদি) অঞ্জসা (যথার্থতঃ) স্বাত্মানং (নিজকে) দেবঃ (এবং দেবতাকে) পরমাত্মানং (পরমাত্মস্বরূপ) [বেত্তি = জানেন] সঃ (তিনি) দেবোপাস্তঃ (দেবতাগণেরও উপাস্ত) দেবানাং (দেবতাগণের) পশুত্বাচ্চ (পশুত্ব হইতেও) নিবর্ততে (নিবৃত্ত হ'ন) ॥৭৩

অনুবাদ । জীব যদি নিজকে এবং দেবতাকে পরমাত্মস্বরূপ জানেন, তাহা হইলে তিনি দেবতাগণেরও উপাস্ত হ'ন এবং দেবতাগণের পশুত্ব হইতে নিবৃত্ত হ'ন * ॥ ৭৩

টীকা । এবং ব্রহ্মাত্মজ্ঞানবতো দেবৈরপ্যুপাস্ত্বসিদ্ধে ন তস্ম দেবপশুত্ব-
শঙ্কাপী ঠাতো ন কুতশ্চদুয়মস্তীত্যত্র শ্রুতিমর্থতঃ পঠাত—জীবশ্চেদিতি ।
'যদৈবমহুযপশুত্বাত্মানং দেবমঞ্জসা ঈশানং ভূতত্বাস্ত ন তদা বিজুগুপসতে' ।
'সক্লেহৈশ্চ দেবা বলিমাভহস্ত,' 'তমেবং বিদানমৃত ইহ ভবতি' ইতি চ শ্রুতিভা
ইত্যর্থঃ ॥ ৭৩

* তাৎপৰ্য্য—যতদিন জীবের আত্মতত্ত্বজ্ঞান না হয়, ততদিন কর্ত্তে অধিকার থাকে, কর্ত্ত করিতে গেলে দেবতাগণকে বলি প্রদান করিতে হয় । যেমন গবাদি, পুরুষের উপকার সাধন করিয়া পশু বলিমা পায়, সেইরূপ বন্দী মনুষ্যও দেবতাগণের উদ্দেশ্যে হবিঃ প্রদান করিয়া দেবতাগণের পশু থাকে । যখন আত্মজ্ঞান জন্মে তখন আর কর্ত্তে অধিকার থাকে না, পরমাত্মস্বরূপ হ'ন, তদানীং ব্রহ্মস্বরূপ সেই পুরুষ দেবগণেরও উপাস্ত হ'ন । এ বিধে বৃহদারণ্যকে বিদ্বতভাবে প্রতিপাদিত হইয়াছে ।

অহমেব সদাশ্রুতঃ শূন্যস্ত্বনৈর্ঘথাশ্বরম্ ।

ইত্যেবং সত্যসঙ্কহাদসদ্ধাতা ন বধ্যতে ॥ ৭৪

পদান্বয় । অহম্ এব (আনিই) সদাশ্রুতঃ (সর্বদা জ্ঞানস্বরূপ আত্মা)
অনৈঃ শূন্যস্ত্ব (অন্ত পদার্থ কিছুই নাই, কেবল বাক্যের দ্বারা আরম্ভ হয়) [এ
বিষয়ে দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে] যথা অশ্বরম্ (যেমন আকাশ, আকাশের ন্যায়
শুক) ইতি এবম্ (এইরূপ) সত্যসঙ্কহাৎ (সত্যাভিসন্ধিবশতঃ) অসদ্ধাতা
(মিথ্যাভিসন্ধিরহিত) ন বধ্যতে (বদ্ধ হ'ন না) ॥ ৭৪

অনুবাদ । আমিই সর্বদা জ্ঞানস্বরূপ আত্মা, দৃশ্যসম্বন্ধ শূন্য, আকাশের
ন্যায় শুক—এইরূপ সত্যাভিসন্ধি বশতঃ পুরুষ মিথ্যাভিসন্ধিযুক্ত তস্বরের দ্বারা
বদ্ধ হ'ন না * ॥ ৭৪

টীকা । যত্বে সত্যসঙ্কো বিমুচ্যতে ইতি তৎ স্মৃটয়তি—অহমেবেতি ।
সদাশ্রু চাসৌ জ্ঞেচতি সদাশ্রুতঃ 'তৎসহাং স আত্মা' ইতি প্রতিরিহোদাধরণম ।
অনৈঃ শূন্য ইতি বাচ্যরম্ভগশ্চত্বর্থো দর্শিতঃ । যথাস্বরামিতি দৃশ্যসংসর্গশূন্যত্বচ্ছুক
ইত্যত্র দৃষ্টান্তোক্তিঃ । অসদ্ধাতানুভাভিসন্ধিরহিতঃ তস্বর ইব ন বধ্যতে বন্ধানর্থ-
হানৌ ভবতি 'স যথা তত্র ন দহতে, ঐতদাত্মামিহং সর্বম্' ইত্যাদি প্রতিরিহো-
দাহার্য্যা ॥ ৭৪

কুপণাস্তেহন্যথৈবাতো বিদুব্রহ্ম পরং হি যে ।

স্বরাড়্‌যোহনন্যদৃক্ স্বস্বস্তস্য দেবা অসন্ বশে ॥ ৭৫

পদান্বয় । যে (যাহারা) পরং ব্রহ্ম (পরব্রহ্মকে) অতঃ (আত্মা হইতে)
অন্যথা এব (অন্যপ্রকারে, অনাস্বস্বরূপে) বিদুঃ (জানে) তে (তাহারা) কুপণাঃ
হি (শোচ্য), যঃ (যিনি) অনন্যদৃক্ (অভেদদর্শী) [স = তিনি] স্বরাট্ (স্বয়ং
প্রকাশ) স্বস্বঃ (আত্মানষ্ঠ) [ভবতি = হ'ন], দেবাঃ (দেবতাপণ) তস্ত
(তাঁহার, আত্মদর্শীর) বশে (আয়ত্তে) অসন্ (থাকেন) ॥ ৭৫

অনুবাদ । যাহারা পরব্রহ্মকে অনাস্বস্বরূপ জানে, তাহারা শোকার্হ
হয়, যিনি ব্রহ্ম ও আত্মার অভেদদর্শী তিনি স্বয়ং প্রকাশ ও স্বস্ব হ'ন, দেবতা-
গণও তাঁহার বশে থাকেন ॥ ৭৫

* ভাৎপর্ঘা—পূর্বে সাধু কিংবা চৌর পরীক্ষার এই নিয়ম ছিল, যে ব্যক্তি তপ্তপত্র
গ্রহণ করিয়া দক্ষ হইত না, সে সাধু ও মুক্ত হইত এবং যে তপ্তপত্র গ্রহণ করিয়া দক্ষ হইত,
সে চৌর ও বদ্ধ হইত । ছান্দোগ্যে এ বিষয়টি বিবৃত হইয়াছে ।

টীকা । এবংবিধজ্ঞানাভাবাদিতরে পশুভূতাঃ শোচ্যা ভবন্তীতি দর্শয়ন্ “অথ
বেহন্তথাতো বিহরন্তরাজানন্তেহক্ষয়লোক! ভবন্তি” ইতি ঋত্যাৰ্থমাহ—কুপণা
ইতি । যে পরং ব্রহ্মাতোহন্তথৈবোক্তবৈপরীতোনানায়ভূততয়া বিহন্তে হি কুপণাঃ
শোচ্যা এবেতি যোজন্য । অভেদদর্শী তু ন কুপণ ইত্যাহ—স্বরাড়িতি । ‘এবং
বিজ্ঞানরাস্বরতিরাস্বকৌড় আয়মিখুন আয়াননঃ স স্বরাড্ ভবতি’ ইতি ঋতি-
রিচোদাহরণম্ । ‘তস্ম সর্কেষু লোকেষু কামচারো ভবতি’ ইতি ঋত্যাৰ্থে মন্ত্র-
ভাগোদাহরণেনায়রতিং শোভয়তি—তস্মেতি । আয়মিত্যাৰ্থেহস্মিতি ছান্দসম্ ।
‘যস্বেবং ব্রাহ্মণো বিদ্বাং তস্ম দেবা অসন্ বশে’ ইতি মন্ত্রশ্রায়মর্গঃ । যস্বেবং
ব্রাহ্মণো ব্রহ্মনিষ্ঠ এবং ‘বেদাহমেতং পুরুষং মহাত্মম্’ ইত্যুক্তপ্রকারেণ ব্রহ্মায়ানং
বিদ্বাং তস্ম বিহুষো দেবা বশগা ভবন্তীতি ॥ ৭৫

হিত্বা জাত্যাতিসম্বন্ধান্ বাচোহন্যাঃ সহ কৰ্ম্মভিঃ ।

ওমিত্যেবং সদাত্মানং সৰ্ব্বং শুদ্ধং প্রপদ্যথ ॥ ৭৬

পদান্বয় । জাত্যাতিসম্বন্ধান্ (জাতি প্রভৃতি সম্বন্ধ সমূহকে) কৰ্ম্মভিঃ সহ
(কৰ্ম্মরাশির সহিত) অন্যাঃ (অন্য, প্রবৃত্তিপর) বাচঃ (বাক্যগুলিকে) হিত্বা
(ত্যাগ করিয়া) সদা (সৰ্ব্বদা) ওম্—ইত্যেবম্ (ওম্ এইরূপ) সৰ্ব্বম্ (সকলের
আধারভূত) শুদ্ধম্ (বিশেষরহিত) আয়ানম্ (আয়্মাকে) প্রপদ্যথ (প্রাপ্ত
হও) ॥ ৭৬

অনুবাদ । জাত্যাতি সম্বন্ধ এবং কৰ্ম্মের সহিত প্রবৃত্তিপর বাক্যসমূহ
পরিত্যাগ করিয়া ওম্—শব্দ-বাক্য সকলের আধারভূত শুদ্ধ আয়্মাকে সৰ্ব্বদা
প্রাপ্ত হও ॥ ৭৬

টীকা । যস্মাদ্ যথোক্তায়জ্ঞানাদেব কৃতকৃতাতা তস্মান্মুকুতিস্তদর্থং যত্র-
বন্তিভবিত্যমিতি তাং শিক্ষয়মাহ—হিহেতি । ‘যস্মিন্ ত্তোঃ পৃথিবী চাস্তরিক-
মোতং মনঃ সহ প্রাণৈশ্চ সর্কৈঃ । তমেবৈকং জানথ আয়ানমন্তা বাচো বিমুক্তথা-
যতশ্চৈব সেতুঃ’, ‘ওমিত্যেবং ধ্যায়থ আয়ানম্’ ইতি চ বাক্যধরমত্রোদাহরণম্ ।
অন্যা বাচোহন্যবিষয়াঃ প্রবৃত্তিপরাঃ । সৰ্ব্বং সৰ্ব্বাধারভূতং শুদ্ধং বিবিক্তং
নির্কিশেবমিত্যর্থঃ ॥ ৭৬

সেতুং সৰ্ব্বব্যবস্থানামহোরাত্রাদিবর্জিতম্ ।

তির্য্যগুর্দ্ধমধঃ সৰ্ব্বং সৰ্ব্বজ্ঞ্যাতিরনাময়ম্ ॥ ৭৭

পদান্বয় । সৰ্বব্যবস্থানাং (বর্ণাশ্রমাদি ব্যবস্থাসমূহের) সেতুম্ (বিধায়ক)
অহোরাত্রাদিবজ্জিতং (দিবারাত্রি বিগীন) তিৰ্য্যক্ (বক্র) উৰ্দ্ধম্ (উপরি) অধঃ
(নিম্নে) সৰ্বম্ (সমস্ত) অনাময়ম্ (ক্ষয়রহিত) সক্রুৎ (একমাত্র) জ্যোতিঃ
(প্রকাশস্বরূপ) [আত্মানং বিজ্ঞাৎ = আত্মাকে জানিবে] ॥ ৭৭

অনুবাদ । বর্ণাশ্রমাদি সমস্ত ব্যবস্থার সেতু, অহোরাত্রাদি রহিত, তিৰ্য্যক্,
উৰ্দ্ধ এবং অধঃ সৰ্বত্র বর্তমান, সৰ্বানুক, ক্ষয়রহিত একমাত্র জ্যোতিঃস্বরূপ
আত্মাকে জানিবে ॥ ৭৭

টীকা । তমেব প্রতিপত্ত্বামাত্মানং শ্রত্যন্তরেণ বিশিনষ্টি - সেতুমিতি ।
সৰ্বব্যবস্থানাং বর্ণাশ্রমাদিমৰ্য্যাদানাং সেতুং বিধায়কম্ । 'অথ য আত্মা স সেতু-
বিধতিরেমাং লোকানাংসংভেদায় নৈনং সেতুমহোরাত্রে তরতঃ সক্রুবিতাতো
যেবৈষ ব্রহ্মলোকঃ' ইতি শ্রুতিরত্রোদাহরণম্ ॥ ৭৭

ধৰ্ম্মাধৰ্ম্মবিনিমুক্তং ভূতভবাৎ কৃতাকৃত্যৎ ।

স্বমাত্মানং পরং বিদ্যাদ্ধবিমুক্তং সৰ্ববন্ধনৈঃ ॥ ৭৮

পদান্বয় । ধৰ্ম্মাধৰ্ম্মবিনিমুক্তম্ (ধৰ্ম্ম ও অধৰ্ম্মরহিত) ভূতভবাৎ
(অতীত ও ভবিষ্যৎ হইতে) কৃতাকৃত্যৎ (কার্য ও কারণ হইতে) পরম্ (ভিন্ন)
সৰ্ববন্ধনৈঃ (সমস্ত বন্ধন হইতে) বিমুক্তম্ (মুক্ত) স্বম্ (স্বরূপ) আত্মানম্
(আত্মাকে) বিজ্ঞাৎ (জানিবে) ॥ ৭৮

অনুবাদ । ধৰ্ম্মাধৰ্ম্ম রহিত, ভূত ও ভবিষ্যৎ এবং কার্য ও কারণ
হইতে ভিন্ন সৰ্ব বন্ধন মুক্ত স্বরূপভূত আত্মাকে জানিবে ॥ ৭৮

টীকা । পুনঃ কিংলক্ষণমাত্মানং প্রপত্ত্বতে ইত্যপেক্ষায়াম্ 'অত্র ধৰ্ম্মাদত্ৰা-
ধৰ্ম্মাদত্ৰাস্মাৎ কৃতাকৃত্যৎ । অত্র ভূতভবাচ্চ বৎ তৎ পশ্বসি তেষম্' ইতি
শ্রুত্যাৰ্থমাহ—ধৰ্ম্মাধৰ্ম্মেতি । কৃতাকৃত্যৎ কার্যাকারণাদিত্যর্থঃ ॥ ৭৮

অকুৰ্ব্বন সৰ্বকৃৎ শুদ্ধস্তিষ্ঠন্ত্যেতি ধাবতঃ ।

মায়য়া সৰ্বশক্তিহাদঙ্গঃ সন্ বহুধা মতঃ ॥ ৭৯

পদান্বয় । [আত্মা] অকুৰ্ব্বন (কিছু না করিয়া) সৰ্বকৃৎ (সকলের কর্তা),
শুদ্ধঃ (কেবল), তিষ্ঠন (একস্থানে থাকিয়া) ধাবতঃ (গমনশীল মনঃপ্রাণাদিকে)
মত্যেতি (অতিক্রম করেন) মায়য়া (মায়া দ্বারা) সৰ্বশক্তিহাৎ (সকল শক্তি-

মত্ব হেতু) অজঃ সন্ (জন্মরহিত হইয়াও) বহুধা (নানাপ্রকার) মতঃ
(অভিমত) ॥ ৭৯

অনুবাদ। [আত্মা] কিছু না করিয়াও সকলের কর্তা, শুদ্ধ, একস্থানে
উপবিষ্ট থাকিয়াও গমনশীল মনঃ প্রাণ প্রভৃতিকে আতিক্রম করেন ; জন্ম-
রহিত হইয়াও মায়াধারা সর্বশক্তিমত্ব হেতু নানা প্রকার হ'ন ॥ ৭৯

টীকা। নমু কথং সর্ববন্ধনৈর্মুক্ত আত্মা তন্তু কর্তৃত্বাদিশ্রবণাদিত্যাশঙ্ক্যা-
কর্তৃত্বাদেয়পি সঠেব শ্রবণাদ্বিক্রক্লেভয়স্বভাবশ্চৈকস্মিন্মযোগাৎ স্বভাবপ্রাপ্তং
কর্তৃত্বাদিকং মায়াময়ং প্রমাণাবধেয়মকর্তৃত্বাদিকমাত্মস্বভাব ইতি বিশেষমভিপ্রেত্য
বিক্রক্লেভয়াদিনীঃ প্রতীক্ণাচরতি—অকুর্ব্বনিত্তি । ‘অনেজদেকং মনসো জবায়’
ইতি মন্ত্রভাগার্থোহকুর্ব্বন সর্বকৃদিত্যুক্তঃ । ‘শুদ্ধমপাপাবদ্ধম্ ইত্যশ্বার্থঃ—শুদ্ধ
ইতি । ‘তদ্ধাবতোহত্মানতোত তিষ্ঠৎ’ ইত্যশ্বার্থমাহ—তিষ্ঠনিত্তি । ধাবতো
বেগতোহত্মান্ মনঃপ্রাণাদীনত্যেতি । অতীত্য গচ্ছতি । যত্র মনঃপ্রাণাদি গচ্ছতি তত্র
সর্বত্রাত্মৈচৈতন্তুশ্চাতিবাক্তিন্ময়মাদাত্মা তিষ্ঠন্নপি গচ্ছতীত্ব ভাসত ইত্যর্থঃ । ‘অজায়-
মানো বহুধা বিজায়তে’ ইতি মন্ত্রার্থমাহ—অজঃ সন্ বহুধা মত ইতি । সর্বত্র
হেতুর্মায়য়া সর্বশক্তিহিত্তি । নহি মায়ায়ামসংভাবনীয়মস্তীতি ভাবঃ ॥ ৭৯

রাজবৎ সাক্ষিমাাত্রহ্যৎ সান্নিধ্যাদ্ ভ্রামকো যথা ।

ভ্রাময়ন্ জগদাত্মাহং নিষ্ক্রিয়োহকারকোহুদয়ঃ ॥ ৮০

নিশ্চলং নিষ্ক্রিয়ং নিত্যং নিব্বন্দং যন্নিরাময়ম্ ।

শুদ্ধং বুদ্ধং তথা মুক্তং তদ্ব্রহ্মাস্মীতি ধারয়েৎ ॥ ৮১

পদান্বয় । যথা (যেমন) নিষ্ক্রিয়ঃ (ক্রিয়ারহিত) অকারকঃ (কারকশূন্য)
অধয়ঃ (অধিতীয়) আত্মা (আত্মা) অহম্ (আমি) সাক্ষিমাাত্রহ্যৎ (সাক্ষিমাাত্র
হেতু) রাজবৎ (রাজার স্তায়) সান্নিধ্যাৎ (সান্নিধি সত্তাবশতঃ) জগৎ (বিশ্ব) ভ্রাময়ন্
(ভ্রমণ করাইয়া) ভ্রামকঃ (ভ্রমণকারক) ; তথা (সেইরূপ) যৎ (যে)
নিশ্চলম্ (স্থপলীন) নিষ্ক্রিয়ং (ক্রিয়াহীন) নিত্যং (অবিনাশী) নিব্বন্দং
(সুখদুঃখাদিরহিত) নিরাময়ং (জরাদিরহিত) শুদ্ধং (অসঙ্গ) বুদ্ধং
(জ্ঞানস্বরূপ) মুক্তং (বন্ধনশূন্য) তৎ (সেই) ব্রহ্ম (দৈখর) অহম্ (আমি)
অস্মি (হই) ইতি (এইরূপ) ধারয়েৎ (ধারণা করিবে, জানিবে) ॥ ৮০—৮১

অনুবাদ। যেমন নিষ্ক্রিয়, অকারক, অধিতীয় আত্মস্বরূপ আমি কেবল-

মাত্র সাক্ষিহেতু রাজার স্মার সন্নিধিসত্তাবশতঃ জগৎকে ভ্রমণ করাইয়া ভ্রামক
হই, সেইরূপ নিগুণ, নিষ্ক্রিয়, নিত্য, সুখঃখাদি বন্দরহিত, নিরাময়, শুদ্ধ,
বুদ্ধ, মুক্ত ব্রহ্মস্বরূপ আমি, এইরূপ ধারণা করিবে ॥ ৮০—৮১

টীকা । অক্রিয়স্তাপি ক্রিয়াবোধোপচারযুক্তং দৃষ্টাস্তেন প্রপঞ্চয়তি—
রাজবদিতি । স্পষ্টম্ ॥

যন্মাদেবমাত্মা যতো নিত্যশুদ্ধহাদিষজানঃ শাস্ত্রজ্ঞানভ্যামবগতস্তন্মাৎ তৎ
তথৈব জানীয়ান্নাত্মেতু্যাপগংহরতি — নিগুণমিতি : নৈতেষু শ্লোকেষু পুনরুক্তং
দোষাবহং যতঃ প্রতিপাত্তবস্তনো হুর্বোধানুমুক্ষুপকারায় কারুণিক আচার্য্যঃ
কচিচ্ছাস্ততঃ কচিৎ ফলকথনেন কচিৎবিবদমুভবান্তিনয়নেন পুনঃ পুনঃ প্রতি-
পাদয়তি । 'ভূয়োহপি পথ্যং বক্তব্যম্' ইতি স্মারৎ ॥ ৮০—৮১

বন্ধং মোক্ষঞ্চ সর্বং যত ইদমুভয়ং হেয়মেকং দ্বয়ঞ্চ

জ্ঞেয়ং জ্ঞেয়াভ্যতীতং পরমমধিগতং তত্ত্বমেকং বিশুদ্ধম্ ।

বিজ্ঞায়ৈতদ্যথাবৎ শ্রুতিমুনিগদিতং শোকমোহাবতীতঃ

সর্বজ্ঞঃ সর্বকৃত্ত্ব স্মাদ্ভবভয়রহিতো ব্রাহ্মণেইবাণ্ডকৃত্যঃ ॥ ৮২

পদার্থায় । বন্ধম্ (বন্ধন, প্রনাহকর্ভুহাদি প্রতিভাসরূপ) মোক্ষঞ্চ (এবং
মুক্তি) সর্বম্ (নিঃশেষভাবে) বিজ্ঞায় (জানিয়া) ইদম্ উভয়ম্ (এই দুইটি
অর্থাৎ বন্ধ ও মোক্ষ) যতঃ (যাহা হইতে, অর্থাৎ বন্ধ ও মোক্ষের কারণ, অজ্ঞান
হইতে বন্ধ এবং জ্ঞান হইতে মোক্ষ) [বিজ্ঞায় = জানিয়া] একম্ (অনুরূপ
কারণ) দ্বয়ং চ (ব্যাবৃত্ত কার্য্য) [যৎ = যাহা] জ্ঞেয়ম্ (বিষয়) হেয়ম্ (বাধিত)
[বিজ্ঞায় = জানিয়া] জ্ঞেয়াভ্যতীতম্ (দৃশ্য হইতে পৃথক্কৃত) পরমম্ (নিরতি-
শয়) বিশুদ্ধম্ (শুদ্ধ) শ্রুতিমুনিগদিতম্ বেদবাক্য এবং গুরুকর্ভুক উপদিষ্ট)
এতৎ (এই) একম্ (অধিতীয়) অধিগতং (বেদান্তগত) তত্ত্বম্ (পরমার্থ বস্তু, ব্রহ্ম)
যথাবৎ (আশ্রয়রূপে) [বিজ্ঞায় = জানিয়া] শোকমোহৌ (শোক এবং মোহকে)
অতীতঃ (অতিক্রান্ত), সর্বজ্ঞঃ (সর্ববিষয়ক জ্ঞানবান্) সর্বকৃত্ত্ব (সকলের কর্তা)
ভবভয়রহিতঃ (সংসারভয় শূন্য) ব্রাহ্মণঃ (মুখ্য বৃত্তিতে ব্রাহ্মণ শব্দবাচ্য) অবাণ্ড-
কৃত্যঃ (সমস্ত ক্রিয়াফল প্রাপ্ত) স্মারৎ (হয়) ॥ ৮২

অনুবাদ । সম্যকরূপে বন্ধ ও মোক্ষ, উভয়ের কারণ অজ্ঞান ও জ্ঞান,
কারণ ও কার্য্য, ও বিষয়কে ত্যাগ্য জানিয়া দৃশ্যতীত, নিরতিশয়, বেদান্ত প্রতি-
পাদিত, বিশুদ্ধ, শ্রুতি ও গুরুকর্ভুক উপদিষ্ট অধিতীয় ব্রহ্মতত্ত্ব আশ্রয়রূপে

অবগত হইয়া লোক শোক ও মোহের অতীত, সৰ্বজ্ঞ, সৰ্বকৰ্তা, সংসার ভীতি-
বিরহিত, যথার্থ ব্রাহ্মণ শব্দবাচ্য এবং সৰ্বক্রিয়া ফলের আশ্রয় হ'ন ॥ * ৮২

টীকা। উক্তং প্রকরণার্থং প্রতিপত্তিসৌকর্যার্থং সংক্ষিপ্য কথয়তি—বন্ধং
মোক্ষমিতি। বন্ধং মোক্ষক সৰ্বং যথাবদ্বিজ্ঞায় ভবভয়রহিতঃ শ্রাদিত্যয়ঃ।
বন্ধঃ প্রমাতৃবকর্তৃত্বাদিপ্রতিভাসলক্ষণঃ, মোক্ষো ব্রহ্মস্বরূপাবস্থানং সৰ্বমিতি
নিঃশেষং পূৰ্বোক্তপ্রকারমিত্যর্থঃ। ইদমুভয়ং বন্ধং মোক্ষক যতো হেতোর-
জ্ঞানাৎ জ্ঞানাচ্চ ভবতঃ তে অপি বিজ্ঞায়ন্তি সম্বন্ধঃ। তথা একমহুবৃত্তং কারণ-
ঘয়ং ব্যাবৃত্তং কার্যাক্ষ যৎক্ষেয়ং বিষয়ভূতং তৎ সঙ্কং হেয়ং বাধাং বিজ্ঞায়ন্ত্য-
য়ঃ। জ্ঞেয়াভ্যতীতঃ দৃশ্যাৎ সম্যক্ পৃথক্কৃতং পরমং নিরতিশয়ং বিশুদ্ধমেকং
ব্রহ্ম যদবেদান্তেষুধিগতং তস্যং পরমার্থং তদপি যথাবদ্বিজ্ঞায়ন্তেনোপাদায় কিং
লক্ষণং শ্রুতিমুনিগদিতং শ্রুতবাক্যেন মুনিনা গুরুণোপদিষ্টমিত্যর্থঃ। এব-
মায়াহ্নায়াত্বং জ্ঞানহ্নায়াপোহেনায়াত্বানিষ্ঠঃ শোকমোহাবতীতঃ শ্রাৎ, 'তত্র
কো মোহঃ কঃ শোক একত্বমরূপশ্রুতঃ' ইতি শ্রুতেঃ। সৰ্বং হি ব্রহ্ম তজ্জানন্
সৰ্বজ্ঞঃ শ্রাৎ, সঙ্কং স্বাত্মত্বকং করোতীতি সৰ্বকৃত্বং শ্রাৎ। তথা চ মুক্তাবস্থা
শ্রুতিঃ—'অহং বিশ্বং ভুবনমভ্যভবম্' ইতি। দৈর্ঘ্যং গানার্থম্। অভ্যভবমভিত্ত-
বানায়াসং কৃতবানশ্রীতি শ্রুত্যাঃ। ভবভয়রহিতঃ—'ন বিভেতি কুতশ্চ ন'
ইতি শ্রুতেঃ ব্রাহ্মণো মুখ্যয়া বৃত্ত্যা ব্রাহ্মণশব্দাভিধেয়ঃ। 'অমোনক মোনক
নির্কিঙ্কথ ব্রাহ্মণ' ইতি। 'অথ য এতদকরং গার্গি বিদিত্বান্মল্লোকাৎ তৈপ্রতি
স ব্রাহ্মণ' ইতি চ শ্রুতেঃ। অবাঞ্ছিত্যঃ প্রাপ্ত-সৰ্ব-ক্রিয়াফল ইত্যর্থঃ।
'সোহগ্নুতে সৰ্বান্ কামান্ সহ ব্রহ্মণা বিপশ্চিতা' ইতি শ্রুতেরিত্যর্থঃ ॥ ৮২

ন স্বয়ং স্বস্ত্য নাশ্চ নাশ্চাত্মা চ হেয়গঃ।

উপাদেয়ো ন চাপ্যেবমিতি সম্যঙ্ মতিঃ স্মৃত! ॥ ৮৩

পদান্বয়। স্বয়ম্ আত্মা (স্বয়রূপ) স্বস্ত (নিজের, আত্মার) ন হেয়গঃ
(তাগযোগ্য নহে) ন চাপি উপাদেয়ঃ (গ্রাহ্যও নহে), অশ্চ ন (অশ্রু আত্মাও

* তাৎপর্য—'ব্রহ্ম'কে জানিয়া ব্রাহ্মণ হয়—ইহাবারা বোধ হয় যেন পূর্বে ব্রাহ্মণ ছিলেন
না; কিন্তু বাস্তবিক পক্ষে তাহা নহে। বিশুদ্ধ সংস্কার দ্বারা ব্রাহ্মণের উন্নয়নে ব্রাহ্মণের গর্ভে
জাত পুরুষকে ব্রাহ্মণ বলা যায় এইরূপ ক্ষত্রিয়াদিরও লক্ষণ জানিবে। স্মরণ্যঃ পূর্বে ব্রাহ্মণ
থাকিলেও ব্রহ্মজ্ঞান না থাকায় একজন কৃতকৃত্যতা হয় নাই; ব্রাহ্মণ দেহ কেবল মুক্তির অশ্রু,
ইহাই প্রদর্শন করিবার অশ্রু এখানে একজন বলা হইয়াছে।

নহে) [স্বস্ত = নিজেই] [হেয়গঃ = ত্যাগই] [ন চাপি উপাদেয়ঃ = গ্রাহ্যও
নহে] ইতি (এইরূপ) সম্যক্ মতিঃ (সম্যক্ জ্ঞান) স্মৃতা (কথিত হয়) ॥ ৮৩

অনুবাদ । স্বয়ং আত্মা নিজের ত্যাগ্য কিংবা গ্রাহ্য নহে, পরমাত্মাও
নিজের হেয় কিংবা উপাদেয় নহে— এইরূপ নিষ্ঠাকে ব্রহ্মবিদগণ সম্যক্ জ্ঞান
বলিয়া থাকেন * ॥ ৮৩

টীকা । এবমাত্মানং জ্ঞানতঃ কৃতকৃত্যত্মকুং প্রকটয়তি—ন স্বয়মিতি ।
স্বয়মাত্মা স্বস্ত ন হেয়গস্ত্যক্ৰব্যাকোটৌ পতিতো ন বাপ্যুপাদেয়ঃ, একস্মিন্ কৰ্ম-
কৰ্ত্ত্বাসম্ভবাৎ স্বরূপস্ত স্থিতৌ নাশে বা স্ববিষয়হানৌপাদানয়োঃ সম্ভবাচ্চ, তথা-
শ্চ ন স্বস্ত হেয়গোহৈব তেহস্তৈশ্চ বাভাবাৎ, নাপ্যুপাদেয়োহতএব তথাস্তথাপি
স্বয়মুপাদেয়ো হেয়গো বা ন ভবত্যাত্মাস্তরাভাবাদনান্মনশ্চ বাধিতত্বাদচৈতন্যচেতি
যোজন্য। ইত্যেবং যা নিষ্ঠা সা সম্যক্ মতিঃ সম্যক্ জ্ঞানং স্মৃতা ব্রহ্মবিষ্টি-
রিত্যর্থঃ ॥ ৮৩

আত্মপ্রত্যায়িকা হেষ্ণা সৰ্ববেদান্তগোচরা ।

জ্ঞাত্বৈতাং হি বিমুচ্যন্তে সৰ্বসংসারবন্ধনৈঃ ॥ ৮৪

পদার্থায় । হি (যেহেতু) এষা (এই) [মতিঃ = জ্ঞান] আত্মপ্রত্যায়িকা
(আত্মাকে ব্রহ্মরূপে জ্ঞাপিকা) সৰ্ববেদান্তগোচরা (সমস্ত বেদান্ত-বিষয়া)
[অতএব] এতাম্ (ইহাকে) জ্ঞাত্বা (জানিয়া) সৰ্বসংসারবন্ধনৈঃ (সমস্ত
সংসারপাশ) বিমুচ্যন্তে (মুক্ত হয়) ॥ ৮৪

অনুবাদ । যেহেতু এইরূপ জ্ঞান আত্মার ব্রহ্মত্ব প্রতিপাদক এবং সমস্ত
বেদান্ত-বিষয়ক ; অতএব এইরূপ জ্ঞানলাভ করিয়া সমস্ত সংসারবন্ধন হইতে
বিমুক্ত হয় * ॥ ৮৪

টীকা । কুটস্থচৈতন্যকরসে পূণে . বস্তুনি হানান্তসম্ভবান্নিরায়াসং পরং
ব্রহ্মবাস্তীত্যেবংবিধায়্য ধিয়ঃ সম্যক্ মতিঃ হেতুমাহ—আত্মপ্রত্যায়িকেতি ।
আত্মানং ব্রহ্মত্বেন প্রত্যায়য়তীতি আত্মপ্রত্যায়িকা, হি স্বাদেবা মতিঃ স্বাস্তব-
সিদ্ধেতি বা সৰ্ববেদান্তগোচরেতি প্রমাণমূলত্বমস্তা দশয়তি । এতাং জ্ঞাত্বা
লক্ষা সৰ্বসংসারবন্ধনৈঃ বিমুচ্যন্তে কৃতকৃত্যা ভবন্তীত্যর্থঃ । তথা চ ভগবদ্বচনং

* তাৎপর্য—স্বরূপ কেহ ত্যাগ করিতে পারে না, কারণ ত্যাগের কৰ্ত্তা নিজে গ্রহণ
করিতে পারে, কারণ স্বরূপ গ্রহীতব্য নহে, সেইরূপ সমস্ত আত্মার একত্ববশতঃ পর আত্মা ও
গ্রাহ্য বা উপাদেয় নহে ।

‘ইতি গুহ্যতমং শাস্ত্রমিদমুক্তং মরানষ । এতদ্বুদ্ধা বুদ্ধিমান্ স্তাৎ কৃতকৃত্যশ্চ
ভারত’ ইতি ॥ ৮৪

রহস্যং সর্ববেদানাং দেবানাঞ্চাপি যৎ পরম্ ।

পবিত্রং পরমং হেতৎ তদেতৎ সংপ্রকাশিতম্ ॥ ৮৫

পদাঙ্কয় । যৎ এতৎ (যে ইহা, জ্ঞান) সর্ববেদানাম্ (সমস্ত বেদের)
রহস্যম্ (তাৎপর্য), দেবানাং চাপি (দেবতাদিগেরও) পরম্ (অত্যন্ত)
[প্রিয়ম্ = প্রীতিকর], হি (যেহেতু) তৎ এতৎ (সেই এই) পরমম্ (নিরতি-
শয়) পবিত্রম্ (পাবন) [অত্র = এই প্রকরণে] সংপ্রকাশিতম্ (প্রকটিত
হইয়াছে) ॥ ৮৫

অনুবাদ । যাচা সমস্ত বেদের রহস্য, যাচা দেবতাগণেরও অত্যন্ত প্রিয়,
পরম পবিত্র সেই তত্ত্বজ্ঞান এই প্রকরণে প্রকটিত হইয়াছে • ॥ ৮৫

টীকা । প্রকরণোক্তং জ্ঞানমিদানীং প্রশংসনশ্রোপাদেষত্বং দ্রুতম্ভি—
রহস্যমিতি । রহস্যমুপদেশবাতিরেকণাভিস্ক্রমং ‘আচার্যাবান্ পুরুষো বেদ’ ‘সর্কে
বেদা যৎপদমামনস্তি’ ইতি চ শ্রুতে: ‘দেবৈরত্রাপি বিচিকিৎসিতং পুরা নহি
সুবিজ্ঞেয়মণুরেষ ধর্ম’ ইতি শ্রুতে: দেবানাঞ্চাপি রহস্যমিত্যর্থঃ । পরং সর্কৌত্তমং
পবিত্রং পাবনং ‘কীর্ত্তে চাস্ত কৰ্ম্মাণি’, ‘এবং বিদি পাপং কৰ্ম্ম ন শ্লিষ্যতে’ ইতাদি
শ্রুতে: । হি যস্মাৎ পরমং পরমপুরুষার্থরূপং নিরতিশয়ানন্দপ্রকাশমিতি যাবৎ,
যদৈবং রূপং সমাগ্জ্ঞানং তদেতৎ সম্যক্ প্রকাশিতং প্রকটীকৃতমস্মিন্
প্রকরণে ইত্যর্থঃ ॥ ৮৫

নৈতৎ দেয়মশান্তায় রহস্যং জ্ঞানযুক্তমম্ ।

বিরক্তায় প্রদাতব্যং শিষ্যানুগতায় চ ॥ ৮৬

পদাঙ্কয় । এতৎ (এই) উত্তমম্ (উৎকৃষ্ট) রহস্যম্ (গোপ্য) জ্ঞানম্,
(জীব ও ব্রহ্মের একত্ব জ্ঞান) অশান্তায় (শমগুণ-বিরহিত পুরুষকে) ন দেয়ম্,
(দাতব্য নহে), অনুগতায় (গুরুর অনুগমনশীল) বিরক্তায় (বৈরাগ্যবান্)
শিষ্যায় চ (শিষ্যের উদ্দেশ্যে) প্রদাতব্যম্ (দান করিবেন) ॥ ৮৬

* তাৎপর্য—‘বিরক্তায়’ এই পদটি পূর্বের সহিত অর্ধিত হইতে পারে, অর্থাৎ বিরক্ত—
বেদান্তবিশুদ্ধ লোককে দান করা উচিত নহে—এইরূপ অর্থ হইবে ।

অনুবাদ । এই উৎকৃষ্ট বেদরহস্য—তত্ত্বজ্ঞান সমগ্ৰণ বিরহিত পুরুষকে দিবেন না, বৈরাগ্যবান্ অহুগত শিষ্যকে প্রদান করা কর্তব্য ॥ ৮৬

টীকা । এতস্ত গোপনীয়ঃ সূচয়তি—নৈতদিতি । বদ্বাস্ত হুর্কিঞ্জেরদেহেন হুর্ধ্বহাৎ তদ্ধারণসমর্ধমধিকারিণং বিশিষ্যন্নধিকারিত্যো বিবেচয়তি—নৈতৎ-দেয়মিতি ॥ ৮৬

দদতশ্চাত্মনো জ্ঞানং নিষ্ক্রয়োহন্যো ন বিদ্যতে ।

জ্ঞানমিচ্ছংস্তরেৎ তস্মাদযুক্তঃ শিষ্যগুণৈঃ সদা ॥ ৮৭

পদান্বয় । [যস্মাৎ = যেহেতু] আয়নঃ জ্ঞানম্ (আত্মতত্ত্বজ্ঞান) দদতশ্চ (দাতার) অন্তঃ (অপর) নিষ্ক্রয়ঃ (মূল্য ঋণপরিশোধ) ন বিদ্যতে (নাই), তস্মাৎ (তজ্জন্ত) শিষ্যগুণৈঃ (ছাত্রের গুণ সমূহের দ্বারা) সদা (সর্বদা) যুক্তঃ (বিশিষ্ট) জ্ঞানম্ ইচ্ছন্ (জ্ঞানকে সম্পাদন করিবার) তরেৎ (সংসার হইতে উত্তীর্ণ হয়) ॥ ৮৭

অনুবাদ । যেহেতু আত্মজ্ঞান প্রদাতা গুরুর অন্ত কোন ঋণ-পরিশোধের উপায় নাই, অতএব সর্বদা শিষ্যগুণযুক্ত হইয়া জ্ঞান সম্পাদন করত সংসার হইতে উত্তীর্ণ হইবে ॥ ৮৭

টীকা । যস্মাদেবংলক্ষণজ্ঞানদ আচার্য্যঃ কৃতকৃত্যো ন প্রলোভাদিনা জ্ঞানং প্রযচ্ছতি, তস্মান্ন্যুক্রয়মানিহাদিশিষ্যগুণযুক্তঃ স্মাদ্ধর্ষাচার্য্যঃ কুপরা বিদ্যাং দদ্যাদিত্যেতদর্ধমাহ—দদতশ্চেতি । ন বিদ্যতে যস্মাদিতি যোজ্যম্ । তস্মাৎ শিষ্যগুণৈঃ সদাযুক্তো জ্ঞানমিচ্ছন্ সম্পাদংস্তরেৎ সংসারমিতি শেষঃ ॥ ৮৭

জ্ঞানং জ্ঞেয়ং তথা জ্ঞাতা যস্মাদন্যৎ ন বিদ্যতে * ।

সর্বজ্ঞঃ সর্বশক্তির্যস্তস্মৈ জ্ঞানাত্মনে নমঃ ॥ ৮৮

পদান্বয় । যস্মাৎ (বাহা হইতে) অন্তঃ (অপর) জ্ঞানম্ (জ্ঞান) জ্ঞেয়ম্ (বিষয়) তথা (এবং) জ্ঞাতা (বিজ্ঞাতা) ন বিদ্যতে (নাই), যঃ (যিনি) সর্বজ্ঞঃ (সর্ববিষয়ে জ্ঞানবান্) সর্বশক্তিঃ (সকল বিষয়ে শক্তিমান্) তস্মৈ (সেই) জ্ঞানাত্মনে (সচ্চিদানন্দ স্বরূপ ব্রহ্ম উদ্দেশে) নমঃ (নমস্কার) ॥ ৮৮

অনুবাদ । বাহা হইতে অন্য জ্ঞান, জ্ঞেয় এবং জ্ঞাতা নাই, যিনি

সর্বজ্ঞ ও সর্বশক্তি, সৎ চিৎ আনন্দ স্বরূপ সেই ব্রহ্ম উদ্দেশে নমস্কার ॥ ৮৮

* যস্মাদতো ন বিদ্যতে ইতি বা, পাঠঃ ।

টীকা । আদ্যবিবোপসংচারেইপি দেবতাচার্য্যানমকারৌ তদ্বক্তেবিত্তাং
প্রতি অন্তরঙ্গস্থাপনার কার্য্যাবিতি দর্শয়তি শ্লোকধ্বয়েন—জ্ঞানমিত্যাদিনা ।
জ্ঞানাত্মনে চিন্তনদানন্দরূপায়ৈতার্থঃ ॥ ৮৮

বিদ্যা তারিতাঃ স্মো যৈর্জন্মমৃত্যুমহোদধিম্ ।

সর্বক্ষেভ্যো নমস্তেভ্যো গুরুভ্যোহজ্ঞানসংকুলম্ ॥ ৮৯

পদান্বয় । স্মঃ (আমরা) যৈঃ (যাঁহাদের দ্বারা, অথবা যাঁহার দ্বারা,
গৌরবে বহুবচন) বিদ্যা (জ্ঞানের দ্বারা) অজ্ঞানসঙ্কুলম্ (অবিদ্যাবাপ্ত)
জন্মমৃত্যুমহোদধিম্ (জন্মমৃত্যুরূপ মহাসমুদ্র) তারিতাঃ (আমরা উত্তীর্ণ হইয়াছি)
সর্বক্ষেভ্যঃ (সর্ববিষয়ক জ্ঞানবান্) তেভ্যঃ (সেই) গুরুভ্যঃ (গুরুগণের
উদ্দেশে) নমঃ (নমস্কার) ॥ ৮৯

অনুবাদ । আমরা বৎকর্তৃক অজ্ঞানসঙ্কুল জনন মরণরূপ মহাসমুদ্র উত্তীর্ণ
হইয়াছি, সেই সর্বজ্ঞ গুরুগণ উদ্দেশে নমস্কার ॥ ৮৯

টীকা । বিদ্যয়েতি । অজ্ঞানসংকুলমিতিচ্ছেদঃ ॥ ৮৯

ইতি সম্যক্ত্মতিপ্রকরণং সপ্তদশং বিবৃতম্ ॥ ১৭

তত্ত্বমসি-প্রকরণম্ ।

যেনাত্মনা বিলীয়ন্তে উদ্ভবন্তি চ বৃত্তয়ঃ ।

নিত্যাবগতয়ে তস্মৈ নমো ধীপ্রত্যয়াত্মনে ॥ ১

পদান্বয় । বৃত্তয়ঃ (বুদ্ধিপরিণামসমূহ, অন্তঃকরণের অবস্থাবিশেষ) যেন
(যে) আত্মনা ? (আত্মস্বরূপে) বিলীয়ন্তে (স্নুপ্তিকালে লয় প্রাপ্ত হয়) উদ্-
ভবন্তি চ (এবং জাগ্রৎকালে উখিত হয়), তস্মৈ (সেই) ধীপ্রত্যয়াত্মনে
(ধীপ্রত্যয়—চৈতন্য প্রতিবিম্বিত বুদ্ধি বৃত্তি, তাহার অধিষ্ঠান) নিত্যাভগতয়ে
(নিত্যজ্ঞানস্বরূপ উদ্দেশে) নমঃ (নমস্কার) ॥ ১

অনুবাদ । স্নুপ্তিকালে চিত্তবৃত্ত সমূহ যে চৈতন্যস্বরূপ আত্মাতে বিলয়
প্রাপ্ত হয় এবং জাগ্রৎকালে উখিত হয় ; বুদ্ধিবৃত্তির অধিষ্ঠান, নিত্যজ্ঞানস্বরূপ
সেই আত্মার উদ্দেশে নমস্কার ॥ ১

টীকা। পূর্বাশ্বিন্ প্রকরণে ব্রহ্মাশ্ববিষয়মপরোক্জ্ঞানং মোক্ষসাধনং বেদান্তভোগ্য ভবতীত্বাকং তদযুক্তং বেদান্তানামপি স্বর্গকামাদিবাক্যবৎ পরোক্জ্ঞানজনকত্বাদতোহপরোক্জ্ঞানায় প্রসংখ্যানমেষ্টব্যমিতি কেচিৎ প্রতিপেদিরে তন্নতনিরাকরণেন পূর্বোক্তং সর্বং স্বসিদ্ধাস্তং শ্রোতমুপপত্তিতঃ স্মৃটমুপপাদয়িতুং প্রকরণান্তরমারভমাণো দেবতানমস্কারব্যাজেন অস্তঃকরণবৃত্তিতাবাতাবসাক্ষিপং কূটস্থচিদেকতানমেবাস্থানং নিত্যাপরোক্জ্ঞং বেদান্তাঃ ব্রহ্মেতি প্রতিপাদয়ন্তো ন পরোক্জ্ঞং ব্রহ্ম সমর্পয়ন্তীতি স্মচয়ন্ প্রকরণপতিপাক্তং দর্শয়তি—যেনেতি। বৃত্তয়ো দীপরিণামাঃ। অলাতচক্রমিবগ্নান্ননা যেন চৈতন্যজ্যোতিঃস্বরূপেণ বিলীয়েন্তে, স্মৃশ্চৌ অবগাস্তরে উদ্ভবন্তি চ চিদাশ্বব্যাপ্তা ইত্যর্গঃ। ধীপ্রত্যয়াঃ সাত্তানবুদ্ধি-বৃত্তয়ন্তেষামাশ্বনে তদধ্যাসাধিষ্ঠানায়ৈত্যর্থঃ। নিত্যশ্চানাবগতিশ্চেতি বিগ্রহঃ ॥ ১

প্রথম্য বজ্রোপম-যুক্তি-সম্বৃত্তৈঃ

শ্রুতেৱরাতীন্ শতশো বচোহসিভিঃ।

ররক্ষ বেদার্থনিধিং বিশালধী-

র্নমো যতীন্দ্রায় গুরোর্গরীষসে ॥ ২

পদান্বয়। বিশালধীঃ (ভীক্ষুবুদ্ধি) [ষঃ=ষিনি] বজ্রোপমযুক্তিসম্বৃত্তৈঃ (বজ্রতুল্য যুক্তি সমূহের দ্বারা অভেদা) শ্রুতেঃ বচোহসিভিঃ (বেদান্ত বাক্যসমূহরূপ খড়্গের দ্বারা) অরাতীন্ (শক্রগণকে, অদ্বৈতরত্নাপহারী দ্বৈতবাদী বৈরিগণকে) শতশঃ (শত শত ভাগে) প্রথম্য (সমূলে প্রমথিত করিয়া) বেদার্থনিধিং (বেদান্তরত্নত্ব) ররক্ষ (রক্ষা করিয়াছেন) যতীন্দ্রায় (সন্ন্যাসিশ্রেষ্ঠ) গুরোর্গরীষসে (পরম গুরুর উদ্দেশে) নমঃ (নমস্কার) ॥ ২

অনুবাদ। অপ্রহিতবুদ্ধি ষিনি বজ্রতুল্য যুক্তি সমূহের দ্বারা দৃঢ় শত শত বেদান্ত বাক্যরূপ তরবারির দ্বারা শক্রদিগকে (দ্বৈতবাদিগণকে) সমূলে উন্মূলিত করিয়া বেদান্তত্ব রক্ষা করিয়াছেন, সেই পরম গুরুর উদ্দেশে নমস্কার ॥ ২

টীকা। ইদানীং শ্লোকের্থে মুমুকুগাং বিশ্বাসার্থং স্বাচার্য্যগুণাপবর্ণন-পূর্বকং সম্প্রদায়শুদ্ধিঃ কথয়তি—প্রথম্য বজ্রোতি। সম্বৃত্তৈৱভেদস্তত্তয়া ঘটতৈঃ শ্রুতের্বচোহসিভির্বেদান্তবাক্যরূপনিঃস্রষ্টৈৱরাতীন্ ভেদতত্ত্বারণ্যবাসিনোহদ্বৈত-রত্নাপহারিণঃ শক্রন্ প্রথম্য সমূলমুন্মূল্য যো বিশালধীঃ অপ্রহিততদার্থবুদ্ধি-বেদান্তার্থনিধিং বেদান্তমঞ্জুবাগতং নিধিং নিধায়তেহশ্বিন্ সর্কামতি নিধিরধরং

ব্রহ্মাত্মত্বং চ ব্রহ্ম তস্মৈ বতীভ্যাম গুরোর্গরীয়েসে পরমগুরবে নম ইতি
বোজনা ॥ ২

নিত্যমুক্তঃ স দেবাস্মীত্যেবং চেন্ন ভবেন্মতিঃ ।

কিমর্থং শ্রাবয়ত্যেব মাতৃবৎ শ্রুতিরাদরাৎ ॥ ৩

পদান্বয় । নিত্যমুক্তঃ (সদা মুক্ত) স দেব (সংস্করণই) অস্মি (আমি),
ইতি এবম্ মতিঃ (এইরূপ বুদ্ধি) চেৎ (যদি) ন ভবেৎ (না হয়,) এবম্
(এইরূপ) শ্রুতিঃ (বেদ) কিমর্থম্ (কিজন্ত) আদরাৎ (আদর সহকারে) মাতৃবৎ
(মাতার স্তায়) শ্রাবয়েৎ (শোনায়) ॥ ৩

অনুবাদ । আমি নিত্যমুক্ত, সংস্করণ,—এইরূপ অপরোক্ষ জ্ঞান যদি
[বেদান্তবাক্য হইতে] না হয়, তবে শ্রুতি কিজন্ত আদরবতী জননীর স্তায়
উপদেশ দেন ? ॥ ৩

টীকা । এবং নমস্কারবাজেন প্রকরণার্থং সম্প্রদায়শুদ্ধিকোক্তা তত্ত্বমতাদি
বাক্যাদেবাপরোক্ষজ্ঞানমাস্বনোতি প্রকরণসিদ্ধান্তং তাবদাহ—নিত্যমুক্তমিতি ।
স দেবাহমহমেব সস্মি নিত্যমুক্ত ইত্যেবং চেৎ তদপরোক্ষা মতিবেদান্তবাক্যার
ভবেৎ তর্হি এবং সিদ্ধবর্ণির্দেশেন তত্ত্বমসীতি শ্রুতিঃ কিমর্থং কস্মাদাদৃতা আদরবতী
পুনঃ পুনর্মীতেব পুত্রহিতৈষণী শ্রাবয়েদিত্যর্থঃ ॥ ৩

সিদ্ধাদেবাহমিত্যস্মাদ্ যুগ্মকর্মো নিষিধ্যতে ।

রজ্জ্বামিবাধিধীর্ষুক্ত্যা তত্ত্বমিত্যাदिशासनैः ॥ ৪

পদান্বয় । অহম্ ইতি (অহংশব্দলক্ষ্য) অস্মাৎ (এই সিদ্ধাৎ (স্বতঃসিদ্ধ
আত্মার সকাশ হইতে) যুগ্মকর্মঃ (পরাক্রপদার্থ অহঙ্কারাদি) যুক্ত্যা (যুক্তি
সহিত) ত্বম্ (তুমি) তৎ (সেই ব্রহ্ম) ইত্যাদিশাসনৈঃ (এইরূপ উপদেশ সমূহের
দ্বারা) রজ্জ্বাম্ (দড়ীতে) অধিধীরিব (সর্পবুদ্ধির ন্যায়) নিষিধ্যতে (নিষিদ্ধ
হইতেছে) ॥ ৪

অনুবাদ । যেমন রজ্জ্বতে সর্পবুদ্ধি নিবৃত্ত হয়, সেইরূপ যুক্তি সহিত
'তুমি সেই 'ব্রহ্ম'—এইরূপ উপদেশ সমূহের দ্বারা অহংশব্দলক্ষ্য—স্বতঃসিদ্ধ
আত্মার নিকট হইতে অহঙ্কারাদি নিষিদ্ধ হয় * ॥ ৪

* তাৎপর্য—অহংশব্দবাচ্য অহঙ্কারাদি, অহংশব্দলক্ষ্য আত্মা । প্রত্যক্ পদার্থ আত্মা-
পর্যায় আত্ম-তির্যগদার্থ ।

টীকা। নিত্যাপরোক্যত্বাভাবস্বরূপত্বদ্বন্দ্বরণো বাক্যাদেবাপরোক্যজ্ঞান-
মারোপিতানর্থনিবৃত্তিকলমুৎপত্ত ইত্যাহ—সিদ্ধাদেবেতি। অহমিত্যক্রাহং
শব্দলক্ষ্যাদপরোক্যত্বা স্বতঃসিদ্ধাদাশ্রয়ঃ সকাশাদ্যুয়কর্মঃ পরাগর্ভোহংকারাদি-
ত্বমিত্যাदिशापनैर्बुक्त्या सहितैः शोधितार्थैरिति वाच्यविधाते त्रमगृहीत-
परोक्य-सद्वत्त्वाकारविलपनेनाश्रुतत्वं प्रतिपाद्यत इत्यर्थः। तत्र दृष्टान्तार्थः
स्पष्टः ॥ ४

শাস্ত্রপ্রামাণ্যতো জ্ঞেয়া ধর্মাদেবস্তিতা যথা।

বিষাপোহো যথা ধ্যানাদ্ হুতিঃ স্মাৎ পাপ্যনস্তথা ॥ ৫

পদার্থয়। যথা (যেমন) ধর্মাদেঃ (ধর্ম প্রকৃতির) অস্তিতা (সত্তা)
শাস্ত্রপ্রামাণ্যতঃ (শাস্ত্র প্রামাণ্য বশতঃ) জ্ঞেয়া (জ্ঞাতব্য), যথা (যেমন)
ধ্যানাৎ (গুরুভাদি মন্ত্রবীজ স্মরণ বশতঃ) বিষাপোহঃ (বিষনাশ) [ভবতি = হয়],
তথা (সেইরূপ) পাপ্যনঃ (পাপ হইতে, অবিষ্টারূপ অনর্থ হইতে) হুতিঃ
(বাধ, নিবৃত্তি) স্মাৎ (হয়) ॥৫

অনুবাদ। যেমন ধর্মাদির সত্তা শাস্ত্র প্রামাণ্যবশতঃ জানা যায়, যেরূপ
গুরুড় মন্ত্রবীজ স্মরণ হেতু বিষনাশ হয়, সেইরূপ বেদান্ত বাক্য হইতে আশ্র-
তজ্ঞান দ্বারা অবিষ্টারূপ অনর্থ নিবৃত্তি হয় ॥ ৫

টীকা। তন্নিবৃত্তিং দৃষ্টান্তাত্যাং স্পষ্টয়তি—শাস্ত্রেতি। যদ্বা নিত্যাপরোক্য-
শ্চৈব ত্রম্ব তদবগমশ্চানর্থনিবৃত্তিহেতুরিত্যেতৎ ক্রমেণ দৃষ্টান্তাত্যাং সাধয়তি—
শাস্ত্রেতি। তথা ত্রম্বণ এবাশ্রয়েনাস্তিতা ‘অনেন জীবেনাশ্রনানুপ্রাবশ্চ’ ‘তব্ধ-
মসি’ ইতি শাস্ত্রপ্রামাণ্যতো জ্ঞেয়েতি দার্ষ্টান্তিকং যোজ্যাম্। ধ্যানাদ্ গুরুভাদি-
মন্ত্রবীজস্মরণাদ্ বিষাপোহঃ সশ্চোবিষনিবৃত্তিস্তথা পাপ্যনোহবিদ্যাঅনর্থরূপস্ত বাক্যা-
দাশ্রুতত্বাবগমমাত্রেণ সদ্য এব হুতিবর্ধরূপা নিবৃত্তিঃ স্মাদিত্যর্থঃ ॥ ৫

সদ্ব্রহ্মাহং করোমীতি প্রত্যয়াবাস্তাসাক্ষিকৌ। ;

তয়োরজ্ঞানজ্ঞৈশ্চৈব ত্যাগো যুক্ততরো মতঃ ॥ ৬

পদার্থয়। অহম্ (আমি) সদ্ব্রহ্ম (সৎস্বরূপ ব্রহ্ম) [অহম্ = আমি]
করোমি (করি) ইতি (এইরূপ) আস্তাসাক্ষিকৌ (আত্মা বাহ্যর সাক্ষী এরূপ)

প্রত্যয়ৌ (দুইটি জ্ঞান), তয়োঃ (এই দুইটির মধ্যে) অজ্ঞানমস্ত এষ (আমি করি, এই অজ্ঞানসম্বৃত জ্ঞানের) ত্যাগঃ (পরিত্যাগ) যুক্ততরঃ (অতিরিক্ত যুক্তিযুক্ত) মতঃ (অভিমত) ॥ ৬

অনুবাদ । [বেদান্তবাক্য জনিত আমি সংস্করণ ব্রহ্ম এই জ্ঞান এবং আমি কার্য করি, ইহাও জ্ঞান ; তন্মধ্যে আমি ব্রহ্ম এই জ্ঞানের দ্বারা আমি করি এই জ্ঞান বাধিত হয়, ইহাতে কি কারণ আছে—] আমি সংস্করণ ব্রহ্ম এবং আমি কর্তা এই দুইটি জ্ঞান আত্মসাক্ষিক ; তন্মধ্যে ‘আমি করি’—এই অজ্ঞানসম্বৃত জ্ঞানের বাধ যুক্তিযুক্ত বলিয়া শাস্ত্রের অভিমত * ॥ ৬

টীকা । নমু বাক্যোখ্যাহং ব্রহ্মস্মীতি প্রত্যয়বদহংকরোমীত্যপি প্রত্যয়ো-
হনুভবাসিদ্ধগুণ কো হেতুরয়মেবাপরেণ বাধ্যত ইত্যাজেতি শব্দে—সদ্ব্রহ্মাহ-
মীতি । তত্র নিয়ামকং হেতুং বদনমূক্তরমাহ—তয়োঁরীতি । যুক্ততর ইতি
তরপোহয়মর্থঃ । যথা পূর্বপ্রবৃত্তবাগাবানযোজকশ্রুত্যা পশ্চাৎ প্রবৃত্তা লিঙ্গাদয়ো-
হপ্রাপ্তা এষ বাধ্যস্তে, যথা বা পূর্বমেব, প্রকৃতে বিকৃতা বা তদেশ প্রাপ্তানামজানাং
বিকৃতিগতাবশেষোপদেশেন পশ্চাত্যেন বাধ ইতি যুক্ততরপ্যনিয়মো বাধ্য-
বাধকয়োঃ পূৰ্বাপরাভাবশ্চ ন তথাস্ত ত্য়স্মৌতি যুক্ততর হত্যুক্তমীতি ॥ ৬

সদস্মীতি প্রমাণোখা ধীরন্যা তন্নিভোদ্ভবা ।

প্রত্যক্ষাদিনিতা বাপি বাধ্যতে দিগ্ভ্রমাদিবৎ ॥ ৭

পদান্বয় । সদ্ অস্মি (আমি ব্রহ্ম) ইতি (এইরূপ) ধীঃ (জ্ঞান) প্রমাণো-
খা (বেদান্ত বাক্যরূপ প্রমাণজনিত), অন্তা (অপরা, অহং কর্তা ইত্যাদি জ্ঞান)
তন্নিভোদ্ভবা . (প্রমাণভাসজানিতা) [বাক্যজানতজ্ঞান প্রত্যক্ষের বাধক, এ
বিষয়ে দৃষ্টান্ত প্রদত্ত হইতেছে] বা (অথবা) প্রত্যক্ষাদিনিতা অপি (প্রত্যক্ষ-
ভাসজানিত জ্ঞানও) দিগ্ভ্রমাদিবৎ (দিগ্ভ্রমাদির ন্যায়) বাধ্যতে (বাধিত হয়) ॥ ৭

অনুবাদ । আমি ব্রহ্ম—এইরূপ—জ্ঞান প্রমাণজনিত, ‘আমিকর্তা’

* তাৎপৰ্য—‘আমি ব্রহ্ম’—এই জ্ঞান এবং ‘আমি কর্তা’ এই জ্ঞানের আত্ম সাক্ষী
আছেন । তবে আমি ব্রহ্ম এই জ্ঞানের দ্বারা ‘আমি কর্তা’ এইরূপ জ্ঞানের বাধ হয় কেন ?
ইহার উত্তরে বলা বাহুল্যে যে,—আত্মা অসঙ্গ চৈতন্যরূপ, তাহাতে কর্তৃত্বাদি আরোপিত ;
সুতরাং সত্যদ্বারা আরোপিত জ্ঞানে বাধ উচিত ।

এইরূপ জ্ঞান প্রমাণাত্মক-জনিত, প্রত্যক্ষাদি সূক্ষ্ম জ্ঞানও দিগ্ভ্রমাদির দ্বারা বাধিত হইয়া থাকে * ॥ ৭

টীকা । অত্র কঃ প্রমাণজঃ প্রত্যয়ঃ কো বাহুজ্ঞানজ ইতি বীক্ষ্যমাং বিবিচ্য দর্শয়তি—সদস্মীতি । ধীশূন্যমসীতি নিহৃষ্টবাহ্যপ্রমাণোখা অত্র কর্তাহ-মিত্যাदि ধীশূন্যমিত্যেবা প্রমাণাত্মকসমুদ্ভূতা বিবেকদোষান্বিততদ্বাদিতার্থঃ । বাক্যজ্ঞানজ্ঞানতাপি প্রত্যক্ষাত্মকসংবাদনঃ দৃষ্টোস্তেন বুদ্ধিমারোহয়তি—প্রত্যক্ষা-দীতি ॥ ৭

কুরু ভোক্তেতি যচ্ছাস্ত্রং লোকবুদ্ধ্যানুবাদি তৎ ।

সদস্মীতি শ্রুতের্জাতা বাধ্যতেহনৈতয়েব ধীঃ ॥ ৮

পদার্থায় । কুরু (কর) ভোক্তা (ভোক্তা) ইতি (এইরূপ) যৎ (যে) শাস্ত্রম্ (শ্রুতি) তৎ (তাহা) লোকবুদ্ধ্যানুবাদি (শাস্ত্রানভিজ্ঞ পুরুষের মতির অনুবাদ), সদস্মি (আমি ব্রহ্ম) ইতি (এইরূপ) ধীঃ (জ্ঞান) শ্রুতেঃ (শ্রুতি হইতে) জাতা (উৎপন্ন), [অতএব] এতয়া অথবা তয়া (এই নিরবকাশ সদস্মি এই জ্ঞানের দ্বারা) অত্র (অপর, আমি কর্তা এই সাধকাল জ্ঞান) বাধ্যতে (বাধিত হয়) ॥ ৮

অনুবাদ । 'ধর্ম্মের অনুষ্ঠান কর' 'আত্মা ভোক্তা' এইরূপ শাস্ত্র লোক-বুদ্ধির অনুবাদক, 'আমি ব্রহ্ম' এইরূপ জ্ঞান শ্রুতিসমুদ্ভূত; অতএব 'আমি ব্রহ্ম'—এইরূপ জ্ঞানের দ্বারা 'আমি কর্তা' এইরূপ জ্ঞান বাধিত হইয়া থাকে+ ॥ ৮

টীকা । ননু ব্রহ্মস্মীতি বুদ্ধিবৎকর্তৃত্বাদিবুদ্ধেরাপি 'সত্যং বদ', 'ধর্ম্মং চর', 'স হি কর্তা ভোক্তেত্যাহম'নাধিগঃ' ইত্যাদিবচনাং শাস্ত্রাসিদ্ধং তুল্যমাত কথং তত্র

* তাৎপৰ্য্য—'তদ্ব্যসি' ইত্যাদি বৈদ্য প্রমাণ দ্বারা অবগত হওয়া যায় যে 'আমি ব্রহ্ম', হুতরাং তাহা প্রমাণজঃ, 'আমি কর্তা' এরূপ জ্ঞান প্রমাণাত্মক জানিত। হুতরাং পরবর্তী জ্ঞানবাধিত হয়। দেখা যায়, যখন পূর্বাদি দিকে অস্তিত্ব বুলিয়া বোধ হয়, তখন আশু বাক্য দ্বারা সে ভ্রম নিবৃত্ত হয়।

† তাৎপৰ্য্য—'আমি ব্রহ্ম'—ইত্যাকার জ্ঞান যেমন বৈদ্যবাক্য, সেইরূপ 'ধর্ম্মানুষ্ঠান কর' 'ভোক্তা' ইত্যাদি জ্ঞানও বৈদ্যবাক্য; হুতরাং অস্ত্রজ্ঞানের বাধ্যবাধকতাকরণে সম্ভবে? এই প্রশ্নকার উত্তর এদান কারণেই—শাস্ত্র অনাধিপত বিধির উপদেশ এদান করিয়া থাকে, আত্মা ও ব্রহ্মের একই কোন প্রমাণের দ্বারা অধিগত নহে, তাহা শাস্ত্র নিরূপণ করিয়া থাকে, আত্মার কর্তৃত্বাদি লোক সিদ্ধ, তাহা শাস্ত্রের তাৎপৰ্য্যাবধারণ হইতে পারে না; কেবল মাত্র লোকসিদ্ধ পদার্থের অনুবাদ মাত্র। হুতরাং অনুবাদ শ্রুতির তাৎপৰ্য্য নহে, অধিগত জীব ও ব্রহ্মের একই শ্রুতির তাৎপৰ্য্য, তৎপ্রতিপাদক জ্ঞান কর্তৃত্বাদি জ্ঞানের বাধক।

বাধ্যমিত্যাশক্যাহ— কুরু ভোক্তেতি । শাস্ত্রানভিজ্ঞানাং তদভিজ্ঞসদৃতি-
হীনানামপি কর্তা ভোক্তাহমস্মীতি ধিয়ঃ সিদ্ধহাং কুর্বিত্যাদি শাস্ত্রং লোক-
সিদ্ধার্থানুবাদিনাহনধিগতার্থবোধকমিত্যর্থঃ । সদস্মীতি ধীশ্চ শ্রুতেরত্ত্বসিদ্ধার্থায়াঃ
সকাশাজ্জাতেত্যর্থঃ । তস্মাদেতয়ৈব নিরবকাশয়া সদস্মীতি শ্রুতিজাতয়া
ধিরৈবাভা সাবকাশানুবাদবাক্যজ্ঞা বাধ্যতে বাধত এনেতি বাধ্যয়ঃ ॥ ৮

সদেব হুমসাত্যুক্তে নাঅনো মুক্ততা স্থিরা ।

প্রবর্ততে প্রসংক্ষামতো যুক্ত্যাহনুচিন্তয়েৎ ॥ ৯

পদান্বয় । স্বং (তুমি) সদ্ এব (ব্রহ্মস্বরূপ) অসি (আছ) ইত্যুক্তে
(এইরূপ বলিলে) আঅনঃ (আত্মার) মুক্ততা (মুক্তি) স্থিরা (নিশ্চলা) ন
প্রবর্ততে (প্রবৃত্ত হয় না) ; অতঃ (এই কথ) যুক্ত্যা (যুক্তির সহিত) প্রসংক্ষাম্
(প্রসংখ্যান শব্দাবৃত্তি, উপাসনা) অনুচিন্তয়েৎ (অভ্যাস করিবে) ॥ ৯

অনুবাদ । তুমি ব্রহ্মস্বরূপ,—এই কথা বলিলে আত্মার মুক্তি নিশ্চিত
হয় না ; অতএব যুক্তির সহিত প্রসংখ্যান অভ্যাস করিবে * ॥ ৯

টীকা । তদেবং বাক্যাদেবাপরোক্ষজ্ঞানমাশ্রয়বিষয়মুৎপত্ততে তচ্চ নিরপেক্ষ-
মেবানর্ধনিবৃত্তিহেতুরিত স্বমতমুপপত্ত স্বব্যমতমুখাপন্নত—সদেবেতি ।
প্রসংক্ষাং প্রসংখ্যানং শব্দাবৃত্তিং যুক্ত্যা সহাভ্যাসেদিত্যর্থঃ ॥ ৯

সকৃদুক্তং ন গৃহ্নাতি বাক্যার্থজ্ঞোহপি যো ভবেৎ ।

অপেক্ষতে ত এবাশ্রদবোচাম দ্বয়ং হি তৎ ॥ ১০

পদান্বয় । যঃ (যিনি) বাক্যার্থজ্ঞঃ আপ (বাক্যার্থ জ্ঞানবান্ও) ভবেৎ
(হ'ন) [সঃ—তিনি] সকৃদুক্তম্ (একবার কথন) ন গৃহ্নাতি (জানেন না) ;
তৎ (তজ্জন্ম) অশ্রুৎ (অশ্রু, সহকারী) অপেক্ষতে (অপেক্ষা করে), হি
(যেহেতু) তে (সেই) [বয়ম্—আমরা] দ্বয়ম্ (দুইটি, বাক্যানুচিন্তন এবং
যুক্তিধারা আলোচন) এবাশ্রদবোচাম (পূর্ব শ্লোকে বলিমাছি) ॥ ১০

অনুবাদ । যিনি বাক্যার্থজ্ঞানবান্, তিনিও একবার মাত্র কথিত বিষয়
প্রতিপাদন করিতে পারেন না, সহকারী অশ্রু কিছুই অপেক্ষা করে ; অতএব

* তাৎপর্য—প্রসংখ্যান শব্দের অর্থ জ্ঞানাত্যাস, উপাসনা । এই শ্লোক হইতে পূর্বপক্ষীয়
সত্য ।

আমরা পূর্বশ্লোকে বাক্যানুধ্যান এবং যুক্তির সহিত আলোচনা—এই দুইটির কথা বলিয়াছি ॥ ১০

টীকা । উক্তমেব সাধয়তি—সকৃদিত্তি । যোহপি বাক্যার্থজ্ঞঃ সক্রহক্ৰং ন গৃহ্নাতি ন জানাতি ন সম্যক্ প্রতিপত্ততে যতোহত এবান্ভৎ সহকারিভূতমপেক্ষতে তদ্বয়ং বাক্যানুচিন্তনং যুক্ত্যালোচনঞ্চ পূর্বশ্লোকে বয়মবোচামেত্যর্থঃ ॥ ১০

নিয়োগোহপ্রতিপন্নত্বাৎ কর্মণাং স যথা ভবেৎ ।

অবিরুদ্ধো ভবেৎ তাবদুযাবৎ সংবেদ্যতা হৃদ্যা ॥ ১১

পদান্বয় । যাবৎ (যৎকাল পর্য্যন্ত) সংবেদ্যতা (জ্ঞান) অদৃঢ়া (অপ্রতিষ্ঠিতা) ভবেৎ (থাকে) তাবৎ (তৎকাল পর্য্যন্ত) অপ্রতিপন্নত্বাৎ (আশ্রয়সাক্ষাৎকারের অভাব বশতঃ) কর্মণাম্ (অগ্নিহোত্রাদি কার্যসমূহের) স নিয়োগঃ (সেই বিধি) যথা (যেরূপ) অবিরুদ্ধঃ (অবিবোধ যুক্ত) ভবেৎ (হয়) ॥ ১১

অনুবাদ । যাবৎকাল জ্ঞান দৃঢ়রূপে প্রতিষ্ঠিত না হয়, তাবৎকাল আশ্রয়সাক্ষাৎকারের অভাববশতঃ অগ্নিহোত্রাদি কর্ম অবিরুদ্ধ থাকে ॥ ১১

টীকা । নহু তদ্বয়মস্তাদিবাক্যেযু বিধিং নোপলভামহে, ব্রহ্মাত্মভাবস্ত চ স্বত এব সিদ্ধেযু মুক্ষোনির্যোগোহপি ন ঘটত ইত্যাহ—নিয়োগ ইতি । বাক্য-মাত্রাদৈকাত্ম্যস্তা প্রতিপন্নত্বাৎ সাক্ষাৎকৃতত্বাভাবাৎ তাবনিয়োগোহবিরুদ্ধো ভবেদ্ যাবত্ সংবেদ্যতা ব্রহ্মাত্মৈকতা হৃদ্যা দৃঢ়া ন প্রতীয়ত ইতি যোজন্য । স নিয়োগঃ কর্মণামগ্নিষ্টোমানানাং যথা ভবেদ্ বাক্যানুধ্যয়নানামপি ফলপ্রাপ্তয় ইতি দৃষ্টান্তার্থঃ ॥ ১১

চেষ্টিতঞ্চ তথা মিথ্যা স্বচ্ছন্দঃ প্রতিপত্ততে ।

প্রসংখ্যানমতঃ কার্যং যাবদাত্মানুভূয়তে ॥ ১২

পদান্বয় । স্বচ্ছন্দঃ (স্বেচ্ছাবান্, অনিযুক্ত) [ব্রহ্মাত্মৈকম্ = জীব ও ব্রহ্মের একত্ব] প্রতিপদ্যতে [চেৎ । (যদি প্রাপ্ত হয়,) তথা চ (তাহা হইলে) চেষ্টিতম্ (অনুষ্ঠীয়মান ধর্ম নিয়মাদি) মিথ্যা (বখা), অতঃ (এতৎ) যাবৎ (যৎকাল পর্য্যন্ত) আত্মা অনুভূয়তে (আত্মজ্ঞান হয়) [তাবৎ = তৎকাল পর্য্যন্ত] প্রসংখ্যানম্ (শব্দভ্যাস, উপাসনা) কার্যম্ (অনুষ্ঠান করিবে) ॥ ১২

অনুবাদ । যদি লোক বিধি ব্যতীত বাক্য হইতে স্বেচ্ছামত জীব ও
ব্রহ্মের একত্বজ্ঞান প্রাপ্ত হয় ; তাহা হইলে অনুষ্ঠীয়মান যম-নিয়মাদি মিথ্যা
হয় ; অতএব যাবৎ আত্মজ্ঞান না হয়, তাবৎ প্রসংখ্যান অনুষ্ঠান করা
উচিত ॥ ১২

টীকা । কিঞ্চ বিধিমন্তরেণ চেদব্রহ্মাত্মৈক্যাং বাক্যাং স্বয়মেব প্রতিপত্তেত
তদা যমনিয়মাদিকং অনুষ্ঠীয়মানং মিথ্যা শূদ্রপকার্যাভাবাদিত্যাহ—চেষ্টিত-
মিতি । চেষ্টিতমুষ্টিতং যমাদি স্বচ্ছন্দঃ স্বেচ্ছাবান্ নিযুক্ত ইতি যাবৎ । প্রতি-
পত্ততে চেদিত্যাধাহারঃ । আত্মাত্মভূতং সাক্ষাৎ ক্রিয়ত ইত্যর্থঃ ॥ ১২

সদস্মীতি চ বিজ্ঞানমক্ষজ্ঞো বাধতে ধ্রুবম্ ।

শব্দোপাং দৃঢ়সংস্কারো দৌষৈশ্চাকুষ্যতে বহিঃ ॥ ১৩

পদান্বয় । সদ্ অন্বি (আমি ব্রহ্ম) ইতি চ (এইরূপ) শব্দোপাং
(শব্দজনিত) বিজ্ঞানম্ (জ্ঞানকে) দৃঢ়সংস্কারঃ (বদ্ধসংস্কার) অক্ষজঃ
(ইন্দ্রিয় জন্তু কর্তা ভোক্তা—এইরূপ প্রত্যয়) ধ্রুবম্ (নিশ্চিত) বাধতে
(বাধিত করে) ; [তেন=জ্ঞানেন] [যুমুকু] দৌষৈশ্চ (এবং রাগাদি দোষ সমূহের
দ্বারা) বহিঃ আকুষ্যতে (বহিমুখীকৃত হয়), [অতঃ দোষনিবৃত্তয়ে প্রসংখ্যানং
কার্যম্ = অতএব দোষ নিবৃত্তির জন্য প্রসংখ্যান অনুষ্ঠেয়] ॥ ১৩

অনুবাদ । ‘আমি ব্রহ্ম’,—এইরূপ শব্দজনিত জ্ঞানকে, দৃঢ়সংস্কার
ইন্দ্রিয় জন্তু ‘কর্তা ভোক্তা’ রূপ জ্ঞান নিশ্চিত বাধিত করে এবং যুমুকুকে
দোষ সমূহের দ্বারা বহিমুখ করে ; অতএব দোষনিবৃত্তির জন্তু প্রসংখ্যান
অনুষ্ঠেয় ॥ ১৩

টীকা । ইতোহপি প্রসংখ্যানং বিধিতোহনুষ্ঠেয়মিত্যাহ—সদস্মীতি—সদ-
স্মীতি বিজ্ঞানমক্ষজঃ প্রত্যক্ষ প্রত্যয়ঃ কর্তা ভোক্তেত্যেবমাগ্ণাকারো বাধতে ধ্রুবং
নিশ্চিতমেতৎ । অক্ষজস্ত প্রাবল্যে হেতুগর্ভং বিশেষণং—দৃঢ়সংস্কার ইতি ।
কিঞ্চ তেন যুমুকুদৌষৈঃ রাগাদিভিষ্চ বহিরাকুষ্যতে বহিমুখীক্রিয়তেহতঃ
প্রসংখ্যানং দোষনিবৃত্তয়ে চ কার্যমিত্যর্থঃ ॥ ১৩

শ্রুতানুমানজ্ঞানানৌ সামান্যবিষয়ৌ যতঃ ।

প্রত্যয়াবক্ষজোহবশ্যং বিশেষার্থৌ নিবারয়েৎ ॥ ১৪

পদান্বয় । বতঃ (বেহেতু) ঐতানুমানজ্ঞানো (শব্দ ও লিঙ্গজ্ঞান হইতে বাহার উৎপত্তি এরূপ) প্রত্যয়ো (জ্ঞানধর) সামান্তবিষয়ো (সামান্য বিষয়ক) [অতঃ = এইজন্ত] বিশেষার্থঃ (বিশেষ বিষয়ক) অক্ষয়ঃ (ইন্দ্রিয়জন্ত) [প্রত্যয়ঃ = জ্ঞান] অবশ্যম্ (নিশ্চত) [তো = প্রত্যক্ষ ও অনুমানকে] নিবারয়েৎ (বাধিত করে) ॥ ১৪

অনুবাদ । যে হেতু শব্দ ও লিঙ্গজন্য জ্ঞান সামান্তবিষয়ক ; অতএব বিশেষ-বিষয়ক প্রত্যক্ষ শব্দ ও অনুমানকে অবশ্য বাধিত করে * ॥ ১৪

টীকা । ন কেবলং চিরং নিরুচ্যমানাঘটিতহেন প্রত্যক্ষপ্রাবল্যমপি তু বিশেষবিষয়ত্বাচ্চেত্যাহ—শ্রুতেতি । ঐতঃ শব্দোহনুমানং লিঙ্গজ্ঞানং বিশ্রলিপ্সাত্রাস্তোরপি তত্র সম্ভাব্যমানত্বাদ্ গত্যন্তরসম্ভবাচ্চ প্রত্যক্ষস্ত তদ-ভাবাদ্ভুক্তং বাধকত্বমিত্যর্থঃ ॥ ১৪

বাক্যার্থপ্রত্যয়ী কশ্চিৎনির্দুঃখো নোপলভ্যতে ।

যদি বা দৃশ্যতে কশ্চিদ্বাক্যার্থশ্রুতিমাত্রতঃ ॥ ১৫

নির্দুঃখোহু তীতদেহেষু কৃতভাবোহনুমীয়তে ।

চর্য্যা নোহশাস্ত্রসংবেগ্যা স্মাদনিষ্কং তথা সতি ॥ ১৬

পদান্বয় । কশ্চিৎ (কোন) বাক্যার্থপ্রত্যয়ী (বাক্যার্থ জ্ঞানবান্) নির্দুঃখঃ (দুঃখরহিত) ন উপলভ্যতে (দৃষ্ট হয় না), যদি বা (অথবা) কশ্চিৎ (কেহ) বাক্যার্থশ্রুতিমাত্রতঃ (বাক্যার্থ শ্রবণমাত্রে) নির্দুঃখঃ (দুঃখশূন্য) দৃশ্যতে (দেখা যায়) অতীতদেহেষু (পূর্ব পূর্ব শরীরে) কৃতভাবঃ (অনুষ্ঠিত প্রসংখ্যান) [নির্দুঃখ = দুঃখশূন্য] অনুমীয়তে (অনুমিত হয়), নঃ (আমাদের) চর্য্যা (বেদান্তানুশীলন) অশাস্ত্রসংবেগ্যা (শাস্ত্র বিহিত হয় না) তথা সতি (তাহা হইলে) অনিষ্টম্ (প্রত্যাবার) স্মাৎ (হয়) ॥ ১৫-১৬

অনুবাদ । বাক্যার্থ-জ্ঞানবান্ কোন লোক দুঃখশূন্য দৃষ্ট হয় না, অথবা যদি [শ্রুত্যাচিত্তে] বাক্যার্থ শ্রবণমাত্রেই কাহাকে নির্দুঃখ দেখা যায়, তথাপি তিনি পূর্ব পূর্ব শরীরে প্রসংখ্যানের অনুষ্ঠান করিয়া দুঃখশূন্য হইয়াছেন,—ইহাই

* তাৎপর্য—অগ্নি শব্দ শ্রবণে কিংবা ধূম দর্শনে অগ্নির যে জ্ঞান হয়, তাহা সামান্তাকার; কিন্তু অগ্নির সহিত চক্ষুর সন্নির্কর্ষ জনিত জ্ঞান বিশেষকেও বিবর করে ।

অনুমিত হইবে ; [বিধি স্বীকার না করিলে] আমাদের সন্ন্যাসাচার শাস্ত্রবিহিত হয় না ; তাহা হইলে মহৎ অনিষ্ট সংঘটিত হয় * ॥ ১৫ ॥ ১৬

টীকা । যদি বাক্যার্থজ্ঞানমাত্রাৎ কৃতকৃত্যতা কশ্চিৎ দৃশ্যতে তদা প্রসংখ্যানকল্পনমনর্থকং স্মারতু তথাৎ দৃকশ্চি শ্রুতে, অতঃ প্রসংখ্যানমাবশ্যক-মিত্যাহ—বাক্যার্থপ্রত্যয়ীতি । ‘তদ্বৈতং পশুন্ ঋষির্বামদেবঃ প্রতিপেদে তদ্বাস্ত বিজজৌ’ ইত্যাদৌ বাক্যার্থজ্ঞানমাত্রাদ্বামদেবাদিঃ কৃতকৃত্যো দৃশ্যতে ইতি চেৎ তত্রাহ—যদি বেতি । দৃশ্যতে নিহুঃখ ইত্যন্তরঙ্গোকগতেনাশ্রয়ঃ । নিহুঃখোহতীতোত । বাক্যার্থশ্রবণমাত্রাৎ কশ্চিদ্ যদি নিহুঃখো দৃশ্যতে শ্রুতিপুরাণাদৌ । সোহতীতদেহেবু কৃতভাবোহনুষ্ঠিতপ্রসংখ্যা-নোহনুমীরতে নিহুঃখবলিন্জেনেত্যর্থঃ । কিঞ্চ সক্রদ্বিজ্ঞাতবাক্যার্থশ্র বিধানভূ-পগমে নোহস্মাকং চর্যা পরমহংসাপ্রমাচারান্শাস্ত্রসংবেত্তা স্তাৎ শাস্ত্রবিহিতা ন স্তাৎ, তথা সত্যনিষ্টং স্তাৎ, যত্যাশ্রমচর্যা পরিত্যাগেহপি আকৃঢ়পতিততা ন ভবেদিত্যানিষ্টপ্রসঙ্গ ইত্যর্থঃ ॥ ১৫ । ১৬

সদসীতি ফলকোক্তু। বিধেয়ং সাধনং যতঃ ।

ন তদন্যৎ প্রসংখ্যানাৎ প্রসিদ্ধার্থমিহেয্যতে ॥ ১৭

পদার্থায় । [স্বম্ = তুমি] সদসি (ব্রহ্মস্বরূপ আছে) ইতি (এইরূপ বর্তমান উপদেশের দ্বারা) [ইদম্ = এই] [ফলম্ = ফল], যতঃ (যেহেতু) ফলম্ (ফলকে) উক্তু। (বলিয়া) সাধনম্ (উপায়) বিধেয়ম্ বিধান কর্তব্য), [ব্রহ্ম-স্বের জন্ত জ্যোতিষ্টোমাদি যাগ কেন বিহিত হইতেছে না, এই আশঙ্কায় বলি-তেছেন—] ইহ (বেদান্তে) প্রসংখ্যানাৎ (প্রসংখ্যানের) অন্তঃ (অপর) প্রসিদ্ধার্থম্ (প্রকাশ সমর্থ) তৎ (জ্যোতিষ্টোমাদিসাধন) ন ইয্যতে (ইষ্ট নহে) ॥ ১৭

* তাৎপর্য—এই জগতে এমন কোন লোক দেখা যায় না, যিনি প্রসংখ্যানের অনুষ্ঠান করেন নাই, অথচ তদ্ব্যসি—বাক্যার্থ জ্ঞানের দ্বারা সংসার ছুঃখ হইতে বিমুক্ত হইয়াছেন । যদি বল, শ্রুত্যানিতে দৃষ্ট হয়, বামদেব প্রভৃতি ঋষি কেবলমাত্র বাক্যার্থ জ্ঞানের দ্বারা বিমুক্ত হইয়াছেন,—কিন্তু তাগর উত্তরে এই বলা বাইতে পারে, তাঁহারাও পূর্ব পূর্ব জন্মে প্রসংখ্যানের অনুষ্ঠান করিয়াছিলেন । অপিচ, বিধি লঙ্ঘন করিয়া যদি সন্ন্যাসাচার গ্রহণ করা যায়, তাহাও শাস্ত্রসঙ্গত হয় না ; সুতরাং তাহাতে প্রত্যহারও আছে,—এই-রূপ পূর্বপক্ষীয় অভিপ্রায় ।

অনুবাদ । 'তুমি ব্রহ্ম'—এইরূপ উপদেশের দ্বারা এই ফল যে সর্বত্র ফল বলিয়া সাধন বিহিত হইয়া থাকে ; এই বেদান্তশাস্ত্রে প্রসংখ্যান তিন প্রসিদ্ধার্থক জ্যোতিষ্টোমাদি সাধন অঙ্গীকৃত হয় না * ॥ ১৭

টীকা । কস্তর্হি প্রসংখ্যানবিধিপক্ষে সিদ্ধব্রহ্মোপদেশস্তার্থঃ স্তাদিত্যত আহ—সদসীতি । তৎ সদব্রহ্মসীতি বর্তমানোপদেশেন ফলমিদং সাধনবিধানার্থ-মুচ্যতে, যতো যস্মাৎ সর্বত্র ফলমুক্তা সাধনং বিধেয়মতো ব্রহ্মাত্মক্যকামঃ প্রসংচক্ষীতেতি সার্থকো বিধির্ভবেদিত্যর্থঃ । প্রসংখ্যানমেব কিমিতি বিধীয়তে জ্যোতিষ্টোমাদি কস্মাদব্রহ্মভাবায় ন বিধীয়তে ইত্যত আহ—ন তদশ্চাদিতি । প্রসংখ্যানাদিত্যদেহ বেদান্তেষু প্রসিদ্ধার্থাভব্যঞ্জনসমর্থং সাধনং যৎ তন্নেব্যতে । জ্যোতিষ্টোমাদেব্যাংকত্বসামর্থ্যাভাবাদিত্যর্থঃ ॥ ১৭

তস্মাদনুভবায়ৈব প্রসংক্ষাত যত্নতঃ ।

ত্যজন্ সাধনতৎসাধ্যাবিরুদ্ধং শমনাদিমান্ ॥ ১৮

পদার্থায় । তস্মাৎ (তস্কৃত) শমনাদিমান্ (শমনাদিযুক্ত পুরুষ) সাধনতৎসাধ্যাবিরুদ্ধম্ (প্রসংখ্যান—সাধন, তৎ সাধ্যফল আত্মসাক্ষাৎকার, তদবিরুদ্ধ কস্মিনিষ্ঠা) ত্যজন্ (ত্যাগ করিয়া) অনুভবায় এব (জ্ঞানের নিমিত্ত) যত্নতঃ (যত্নপূর্বক) প্রসংক্ষাত (প্রসংখ্যানের অনুষ্ঠান করিবেন) ॥ ১৮

অনুবাদ । অতএব শমনাদিযুক্ত পুরুষ প্রসংখ্যানরূপ সাধন এবং তাহার ফল আত্মসাক্ষাৎকারের বিরোধী কস্মিনিষ্ঠত্ব পরিত্যাগ করত তত্ত্বজ্ঞানের নিমিত্ত যত্নসহকারে প্রসংখ্যানের অনুষ্ঠান করিবেন † ॥ ১৮

* তাৎপৰ্য্য—যদি বল, প্রসংখ্যান বিধিপক্ষে জীব ব্রহ্মের একত্বরূপ সিদ্ধ ব্রহ্ম-উপদেশের কি ফল ? ইহার উত্তরে এই বলা যাইতেছে যে, সর্বত্র ফলের উল্লেখ করিয়া সাধন বিহিত হইয়া থাকে । এইরূপ বিধির আকার হইবে,—ব্রহ্মও আত্মার একত্বকাম পুরুষ প্রসংখ্যান করিবেন, এখানে ব্রহ্ম ও জীবের একত্ব ফল, তাহার উল্লেখ করিয়া প্রসংখ্যানরূপ সাধনের বিধান হইল । স্বর্গকাম জ্যোতিষ্টোমের দ্বারা বাগ করিবেন, এখানেও স্বর্গফলের উল্লেখ করিয়া জ্যোতিষ্টোমরূপ সাধনের বিধান হইয়াছে । সাধন শব্দের অর্থ উপায়, বাহার দ্বারা ফলপ্রাপ্ত হওয়া যায় । এখানে এরূপ আপত্তি হইতে পারে যে, প্রসংখ্যান সাধনের কথা কেন বলা হইল, জ্যোতিষ্টোমাদি বাগের কথা কেন সাধনরূপে বলা হয় নাই, তাহার উত্তর এই,—জ্যোতিষ্টোমাদি বাহিরঙ্গ সাধন, তাহার চিত্তত্যাগের সহায়তা করে মাত্র, কিন্তু প্রসংখ্যান অন্তরঙ্গ সাধন, তদ্বারা জীবব্রহ্মের একত্বের অভিব্যক্তি হয় ; সুতরাং বেদান্তে তাহারই উল্লেখ হইয়াছে ।

† তাৎপৰ্য্য—এই লোকে পূর্বপক্ষীয় আপত্তি সমাপ্ত হইল । শমন শব্দের অর্থ শম । আদিপদে দম প্রকৃতি বাবতীর সাধনের গ্রহণ করিতে হইবে ।

টীকা । পূৰ্ব্বপক্ষমুপসংহৃত্তি--তস্মাদিত্তি । কিং কুৰ্ব্বন্ ? সাধন-
তৎসাধ্যবিকল্পং ত্যজন্ সাধনং প্রসংখ্যানং তৎসাধ্যং তৎফলমাত্মৈক্যাসাক্ষাৎকারঃ
তদ্বিকল্পং কৰ্মনিষ্ঠত্বং শমনং শম আদিপদাৎ দমোপরমৌ ইত্যাদি গ্রহঃ । শমাди-
যুক্তশ্চ সন্নিত্যর্থঃ ॥ ১৮

নৈতদেবং রহস্তানাং নেতি নেত্যবসানতঃ ।

ক্রিয়াসাধ্যং পুরা শ্রাব্যং ন মোক্ষো নিত্যসিদ্ধতঃ ॥ ১৯

পদান্বয় । রহস্তানাম্ (উপনিষদ্ বাক্যসমূহের) নেতি নেতি
অবসানতঃ (দেহ-ইন্দ্রিয়াদি আত্মা নহে, এইরূপ দৃশ্য নিষেধের দ্বারা ব্রহ্মাত্মস্বরূপে
পর্য্যবসান-বশতঃ) এতৎ এবম্ ন (বেদান্তের বিপিতে তাৎপর্য্য নহে), ক্রিয়া-
সাধ্যম্ (জ্যোতিষ্টোমাদি কৰ্ম জন্ত ফল) পুরা (পূৰ্ব্বকাণ্ডে, কৰ্মকাণ্ডে) শ্রাব্যম্
(শ্রোতব্য) [উপনিষদে নহে] নিত্যসিদ্ধতঃ (স্বতঃ সিদ্ধত্বহেতু, অসাধ্যত্বহেতু)
মোক্ষঃ (যুক্তি) ক্রিয়াসাধ্যং ন (কৰ্মসাধ্য নহে) ॥ ১৯

অনুবাদ । উপনিষদ্ বাক্য সমূহের দৃশ্য নিষেধদ্বারা ব্রহ্মস্বরূপে পর্য্যব-
সান বশতঃ বিধার্থতা যুক্তিযুক্ত নহে, ক্রিয়াসাধ্য ফল কৰ্মকাণ্ডে শ্রোতব্য ; স্বতঃ-
সিদ্ধ বলিয়া মোক্ষ কৰ্মসাধ্য ফল নহে * ॥ ১৯

টীকা । সিদ্ধান্তমুপক্রমতে--নৈতদেবমিত্তি । কিং বেদান্তেষু
প্রসংখ্যানং সাক্ষাদ্বিধায়তে কিংবা বর্তমানোপদেশেন ফলবচনানুপপত্ত্যা কল্পাত
ইতি তত্র নাশ ইত্যাহ--রহস্তানামিত্তি । উপনিষদ্বাক্যানামিত্যর্থঃ । নেতি
নেতি দৃশ্যনিষেধদ্বারা তদবোধমাত্রে ব্রহ্মাত্ম-স্বরূপে পর্য্যবসান-দর্শনাদ্বেদান্তানাং ন
বিধার্থতেত্যর্থঃ । দ্বিতীয়ং প্রত্যাহ--ক্রিয়াসাধ্যমিত্তি । যৎ ক্রিয়াসাধ্যং
ফলং তৎ পুরা পূৰ্ব্বকাণ্ডে শ্রাব্যং নোপনিষৎসু, অত্র শ্রয়মাণো মোক্ষো ন
ক্রিয়াসাধ্যঃ । কৃতঃ, নিত্যসিদ্ধতোহসাধ্যাদিত্যর্থঃ ॥ ১৯

পুত্রদুঃখং যথাধ্যস্তং পিত্রাদুঃখে স্ব আত্মনি ।

অহং কৰ্ত্তা তথাধ্যস্তো নিত্যাদুঃখে স্ব আত্মনি ॥ ২০

পদান্বয় । যথা (যেমন) পিত্রা (পিতৃকর্তৃক) অহঃখে (হুঃখরহিত)

খে আত্মনি (নিজ স্বরূপে) পুত্রদুঃখম্ (পুত্রের জরাদি হুঃখ) অধ্যস্তম্ (আরো-

* তাৎপর্য্য--এই মোক্ষ হইতে সিদ্ধান্তীয় উক্তি আরম্ভ হইল ।

পিতা), তথা (সেইরূপ) নিত্যাহংখে (সৰ্বদা হঃখাদিরহিত) যে আত্মনি
(নিজ আত্মাতে) অহং কর্তা (আমি কর্তা এইরূপ অজ্ঞান) অধ্যাত্তঃ
(আরোপিত) ॥ ২০

অনুবাদ । যেমন পিতা নিজের হঃখশূন্য আত্মাতে পুত্রের জরাদি-
হঃখের আরোপ করিয়া থাকেন, সেইরূপ লোক সৰ্বদা হঃখরহিত স্বীয় আত্মাতে
'আমি কর্তা'—এইরূপ ধর্মের আরোপ করিয়া থাকে * ॥ ২০

টীকা । তত্ত্বমশ্রাদিবা ক্যমপরোক্ষাদিতীয়ব্রহ্মা অজ্ঞানধারা তদজ্ঞানং
তদধাত্ত্বকং হঃখিত্বাদিসংসারং নিবর্তয়তীতি বক্তুমজ্ঞানাধ্যাত্তঃ হঃখাদীত্যত্র দৃষ্টান্ত-
মাহ—পুত্রোতি । অহংখে জরাদিহঃখরহিত ইত্যর্থঃ । দার্ষ্টান্তিকমাহ—
অহংকর্তেতি । নিত্যাহংখে সদা হঃখাদিসংসাররহিতে যে স্বরূপে আত্মনি
নিক্রুপাধিকেইহংকর্তা সাতাসাত্তঃকরণাবিবক্তো হঃখাদিধর্মকোহবিবেকলক্ষণয়া
বিজ্ঞয়া তথাধ্যাত্ত্ব ইত্যর্থঃ । অহং কর্তাতিপাঠে স্ব আত্মনীত্যত্র হঃখাদিরিতি
শেষঃ ॥ ২০

সোহধ্যাসো নেতি নেতীতি প্রাপ্তবৎ প্রতিষিধ্যতে ।

ভূয়োহধ্যাসবিধিঃ কশ্চিৎ কুতশ্চিন্নোপপদ্যতে ॥ ২১

পদান্বয় । সঃ (সেই) অধ্যাসঃ (অধ্যারোপ) প্রাপ্তবৎ (প্রাপ্তির হার,
যেন আছে, বস্তুতঃ নাই) নেতি নেতি ইতি (দেহ ইঞ্জির প্রভৃতি নাই, এইরূপে)
প্রতিষিধ্যতে (নিবারণিত হইতেছে), ভূয়ঃ (পুনরায়) কশ্চিৎ (কোন) অধ্যাস-
বিধিঃ (অধ্যাস বিধান) কুতশ্চিৎ (কোন কারণবশতঃ) ন উপপদ্যতে (উপ-
পন্ন হয় না) ॥ ২১

অনুবাদ । সেই অধ্যাস বস্তুতঃ আরোপিত হইলেও নেতি নেতি—
এইরূপ বাক্য দ্বারা প্রতিষেক হইতেছে,* আবার কোনও হেতুবশতঃ অধ্যাস-
বিধি উপপন্ন হয় না ॥ ২১

টীকা । আত্মনো ব্রহ্মস্বভাবাজ্ঞানেনাধ্যাত্তঃ সংসারস্তংস্বভাবজ্ঞানমাত্মাৎ

* তাৎপৰ্য—পিতা মৃত্ব আছেন, পুত্রের জর হইয়াছে, এমন সময় যদি কেহ পিতাকে
জিজ্ঞাসা করেন, কেমন আছেন ? পিতা উত্তর দেন,—বড় ভাল নাই, মহাশয় ! ছেলের জর ।
বিচার করিয়া দেখিলে এই ভাল না থাকাটি আরোপিত, ইহা অজ্ঞান-সত্ত্ব । সেইরূপ কর্তৃত্ব
ভোক্তৃত্ব বুঝাদির ধর্ম অজ্ঞানবশতঃ আত্মাতে আরোপ করিয়া লোক হঃখ ভোগ করে ।
সুতরাং সংসার-হঃখের মূল অধ্যাস ।

নেতি নেতি কথমসীতি চ শাস্ত্রোথাৎ নিবৰ্ত্ততে, তদাঙ্গনঃ সৰ্বক্ৰিয়াধিকারনিবৃত্তেঃ
স্বপ্ৰণাবিব পুনরধ্যাসবীজাতাবাৎ কৃতকৃতান্ত ন প্রসংখ্যানবিধ্যবসর ইতি কলিত-
মাহ—সোহধ্যাস ইতি । প্রাপ্তবদিতি বতিপ্রয়োগাদ্বস্তবৃত্ত্যা প্রাপ্ত্যভাবা-
দারোপিত্বং দ্রুতমতি ॥ ২১

আত্মনীহ যথাধ্যাসঃ প্রতিষেধস্তথৈব চ ।

মলাধ্যাসনিষেধৌ খে ক্রিয়েতে চ যথাবুধৈঃ ॥ ২২

পদাঙ্কয় । যথা (যেমন) ইহ (পুরঃস্থিত) আত্মনি (দেহাতিরিক্ত
আত্মবাদী নৈয়ায়িকাদির মতে, আত্মাতে) অধ্যাসঃ (দেহাদি ধর্ম, জরামরণাদির
অধ্যাস) প্রতিষেধশ্চ, (এবং নিষেধ) যথা চ (এবং যেমন) খে (আকাশে)
মলাধ্যাসনিষেধৌ (মলিনতার আরোপ) অবুধৈঃ (অজ্ঞগণ কর্তৃক) ক্রিয়েতে
(কৃত হয়), তথৈব চ (সেইরূপ) [অবিষয়ে প্রত্যগাত্মনি ব্রহ্মণি সংসারাদ্যাস-
নিষেধৌ স্মাতাম্ = অবিষয় প্রত্যগাত্মা ব্রহ্মে অধ্যাস ও নিষেধ করা হয়] ॥ ২২

অনুবাদ । [যদি বল, অবিষয় প্রত্যগাত্মা ব্রহ্মে বিষয় এবং তাহার ধর্ম
হুঃখিৎসাদির অধ্যাস হয়, কারণ, পুরঃস্থিত শুক্তিকাপ্রভৃতিতে রজতাদির অধ্যাস
হইয়া থাকে—এই আশঙ্কার উত্তর দিতেছেন,—এ নিয়ম ঠিক নহে,—]
যেমন দেহাতিরিক্ত আত্মবাদী নৈয়ায়িকাদির মতে আত্মাতে দেহ ও তাহার ধর্ম
জরা-মরণাদির অধ্যাস হয়, এবং যেমন আকাশে মলিনতার অধ্যাস এবং নিষেধ
হয় ; সেইরূপ অবিষয় প্রত্যগাত্মা ব্রহ্মেও সংসারের অধ্যাস ও নিষেধ হয় ॥ ২২

টীকা । নহু অবিষয়ে ব্রহ্মাত্মনি বিষয়ধর্ম্যাণাং হুঃখিৎসাদীনাং কথমধ্যাসঃ
সস্তাব্যতে, যতঃ পুরোধবস্থিতে বিষয়ভূতে শুক্তিকাদৌ রজতাদ্যধ্যাসৌ দৃষ্ট ইত্যা-
শক্য ব্যতিচার্যৈবং নিয়ম ইত্যাহ—আত্মনীতি । যথা দেহব্যতিরিক্তাত্ম-
বাদিনামাত্মনীহ পুরঃস্থিতে দেহজরামরণাদ্যধ্যাসস্তৎপ্রতিষেধশ্চ, যথাচেজ্জিয়া-
বিষয়েহপি খে মলাধ্যাসনিষেধাববুধৈঃ ক্রিয়েতে, তথৈব চ প্রত্যগাত্মনি ব্রহ্মণ্যপ্য-
বিষয়ে সংসারাদ্যাসনিষেধৌ স্মাতামিত্যর্থঃ । “আত্মনীহ তথাধ্যাসে” ইতি পাঠে
দৃষ্টান্তদ্বাষ্টাংশিকপরতঃস্মাতার্যদ্বিপূর্বাকৌ স্পষ্টার্থো । অধিষ্ঠানস্বরূপমাত্রফুরণমধ্যা-
সেহপেক্ষ্যতে ন বিষয়ত্বেন ফুরণং তদ্বিহ স্বপ্রকাশে আত্মনি স্বতঃ সিদ্ধমিতি
নামুপপত্তিরিতি ভাবঃ ॥ ২২

প্রাপ্তশ্চেৎ প্রতিষিধ্যত মোক্ষোহনিত্যো ভবেৎক্রবম্ ।

অতোহপ্রাপ্তনিষেধোহয়ং দিব্যাগ্নিচয়নাদিবৎ ॥ ২৩

পদান্বয় । চেৎ (যদি) প্রাপ্তঃ (প্রত্যক্ষাদি প্রমাণসিদ্ধ সংসার) প্রতি-
ষিধ্যতে (ঋতির দ্বারা নিবৃত্ত হয়) [তদা = তাহা হইলে] মোক্ষঃ (মুক্তি)
ক্রবম্ (নিশ্চিত) অনিত্যঃ (জগৎ প্রযুক্ত বিনাশী) ভবেৎ (হয়), অতঃ
(এইজন্ত) দিবি (আকাশে) অগ্নিচয়নাদিবৎ (অগ্নিচয়ন, এবং লৌকিক আকার
মালিন্যাদির স্তায়) অয়ম্ (এই, অর্থাৎ ব্রহ্মে সংসার-নিবৃত্তি) অপ্রাপ্তনিষেধঃ
(অপ্রাপ্তের নিবৃত্তি) ॥ ২৩

অনুবাদ । যদি প্রাপ্তি থাকিলে প্রতিষিদ্ধ হয়, তবে নিশ্চিত মোক্ষ অনিত্য
হইবে ; অতএব আকাশে অগ্নিচয়ন ও আকাশ মালিন্যাদির স্তায় ইহাও, [ব্রহ্মে
সংসার নিবৃত্তি] অপ্রাপ্ত নিষেধ * ॥ ২৩

টীকা । প্রাপ্তবৎ প্রতিষিধ্যত ইত্যুক্তং প্রপঞ্চয়তি—প্রাপ্তশ্চেদিত্তি
প্রমাণসিদ্ধশ্চেৎ সংসারঃ প্রাপ্তবৎ প্রতিষিধ্যত ওহি সংসারবন্ধনিবৃত্তিরূপস্ত
মোক্ষস্তাগতকত্বাৎ ক্রবৎ নিশ্চিতং মোক্ষোহনিত্যো ভবেৎ, পরমার্থবৃত্ত্যাঙ্গগতস্ত
বন্ধস্ত পরমার্থত এব নিবৃত্তৌ তস্তাত্মনোহবস্থাস্তরাপত্ত্যা বিকারিত্বানিত্যত্ব-
মাবশ্যকং তথানাদিভাবরূপস্ত বন্ধস্ত পরমার্থত্বে তন্নিবৃত্তিরেবাসম্ভাবিনৌ । সাদিত্বা-
ভ্যাপগমে তু তস্তাত্মনৈব কৃতত্বানিবৃত্তসজাতীয়স্ত পুনস্তস্মিন্ পূর্ববদ্বৎপত্ত্যুপপত্তে-
রনিত্যো মোক্ষঃ প্রসঙ্গোতৈবেতি বন্ধস্তাবিশ্লবস্তমবশ্যমেষ্টব্যম্ । তস্ত চ জ্ঞানাদেব
নিবৃত্তেনির্নর্ককং প্রসংখ্যানমিত্যভিপ্রেত্যোপসংহরতি—অত ইতি । যথা
'নাস্তরিক্ষে ন দিব্যাগ্নিশ্চেতব্য' ইতি পৃথিব্যামিবাগ্নিচয়নমস্তরিক্ষাদাবারোপ্যা-
প্রাপ্তমেব প্রতিষিধ্যতে । তথা সংসারবন্ধরহিত এবাত্মনি তদারোপনিষেধাবিতি
দৃষ্টান্তেনাহ—দিব্যাগ্নীতি । আদিপদাদাকাশমালিন্যাং লৌকিকং গৃহ্যতে ॥ ২৩

* তাৎপৰ্য—পূর্বে 'প্রাপ্তবৎ প্রতিষিধ্যতে' এই শ্লোকে প্রাপ্তি থাকিলে প্রতিষিদ্ধ হয়,
ইহাই ব । হইয়াছে, তাহাই এখানে বিশদরূপে বলা হইতেছে । সর্বত্র প্রাপ্তি থাকিলে
নিষেধ দেখিতে পাওয়া যায়, যেমন বার্তাকৃতকণের প্রাপ্তি থাকার আরোহনীতে নিষিদ্ধ
হইয়াছে । সেইরূপ প্রত্যক্ষাদি প্রমাণ সংসার তত্ত্বজ্ঞানের দ্বারা বাধিত হয়, তবে মোক্ষও
আগতক—কারণজন্ত, সুতরাং তাহারও অনিত্যত্ব ক্রবৎ,—এই আশঙ্কায় বলা বাইতেছে যে,
ব্রহ্মে কখনও সংসার প্রাপ্তি ছিল না, কেবল আরোপিত সংসার প্রতিভাসমান হয় । প্রাপ্তি
থাকিলেই যে প্রতিষিদ্ধ হয়, এমন কোন নিয়ম নাই । ঋতিতে আছে—'অস্তরিক্ষে কিংবা
আকাশে অগ্নিচয়ন করিবে না' কিন্তু আকাশাদিতে অগ্নিচয়ন প্রাপ্তি না থাকায়ও যেমন
নিষিদ্ধ হইয়াছে, একতন্ত্রেও তাহাই হইবে । গগনে একতন্ত্রে মালিন্য নাই, তথাপি
আরোপিত মলিনতার নিষেধ হইয়া থাকে ।

সম্ভাব্যো গোচরে শব্দঃ প্রত্যয়ো বা ন চান্তথা ।

ন সম্ভাব্যো তদাত্মত্বাদহংকর্তৃত্বৈব চ ॥ ২৪

পদান্বয় । শব্দঃ (শব্দজ্ঞান) প্রত্যয়ঃ বা (অথবা প্রমাণান্তর জ্ঞান) গোচরে (বিষয়ে) সম্ভাব্যঃ (সম্ভাবনীয়), ন চ অন্তথা (অন্ত প্রকারে—
অবিষয়ে হয় না), তত্বেব চ (সেইরূপ) অহংকর্তুঃ (অহংকর্তার, প্রমাতার)
তদাত্মত্বাৎ (ব্রহ্মস্বরূপত্বহেতু) [তৌ = শব্দজ্ঞান এবং প্রমাণান্তর জ্ঞান] ন
সম্ভাব্যো (সম্ভাবনীয় নহে) ॥ ২৪

অনুবাদ । শব্দজ্ঞান কিংবা প্রত্যয়াদি প্রমাণজ্ঞান বিষয়ে উৎ-
পন্ন হয়, অবিষয়ে হয় না ; অতএব প্রমাতা ও প্রমাণের ব্রহ্মাত্মত্বহেতু শব্দ কি
প্রত্যয়ান্তর বিষয়ত্ব সম্ভব নহে * ॥ ২৪

টীকা । আত্মনি ব্রহ্মসম্বন্ধবোধকপ্রমাণাত্মত্বাদপি ন তত্র ব্রহ্ম সত্যতা
প্রাপ্তিরন্তীত্যাহ—সম্ভাব্য ইতি । অর্থঃ—আত্মনি ব্রহ্মসম্বন্ধবোধকং
প্রমাণং শব্দঃ প্রমাণান্তরং বা সর্বথাপি নোপপত্তত ইত্যাহ—শব্দঃ প্রত্যয়ো-
বেতি । প্রত্যয়ঃ প্রমাণান্তরজ্ঞানঃ শব্দো বা প্রত্যয়ো বা লোকে গোচরে
বিষয়ে সম্ভাব্যঃ সম্ভাবনাযোগ্যো ন চান্তথা বিষয়ত্বাযোগ্যো । তথা চ ষষ্ঠী
জ্ঞানিগুণক্রিয়াদিশব্দপ্রবৃত্তিনিমিত্তরহিতস্তাত্মনো ন শব্দগোচরত্বং সম্ভাব্যতে,
যেনারমাত্মা সংসারীতিবোধঃ শব্দাত্মপদেভ্যেভ্যে । তথা রূপাদিহীনত্বাৎ বাহ্যে-
ক্রিয়বর্গস্তস্মিন ক্রমতে ; অতএব ন তৎস্বরূপসম্বন্ধতয়া লিঙ্গবিশেষাগ্রহণাদনু-
মানার্থাপত্তৌ তস্মিন্ সম্ভবতোহব্যবাস্তবতারোপমানং ভাবরূপত্বাদেব নানুপলব্ধি-
পীতি প্রতীতিমাত্রং পরিশিষ্যত ইতি ন প্রমাণসিদ্ধৌ ব্রহ্মসম্বন্ধ ইতি যতো ন
সম্ভাব্যাত্মত্বপি শব্দপ্রত্যয়াবিত্তি । . কিঞ্চ শব্দপ্রত্যয়য়োঃ প্রমাণত্বাভিমতয়ো-
স্তত্বেব চাহংকর্তুঃ প্রমাতৃত্বাভিমতস্ত চ তদাত্মত্বাদব্রহ্মাত্মত্বাৎ তদগোচরত্বমুপপত্ততে ।
ন হ্যাগন্তকয়োঃ শব্দপ্রত্যয়য়োঃ হংকর্তৃর্বা চিদাত্মনঃ পৃথক্ স্বরূপমস্তি, স্বাত্মনি
তু ক্রিয়ানুপপত্তিরিত্যর্থঃ ॥ ২৪

* তাৎপর্য—শব্দ-জ্ঞান কিংবা প্রত্যয়, অনুমান, উপমান, অর্থাপত্তি ও অনুপলব্ধি-
জ্ঞান কোন বিষয়কে অবলম্বন করিয়া উৎপন্ন হয়, বিষয় হীন জ্ঞান হয় না ; যেহেতু
জ্ঞান, ইচ্ছা, কৃতি ও বোধ সবিসয়কাহর । বিশেষ প্রমাতা বা প্রমাণ ব্রহ্মস্বরূপ অর্থাৎ তাহাতে
অধাতু, হস্তরাং তদ্বারা ব্রহ্ম জানা যায় না । বিশেষতঃ ব্রহ্ম অবিষয় ।

অহং কর্তৃত্বানি শূন্তং চৈতন্যে কর্তৃত্বাদি যৎ ।

নেতি নেতীতি তৎ সৰ্বং সাহংকৰ্ত্তা নিষিধ্যতে ॥ ২৫

পদাশয় । চৈতন্যে (চিৎস্বরূপ) আত্মনি (আত্মাতে) অহংকর্ত্তা (অহং-কর্ত্তৃকর্ত্তক, প্রমাতৃকর্ত্তক) যৎ (যে) কর্ত্ত্বাদি (কর্ত্ত্বভোক্তৃৎ প্রভৃতি) শূন্তম্ (আরোপিত হইয়াছে) তৎ সৰ্বম্ (সেই সমস্ত কর্ত্ত্বাদি) অহংকর্ত্তা (অহংকর্ত্তার সহিত) নেতি নেতি (এটি আত্মা নহে এইরূপে) নিষিধ্যতে (নিষিদ্ধ হয়) ॥ ২৫

অনুবাদ । জ্ঞানস্বরূপ আত্মাতে অহংকর্ত্তৃকর্ত্তক যে কর্ত্ত্বাদি আরোপিত হয়, অহংকর্ত্তার সহিত সেই সমুদায় 'দেহেন্দ্রিয়াদি আত্মা নহে'—এইরূপে নিষিদ্ধ হয় * ॥ ২৫

টীকা । তস্মাদধ্যস্তনিষেধ এব বক্তব্য ইতি সিদ্ধমিত্যাহ—অহং কর্ত্তেতি । চৈতন্যে চিৎস্বরূপ আত্মনি যদহং কর্ত্তা সাভাসান্তঃকরণাবিবেকেন কর্ত্ত্বাদি শূন্তমারোপি তৎ তৎ সৰ্বং নেতি নেতীতি নিষিধ্যতে, সাহংকর্ত্তা অহং কর্ত্তা সহিত্যর্থঃ ॥ ২৫

উপলক্ষিঃ স্বয়ংজ্যোতির্দৃশিঃ প্রত্যক্ সদক্রিয়ঃ ।

সাক্ষাৎ সৰ্বাস্তরঃ সাক্ষৌ চেতা নিত্যোহগুণোহদ্বয়ঃ ॥ ২৬

পদাশয় । [আত্মা] উপলক্ষিঃ (জ্ঞানস্বরূপ) স্বয়ংজ্যোতিঃ (স্বয়ং-প্রকাশ) দৃশিঃ (দ্রষ্টা, সাক্ষী) প্রত্যক্ (দেহেন্দ্রিয়াদি ভিন্ন) সৎ (নিত্য) অক্রিয়ঃ (ক্রিয়ারহিত), সাক্ষাৎ (সাক্ষাৎ) সৰ্বাস্তরঃ (সকলের অন্তর) সাক্ষৌ (দ্রষ্টা) চেতাঃ (জ্ঞাতা) নিত্যঃ (অবিনাশী) অগুণঃ (গুণরহিত) অদ্বয়ঃ (অদ্বিতীয়)—[ইত্যাদি শ্রুতি প্রমাণ] ॥ ২৬

অনুবাদ । আত্মা, জ্ঞানস্বরূপ, স্বয়ং প্রকাশ, দ্রষ্টৃস্বরূপ, প্রত্যক্, সৎ এবং অক্রিয় ; সাক্ষাৎ সৰ্বাস্তর, সাক্ষৌ, জ্ঞানরূপ, নিত্য, অগুণ, অদ্বিতীয়—এইরূপ শ্রুতি এ বিষয়ে প্রমাণ ॥ ২৬

* তাৎপর্য—বুদ্ধি প্রভৃতিতে আত্মাভিমানকে অহংকার কহে, তদভিমানী জীব অহংকর্ত্তা বলিয়া কথিত হয় ; যখন 'নেতিনেতি' এইরূপ জ্ঞানের দ্বারা কর্ত্ত্বাদি নিষিদ্ধ হয়, তখন তাহার আশ্রয় অহংকর্ত্তা চলিয়া যায় ; সুতরাং শুদ্ধ জ্ঞানস্বরূপ আত্মার অধ্যস্ত পদার্থের নিষেধ বুঝিতে হইবে।

টীকা । অধ্যস্তনিষেধ এব চেচ্ছান্ত্রেন ক্রিয়তে কথং তর্হ্যাত্মনঃ স্বরূপোপ-
লক্ষিত্যত আহ—উপলক্ষিত্যিতি । অনুপলক্ষ্যাদিগুরূপত্বে প্রমাণাত্বাদিতরুজ
চ সাক্ষাদিত্যাধিনা উত্তরার্দ্ধস্থিত্ত্রশ্চীনাং প্রমাণত্বাৎ স্বপ্রকাশ এবাত্মা সদা
স্বতঃ সিদ্ধ ইত্যর্থঃ ॥ ২৬

সন্নিধৌ সর্বদা তস্ম শ্চাৎ তদাভোহ্ভিমানকৃৎ ।

আত্মাত্মায়ং দ্বয়ধাতঃ শ্চাদহংমমগোচরঃ ॥ ২৭

পদার্থয় । তস্ম (চিদাত্মার) সর্বদা (সকল সময়) সন্নিধৌ (নিকট
ধাকার) অভিমানকৃৎ (অহংকার) তদাভঃ (চেতন সদৃশ) শ্চাৎ (হয়), অতঃ
(এইজন্য) আত্মাত্মায়ম্ (আত্মা ও আত্মসম্বন্ধী) দ্বয়ং চ (দুইটি) অহংমমগোচরঃ
(অহং এবং মম বিষয়ক) শ্চাৎ (হয়) ॥ ২৭

অনুবাদ । সর্বদা চিদাত্মার সন্নিধানে থাকার অহংকার চেতনাসদৃশ
হইয়া থাকে, তজ্জন্য আত্মভাব এবং আত্মীয় ভাবরূপ দুইটি অহংমম-বিষয়ক
হয় * ॥ ২৭

টীকা । নহু আত্মাত্মীয়মিতি চ দ্বয়মহংমমপ্রত্যয়গোচরত্বেন প্রসিদ্ধং, তথা
সতি কথমায়া স্বতঃসিদ্ধ ইত্যাপেক্ষোপাধিবশাৎ তথা প্রসিদ্ধিরিত্যাহ—সন্নিধা-
বিত্তি । অভিমানকৃদহংকারস্ত চিদাত্মনঃ সর্বদা সন্নিধৌ সতি তদাভশ্চৈতন্য-
প্রকাশযুক্ততয়া তদাকারঃ শ্চাদভো হেতোরাত্মাত্মীয়ং দ্বয়ঞ্চ শ্চাদহং মমেতি ব্যব-
হারগোচর ইত্যর্থঃ । তথা চ সাত্তাসক্তঃ করণতদ্বৃত্ত্যবিবেকানায়াহমিতি মমেতি
চ ভাসমানোহপি স্বতঃ সিদ্ধ এব স্বভাবত ইতি ভাবঃ ॥ ২৭

জাতিকর্মাদিমত্বাদ্ধি তস্মিন্ শব্দাস্ত্বহংকৃতি ।

ন কশ্চিদবর্ততে শব্দস্তদভাবাৎ স্ব আত্মনি ॥ ২৮ ॥

পদার্থয় । তস্মিন্ (সেই) অহংকৃতি (আত্মস অহংকারে) হি (নিশ্চিত)
জাতিকর্মাদিমত্বাৎ (শব্দের প্রবৃত্তি নিমিত্ত জাতিকর্মাদি বিশিষ্টত্ববশতঃ) শব্দাঃ
(শব্দসমূহ) [অবর্তন্তে = প্রবৃত্ত হইয়া], তদভাবাৎ (প্রবৃত্তিনিমিত্ত জাত্যাতির

* তাৎপর্য—যেহা কটিকে অবাকুস্মের লোহিত্য অধ্যস্ত হইয়া লোহিত কটিক
বলিয়া বোধ হয়, সেইরূপ বুদ্ধিতে আত্মজ্যোতিঃ প্রকাশিত হইয়া বুদ্ধি আত্মসদৃশ হয়;
অতএব অবিবেকবশতঃ .লোকের দেহে আত্মবুদ্ধি এবং দেহে আত্মসম্বন্ধি এই দুই
প্রকার জ্ঞান হয়, যেমন আমি ছুঁল, আমার দেহ ।

অভাববশতঃ) কচ্চিৎ (কোন) শব্দঃ (শব্দ) 'স্বে' আত্মনি (স্বরূপ আত্মাতে) ন বর্ততে (প্রবৃত্ত হয় না) ॥ ২৮

অনুবাদ । শব্দ প্রবৃত্তির নিমিত্তীভূত জাতিকর্মাদিবৃত্তিবশতঃ অহংকারে শব্দসমূহ প্রবৃত্ত হয়, তাহার অভাববশতঃ কোনও শব্দ স্ব স্বরূপ আত্মাতে প্রবৃত্ত হয় না * ॥ ২৮

টীকা । এবমতঃ প্রত্যয়াদেববিষয়ত্বোপপাদনে সস্তাব্যো গোচরে শব্দ ইতি প্রোকোক্তং প্রত্যয়গোচরত্বমাত্মনঃ প্রতিপাদিতম্, ইদানীং শব্দস্তাপি বিষয়ান্তরং দর্শয়ন্তদগোচরত্বমুপপাদয়তি—জাতীতি । তস্মিন্নহংকৃত্যংকারে সাত্তাসে হি নিশ্চিতং জাতিকর্মাदिशब्दप्रवृत्तिनिमित्तवत् छद्माः प्रवर्तन्ते, तदभावात् प्रवृत्ति-निमित्तजात्याद्यभावात् 'স্বে' স্বরূপভূতে আত্মনি নিরূপাধিকে কচ্চিদপি শব্দো ন বর্ততে, তং বিষয়ীকূর্কসিত্যর্থঃ । অত আত্মা স্বতঃসিদ্ধ ইতি ভাবঃ ॥ ২৮

আভাসো যত্র তত্রৈব শব্দাঃ প্রত্যগ্দৃশিঃ স্থিতাঃ ।

লক্ষয়েয়ুর্ন সাক্ষাৎ তমভিদধ্যুঃ কথঞ্চন ॥ ২৯

পদান্বয় । যত্র (যাহাতে, অহংকারাদিতে) আভাসঃ (চৈতন্য প্রতিবিম্বের স্ফুর্তি) তত্র এব (তাহাতেই) স্থিতাঃ (বর্তমান) শব্দাঃ (আত্মাদি শব্দ) প্রত্যগ্দৃশিঃ ((প্রত্যগাত্মাকে) লক্ষয়েয়ুঃ (লক্ষিত করে), কথঞ্চন (কোন প্রকারে, বিশেষণাদি প্রকারে) সাক্ষাৎ (প্রত্যক্ষ) তম্ (আত্মাকে) ন অভিদধ্যুঃ (বিষয় করে না) ॥ ২৯

অনুবাদ । [যদি বল, আত্মাতে শব্দের প্রবৃত্তির নিমিত্তীভূত জাত্যাदि না থাকায় কোন শব্দ প্রবৃত্ত হয় না, তাহা হইলে বেদান্ত কিরূপে প্রবৃত্ত হইবে, কারণ, বেদান্তও শব্দ; এই প্রশ্নকার বলিতেছেন—] যেখানে অহংকারাদিতে চৈতন্য প্রতিবিম্বস্ফুর্তি, তথায় স্থিত আত্মাদিশব্দ প্রত্যগাত্মাকে লক্ষিত করে, কিন্তু সাক্ষাৎ কোন প্রকারে শব্দ আত্মার বাচক হয় না † ॥ ২৯

* তাৎপর্য—শব্দ প্রবৃত্তির নিমিত্ত জাতি, ত্বণ প্রভৃতি, আত্মাতে তাহা নাই বলিয়া তথায় শব্দের প্রসার নাই। তাই পণ্ডিতেরা বলিয়া থাকেন—'শব্দৈবেব প্রতীয়েন্তে জাতি-স্বব্যাপকক্রিয়াঃ । চাতুর্বিধ্যাদমীবাভ শব্দ উক্তশ্চতুর্বিধাঃ ।' শব্দের দ্বারা জাতি, ত্বণ, ত্বণ ও ক্রিয়া প্রতীত হয়, এই চারি প্রকার শব্দ দেখা যায় বলিয়া পণ্ডিতেরা শব্দকে চারি প্রকার বলিয়াছেন ।

† তাৎপর্য—বাস্তবিক গকে শুদ্ধ আত্মার বাচক কোন শব্দ নাই, তবে আত্মাদি

টীকা । স্বতঃসিদ্ধরূপ আত্মনি প্রকৃতিনিমিত্তজাত্যাভ্যুত্তাৰাৎ কশ্চিদপি শব্দো ন প্রবর্ততে চেৎ কথং তস্ত বেদান্তবেত্তরা ঔপনিষদ্বদ্যন্ উদ্যুভ্যত ইত্যত আহ—আভাস ইতি । যত্র অহংকারাৎ আভাসশ্চৈতন্ম প্রতিবিম্বোদয়স্তত্রৈব আভাসাবিবিক্তেহস্তঃকরণাদৌ বাচকত্বেন স্থিতা আত্মাদিশব্দাঃ প্রত্যগ্ভূশিঃ প্রত্যক্তরা ভাসমানঃ দৃশিমাঅ্যানঃ শুদ্ধং লক্ষয়েয়ুর্লক্ষণয়া জ্ঞাপয়েয়ুর্নতু তং সাক্ষাদভিদধাঃ কথঞ্চন বিশেষণাদিপ্রকারেণাপীত্যর্থঃ । অতো নৌপনিষদ্ব-প্রসিদ্ধিবিরোধ ইতি ভাবঃ ॥ ২৯

ন হ্যজাত্যাদিমান্ কশ্চিদর্থঃ শব্দৈর্নিক্রপ্যতে ॥ ৩০

পদান্বয় । অজাত্যাদিমান্ (জাতি, গুণ প্রভৃতি যুক্ত নহে) কশ্চিৎ (কোন) অর্থঃ (পদার্থ, বস্তু) শব্দৈঃ (শব্দসমূহের দ্বারা) ন হি নিক্রপ্যতে (নিশ্চিত নিক্রপিত হয় না) ॥ ৩০

অনুবাদ । যে পদার্থ জাতি-গুণাদিবিশিষ্ট নহে, তাহা শব্দের দ্বারা কখনও নিক্রপিত হয় না ॥ ৩০

টীকা । কথং নাভিদধারিত্যত্র হেতুমাৎ—ন হীত্যর্কেন ॥ ৩০

আত্মাভাসো যথাহংকৃদাত্মশব্দৈস্তথোচ্যতে ।

উল্লুকাদৌ যথাগ্ন্যর্থাঃ পরার্থজ্ঞান চাঞ্জসা ॥ ৩১

পদান্বয় । যথা (যেমন) অহঙ্কং (অহংকার) আত্মাভাসঃ (আত্মার জ্ঞান প্রকাশমান হয়) তথা (সেইরূপ) আত্মশব্দৈঃ (আত্মশব্দের দ্বারা) উচ্যতে (কথিত হয়), [এপক্ষে দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে] যথা (যেমন) অগ্ন্যর্থাঃ (অগ্নি এই অর্থ বাহার এরূপ) [শব্দাঃ = দহতি প্রভৃতি শব্দ] উল্লুকাদৌ (জলদগ্নারে) পরার্থজ্ঞাৎ (পরার্থজ্ঞানতঃ) ন চ অঞ্জসা (সাক্ষাৎ প্রযুক্ত হয় না) ॥ ৩১

অনুবাদ । যেমন অহংকার আত্মার জ্ঞান—প্রকাশমান হয়, সেইরূপ

শব্দ লক্ষণাদ্বারা আত্মাকে বুঝায়, হুতরাং ঔপনিষদ আত্মা, ইহার কোন বিরোধ হইল না । যখন ঔপনিষদ আত্মাকে প্রতিপাদন করেন, তখন লক্ষণাদ্বারাই করেন ।

* তাৎপর্য—এমন কোন পদার্থ দেখাইতে পার কি, বাহা জাত্যাদিমান্ নহে অথচ শব্দের দ্বারা নিক্রপিত হয় ? বিপক্ষে জাত্যাদিমান্ পদার্থ শব্দের দ্বারা নিক্রপিত হয় ; হুতরাং আত্মা শব্দের সাক্ষাৎ বিষয় হইতে পারে না ।

আত্মাদি শব্দের দ্বারা অহংকার অভিহিত হয় ; যেমন অগ্নার্থ দাহাদি শব্দ জলদগ্ধারে পরার্থের হেতু সাক্ষাৎ প্রযুক্ত হয় না • ॥ ৩১

টীকা । নহু লক্ষণমপি যত্র শব্দশ্চ তাৎপর্যং স এব শব্দার্থঃ, তথাচাত্মাদি-
শব্দানামহংকারাতিরিক্তে প্রত্যগাত্মনি চেদ্বৃত্তিঃ কথং তহি লোক্য অহংকারাদা-
বাত্মশব্দং প্রযুক্ততে ইত্যপেক্ষায়ামুপচাচাদিতি সদৃষ্টান্নমাহ—আত্মাভাস ইতি
শ্লোকেন । অহংকৃতদহকারো বস্তুতোহনাআপাত্মাভাস আত্মবদস্বৎ প্রত্যমা-
লম্বনো ভাসতে যথা তথাআদিশব্দৈরপি যথা প্রতিভাসমুচ্যতে, বস্তুগত্যা তু শব্দ-
প্রত্যয়য়োঃ শুদ্ধ এবাত্মনি পর্যাবসানং যথা অগ্নার্থাঃ শব্দা দহত্যাঙ্গ উল্লুকং দহতি
অস্মো দহতীতুল্লুকাদৌ প্রযজ্যমানা অগ্নস সাক্ষাতুল্লুকাদৌ ন চ পর্যাবশস্তি ।
তেষাং দাহাত্মাশ্রয়ত্বামুপপত্তেদহত্যাশিষ্যানাং পরার্থত্বাৎ তদভিব্যক্তাগ্নার্থত্বাৎ
তেহগ্নাবেব পর্যাবশস্তি, তথাহংকারাত্মাভিব্যক্তার্থত্বাৎ তস্মিন্ জড়ে পরিচ্ছিন্নে
পরাদীনপ্রকাশে আত্মাদিশব্দাঃ চিৎসদানন্দানস্তাত্ত্বার্থা অনুপপত্তমানা বিচার্যমাণে
শুদ্ধ এব পর্যাবশস্তীতি সৰ্ব্বমুপপন্নমিত্যর্থঃ ॥ ৩১

মুখাদন্তো মুখাভাসো যথাদর্শানুকারণতঃ ।

আভাসান্মুখমপ্যেবমাদর্শাননুবর্তনাৎ ॥ ৩২

পদান্বয় । যথা (যেমন) আদর্শানুকারণতঃ (দর্পণের অনুকরণ বশতঃ,
দর্পণ সবে সত্তা, তাহার অভাবে অভাব) মুখাভাসঃ (মুখ প্রতিবিম্ব) মুখাৎ (মুখ-
হইতে, গ্রীবাস্থিত বদন হইতে) অন্তঃ (পৃথক্), [তথা = সেইরূপ] আদর্শা-
ননুবর্তনাৎ (দর্পণের অনুবর্তন না করায়, দর্পণব্যতীতও মুখের সত্তা ও সুরন
ধাকায়) আভাসাৎ (মুখ প্রতিবিম্ব হইতে) মুখমপি (গ্রীবাস্থ মুখও) এবম্
(এইরূপ, পৃথক্) ॥ ৩২

অনুবাদ । যেমন মুখপ্রতিবিম্ব আদর্শের সত্তায় সত্তাযুক্ত আদর্শের
অভাবে অভাববিশিষ্ট দৃষ্ট হয়, সূত্রায়ঃ গ্রীবাস্থিত মুখ হইতে আদর্শ প্রতিবিম্বিত

* তাৎপর্য—যদি বল, আত্মাদি শব্দ অহংকারাদি-বাচক, লক্ষণদ্বারা আত্মাতে প্রযুক্ত
হয়, তবে কেন লোক এরূপ প্রয়োগ করে ? ইহার উত্তর এই যে, ইহা গৌণ প্রয়োগ ; যেমন
কয়লা কিংবা লৌহ যখন অগ্নির সহিত থাকিয়া উক হয়, তখন তাহা গাত্রস্পৃষ্ট হইলে লোক
বলে—কয়লার অথবা লৌহে আমার গাত্র দগ্ধ করিয়াছে; বস্তুতঃ তাহাদের দগ্ধত্বশক্তি
নাই, তথাপি লোকে গৌণ প্রয়োগ করে, এখানে সেইরূপ বুদ্ধিতে হইবে ।

মুখ ভিন্ন ; সেইরূপ আদর্শব্যতীত ও গ্রীবাস্থমুখের সত্তা ও ক্ষুরণ দেখা যায় বলিয়া গ্রীবাস্থবদনও মুখপ্রতিবিম্ব হইতে পৃথক্ * ॥ ৩২

টীকা। আভাসো যত্রোতি শ্লোকে সিদ্ধান্তিনাভাসোহসীকৃতঃ স চ ভেদ-
বিপর্যাসবিশিষ্টতয়া ভাসমানঃ পরমার্থোহপরমার্থো বেতি বাদিবিপ্রতিপত্ত্যা
সংশয়েন পরমার্থ ইতি সিদ্ধান্তং বক্তুং দৃষ্টান্তমাহ—মুখাদন্য ইতি । যথা
মুখাভাসো মুখপ্রতিবিম্ব আদর্শানুকারণত আদর্শভাবাবয়োরনুকারণাদাদর্শাবয়-
ব্যতিরেকানুবিস্থিত্যাদিত্যিতি যাবৎ । মুখাদ গ্রীবাস্থানাগম্যপায়িতয়া স্থিতাদন্তো-
ন পুনঃ স্বরূপেণেতি যোজ্যাম্ । তথা সতি বিষচেষ্টয়া বিনাপি প্রতিবিম্বচেষ্টে-
ত্যর্থঃ । আভাসানুধমপ্যেবমগ্রদেব কুত আদর্শাননুবর্তনাদাদর্শনিরপেক্ষস্বা-
ক্ষুরণযোগাদিত্যর্থঃ । তথা চ গ্রীবাস্থশ্রেণেব মুখশ্রাদর্শে প্রতিবিম্বিতশ্রাদর্শহতা
বৈশিষ্ট্যেন ভাসমানত্বেবাতাসত্বং, তচ্চ ন সত্যং মুখবিস্তৃতাদর্শে তিষ্ঠ্যন্ত
নিরীক্ষমাণে বা তস্মিন্নদর্শনাৎ । নাপাসদপরোকপ্রতিভাসাৎ । তস্মাদনির্কচনীয়
এবাতাসস্তস্মাচ্চানুধমমিতি ভাবঃ ॥ ৩২

অহংকৃত্যান্ননির্ভাসো মুখাভাসবদিষ্যতে ।

মুখবৎ স্মৃত আত্মানোহবিবিক্তৌ তৌ তথৈব চ ॥ ৩৩

পদার্থায় । অহংকৃত্যান্ননির্ভাসঃ (অহঙ্কারে চৈতন্তের প্রকাশ) মুখাভাস-
বৎ (মুখ প্রতিবিম্বের ত্যায়) ইষ্যতে (ইষ্ট হইবে), মুখবৎ (মুখের ত্যায়, গ্রীবাস্থমুখ-
যেমন প্রতিবিম্বিত মুখ হইতে ভিন্ন, সেইরূপ) আত্মা (আত্মা) অন্তঃ (আভাস
হইতে ভিন্ন) স্মৃতঃ (জ্ঞাত হওয়া যায়), তৌ (আত্মা এবং আত্মাভাস) তথৈব
চ (মুখ ও মুখাভাসের ত্যায়) অবিবিক্তৌ (বস্তুতঃ ভেদশূন্য) ॥ ৩৩

অনুবাদ । [দৃষ্টান্ত বলিয়া এখন দাষ্টান্তিক বলিতেছেন—] অহঙ্কারে
চৈতন্তের অবভাস মুখ ও মুখপ্রতিবিম্বের ত্যায় স্বীকৃত হয় ; মুখ যেমন মুখপ্রতি-
বিম্ব হইতে ভিন্ন, সেইরূপ আত্মা ও আত্মাভাস হইতে পৃথক্ ; বস্তুতঃ আত্মা ও
আত্মাভাস মুখ ও মুখাভাসের ত্যায় ভিন্ন † ॥ ৩৩

* ভাৎপর্য—গ্রীবাস্থিত মুখ এবং দর্পণে প্রতিবিম্বিত মুখ এই উভয়ের পার্থক্য আছে,
কারণ—দর্পণ ব্যতিরেকে প্রতিবিম্ব মুখের অস্তিত্ব কিংবা ক্ষুণ্ণি পরিমলিত হয় না ; কিন্তু
গ্রীবাস্থিত মুখের অস্তিত্ব ও ক্ষুণ্ণি দর্পণ ব্যতিরেকেও হয় । ইহার দ্বারা দৃষ্টান্ত প্রদর্শিত
হইল । বস্তুতঃ গ্রীবাস্থ মুখব্যতীত প্রতিবিম্বিত মুখের পৃথক্ কোন সত্তা নাই ; কারণ
তাহা আরোপিত ।

† ভাৎপর্য—আগততঃ মুখ হইতে মুখাভাস পৃথক্ বোধ হইলেও মুখ ব্যতীত

টীকা । দার্ষ্টান্তিকমাহ—অহংকৃতীতি । অহংকৃত্যহংকারে আত্মনির্ভাসঃ
চেতনাবস্বাবভাসো মুখাভাসবনুখানুগ প্রতিবিম্ববচ্ছুদাদাত্মনোহভিন্ন ইযাতে । আত্মা
শুদ্ধ আভাসাদন্তঃ স্মৃতো জ্ঞাতঃ প্রতিবিম্বানুগবদিতার্থঃ । মুখস্ত মুখাভাসপ্রাদর্শস্ত
চাভাসাশ্রয়স্ত প্রতীতিতো ভেদেহপি বস্তুতো ভেদাভাববদাত্মাভাস-তদাশ্রয়ান্তঃ-
করণাদীনাং প্রতিভাসতো ভেদেহপি বস্তুতো নাআতিরিক্তং কিঞ্চিদন্তীতি ন
পরমার্থো ভেদ ইত্যভিপ্রেত্যাচ—অবিবিক্তো তৌ তথৈব চেতি । তাবাআ-
ত্মভাসৌ তথৈব মুখমুখাভাসাবিব বস্তুতোহবিবিক্তৌ পরমার্থভেদরহিতাবিত্যর্থঃ ।
চকারাদাভাসাশ্রয়ান্তঃকরণঞ্চ ন তদ্বিবিক্তমিতি যোজ্যাম্ ॥ ৩৩

সংসারী চ স ইত্যেক আভাসো যন্তুহংকৃতিঃ ।

বস্তুচ্ছায়া স্মৃতেরনুমাধুর্যাদি চ কারণম্ ॥ ৩৪

পদান্বয় । যঃ ত্ (কিস্তু যিনি) অহংকৃতিঃ (অহংকার) আভাসঃ (আত্মা-
ভাস) স চ (সেই) সংসারী (সংসার-ধর্মযুক্ত) ইতি (ইহা) একে (কোন
কোন বাদী) [বদন্তি = বলেন], ছায়া (প্রতিবিম্ব, আভাস) বস্তু (অভাব
নহে) স্মৃতেঃ (গুরু প্রভৃতির ছায়া অতিক্রম করিবে না, এইরূপ স্মৃতি বশতঃ)
অনুৎ (অপর) কারণম্ (হেতু) মাধুর্যাদি চ (মধুরতা প্রভৃতি, ছায়াতে
উপবেশন করিলে মুখে শৈত্য উপলব্ধ হয়) ॥ ৩৪

অনুবাদ । কোন কোন বাদী আত্মাভাস—অহংকারকে সংসারী বলিয়া
ধাকেন, চিচ্ছায়া বস্তু, গুরু প্রভৃতির ছায়া অতিক্রম করিবে না, এইরূপ স্মৃতি
প্রমাণ আছে, অপিচ, ছায়ার বস্তুবের প্রতি মাধুর্যাদিও কারণ ॥ ৩৪

টীকা । এবং চিন্মাত্রং তত্রানাত্মাবিগ্ৰহাৎ তৎকার্যো চাহংকারাদৌ
প্রতিবিম্বিতং তদেব চিদাত্মস্বরূপমুপাধিস্থতাবিশিষ্টাধ্যানবশাৎ সংসারীতি
স্মতনুক্রু। তদ্ব্তীকরণায় ঐকদেশিমত্তং দুষ্মিতুমুখাপমতি—সংসারীতি ।

মুখাভাসের সত্তা ও ক্ষয়ণ না থাকার—উভয়ের অস্তিত্বতা মানিতে হইবে, আত্মা ও আত্মা-
ভাস সম্বন্ধে ঠিক তরূপ ।

* তাৎপর্য—বুদ্ধিতে চৈতন্যের ছায়া পতিত হইলে তাহাকে অহংকার বলে, কেহ
তাহাকে 'সংসারী' বলে ; যদি বল, ছায়া অভাব পদার্থ, স্মৃতাং তাহা সংসারী কিরূপে
হইবে ? তাহা বলিতে পার না ; ছায়াকে বস্তু বলিয়া স্বীকার করিতে হইবে । স্মৃতিতে
গুরুপ্রভৃতির ছায়া লঙ্ঘন নিষিদ্ধ হইয়াছে, যদি ছায়া বস্তু না হয়, তবে স্মৃতিতে ঐরূপ
কেন উক্ত হইবে ? অপিচ, বুদ্ধিও আছে, ছায়ার উপবেশন করিলে মুখানিতে শৈত্য উপলব্ধি হয়,
বস্তু না হইলে এরূপ সম্ভবে না ।

ষড়্‌হংকৃত্যভাসোহস্মাভিঃ পৃথগুক্তঃ স এব সংসারীত্যেকে মন্ত্বে ইত্যর্থঃ ।
ননু আভাসস্তাবস্ত্বাৎ কথং তন্ত বক্রমোক্‌ভাগিতয়া সংসারিত্বমিত্যাশঙ্ক্যভাস-
শব্দেন চিচ্ছায়য়া অভিপ্রেতত্বাৎ তত্রাশ্চ বস্ত্বায়ান্নপপত্তিরিত্যভিপ্রেতাহ—
বস্ত্বচ্ছায়েতি । ছায়াবস্ত্ব পরমার্থী 'নাক্রমেৎ কামতচ্ছায়াং গুর্কাদেঃ' ইতিশ্বতে-
রिति যোজন্য । তথা চ যাজ্ঞবল্ক্যঃ—'দেবর্ষিক্‌স্মাতকাচার্য্যরাজ্ঞাং ছায়াং পরস্ত্রিয়ঃ ।
নাক্রমেদ্রুজ্জবিশ্বুজ্জীবনোদ্বর্জনাदिम्' ইতি । ন কেবলং স্মৃতিবচনাদেব ছায়য়া
বস্ত্বাবগমোহস্তি অগ্ৰচ্চ কারণং মাধুর্যাদিচ্ছায়ানামাসীনশ্চ মুখে মাধুর্যোপলক্ষে:
শৈত্বে্যাপলক্ষেচত্বর্থঃ ॥ ৩৪

ঐকদেশো বিকারো বা তদাভাসাশ্রয়ঃ পরে ।

অহংকর্ত্তেব সংসারী স্বতন্ত্র ইতি কেচন ॥ ৩৫

পদান্বয় । ঐকদেশঃ (ঙ্—আত্মা, তাহার অংশ) সংসারী, বা
(অথবা) [পরমাত্মনঃ = পরমাত্মার] বিকারঃ (বিকৃতি) [সংসারী ইতি] পরে
(অপরাধী) তদাভাসাশ্রয়ঃ (চিদাভাস বিশিষ্ট অহঙ্কার) [সংসারী ইতি]
[বদন্তি = বগেন], অহংকর্ত্তা (অহঙ্কার) [সংসারী], স্বতন্ত্রঃ (স্বাধীন,
অংশাদিবিহীন) [সংসারী ইতি] কেচন (কেহ কেহ) [বদন্তি = বলেন] ॥ ৩৫

অনুবাদ । কেহ কেহ পরমাত্মার একদেশকে সংসারী বলেন, কেহ বা
বিকারকে, অপরে চিদাভাসবিশিষ্ট অহঙ্কারকে, কেহ অহংকর্ত্তাকে এবং কেহ
স্বতন্ত্র আত্মাকে সংসারী বলেন * ॥ ৩৫

টীকা । পুনরেকদেশিমতত্রয়মাহ—ঐকদেশ ইতি । স্তত্র চিৎসদা-
নন্দপরমাত্মন একদেশঃ সংসারী 'মর্মেবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ' ইতি-
শ্বতেরিত্যেকে । অগ্নিবিফুলিঙ্গদৃষ্টাস্তেন 'সর্ব এবাস্মনো ব্যাচরন্তি' ইতি শ্রুতে:
পরমাত্মনো বিকারঃ সংসারীত্যপরে, পরে তু তদাভাসাশ্রয়শ্চিদাভাসবিশিষ্টোহ-
হংকার এব সংসারী 'তন্মনো দিশং দিশং পতিত্বা' ইতিশ্রুতেরিত্যাছরিত্যর্থঃ ।
ভাট্টাদিমতমাহ—অহংকর্ত্তেবেতি । স্বতন্ত্রো ন পরমাআংশাদিরূপ ইত্যর্থঃ ॥ ৩৫

অহংকারাদিসস্তানঃ সংসারী নাময়ী কাচিৎ ।

ইত্যেবং সৌগতা আহুস্তত্র ন্যায়ো বিচার্য্যতাম্ ॥ ৩৬

পদান্বয় । অহঙ্কারাদিসস্তানঃ (অহঙ্কারাদিধারা, কণিক জ্ঞানধারা)

* তাৎপর্য—ইহা একদেশীর মত ।

সংসারী (সংসার ছঃখভোগী জীব) কচিং (কোথায়ও) অবয়ী (সম্বন্ধ) ন (নহে), ইতি এবম্ (এঠরূপ) সৌগতাঃ (বৌদ্ধগণ) আলঃ (বলিয়া থাকে) তত্র (সেই সমস্ত পক্ষে) জ্ঞায়ঃ (যুক্তি) বিচার্যাতাম্ (বিচার করিয়া দেখ) ॥ ৩৬

অনুবাদ । বৌদ্ধগণ কোথায়ও অনন্বিত বিচ্ছিন্ন ক্ষণিক বিজ্ঞান সমূহকে সংসারী বলিয়া থাকে, উক্ত পক্ষসমূহের মধ্যে কোন পক্ষ যুক্তিযুক্ত, তাহা বিচার করিয়া দেখুন * ॥ ৩৬

টীকা । বৌদ্ধমতমাহ—অহংকারাদীতি । সত্ত্বানোহবিরলোদয়তয়া-
বিচ্ছিন্নানি ক্ষণিকজ্ঞানান্তেবাত্মা সংসারী ন ততঃ পৃথগবয়ী একো বিজ্ঞানোৎপত্তি-
বিনাশদ্রষ্টান্তীত্যেবং সৌগতা আল্লরিভার্থঃ । এবমুক্তেবু পক্ষেবু বস্তুবিষয়ত্বাদ্
বিরোধাত্ত বিকল্পসমুচ্চয়োরসত্ত্বাদন্ততমশ্চৈব কস্তচিৎপাদেয়ত্বম্ অণবাস্ত্বদ্বন্দ্বস্ত
ত্রৈক্যাবিষ্ণুয়া অহংকারাদিগতাভাষাবিবেকাৎ সংসারীত্যেতশ্চেতি নির্দ্বারণে
জ্ঞায়ো বিচার্যাতামিত্যাহ—তত্রৈতি ॥ ৩৬

সংসারিণাং কথা ভ্রাস্তাং প্রকৃতং ত্বধুনোচ্যতে ।

মুখাভাসো য আদর্শে ধর্মো নান্যতরস্য সঃ ॥

দ্বয়োরেকস্য চেৎ ধর্মো বিযুক্তেহন্যতরে ভবেৎ ॥ ৩৭

পদান্বয় । সংসারিণাম্ (সংসারীদিগের) কথা তু (বাক্য) আন্তাম্ (থাকুক), অধুনা তু (এখন) প্রকৃতম্ (প্রস্তাবিত, আভাস) উচ্যতে (কথিত হইতেছে); যঃ (যে) আদর্শে (দর্পণে) মুখাভাসঃ (মুখপ্রতিবিম্ব) স (তাহা) অন্ততরস্য (মুখের কিংবা আদর্শের) ধর্মো ন (ধর্ম নহে), দ্বয়োঃ (দুইটির মধ্যে) একস্য (একতরের) ধর্মশ্চেৎ (যদি ধর্ম) অন্ততরে (দুইএর কোনও একটি, দর্পণ কিংবা মুখ) বিযুক্তে (না থাকিলে) ভবেৎ (থাকে) ॥ ৩৭

অনুবাদ । সংসারীর কথা থাকুক, এখন প্রকৃত আভাস অভিহিত হইতেছে; আদর্শে যে মুখপ্রতিবিম্ব দৃষ্ট হয়, তাহা মুখ কিংবা আদর্শের ধর্ম নহে; যদি দুইটির মধ্যে কোন একটির ধর্ম হয়, তাহা হইলে একটি না থাকিলেও প্রতিবিম্ব থাকা উচিত † ॥ ৩৭

* তাৎপর্য—বৌদ্ধগণ বিজ্ঞানধারা স্বীকার করে, প্রত্যেক বিজ্ঞান ব্যক্তি এক একটি আত্মা, ইহাদের পরস্পর কোন সম্বন্ধ নাই ।

† তাৎপর্য—আদর্শে যে মুখাভাস দেখা যায়, তাহা মুখ কিংবা আদর্শের ধর্ম বলিতে পারা যায় না; কারণ, আদর্শ কিংবা মুখ দুইটির মধ্যে কোনটির অভাব হইলে মুখাভাস দৃষ্ট হয় না ।

টীকা । প্রাসঙ্গিকীং সংসারিচিন্তাং হিহা প্রকৃতমাতাসনিক্রপণং প্রতি-
জানীতে—সংসারিণামিতি । স্পষ্টম্ । প্রকৃতমাতাসমেব নিক্রপয়ন্নাদৌ মুখা-
ভাসং দৃষ্টান্তেনাপরমার্ঘমুক্তং বিশদয়তি—মুখাভাস ইতি । ঘোহরমাদর্শে মুখা-
ভাসো দৃশ্যতে স কিং মুখাদর্শরোরন্ত তরন্ত যন্ত কশ্চিৎকর্ম্মঃ কিংবা মুখৈস্তব ধর্ম্মঃ,
অথবা ঘরোরপি ধর্ম্মো বস্তুস্তরং কিঞ্চিদিত্যিকম্ম্যাণ্ডং নিরাকরোতি—ধর্ম্মো
নান্যতরন্ত স ইতি । এতদেব স্পষ্টয়তি ঘরোর্ম্মো একস্তান্তরন্ত চেদাভাসো
ধর্ম্মঃ স্তাৎ তদাবিযুক্তেহস্তরন্তে সতি দর্পণবিযুক্তে মুখে তদগতরূপাদিবৎ দর্শন-
গোচরো ভবেৎ । মুখবিযুক্তে বা দর্পণে দৃশ্যো ভবেৎ নচৈবমন্তি অতো নান্তরন্ত
ধর্ম্মঃ ইত্যর্থঃ ॥ ৩৭

মুখেন ব্যপদেশাৎ স মুখৈস্তবেতি চেন্নতম্ ।

নাদর্শানুবিধানাচ্চ মুখে সত্যবিভাবতঃ ॥ ৩৮

পদান্বয় । সঃ (মুখাভাস) মুখেন (মুখের দ্বারা) ব্যপদেশাৎ (শব্দ
প্রয়োগ হেতু) মুখস্ত এব (মুখেরই ধর্ম্ম) ইতি (এইরূপ) চেৎ (যদি) মতম্
(অভিমত), আদর্শানুবিধানাৎ (আদর্শ থাকিলে মুখ থাকায়) মুখে সতি (কেবল-
মুখ থাকিলে) অবিভাবতঃ (অদর্শন হেতু) ন (মুখের ধর্ম্ম নহে) ॥ ৩৮

অনুবাদ । [যদি বল, মুখাভাস মুখের ধর্ম্ম, তাহাতে বলা যাইতেছে—]
মুখাভাস এই মুখের দ্বারা ব্যপদেশ হয় বলিয়া; যদি মুখের ধর্ম্ম বলিয়া স্বীকার
কর, তবে আদর্শনসঙ্গে মুখাভাস দৃষ্ট হওয়ার এবং কেবল মুখসঙ্গে মুখাভাসের
অদর্শনবশতঃ মুখের ধর্ম্ম নহে * ॥ ৩৮

টীকা । কল্পাস্তরমুখাপয়তি—মুখেনেতি । দৃশয়তি—নেতি । যন্তপি
মুখাভাস ইতি মুখেন ব্যপদিশ্রুতে তথাপি ন মুখধর্ম্ম আভাস আদর্শানুবিধানাৎ ।
মুখৈকধর্ম্মসঙ্গে তদযোগাৎ কিঞ্চ সত্যপি মুখে দর্পণবিযুক্তেহবিভাবতোহদর্শনা-
দিত্যর্থঃ ॥ ৩৮

দ্বয়োরেবেতি চেৎ তন্ন দ্বয়োরেবাপ্যদর্শনাৎ ।

অদৃশ্যন্ত সতো দৃষ্টিঃ স্তাদ্রাহোশ্চন্দ্রসূর্য্যয়োঃ ॥ ৩৯

পদান্বয় । দ্বয়োরেব (মুখ ও আদর্শ এই দুইটির) [ধর্ম্ম] ইতি চেৎ

* তাৎপর্য্য—মুখাভাস বলিলে মুখ শব্দের প্রয়োগ এবং জ্ঞান পূর্বে চাই; সুতরাং
মুখাভাস মুখেরই ধর্ম্ম, তাহা বলিতে পার না; কারণ আদর্শ থাকিলে মুখাভাস দৃষ্ট
হয় এবং আদর্শরহিত মুখে থাকিলেও মুখাভাস বার না; সুতরাং মুখের ধর্ম্ম নহে ।

(ইহা যদি বল) ন (তাহা বলিতে পার না) [এ পক্ষে হেতু প্রদর্শিত হই-
তেছে] ঘয়োরেবাপি (ছইটি থাকিলে বা না থাকিলেও দেখা যায় না, সূতরাং
ছয়ের ধর্ম নহে) [তাহা হইলে অস্ত বস্তু হইবে—] সতঃ (বিদ্যমানবস্তুর)
অদৃশ্য (সমস্ত ইন্দ্রিয়ের দ্বারা অদৃশ্য) চন্দ্রসূর্য্যয়োঃ (চন্দ্র এবং সূর্য্যরূপ উপাধি
থাকিলে) রাহোঃ (রাহুর) দৃষ্টিঃ (দর্শন) [যথা = যেমন, তথা মুখাভাসস্ত দর্শনং
ভবেৎ = সেইরূপ মুখাভাসের দর্শন হইবে] ॥ ৩৯

অনুবাদ । যদি বল, মুখাভাস আদর্শ ও মুখ উভয়ের ধর্ম, তাহা বলিতে
পার না, কারণ উভয়ের বিষয় ও সংযুক্ত অবস্থায় মুখাভাসের দর্শন হয় না ;
যেমন চন্দ্র ও সূর্য্যের বিদ্যমানতার রাহু দৃষ্টিবিষয়ীভূত হয়, সেইরূপ বিদ্যমান
মুখাভাস ইন্দ্রিয়াদির দ্বারা অদৃশ্য হইলেও মুখ এবং দর্পণ সত্তে উপলব্ধ হয় * ॥ ৩৯

টীকা । তৃতীয়ং কল্পমনুস্ত প্রত্যাহ—ঘয়োরেবেতি চেদিতি । ঘয়ো-
রপ্যাদর্শনাদেবেতি সম্বন্ধঃ । নহি মুখাদর্শনোবিষয়ুস্তয়োরাভাসো দৃশ্যতে, নাপি
সংযুক্তয়োঃ ধর্মো যথাকথঞ্চন সংযুক্তয়োঃপি তদর্শনপ্রসঙ্গান তথা দৃশ্যতে
তস্মান ঘয়োধর্ম ইত্যর্থঃ । তহি অস্ত পরমার্থবস্তুস্তরমেভাভাস ইতি চতুর্থপক্ষং দৃষ্টা-
স্তেন শক্যতে—অদৃশ্যশ্চেতি । সতো বিদ্যমানশ্চৈব সর্কৈঃ করণৈরদৃশ্যস্ত রাহো-
শ্চন্দ্রে সূর্য্যো চোপাধৌ কদাচিদৃষ্টিদর্শনং যথা তথা মুখাভাসস্তাপি বস্তুভূতস্ত সতো
মুখ-সম্মুখবৎ দর্পণোপাধৌ দর্শনং স্তাদিত্যর্থঃ ॥ ৩৯

রাহোঃ প্রাগেব বস্তুত্বং সিদ্ধং শাস্ত্রপ্রমাণতঃ ।

ছায়াপক্ষে ত্ববস্তুত্বং তস্য স্যাৎ পূর্ব্বযুক্তিতঃ ॥ ৪০

পদান্বয় । প্রাক্ এব (পূর্বেই, চন্দ্র বা সূর্য্যের উপরাগের পূর্বেই)
শাস্ত্রপ্রমাণতঃ (জ্যোতিঃশাস্ত্র কিংবা পুরাণশাস্ত্র প্রমাণবশতঃ) রাহোঃ (রাহুর)
বস্তুত্বম্ (বস্তুতা) সিদ্ধম্ (নিশ্চিত), [কিন্তু মুখ ও দর্পণের সম্বন্ধের পূর্বে
কিংবা পরে মুখাভাসের পৃথক্বস্তুত্ব সিদ্ধ নাই] ছায়াপক্ষে তু (রাহুভূমি প্রভৃতির

* তাৎপর্য্য—মুখাভাস, মুখ ও আদর্শ উভয়ের ধর্ম নহে, কারণ মুখ ও দর্পণ থাকিলেও
কদাচিৎ দৃষ্ট হয় না, বিশেষতঃ দর্পণ বক্রভাবে থাকিলে উভয় সত্তে মুখাভাস দৃষ্ট হয় না ।
তাহা হইলে মুখাভাসকে পৃথক্ব বস্তু বলিতে হইবে, যেমন রাহু আছে, কিন্তু ইন্দ্রিয়ের
দ্বারা সর্ব্বদা উপলব্ধ হয় না ; কিন্তু চন্দ্র কিংবা সূর্য্যরূপ উপাধি থাকিলে দৃষ্ট হয় ; সেইরূপ
মুখাভাস আছে, মুখ ও দর্পণরূপ উপাধি থাকিলে দৃষ্ট হয় ।

ছায়া এই করে) পূর্বযুক্তিতঃ (পূর্বোক্ত যুক্তিবশতঃ) তস্ম (রাহুর) অবস্ত-
ত্বম্ (বস্তুরাহিতা) স্মাৎ (হয়) ॥ ৪০

অনুবাদ । চন্দ্রাদির উপরাগের পূর্বেই জ্যোতিঃশাস্ত্র কিংবা পুরাণাদি
শাস্ত্র প্রমাণ দ্বারা রাহুর বস্তুত্ব নিশ্চিত হইয়াছে, [সেইরূপ মুখ ও দর্পণের
সম্বন্ধের পূর্বে বা পরে কোন প্রমাণের দ্বারা মুখাতাসের মুখ ও দর্পণের ব্যাতি-
রিক্ত বস্তুত্বরূপে সম্ভাবনাও নাই] রাহু ভূম্যাদিব ছায়া ইহা যাহাদের মত,
তাঁহাদের মতে পূর্বোক্ত যুক্তিবশতঃ রাহুর অবস্তত্বই সিদ্ধ হয় ॥ ৪০

টীকা । বৈষম্যেণ দুষ্মতি—রাহোরিতি । চন্দ্রাভ্যপরাগাৎ প্রাগেব
জ্যোতিঃশাস্ত্রপ্রমাণতঃ পুরাণাদিশাস্ত্রপ্রমাণতো বা রাহোঃ সৈংহিকেষু বস্তুত্বং
সিদ্ধং নিশ্চিতং নেহ তথা নিশ্চায়কং প্রমাণমস্মীতি শেষঃ । নহি মুখদর্পণয়োঃ
সম্বন্ধাৎ পূর্বমূর্দ্ধং বা তদ্ব্যতিরিক্তবস্তুতা মুখাতাসস্ম কেনচিৎ প্রমাণেন কাপি
সম্ভাবিতেত্যর্থঃ । রাহোর্বস্তুত্বমঙ্গীকৃত্য দাষ্টাংস্তিকাননুগুণত্বমুক্তমিদানীং তস্মাপি
নাস্তি বস্তুত্বমিত্যাতাসস্ম বস্তুত্বেনায়ং দৃষ্টান্ত ইত্যাহ—ছায়াপক্ষেতিতি ।
ভূম্যাদিচ্ছায়া রাহুরিতি কেযাঞ্চিৎ পক্ষস্তস্মিন্ ছায়াপক্ষে তু তস্ম রাহোরবস্তুত্বং
স্মাৎ ‘মুখাতাসো ব আদর্শ’ ইত্যাদৌ:পূর্বোক্তযুক্তিতো যুক্তিসংস্কারাদিত্যর্থঃ ॥ ৪০

ছায়াক্রান্তেনিষেধোহয়ং নতু বস্তুত্বসাধকঃ ।

ন হর্থান্তরনিষ্ঠং সদ্বাক্যমর্থান্তরং বদেৎ ॥ ৪১

পদান্বয় । অয়ম্ (এই) ছায়াক্রান্তে: (ছায়ালজ্বনের) নিষেধ: (প্রতি-
বেধ), বস্তুত্বসাধকঃ (ছায়ার বস্তুত্ব প্রতিপাদক) ন তু (নহে) ; বাক্যম্ (বাক্য)
অর্থান্তরনিষ্ঠম্ (অর্থান্তরে স্থিত) সৎ (হইয়া) অর্থান্তরম্ (অল্প অর্থকে) ন
হি বদেৎ (বলে না ; প্রতিপাদন করে না) ॥ ৪১

অনুবাদ । [গুরু প্রভৃতির ছায়া লজ্বন করিবে না] এই স্মৃতি ছায়া-
লজ্বনের নিষেধক, কিন্তু ছায়ার বস্তুত্ব প্রতিপাদক নহে ; এক অর্থে পর্য্যবসিত
বাক্য অল্প অর্থকে প্রতিপাদন করে না ॥ ৪১

টীকা । বস্তুচ্ছায়াস্মৃতিরিত্যত্র ছায়ায়া বস্তুত্বে স্মৃতিঃ প্রমাণমিত্যুক্তং
তত্রাহ—ছায়াক্রান্তেনিষেধোহয়ং ॥ নহিত্যত্র ছায়ায়া ইতি শেষঃ, ন তু ছায়ালজ্বন-
প্রতিষেধপরমপি বচনং, তস্মা বস্তুত্বমপি বোধয়িষ্যতীতি চেৎ তত্র বক্তব্যং
সাক্ষাদেবোক্তার্থাদিতি । নাস্য ইত্যাহ—নহীতি । একস্ম বাক্যস্তোত্তরার্থে
বাক্যভেদপ্রসঙ্গাদিত্যর্থঃ । ন দ্বিতীয়ো নিষেধস্ত প্রাপ্তিমানসাপেক্ষ্যাৎ নিষেধা-
বিষয়াদেবস্তুত্বাতাবেহপি নিষেধানুপপত্তিরিত্যত্র নিয়ামকাত্তাবাদিতি দ্রষ্টব্যম্ ॥ ৪১

মাধুর্যাদি চ যৎ কার্যমুষ্ণদ্রব্যাসেবনাৎ ।

ছায়ারা ন ত্বদৃষ্টত্বাদপামেব চ দর্শনাৎ ॥ ৪২

পদার্থয় । [ছায়ারাঃ = ছায়ার] যৎ চ (যে) মাধুর্যাদি (মধুরতা প্রভৃতি) কার্যম্ (কর্ম), [তৎ = তাহা] উষ্ণদ্রব্যাসেবনাৎ (উষ্ণদ্রব্য আতপ প্রভৃতির অসেবন বশতঃ) ছায়ারাঃ (ছায়ার ধর্ম) ন তু (নহে), অদৃষ্টত্বাৎ (তপুশিলা-ছায়ার মাধুর্যাদি দৃষ্ট হয় না বলিয়া) অপাম্ এব চ (অলেরই) দর্শনাৎ (দর্শন হেতু) ॥ ৪২

অনুবাদ । ছায়ার যে মাধুর্যাদি কার্য দৃষ্ট হয়, তাহা উষ্ণদ্রব্যের অসেবন বশতঃই, ছায়ার ধর্ম নহে ; কারণ, তপুশিলাছায়াতে মাধুর্যাদি দৃষ্ট হয় না এবং অলের ধর্ম দৃষ্ট হয় * ॥ ৪২

টীকা । যত্নপূক্তং মাধুর্যাদিকার্যাদর্শনাৎ অর্থক্রিয়াকারিত্বেন ছায়াবস্ত্ব-মিতি তদপ্যত্রথা সিক্কমিত্যাহ—মাধুর্যাদীতি । ছায়ারামুপবিষ্টস্ত যন্মাধুর্যাদি কার্যং দৃষ্টতে তদুষ্ণদ্রব্যাসেবনারিমিত্তাৎ নতু ছায়ারা হেতুভূতীরাস্তন্মাধুর্যাদি-কার্যং কুতোদৃষ্টত্বাৎ তপ্যমানশিলাকূটছায়ারাং মাধুর্যাদেরদর্শনাৎ অপামেব চ দর্শনাৎ অয়ং ধর্মস্তাস্ত্বেব অব্যভিচারাত অতঃ ছায়ারামুপবিষ্টস্ত নিবৃত্তাতপসংসর্গস্ত যাতাবিকস্ত উদকমাধুর্য্যভিব্যক্তৌ ছায়া মধুরেতি বিব্রম ইত্যর্থঃ ॥ ৪২

আত্মাভাসাশ্রয়াশ্চবং মুখাভাসাশ্রয়া যথা ।

গম্যন্তে শাস্ত্রযুক্তিভ্যামাভাসাসত্ত্বমেব চ ॥ ৪৩

পদার্থয় । যথা (যেমন) মুখাভাসাশ্রয়াঃ (মুখ, মুখাভাস এবং তাহার আশ্রয়) এবং (এইরূপ) আত্মাভাসাশ্রয়াশ্চ (আত্মা, আত্মাভাস এবং তাহার আশ্রয়) গম্যন্তে (জ্ঞাত হওয়া যায়), শাস্ত্রযুক্তিভ্যাম্ (শাস্ত্র এবং যুক্তিধারা) আভাসাসত্ত্বম্ এব চ (আভাসের মিথ্যাওই) [গম্যতে = জ্ঞাত হওয়া যায়] ॥ ৪৩

অনুবাদ । যেমন মুখ, মুখাভাস এবং তাহার আশ্রয়, সেইরূপ আত্মা

* তাৎপর্য—ছায়ার উপবেশন করিলে যে মুখে মাধুর্যাদি উপলব্ধ হয়, তাহা ছায়ার ধর্ম নহে, আতপ না লাগার ঐরূপ বোধ হয়, যদি ছায়ারই ধর্ম মাধুর্যাদি হইবে, তবে তপুশিলাছায়াও শীতল হইবে, তাহা ত হয় না ।

আত্মভাস এবং তাহার আশ্রয় স্বীকৃত হইয়া থাকে, শাস্ত্র ও যুক্তির দ্বারা আত্মভাসের অসত্ত্বাই জানা যায় * ॥ ৪৩

টীকা। তদেবং যথামুখং তদাত্মাসত্ত্বদাশ্রয়শ্চেত্যেতে ত্রয়ো বাবহারদৃষ্ট্যা বিভক্তা অবভাসস্তে ন পরমার্থদৃষ্ট্যা, তথাহি তদাত্মাসত্ত্বদাশ্রয়শ্চ ইত্যর্থত্রয়ং মিথো বিলক্ষণং গম্যতে বাবহারদৃষ্টোতি দার্ষ্টান্তিকমাহ—আত্মাত্মাসাশ্রয়া-শ্চৈবমিতি । আত্মা স্বংপদলক্ষ্যশ্চিদ্ধাত্মস্বভাবাভিষ্ঠা-তৎকার্যপ্রতিবিম্বিত-তয়া তদুপাধিবৃদ্ধবৈশিষ্ট্যং জীবদ্বমাত্মাসৌহবিষ্ঠা-তৎকার্যোপাধিরাশ্রয় ইতি স্বং-পদার্থঃ । শাস্ত্রযুক্তিভ্যামিতি । ‘রূপং রূপং প্রতিরূপো বভূব ।’ ‘ইন্দ্রো মারাতিঃ পুরুরূপ ঈয়তে’, ‘অনীশরা শোচতি মুহমান’ ইত্যাদি শ্রুতেঃ ‘একো বশী সর্ক-ভূতাস্তরাষ্ট্রকং রূপং বহুধা বঃ করোতি’ ইত্যাদিশ্রুতেশ্চ । তথা বুদ্ধ্যাদেববিষয়াস্তর-শ্রাগমাপারিনো দৃশ্যস্ত নিত্যসিদ্ধসাক্ষ্যাত্মত্বাৎসব্যতিরেকেণ সুরগসত্ত্বোরমূপপত্তে-রিত্যাদিশ্রুতেশ্চ প্রত্যগাত্মন একশ্চৈব সত্ত্বমাত্মাদেবসত্ত্বং পরমার্থসত্ত্বাত্মবশ্চ গম্যতে নিশ্চীয়তে ইত্যর্থঃ ॥ ৪৩

ন দৃশেরবিকারিত্বাদাত্মাসম্প্রাপ্যবস্তুতঃ ।

নাচিতিত্বাদহংকর্ত্ত্বুঃ কস্য সংসারিতা ভবেৎ ॥ ৪৪

পদার্থায় । অবিকারিত্বাৎ (বিকারশূন্যত্বহেতু) দৃশেঃ (আত্মার) সংসারিতা (সংসারযোগিতা) ন (নহে), অবস্তুতঃ (বস্তু না থাকায়, মিথ্যাভবশতঃ) আত্মাসত্ত্ব অপি (আত্মাসেরও) [ন সংসারিতা = সংসার নহে] ; অচিতিত্বাৎ (অচৈতন্যবশতঃ, জড়ত্বহেতু) অহংকর্ত্ত্বুঃ (অহংকারের) [ন সংসারিতা = সংসারিতা নহে] ; কস্য (কাহার) [সংসারিতা = সংসার] ভবেৎ (হয়) ॥ ৪৪

অনুবাদ । বিকারশূন্যত্ববশতঃ আত্মার সংসার নহে, মিথ্যাভবহেতু আত্মাসের সংসারিতা সম্ভবে না এবং জড়ত্ব প্রযুক্ত অহংকারেরও সংসারিতা নহে, তবে [কর্ত্ত্বুত্বভোক্তৃ স্বরূপ] সংসার কাহার ? ॥ ৪৪

টীকা । নদেবংসতি স্বরূপে সংসারমোক্ষরোরাশ্রয়াভাবাদমূপপত্তিরেব, নহাত্মতদাত্মাসত্ত্বদাশ্রয়গামস্ত তমস্ত মিলিতানাং বা সংসারাত্মাশ্রয়ত্বং ঘটত ইতি

* তাৎপর্য—স্বংপদলক্ষ্য চেতন—আত্মা, অবিদ্যা কিংবা বুদ্ধি-প্রতিবিম্বিত চেতন—আত্মাস, তাহাকে জীব বলে, অবিদ্যা এবং তৎকার্য বাহার উপাধি এবংবিধ অহংকারকে আত্মর বলা যায় ।

শব্দে—ন দৃশেরিতি । সংসারো নাম জাত্বকর্তৃত্বভোক্তৃত্বাদিলক্ষণো
বিকাররূপ উপচরন্তদাত্যস্তিকাপচয়শ্চ মোক্ষঃ, তথাচ ভাত্যাং ক্রমেণ সম্বধ্যমানো
বিহারী স্মাত্তত্র দৃশেষ্টতন্তৈকরসস্তাপি ন সংসারিতা ভবেদिति সম্বন্ধঃ । তত্র
হেতুরবিকারিত্বাদिति কূটস্থাদিত্যর্থঃ । তথাভাসস্তাপি ন সংসারিতা ভবেদिति ।
পূর্বনকারমানারাম্বয়ঃ । তত্র হেতুঃ অবস্তুত ইতি । পূর্বোক্তযুক্ত্যা তস্তাবস্ত্ব-
নিশ্চয়াদবস্ত্বনঃ শূন্যস্য ন কোহপ্যতিশয়সম্ভব ইত্যর্থঃ । অহংকর্ত্তুরহংকারস্তা-
ভাসাশ্রয়ধেনাভিমতস্যাচিতিত্বাজ্জড়ত্বায় সংসারিতা ভবেন্নহি জাত্বকর্ত্ত্ব-
ভোক্তৃত্বস্বরূপস্ত সংসারস্ত জড়াশ্রয়ত্বসম্ভবোহতদ্ব্যন্যতে কস্ত সংসারিতা ভবেন্মোক্শো
বেতি চ যোক্তব্যম্ । ন কস্তাপীতি বদতোহনুভববিরোধ ইত্যুক্তিপ্রায়ঃ ॥ ৪৩

অবিজ্ঞামাত্র এবাতঃ সংসারোহস্ত্রবিবেকতঃ ।

কূটস্থেনাত্মনা নিত্যমাত্মবানাত্মনীব সঃ ॥ ৪৫

পদার্থায় । অতঃ (এইজন্য, সংসার কাহারও সম্ভব নহে বলিয়া) সংসারঃ
(জনন-মরণাদি) অবিজ্ঞামাত্র এব (স্বপ্নবৎ মিথ্যাই) অস্ত্র (হটক), অবিবেকতঃ
(অজ্ঞানবশতঃ) সঃ (সংসার) নিত্যম্ (সর্বদা) কূটস্থেন আত্মনা (কূটস্থ
আত্মার সত্তায়) আত্মনি ইব (আত্মাতে যেন ; আত্মবান্ [ইব] (আত্মধর্মের
স্তায়) [অবতাসতে = প্রকাশ হয়] ৪৫

অনুবাদ । অতএব কর্ত্তৃত্বভোক্তৃত্বরূপ সংসার ভ্রান্তিমাত্র হটক ; অবি-
বেকবশতঃ কূটস্থ আত্মার সত্তায় সত্তাবান্ হইয়া আত্মাতে আত্মধর্মরূপে সংসারের
অবতাস হইয়া থাকে * ॥ ৪৫

টীকা । সিদ্ধান্তী যশ্চৈবমনিরূপিতাশ্রয়ো সংসারমোক্শৌ তহি মাতৃত্বাং
পরমার্থো কস্তাপীতি পরিহরতি—অবিদ্যেতি । যত এবমতঃ সংসারোহবিজ্ঞামাত্র
এব ভ্রান্তিমাত্র এব স্বপ্নবদস্ত্র অবিবেকত আত্মস্বরূপাবিবেকাৎ সংসার আত্মনী-
বাত্মধর্ম ইবাবতাসত ইতি যোক্তব্যম্ । অবস্তুভূতস্ত্রাত্মপরোক্ষতয়া সধিতি

* ভাষ্যপর্বা—পূর্বে পূর্বপক্ষী আপত্তি করিয়াছিলেন যে, সংসার আত্মা, আত্মাতাস
কিংবা অহংকারের ধর্ম হইতে পারে না, তবে সংসার কাহার ধর্ম ? ইহার উত্তরে সিদ্ধান্তী
বলিতেছেন—যদি আত্মার নিরূপিত না হয়, তবে তাহা ভ্রান্তিরূপ হটক, যদি বল, আত্ম
জগৎ সংসাররূপে অবতাসিত হয় কিরূপে ? তাহার উত্তর এই যে, বস্ততঃ আত্মার সত্তায়
সংসার সত্তাবুক হইয়া আত্মাতে প্রকাশ পায় । যেমন রজ্জুতে ভ্রান্তিবশতঃ সর্পের
অবতাস হইলে সর্পের পৃথক্ সত্তা স্বীকার করা যায় না, কেবলমাত্র রজ্জুর সত্তায় সর্পের
সত্তার আরোপ হইয়া থাকে ।

প্রতিভাসে নিমিত্তমাহ—কূটস্থেনেতি । তত্রাধ্যস্তথাৎ তৎসত্ত্বা সত্তাবানিত্যার্থঃ ।
নিত্যমিত্যাক্রাধীনাশ্রবতস্তত্রাধ্যস্ততাং সূচয়তি ॥ ৪৫

রজ্জুসর্পো যথা রজ্জ্বা সাত্মকঃ প্রাগ্‌বিবেকতঃ ।

অবস্তু সন্নপি হ্যেষ কূটস্থেনাত্মনা তথা ॥ ৪৬

পদার্থায় । যথা (যেমন) রজ্জুসর্পঃ (দড়িতে আরোপিত সর্প) বিবে-
কতঃ প্রাক্ (বিবেকের পূর্বে) রজ্জ্বা (রজ্জু দ্বারা, রজ্জুর সত্তার) সাত্মকঃ
(সত্তাযুক্ত হর), তথা (সেইরূপ) এষঃ (এই সংসার) অবস্তু সন্ অপি (বস্ততঃ
সত্য না হইলেও) কূটস্থেন আত্মনা (কূটস্থ আত্মার দ্বারা, কূটস্থ আত্মার সত্তার)
[সাত্মকঃ = সত্তাবান্] হি (নিশ্চিত) ॥ ৪৬

অনুবাদ । যেমন রজ্জুজ্ঞানের পূর্বে রজ্জুতে আরোপিত সর্প রজ্জুর
সত্তার সত্তাবান্ হর, সেইরূপ এই সংসার বস্ততঃ সত্য না হইলেও কূটস্থ
আত্মার সত্তার সত্যরূপে প্রতীয়মান হর ॥ ৪৬

টীকা । আত্মসত্ত্বা সত্তাবানাত্মধর্ম ইব ভাসতে সংসার ইত্যোতৎ দৃষ্টান্তেন
স্পষ্টয়তি—রজ্জুসর্পো যথেনিতি । স্পষ্টার্থঃ ॥ ৪৬

আত্মাভাসাশ্রয়শ্চাত্মা প্রত্যয়েঃ স্বেবিকারবান্ ।

সুখী দুঃখী চ সংসারী নিত্য এবৈতি কেচন ॥ ৪৭

পদার্থায় । আত্মা চ (আত্মাই) আত্মাভাসাশ্রয়ঃ (আত্মাভাসের—
জীবনের আশ্রয়), [সঃ = সেই আত্মা] স্বেঃ (স্বীয় ধর্মভূত) প্রত্যয়েঃ (জ্ঞান
সমূহের দ্বারা) বিকারবান্ (বিকারী) সুখী (সুখবান্) দুঃখী (দুঃখী), সংসারী
চ (এবং সংসারী) [তথাপি] নিত্যঃ এব (অবিনাশীই) ইতি (ইহা) কেচন
(কোন কোন বাদী) [বদন্তি = বলেন] ॥ ৪৭

অনুবাদ । আত্মাই জীবনের আশ্রয়, সেই আত্মা স্বধর্মভূত প্রত্যয়
সমূহের দ্বারা বিকারী, সুখী এবং দুঃখী এইরূপ সংসারী হ'ন, তথাপি নিত্য,—
ইহা কোন কোন বাদী স্বীকার করেন * ॥ ৪৭

* তাৎপর্য—বাদী বলেন—আত্মাতে সংসার স্বীকারে কল্পনামাত্র আছে, বেহেতু
আত্মা, আত্মান এবং আত্মার কল্পনা করিতে হয় এবং অবিবেকবশতঃ 'আত্মনি' সংসার
মানিতে হয়, ইহাতে কল্পনা পৌরব আছে, কিন্তু আত্মা সংসারী—এরূপ কল্পনার কোনরূপ
পৌরব নাই ।

টীকা । মতান্তরমাত্রিত্য কল্পনালাঘর্বেন শব্দতে—আত্মাভাসাশ্রয় ইতি । চকার এবকারার্থঃ । আত্মৈবাত্মাভাসাশ্রয় আত্মাভাসত্বাভিমতস্য জীবনস্যাপ্রয়োহতঃ স এব স্বৈঃ স্বধর্মভূতৈঃ প্রত্যয়ের্বিকারবান্ সুখী হঃখী চেত্যেবং সংসারী ভবতি । তথাপি নিত্য এব তরঙ্গাদিভির্বিক্রিয়মাণস্যাপি সমুদ্রস্য স্বৈর্যদর্শনাৎ, অতঃ আভাসতদাশ্রয়ায়নাভেদকল্পনাৎ তদবিবেককল্পনাৎ তদ্বশাদ্বাশ্রয়নি সংসারকল্পনা চ গুণ্বী আত্মৈব সংসারীতি কল্পনা লঘৌয়সৌতি কেচন মন্তস্ত ইত্যর্থঃ ॥ ৪৭

আত্মাভাসাপরিজ্ঞানাদ্ যথাহ্যেন বিমোহিতাঃ ।

অহংকর্তারমাত্মেতি মন্তস্তে তে নিরাগমাঃ ॥ ৪৮

পদান্বয় । যথাহ্যেন (যথার্থতঃ) আত্মাভাসাপরিজ্ঞানাৎ (আত্মা এবং আত্মাভাসের অজ্ঞানবশতঃ) বিমোহিতাঃ (মোহগ্রস্ত হইয়া) অহংকর্তারম্ (অহংকারকে, সাত্বাস অন্তঃকরণকে) আত্মা (আত্মা) ইতি (ইহা) মন্তস্তে (স্বীকার করে), তে (তাহারা) নিরাগমাঃ (আগমতাৎপর্যাজ্ঞানরহিত) ॥ ৪৮

অনুবাদ । আত্মা এবং আভাসের স্বরূপ যথার্থভাবে অপরিজ্ঞান বশতঃ তাহারা মোহগ্রস্ত হইয়া চৈতন্যপ্রতিবিম্বিত অন্তঃকরণকে আত্মা স্বীকার করে ; তাহারা শাস্ত্রতাৎপর্যাজ্ঞান শূন্য ॥ ৪৮

টীকা । উক্তং পুরস্তাদশ্মালিঃ সম্ভাব্যো গোচরে শব্দ ইত্যাত্মানি সংসারিত্ব-গ্রাহকং প্রমাণং নাস্তীতি তন্ন বিশ্বর্ভবাং তদ্বৈত্যাভিপ্রেত্যোৎপ্রেক্ষামাত্রমূলৈবৈবা কল্পনা ন প্রমাণমূলোতি পরিহরাত—আত্মাভাসাপরিজ্ঞানাদিতি । আত্মা পরমার্থঃ কূটস্থনিত্যঃ আভাসস্তচ্ছারারূপেহস্তত্র সংক্রান্তো মিথ্যাত্বত ইত্যাত্মা-সরোঁর্থাধাশ্রয়নাপরিজ্ঞানান্মোহিতাঃ সন্তোহিহংকর্তারঃ সাত্বাসান্তঃকরণমেবাত্মেতি তে মন্তস্তে । যতো নিরাগমা আগমরহস্তপরিচয়শূন্যা ইত্যর্থঃ । ‘নিকলং নিক্রিয়ং শাস্তং নিরবশ্যং নিরঞ্জনম্’, ‘সাক্ষী চেতা কেবলো নিগুণশ্চ’ । ‘কুৎসঃ প্রজ্ঞানধন এবাত্রারং পুরুষঃ স্বয়ংজ্যোতিঃ’ ইত্যাদিনিত্যতুরূপাদিপরশ্রুতিসন্দর্ভং, তথা ‘অনীশরা শোচতি সুহমানঃ ।’ ‘অবিজ্ঞারামগুরে বর্তমানা অনূতেন হি প্রত্যাঢ়া, ইত্যাদিশ্রুতিসন্দর্ভং চান্নন আবিষ্টকসংসারিত্বানুবাদপয়ং, তে ন পশুন্ত্যতঃ যোৎপ্রেক্ষরা বৎকিকিৎসেব বদন্তীত্যতিপ্রায়ঃ ॥ ৪৮

সংসারো বস্তুসংস্বেষাং কর্তৃভোক্তৃস্থলক্ষণঃ ।

আত্মাভাসাশ্রয়াজ্ঞানাৎ সংসরন্ত্যবিবেকতঃ ॥ ৪৯

পদান্বয় । তেষাম্ (তাহাদের মতে) কর্তৃভোক্তৃস্থলক্ষণঃ (কর্তৃভোক্তৃস্থলক্ষণ) সংসারঃ (সংসার) বস্তুসন্ (বস্তুতঃ সত্য), [তে=তাহারা] আত্মাভাসাশ্রয়াজ্ঞানাৎ (আত্মা, আত্মাভাস এবং তাহার আশ্রয় এই তিনটির অজ্ঞানবশতঃ) অবিবেকতঃ (অজ্ঞানবশতঃ) সংসরন্তি (সংসারী হয়) ॥ ৪৯

অনুবাদ । তাহাদের মতে কর্তৃভোক্তৃস্থলক্ষণ সংসার বস্তুতঃ সত্য ; তাহারা আত্মা, আত্মাভাস এবং তাহার আশ্রয় এই তিনটির অজ্ঞানবশতঃ সংসারী হয় * ॥ ৪৯

টীকা । মোক্ষোৎপোষাৎ দুর্গভ ইত্যাহ—সংসার ইতি । তেষাং মতে সংসারো বস্তুসন্ পরমার্থসন্ ভবেৎ, তথা চ ‘নাসতো বিদ্বতে ভাবো নাভাবো বিদ্বতে সতঃ’ ইতিনিয়মস্বতেরবিনাশী সংসার ইতি তেষাং মতে মোক্ষাসিদ্ধিরিত্যর্থঃ । যদি মোক্ষাপ্রাপ্তিগ্ৰাহ্যং সংসারস্যাবস্থঃ তেহপি মন্তেবন্তুহি অস্বচ্ছন্দপ্রকার এব স ইত্যমুজানাতি—আত্মাভাসাশ্রয়াজ্ঞানাদিতি । আত্মাদিভ্রাণাৎ তদ্বাজ্ঞানাদবিবেকতো ভেদা গ্রহাৎ সংসরন্ত্যিতি বোদ্ধব্যা ॥ ৪৯

চৈতন্যাভাসতা বুদ্ধেরাত্মনস্তৎস্বরূপতা ।

শ্রাচ্ছেৎ তং জ্ঞানশব্দৈশ্চ বেদঃ শাস্তীতি যুজ্যতে ॥ ৫০

পদান্বয় । বুদ্ধেঃ (অন্তঃকরণের) চৈতন্যাভাসতা (চৈতন্য প্রতিবিম্ব) আত্মনঃ (আত্মার) তৎস্বরূপতা (চৈতন্যস্বরূপতা) চেৎ (যদি) শ্রাৎ (হয়), [তর্হি=তাহা হইলে] বেদঃ (শ্রুতি) তন্ (আত্মাকে) জ্ঞানশব্দৈশ্চ (জ্ঞান, সৎ, আনন্দ ইত্যাদি শব্দ সমূহের দ্বারা) শাস্তি (উপদেশ দেন) ইতি (ইহা) যুজ্যতে (যুক্ত হয়) ॥ ৫০

অনুবাদ । বুদ্ধিতে চৈতন্য প্রতিবিম্ব এবং আত্মার চৈতন্যস্বরূপতা যদি হয়, তাহা হইলে বেদ জ্ঞানাদি শব্দের দ্বারা উপদেশ দেন,—ইহা যুক্তিযুক্ত হয় † ॥ ৫০

* তাৎপর্য—যদি কর্তৃভোক্তৃস্থলক্ষণ সংসার আত্মার বাতাবিক হয়, তবে তাহা হইতে আত্মার নিস্কৃতি না হওয়ার কখনও আত্মার মুক্তি হইল না ।

† তাৎপর্য—চৈতন্য আত্মার ধর্ম নহে, কিন্তু আত্মার স্বরূপ ; বুদ্ধি জড়, তাহাতে চৈতনের প্রতিবিম্ব পড়ে, সুতরাং বুদ্ধি চেতনের দ্বারা প্রকাশ পায় । যদ্যপি আত্ম-

টীকা। পরপক্ষে * হানিদোষমুক্তা স্বপক্ষে স্বাভাসাত্যাপগমে লাভবিশেষ-
মাহ—চৈতন্যেতি । বুদ্ধেরন্তঃকরণস্য চৈতন্যভাসতা আত্মনৈশ্চতন্ত্ররূপতা চ
চেৎ স্যাদ্ভবেৎ তদা বেদন্তমাখ্যানং জ্ঞানশব্দৈর্জ্ঞানস্বানস্তানস্বাদিভিঃ শব্দৈঃ
শান্তি প্রতিপাদয়তীতি বুজ্যতে ষটতে ইত্যাক্ষরার্থঃ । অয়ং ভাবঃ—প্রকাশ-
স্বভাবং বস্তু যত্র প্রতিবিম্বতে তত্র প্রকাশভাসোদয়হেতুশ্চতন্ত্রবতি । যথা জলে প্রতি-
বিম্বিতঃ সবিভা তথা বুদ্ধৌ প্রতিবিম্বিতং চৈতন্যং তত্র চিৎপ্রকাশোদয়হেতুর্ভবতি ।
ততঃ সাত্মস্যাং বুদ্ধৌ গৃহীতস্বকৈর্জ্ঞানাদিশব্দৈর্বেদ আত্মানং লক্ষণয়া বোধয়-
তীতি সঙ্গচ্ছতে অন্যথা নির্ধর্মক আত্মনি শব্দপ্রবৃত্ত্যনুপপত্তেবেদাস্তবেশ্বতা তস্য ন
সিধ্যৎ, মানাস্তরঞ্চ তত্র ন ক্রমত ইতি অসিক্বিরেবাখ্যানঃ স্যাদিত্যাভাসাত্যাপগমঃ
শ্রুতিস্মৃতিস্তায়বিদ্ভিঃ কর্তব্য ইতি ॥ ৫০

প্রকৃতি প্রত্যয়ার্থে ৷ যৌ ভিন্নাবেকাশ্রয়ো যথা ।

করোতি গচ্ছতাত্যাদৌ দৃষ্টৌ লোকপ্রসিদ্ধিতঃ ॥ ৫১

পদাম্বয় । যথা (যেমন) যৌ (যে) প্রকৃতিপ্রত্যয়ার্থৌ (প্রকৃত্যর্থ ক্রিয়া,
প্রত্যয়ার্থ কর্তৃৎ) ভিন্নৌ (স্বরূপতঃ পৃথক্ হইয়াও) একাশ্রয়ো (উভয়ের একটি
আশ্রয়) করোতি, গচ্ছতি—ইত্যাদৌ (করোতি, গচ্ছতি ইত্যাদিতে) দৃষ্টৌ
(দেখা যায়) [তথা=সেইরূপ] লোকপ্রসিদ্ধিতঃ (লোকপ্রসিদ্ধি বশতঃ) :
[জানাতি—ইত্যাদি=জানাতি প্রভৃতির] [আট্টৈক্যশ্রয়ত্বম্=একমাত্র আত্মা-
শ্রয়ত্ব] [বুদ্ধম্=উচিত] ॥ ৫১

অনুবাদ । যেমন প্রকৃতির অর্থ এবং প্রত্যয়ের অর্থ পরস্পর ভিন্ন হইলেও
উভয়ের একটি আশ্রয় 'করোতি' 'গচ্ছতি' প্রভৃতিতে দৃষ্ট হয়, সেইরূপ লোক
প্রসিদ্ধিবশতঃ 'জানাতি' প্রভৃতিরও একমাত্র আত্মা আশ্রয়ই উচিত + ॥ ৫১

নির্ধর্মক, তাহাতে শব্দের প্রবৃত্তি হইতে পারে না, তথাপি বেদে আত্মা, সৎ, চিৎ, আনন্দ
প্রকৃতি শব্দ দ্বারা আত্মাকে বুঝায়, তাহা কেবল লক্ষণা দ্বারা । অস্তঃকরণে চিৎ প্রতিবিম্ব
হইলে তাহাতে শব্দশক্তি গৃহীত হয়, সুতরাং আত্মাকে শব্দ লক্ষণাদ্বারা বুঝাইতে পারে ।
সুতরাং আত্মাস অবশ্য স্বীকার্য । আত্মাস বুদ্ধির বাচক আত্মাদি শব্দ, আত্মাকে লক্ষণাদ্বারা
আত্মাদি শব্দ বোধ করায় ।

* মোক্ষকতিদোষমুক্তেতি পাঠান্তরম্ ।

† তাৎপর্য—'দেবদত্তো গচ্ছতি' এই বাক্যে 'গচ্ছতি' এই পদের দুইটি অংশ আছে,
তন্মধ্যে 'গচ্' ধাতু প্রকৃতি, তাহার অর্থ গমন ক্রিয়া, 'তি'—প্রত্যয়, তাহার অর্থ কর্তৃৎ ।
প্রকৃতির এবং প্রত্যয়ের অর্থ ভিন্ন হইলে ও যেমন উভয়ের আশ্রয় একমাত্র দেবদত্ত সেইরূপ
'জানাতি'—প্রকৃতি হলে একমাত্র আত্মা আশ্রয় বুদ্ধিতে হইবে । (পূর্বপক্ষী) ।

টীকা । যন্তপোষ্যাতাসাত্ত্বাপগমে বেদপ্রবৃত্তিরাস্ত্রহ্যাপগমতে তথাপ্যনি
জানাত্যাশিক্কা ন প্রবর্তেয়মিতি ব্যবহারাসিদ্ধিঃ প্রসজ্যেতেতি শব্দতে । নহু
জানশকো ব্যংপাণ্ডমান আয়নি মুখ্যাঃ বৃত্তিং লভত এব অতঃ কথং সাত্ত্বাসবুদ্ধি-
বাচকঃ সন্ আয়নি লক্ষণয়া বর্জিবাত ইতি কল্পাত ইতি বা শব্দতে—প্রকৃতীতি ।
প্রকৃত্যর্থঃ ক্রিয়া প্রত্যয়ার্থঃ কর্তৃৎ তাবৃত্তৌ স্বরূপতো ভিন্নাবেকশ্রিয়াশ্রয়ে
স্থিতৌ, কয়োতি গচ্ছতীত্যাদৌ লোকে দৃষ্টৌ যথা তথা লোকপ্রসিদ্ধিত এব
জানাতি কয়োতীত্যাদেয়প্যাঐক্যশ্রয়ং যুক্তমিত্যর্থঃ ॥ ৫১

নানয়োর্ঘ্যাশ্রয়ত্বঞ্চ লোকে দৃষ্টং স্মৃতৌ তথা ।

জানাত্যর্থেষু কো হেতুর্ঘ্যাশ্রয়ত্বে নিগন্ততাম্ ॥ ৫২

পদান্বয় । অনয়োঃ (প্রকৃত্যর্থ এবং প্রত্যয়ার্থের) ঘ্যাশ্রয়ত্বম্ (দুইটি
আশ্রয়) লোকে (লোক প্রয়োগে) তথা (এবং) স্মৃতৌ চ (ব্যাকরণ শাস্ত্রে)
ন দৃষ্টম্ (দৃষ্ট হয় না), জানাত্যর্থেষু (জানাতি অর্থ প্রভৃতিতে) ঘ্যাশ্রয়ত্বে
(দুই আশ্রয় বিষয়ে) কো হেতুঃ (কি কারণ) [তৎ=তাহা] নিগন্ততাম্
(বল) ॥ ৫২

অনুবাদ । লোকে এবং ব্যাকরণশাস্ত্রে প্রকৃত্যর্থ এবং প্রত্যয়ার্থের
দুইটি আশ্রয় দৃষ্ট হয়, জানাতি প্রভৃতি পদার্থের দুইটি আশ্রয় হইবে, ইহাতে
কি হেতু আছে, তাহা বল * ॥ ৫২

টীকা । যথৈকাশ্রয়মনয়োর্দৃষ্টং তথা ভিন্নাশ্রয়মপি কচিৎ কিং ন স্মাদি-
ত্যত আহ—নানয়োঁরিতি । অনয়োঃ প্রকৃতিপ্রত্যয়য়োর্ঘ্যাশ্রয়ত্বং ন লোক-
প্রয়োগেবু দৃষ্টং, তথা স্মৃতৌ ব্যাকরণরূপায়ামপি ন দৃষ্টমতো জানাত্যর্থেষু
ঘ্যাশ্রয়ত্বে আত্মা প্রত্যয়ার্থাশ্রয়ঃ বুদ্ধিঃ প্রকৃত্যর্থ্যাশ্রয় ইতি ঘ্যাশ্রয়ত্বাত্ত্বাপগমে কো
হেতুঃ স নিগন্ততামিত্যর্থঃ ॥ ৫২

আত্মাতাসস্ত তিঙ্বাচ্যো ধাত্বর্থশ্চ ধিয়ঃ ক্রিয়া ।

উভয়ঞ্চাবিবেকেন জানাতীত্ব্যচ্যতে যুযা ॥ ৫৩

পদান্বয় । আত্মাতাসস্ত (অস্তঃকরণ প্রতিবিম্বিত চৈতন্য) তিঙ্বাচ্যঃ

* তাৎপৰ্য্য—পূৰ্ণপদবাহী পূৰ্ণ শ্লোকে প্রকৃত্যর্থ এবং প্রত্যয়ার্থের এক আশ্রয় নিরূপণ
করিয়া এই শ্লোকে লোকে এবং বেদে উভয়ের সনানীশ্রয় হয় না, তাহা বলিতেছেন ।

প্রত্যয়দ্বারা অভিধেয়), ধাত্বর্ধ্বশ্চ (এবং প্রকৃত্যর্থ) ধিরঃ (বুদ্ধির) ক্রিয়া (ক্রিয়া)
উভয়ক (আত্মভাস এবং বুদ্ধি এই দুয়ের) অবিবেকেন (অজ্ঞানবশতঃ)
জানাতি ইতি (জানাতি এই স্থলে) যথা (মিথ্যা) উচ্যতে (কথিত হয়) ॥ ৫৩

অনুবাদ। আত্মভাস তিঙ প্রত্যয়বাচ্য, বুদ্ধির ক্রিয়া প্রকৃত্যর্থ;
আত্মভাস এবং বুদ্ধির আত্মার অবিবেক বশতঃ 'জানাতি' ইত্যাদি স্থলে মিথ্যাই
[প্রকৃতি প্রত্যয়ের একাশ্রয়রূপে] কথিত হয় * ॥ ৫৩

টীকা। প্রকৃতিপ্রত্যয়রোরেকাশ্রয়মাাত্রমশ্নগতে ন সংগচ্ছত ইত্যুচ্যতে
কিংবা পরমার্থতন্তরোরেকাশ্রয়ং তত্র নাশ্চ ইত্যাহ সিদ্ধান্তী—আত্মভাস
ইতি। তুশকঃ শব্দানিষেধার্থঃ। আত্মভাসো বুদ্ধিগতত্তিঙ বাচ্যঃ প্রত্যয়বাচ্যঃ।
ধিরো বুদ্ধেঃ ক্রিয়াবৃত্তিরূপা ধাত্বর্ধ্বঃ প্রকৃত্যর্থঃ। তথাচাত্মভাসো বুদ্ধিশ্চেতুতরং
চাবিবেকেন পরমার্থাত্মাবিবেকেন যুধৈব জানাতীতুচ্যতে। তথাচাত্মভাস-
ব্যাপ্তক্রিয়াবদবুদ্ধৈক্যাকাধ্যাসাদাত্মা জানাতীত্যেকাশ্রয়ত্বাভাসঃ প্রকৃতিপ্রত্যয়রো-
রিহাপি নানুপপন্ন ইত্যর্থঃ ॥ ৫৩

ন বুদ্ধেরববোধোহস্তি নাত্মনো বিদ্বতে ক্রিয়া।

অতো নান্যতরশ্চাপি জানাতীতি চ যুজ্যতে ॥ ৫৪

পদাশ্রয়। বুদ্ধেঃ (ক্রিয়াবতী বুদ্ধির) অববোধঃ (চৈতন্ত, জ্ঞান) ন
অস্তি (নাই), আত্মনঃ (প্রকাশরূপ আত্মার) ক্রিয়া (ক্রিয়া) ন বিদ্বতে
(নাই); অতঃ (এইরূপ) অন্যতরশ্চ অপি (বুদ্ধি ও আত্মা এই দুটির মধ্যে
কোনটির) জানাতি ইতি (জ্ঞান কর্তা, এইটি) ন যুজ্যতে (যুক্ত
হয় না) ॥ ৫৪

অনুবাদ। বুদ্ধির চৈতন্ত নাই, আত্মার ক্রিয়া নাই; অতএব বুদ্ধি কিংবা
আত্মা একতরের 'জানাতি'—দ্বারা নির্দেশ যুক্তিযুক্ত নহে † ॥ ৫৪

* তাৎপর্য—প্রকৃতি ও প্রত্যয়ের একাশ্রয় সিদ্ধান্তীর মতে সঙ্গত হয় না ইহা যদি
পূর্বপক্ষীর অভিপ্রায় হয়, তাহার উত্তরে বলা যাইতেছে—'জানাতি' এই স্থলে 'জা' ধাতু
প্রকৃতি এবং 'তি'—প্রত্যয়। বুদ্ধিগত তিঙ প্রতিবিধ 'তি' প্রত্যয় বাচ্য, বুদ্ধির বৃত্তিরূপ
ক্রিয়া প্রকৃত্যর্থ; কিন্তু—'জানাতি' স্থলে বুদ্ধি ও আত্মভাসের সহিত আত্মার অবিবেক
ধাকার আত্মা জানাতির আশ্রয় বলিয়া মিথ্যাই উক্ত হয়। হতরাং অব্যাসবশতঃ আত্মা
জানাতির আশ্রয় হন, বস্তুতঃ নহে।

† তাৎপর্য—বুদ্ধির ধর্ম ক্রিয়া অর্থাৎ বৃত্তি, চৈতন্ত তাহার ধর্ম নহে; আত্মা প্রকাশরূপ
তাহাতে ক্রিয়া নাই; হতরাং বুদ্ধি কিংবা আত্মা এই দুয়ের মধ্যে একটি 'জানাতি' শব্দ দ্বারা

টীকা । দ্বিতীয়ং প্রত্যাহ—ন বুদ্ধেরিতি । সমাগ্‌বিচার্যমাণে ক্রিয়া-
বত্যা বুদ্ধেরবোধশিচৎপ্রকাশো নান্তি, নাপ্যাত্মনোহববোধস্বভাবস্ত ক্রিয়া
বিভূতে অতো নান্ততরস্তাপি জানাত্যবগচ্ছতীতি নির্দেশো যুক্ত্যতে । তথাচ
প্রতীতিমাত্রণরনৈরারোপিততদৈক্যবিষয়ত্বং জানাত্যাদেরাশ্রয়ণীমিতি ন লোক-
ব্যবহারবিরোধঃ স্মৃতিবিরোধো বা ভবতীত্যর্থঃ ॥ ৫৪

নাপ্যতো ভাবশব্দেন জ্ঞপ্তিরিত্যপি যুক্ত্যতে ।

ন হ্যাত্মা বিক্রিয়ামাত্রো নিত্য আত্মেতি শাসনাৎ ॥ ৫৫

পদান্বয় । অতঃ (অতএব) ভাবশব্দেন (ভাববাচক শব্দের দ্বারা) জ্ঞপ্তিঃ
(জ্ঞপ্তিই জ্ঞান) ইতাপি (এইরূপ ব্যুৎপত্তি দ্বারা) ন অপি যুক্ত্যতে (আত্মাতে
জ্ঞানশব্দের প্রয়োগ হয় না), হি (যেহেতু) আত্মা (আত্মা) নিত্যঃ (অবিনাশী)
ইতি (এইরূপ) শাসনাৎ (শ্রুতির শাসন আছে বলিয়া) আত্মা (আত্মা)
বিক্রিয়ামাত্রঃ (বিশিষ্ট ক্রিয়ামাত্র) ন (নহে), ॥ ৫৫

অনুবাদ । অতএব 'জ্ঞপ্তি—জ্ঞান' এইরূপ ভাববাচ্যে ব্যুৎপত্তি করিয়া
আত্মাতে জ্ঞানশব্দের প্রয়োগ হইতে পারে না ; আত্মা বিশিষ্ট ক্রিয়ামাত্র নহে,
কারণ, আত্মা নিত্য এইরূপ শ্রুতির উপদেশ আছে * ॥ ৫৫

টীকা । যথা জানাতীতি জ্ঞ ইতি কর্তৃব্যুৎপত্ত্যা বুদ্ধাত্মনোরৈককণ্মিন্
জানাত্যর্থানুপপত্তিনর্থাপি মীলিতয়োস্তদুপপাত্তঃ, পরমার্থতো জড়াজড়মোটৈক্যা-
যোগাৎ নাপ্যান্যতরসম্বন্ধিনিমিত্তানুত্তরশ্লিষ্টত্বাশ্রয়তেতি ঘটতে অধ্যাসবাতিরে-

উল্লিখিত হইতে পারে না ; অতএব অবিবেকবশতঃ আত্মাতে অধ্যাস হয় ; পরমার্থতঃ উভয়ের
একাত্মত্ব নাই ।

* তাৎপর্য—'জানাতী ইতি জ্ঞঃ' অর্থাৎ যিনি জানেন—জ্ঞানের কর্তা এই কর্তৃবাচ্যে
প্রত্যয় করিয়া জানাতী—ইহার প্রয়োগ আত্মাতে হইতে পারে না, কারণ আত্মা নির্ধর্মক ;
বুদ্ধিতেও হইতে পারে না, কারণ বুদ্ধি জড়া ; বুদ্ধি আত্মার মিলিত হইয়াও জানাতীর কর্তা
হইতে পারে না, কারণ জড় ও চেতনের একত্ব সম্ভব নহে । এক্ষণে জ্ঞপ্তিই জ্ঞান এইরূপ
ভাববাচ্যে জ্ঞান শব্দের ব্যুৎপত্তি করিয়া আত্মাতে জ্ঞানশব্দ প্রযুক্ত হইতে পারে না, তাহা বলা
হইতেছে । 'জ্ঞপ্তিঃ জ্ঞানম্' ইহা ভাববিহিত প্রত্যয়ের আকার প্রদর্শন মাত্র, ভাব শব্দ কেবল
ধার্ম্যমাত্রকে বুঝায়, যেমন পন্ন বলিলে যাওয়া এই ক্রিয়ামাত্রকে বুঝায় । যদি জ্ঞানশব্দের
ভাববাচ্যের ব্যুৎপত্তি করিয়া আত্মাতে প্রযুক্ত হইল, তবে আত্মা ক্রিয়াকর হইলেন, ক্রিয়াকে
সর্বত্র কর্তৃপন্নত্ব দেখা যায়, এবং তাহা হইলে আত্মাও অনিত্য হইয়া পড়িলেন । কিন্তু
শ্রুতিতে আত্মার নিত্যত্ব প্রতিপাদিত হইয়াছে । অপিচ, আত্মার নিত্যত্ব সম্বন্ধে বুদ্ধিও
আছে—যদি আত্মা অনিত্য হইত, এবং পরলোকে স্বর্গাদি ভোগ্য হাদী কোন পুরুষ মা থাকেন,
তাহা হইলে অসুষ্ঠিত কর্ম ব্যর্থ হয় ।

কেণ সন্নিক্ষেপনিরূপণাৎ, তথা জ্ঞাপ্তিজ্ঞানমিতি ; ভাবব্যুৎপত্ত্যাপি জ্ঞানশব্দ প্রয়োগ
আত্মনি ন ঘটতে ইত্যাহ—নাপ্যত ইতি । ভাবশব্দেন ধাতুর্ধসামান্যবচনেন
জ্ঞাপ্তিজ্ঞানমিতি ব্যুৎপত্ত্যাপি জ্ঞানশব্দ প্রয়োগ আত্মনি ন বুজ্যতে ইত্যুক্তং
হেতুং ব্যনক্তি—নহীতি । ক্রিয়ামাত্রেষু পারতন্ত্রোণাত্মনোহনিত্যত্বপ্রসঙ্গস্তচা-
নিষ্টং নিত্য আত্মেতি শ্রুতিশাসনাদিত্যর্থঃ ॥ ৫৫

ন বুদ্ধেবুদ্ধিবাচ্যত্বং করণং ন হকর্তৃকম্ ।

নাপি জায়ত ইত্যেবং কর্ম্মশব্দৈরনিক্রূপ্যতে ॥ ৫৬

পদাশ্রয় । বুদ্ধেঃ (বুদ্ধির, অস্তঃকরণের) বুদ্ধিবাচ্যত্বম্ (বুধ্যতে অনয়া—
ইহার দ্বারা জানা যায় এইরূপ করণ ব্যুৎপত্তির দ্বারাও বুদ্ধিবাচ্যত্ব), [আত্মনঃ=
আত্মার] ন (নহে), [এপক্ষে হেতু প্রদর্শিত হইতেছে] করণম্ (করণ)
অকর্তৃকম্ (কর্তৃরহিত) ন হি (নহে, হইতে পারে না), এবং (তথা, এইরূপ)
জায়তে ইতি (যেটি জাত হয় এইরূপ কর্ম্মব্যুৎপত্তি দ্বারাও) কর্ম্মশব্দৈরপি (কর্ম্ম-
বাচক জ্ঞান শব্দের দ্বারাও) [আত্মা=আত্মা] ন নিক্রূপ্যতে (নিক্রূপিত
হন না) ॥ ৫৬

অনুবাদ । বাহ্য দ্বারা জাত হওয়া যায়—এইরূপ করণ ব্যুৎপত্তির দ্বারা
অস্তঃকরণ বুদ্ধিশব্দের বাচ্য হইতে পারে, আত্মা হইতে পারেন না ; কারণ,
কর্তৃবিহীন করণ কোথায়ও দৃষ্ট হয় না ; যেটি জাত হয়—এইরূপ কর্ম্মবাচ্যে
ব্যুৎপন্ন জ্ঞানশব্দের দ্বারাও আত্মা নিক্রূপিত হ'ন না * ॥ ৫৬

* তাৎপর্য—পূর্বে বলা হইয়াছে, কর্তৃব্যুৎপত্তি কিংবা ভাবব্যুৎপত্তির দ্বারা জ্ঞানশব্দ আত্মার
প্রযুক্ত হয় না । এখন বলা হইতেছে যে—করণবাচ্যে কিংবা কর্ম্মবাচ্যে ব্যুৎপত্তির দ্বারাও জ্ঞান শব্দ
বাচ্য আত্মা হয় না । বুদ্ধিও জ্ঞান পর্যায় শব্দ । বুধ্যতে অনয়া, অথবা জায়তে অনয়া—এইরূপ
করণবাচ্যে ব্যুৎপন্ন বুদ্ধি কিংবা জ্ঞান শব্দ অস্তঃকরণে প্রযুক্ত হইতে পারে, আত্মাতে পারে না ;
কারণ যেখানে লোকে করণ দেখা যায়, তথায় কর্তা আছে, আত্মা করণ হইলে তাহার কর্তা
কে হইবে ? এই দোষ পরিহারের অন্ত যদি কর্ম্মবাচ্যে বুদ্ধি বা জ্ঞান শব্দের ব্যুৎপত্তি করা
যায়, তথাপি হইতে পারে না । জায়তে অর্থাৎ যেটি জাত হয় সেই জ্ঞান, তাহা হইলে আত্মা
জ্ঞানের কর্ম্ম হইলেন এবং কর্তাও হইলেন ; অর্থাৎ নিজ কর্তৃক নিজেই জাত হইলেন, কর্ম্ম-
কর্তৃবিরোধ হয় ; লোকে কর্ম্ম ও কর্তা একটি বস্তু দৃষ্ট হয় না । যদি বল, জায়তেৎপিন্—
বাহ্যতে জাত হয়—এইরূপ অধিকরণবাচ্যে জ্ঞান শব্দের প্রয়োগ করিব ; তাহা হইলে জ্ঞের
ঘটাদির অধিকরণ ভূতলাদি, তাহাতেও জ্ঞান শব্দের প্রয়োগ হইতে পারে । যদি বল,
জাত্ব থাকিলে জ্ঞেয়াধার—হইবে, তাহাও ভূতলাদির নাই, তাহার উত্তর এই যে—অসঙ্গ,
নির্ধর্ম্মক আত্মার জাত্ব নাই ।

টীকা । যথা জানাতীতি জ ইতি কর্তব্যুৎপত্ত্যা জপ্তিষ্ঠানমিতি ভাবব্যুৎপত্ত্যা চান্মনি জানশব্দানুপপত্তিঃ, তথা জ্ঞাতেহেনেনেতি করণব্যুৎপত্ত্যা জ্ঞাত ইতি জানমিতি কর্তব্যুৎপত্ত্যা চান্মনি জানশব্দপ্রবৃত্তি ন' বুধ্যতে ইত্যাহ—ন বুদ্ধে-
রিতি । বুধ্যতেহেনেনেতি বুদ্ধিরিতি ব্যুৎপত্ত্যা বুদ্ধিশব্দবাচ্যত্বং বুদ্ধেরস্তঃ-
করণস্ত আশ্রয়ন ইতি ধোজন্য । তত্র হেতুঃ করণমিতি । করণব্যুৎপত্তি-
পক্ষে বুদ্ধিশব্দবাচ্যশ্রয়নঃ করণস্থাপত্তৌ কর্তৃত্বরাত্তাবাদকর্তৃকং করণং ত্রাৎ,
নহি করণমকর্তৃকং কচিদৃষ্টমিত্যর্থঃ । তথা জ্ঞাত ইতি জানমিতি কর্ত-
শব্দেয়প্যাশ্রয়ানি ন নিরূপ্যতে ন সম্যগ্ভ্যতে যস্ত যবেদ্যস্থানুপপত্তেঃ জ্ঞাত্ত্বরতা-
তাবাচ্চ ন কর্তব্যুৎপত্তিরপীহেত্যর্থঃ । জ্ঞাতেহ্মিরিতি জানমিতি ব্যুৎপত্ত্যা-
স্তরমত্তীতি চেৎ তত্র বক্তব্যং জ্ঞেয়াধারত্বমাত্রং জানশব্দেনেহোচ্যতে জ্ঞাত্ত্ব-
সতি জ্ঞেয়াধারত্বং বা ? নাহুঃ জ্ঞেয়ঘটাস্থাধারভূতলাদেয়পি ব্যুৎপত্তিবোগাৎ
জ্ঞানশব্দাভিধেয়ত্বপ্রসঙ্গাৎ । ন দ্বিতীয়ঃ—আশ্রয়নো জ্ঞাত্ত্বস্ত নিরাকৃতত্বাদিত্যং
পক্ষোহতিস্থূল ইত্যচাঠ্যৈকপেক্ষিত ইতি দ্রষ্টব্যম্ ॥ ৫৬

ন যেসামেক এবাত্মা নির্দুঃখোহবিক্রিয়ঃ সদা ।

তেষাং স্মাচ্ছব্দবাচ্যত্বং জ্ঞেয়ত্বং চাত্মনঃ সদা ॥ ৫৭

পদান্বয় । যেসাম্ (যাহাদের মতে) এক এব (অদ্বিতীয়ই) আত্মা
(আত্মা) সদা (সর্বদা, তিনকালেই) নির্দুঃখঃ (দুঃখরহিত) অবিক্রিয়ঃ
(বিকারশূন্য) [স্বীকৃত হয়] তেষাম্ (তাহাদের মতে) আশ্রয়নঃ (আশ্রয়)
শব্দবাচ্যত্বম্ (জ্ঞানআত্মাদি শব্দবাচ্যত্ব) জ্ঞেয়ত্বম্ (এবং জ্ঞেয়ত্ব) সদা (সর্বদা)
ন ত্রাৎ (হয় না) ॥ ৫৭

অনুবাদ । যাহাদের মতে একই আত্মা সর্বদা দুঃখরহিত এবং বিকার-
শূন্য বলিয়া স্বীকৃত হয়, তাহাদের মতে আশ্রয় জ্ঞানাদি শব্দবাচ্যত্ব এবং জ্ঞেয়ত্ব
সর্বদা হইতে পারে না * ॥ ৫৭

টীকা । এবং মুখ্যরূপে বৃত্ত্যা জ্ঞানাদিশব্দবাচ্যত্বমায়নো নোপপত্তত ইতি
প্রতিপাদিতে ত্বাপ্যেতৎতুল্যমিত্যাশঙ্কোপত্ত্যা পরিহরতি—ন যেসামিতি ।
যেবাং মতে একএবাত্মা সদা নির্দুঃখাদিলক্ষণোহভ্যুপগতন্তেষামাশ্রয়নঃ সদা শব্দ-

* তাৎপৰ্য—যাহারা আশ্রয়ের স্বীকার করে, তাহাদের মতে আশ্রয় শব্দবাচ্যত্ব এবং
জ্ঞেয়ত্ব হটক, অর্থাৎ তাহা সম্ভব নহে ।

বাচ্যং জ্ঞেয়ঞ্চ ন স্যাৎ পরমার্থত ইতি বোদ্ধব্যা । যদা আত্মনি মুখ্যশব্দ প্রযুক্ত্য-
ভাবমুক্তং ব্যতিরেকমুখেনোপপাদয়তি - ন যেষামিতি । যেষাং মতে এক এব
বধা নির্দিষ্ট আত্মা ন ভবতি, তেষাং শব্দবাচ্যং জ্ঞেয়ঞ্চাশ্বনঃ সদা স্তাদ্বিতি
বোদ্ধব্যা । তত্র কত্রাদিব্যুৎপত্তেঃ সম্ভবাৎ । ন যেকাশ্ববাদে শ্রৌতে তৎ-
সম্ভব ইত্যর্থাৎ সিদ্ধমিত্যর্থঃ ॥ ৫৭

যদাহংকর্তুরাত্মত্বং তদা শব্দার্থমুখ্যতা ।

নাশনারাদিমত্বাৎ তু শ্রুতৌ তস্মাত্মতেষ্যতে ॥ ৫৮

পদাশ্বয় । যদা (যখন যদি) অহংকর্তুঃ (আমি কর্তা—এইরূপ অস্তি-
মানীর, অহংকারের) আত্মত্বম্ (আত্মত্ব, আত্মা বলিয়া স্বীকার করা যায়) তদা
(তখন, তাহা হইলে) শব্দার্থমুখ্যতা (আত্মাদি শব্দার্থের মুখ্যরূপে প্রযুক্ত হইবে),
নাশনারাদিমত্বাৎ তু (কিন্তু কুখাতৃকাদ্যিবিশিষ্টত্ব হেতু) শ্রুতৌ (বেদে) তস্ম
(অহংকারের) আত্মতা (আত্মত্ব) ন ইষ্যতে (ইষ্ট হইবে না, স্বীকৃত হইবে না) ॥ ৫৮

অনুবাদ । যদি ‘অহংকর্তা’—এইরূপ অহংকারের আত্মত্ব বল, তাহা
হইলে আত্মাদি শব্দ আত্মাদি পদার্থে মুখ্যরূপে প্রয়োগ হইতে পারে, অহংকারের
কুখাতৃকাদ্যিবুদ্ধত্বহেতু তাহার আত্মত্ব শ্রুতিতে অস্বীকৃত হইবে না • ॥ ৫৮

টীকা । তহি অস্ত শব্দার্থমুখ্যত্বায় সবিকার এবাশ্বেতি শব্দতে—যদেতি ।
অহং কর্তেত্যাত্মভিত্তিমগ্ধমানাকারগ্ৰাহত্বমেব নাস্তীতি পরিহরতি—নেতি ।
‘যোহশনারাপিপাসে শোকং মোহং জরাং মৃত্যুমতোতোতং বৈ তমানানং বিদিত্বা’
ইতি শ্রুতাবাশ্বনোহশনারাত্মত্বতত্ত্বস্বাভাব্যাবগমাদশনারাদিধর্মবত্বাৎ অহংকর্তুস্তস্ম
আত্মতা নেষাত ইতি বোদ্ধব্যা । অতো জ্ঞানাদিশব্দা আত্মনি ন সাক্ষাৎ
প্রবর্তন্ত ইত্যভাসহারতাস্বছক্কা তেষাং সিদ্ধেতি ভাবঃ ॥ ৫৮

হস্ত তহি ন মুখ্যার্থো নাপি গৌণঃ কথঞ্চন ।

জানাতিত্যাশব্দস্য গতির্বাচ্যা তথাপি তু ॥ ৫৯

পদাশ্বয় । হস্ত (বেদে) তহি (তাহা হইলে) : জানাতি ইত্যাদি-শব্দ

* তাৎপর্য—আত্মাতে আত্মা, জ্ঞান প্রভৃতি শব্দ মুখ্যরূপে প্রযুক্ত হইবে না,—তবে যদি
আত্মাকে সবিকার স্বীকার করিয়া অহংকারকে আত্মা বল, তবে মুখ্য প্রয়োগ হইবে সত্য; কিন্তু
শ্রুতিতে আত্মা কুখাতৃকার অত্যন্ত স্বীকার করা হইয়াছে, সুতরাং কুখাতৃকাদ্যিবিশিষ্ট অহংকারের
আত্মত্ব অস্বীকৃত নহে ।

(জানাতি এইরূপ শব্দের) ন মুখ্যার্থঃ (মুখ্যার্থ নহে) কথঞ্চন (কোন প্রকারে)
ন অপি গোণঃ (গোণ অর্থও নহে) তথাপি তু (তাহা হইলেও) গতিঃ (উপায়)
বাচ্যা (বলা উচিত) ॥ ৫৯

অনুবাদ । অহো ! তাহা হইলে যদি জানাতি—এইরূপ শব্দের মুখ্যার্থ
কিংবা গোণার্থ কোন প্রকারে সঙ্গত হয়, তথাপি জানাতি এইরূপ শব্দের উপায়
বলিতে হইবে * ॥ ৫৯

টীকা । নষেবমুক্তরীত্যা যদি জানাত্যা দেৱাশ্চুভ্রুত্ব চ মুখ্যতা ন সম্ভবেৎ
তহি বৃত্তাস্তরেণাপ্যায়নি প্রভৃতিরূপপন্ন, নহি কাপ্যমুখ্যং কচিৎপর্চ্যাতে
ইতি সম্ভবতীতি শক্তে—হস্ত তর্হীতি চতুর্ভিঃ । স্পষ্টম্ ॥ ৫৯

শব্দানামযথার্থত্বে বেদশ্রুত্যা প্রমাণতা ।

সা চ নেষ্ঠা ততো গ্রাহ্যা গতিরশ্চ প্রসিদ্ধিতঃ ॥ ৬০

পদার্থায় । শব্দানাম্ (শব্দসমূহের) অর্থার্থত্বে (যথার্থ্যরাহিত্যে) বেদশ্রু
অপি (কেবল লৌকিক শব্দের নহে, বেদেরও) অপ্রমাণতা (অপ্রামাণ্য)
[ভবতি = হয়] সা চ (বেদের অপ্রমাণতা) ন ইষ্টা (অভিপ্রেত নহে) ততঃ
(তচ্ছব্দ, বেদের প্রামাণ্যের-নিমিত্ত) অশ্রু (জানাতি প্রভৃতির) গতিঃ (উপায়)
গ্রাহ্যা (গ্রহণীয়, বাচ্য) [তাহাতে হেতুপ্রদর্শিত হইতেছে] প্রসিদ্ধিতঃ
(প্রসিদ্ধি বশতঃ) ॥ ৬০

অনুবাদ । শব্দসমূহ যদি যথাভূত অর্থ প্রতিপাদক না হয়, তাহা
হইলে বেদেরও অপ্রামাণ্য ঘটে, কিন্তু তাহা ত কাহারও ইষ্ট নহে, অতএব
বেদ প্রামাণ্য রক্ষার নিমিত্ত প্রসিদ্ধি বশতঃ ইহার গতি বলিতে হইবে † ॥ ৬০

* তাৎপর্য—যদি 'জানাতি' প্রভৃতির আশ্রিতে কিংবা অস্ত্র কোথায়ও মুখ্যরূপে প্রয়োগ
না হইল, তাহা হইলে লক্ষণা দ্বারা বলিতে হইবে, তাহাও হহতে পারে না, কারণ যে শব্দ
কোথায়ও মুখ্যরূপে প্রযুক্ত না হয়, তাহার গোণ প্রয়োগ দৃষ্ট হয় না। যেমন গজায়াং শ্রান্তি
গজার শ্রান করে, এখানে গজাশব্দের মুখ্যার্থ জলপ্রবাহে, তাহার আবার 'গজায়াং যোষঃ
প্রতিবসতি'—গজাতীরে আতীর পলী বাস করে এইহলে গজাশব্দের লক্ষণায় গজাতীর
বুঝাইতেছে; কিন্তু বাহার কখনও মুখ্য প্রয়োগ হয় না, তাহার লক্ষণা কিরূপে সম্ভবে?
যদি মুখ্য ও গোণ প্রয়োগ না হইল, তবে 'জানাতি' ইত্যাদির গতি কি?

† তাৎপর্য—যদি শব্দ তৎপ্রতিপাদ্য অর্থকে প্রতিপাদন না করে, তাহা হইলে লৌকিক
শব্দের অপ্রামাণ্য সেইরূপে—বেদের অপ্রামাণ্য হয়, কারণ বেদও লক্ষ্যক; লোকে যে
শব্দের যে অর্থে ব্যুৎপত্তি, বেদেও তাহাই। লোকে গো শব্দের অর্থে গলকন্দলাদ্বিবিধিষ্ট
চতুশ্চক্ৰ বস্ত্র বুঝায়, বেদেও তাহাই বুঝায়। সুতরাং বেদপ্রামাণ্য রক্ষা করিতে হইবে।

টীকা। যান্ত্র মুখ্যাত্মবাদগোপী তথাপি কিমিতি গতির্বাচ্যোতি চেৎ
তত্রাহ—শব্দানামিতি । ন কেবলঃ লৌকিকশব্দানামেব জানাত্যাদীনাম্
অপ্রমাণতা কিন্তু বেদশ্রুতীতাপি শব্দযোজন। লোকসিদ্ধব্যাৎপত্যপেক্ষাদ্বেদ-
বোধকবাস্যোতাতিপ্রায়ঃ । সা বেদশ্রুতপ্রমাণতা নেষ্টা । চকারাদ্বেদশ্রুতবাস্ত্বনি
প্রমাণতেষ্টেতি সমুচীয়তে । অতো বেদপ্রমাণ্যাকৌকারলোভাদেব গতির্বাচ্যো-
তার্থঃ । তর্হি প্রসিদ্ধৈব গতিঃ কিমিহ বক্তব্যমিতি সিদ্ধান্তিনঃ শব্দাং গৃহাতীতি ।
ততো গ্রাহেতি । প্রসিক্ত ইতি চেদिति শেষঃ ॥ ৬০

প্রসিদ্ধিমূঢ়লোকস্য যদি গ্রাহ্য নিরাস্ততা ।

লোকার্যতিকসিদ্ধান্তঃ সা চানিষ্টা প্রসজ্যতে ॥ ৬১

পদান্বয় । যদি (যদি) মূঢ়লোকস্ত (অজ্ঞ মনুষ্যের) প্রসিদ্ধিঃ (প্রসিদ্ধতা)
গ্রাহ্য (গ্রহণীয় হয়) [তদা = তাহা হইলে] লোকার্যতিকসিদ্ধান্তঃ (নাস্তিক
সিদ্ধান্ত) নিরাস্ততা (দেহাত্মবাদ) প্রসজ্যতে (প্রসক্তি হয়) সা চ (সেই
নিরাস্ততা) অনিষ্টা (ইষ্ট নহে) ॥ ৬১

অনুবাদ । যদি অজ্ঞলোকের প্রসিদ্ধি গ্রাহ্য হয়, তাহা হইলে নাস্তিক
সিদ্ধান্ত দেহাত্মবাদ আসিয়া পড়ে, তাহাতে কাহারও ইষ্ট নহে ॥ ৬১

টীকা । তত্র বক্তবাং প্রাকৃতজনপ্রসিদ্ধ্যা গতিরাত্মীয়তে পাণিন্যাত্মীয়ুক্ত-
প্রসিদ্ধ্যা বা । তত্রাত্মমনুস্ত দুষয়তি—প্রসিদ্ধিমূঢ়লোকশ্চেতি । প্রাকৃত-
প্রসিদ্ধ্যভূতপগমে দেহাত্মপ্রসিদ্ধেরপি অভূতপগমাৎ নিরাস্তবাদাত্মাপত্তিরনিষ্টা
প্রসজ্যতেত্যর্থঃ ॥ ৬১

অভিযুক্তপ্রসিদ্ধিশ্চেৎ পূর্ববৎ দুর্বিবেকতা ।

গতিশূন্যং ন বেদোহয়ং প্রমাণং সংবদভ্যত ॥ ৬২

পদান্বয় । চেৎ (যদি) অভিযুক্তপ্রসিদ্ধিঃ (পাণিনি প্রভৃতি পণ্ডিতের
প্রসিদ্ধি) [গতিরূচ্যতে = গতি বলা যায়], পূর্ববৎ (পূর্বের ভাষা বুঝির কিংবা
আখ্যার জাত্ব) দুর্বিবেকতা (নিরূপণ করা কঠিন) [শ্চাৎ = হইয়া পড়ে],
উত (অথবা) প্রমাণম্ (প্রমাণভূত) অয়ম্ (এই) বেদঃ (শ্রুতি) গতিশূন্যম্
(গতিশূন্যবৎ) ন সংবদতি (অনুবাদ করিবে না) ॥ ৬২

অনুবাদ । যদি পাণিনি প্রভৃতি পণ্ডিতের প্রসিদ্ধি বশতঃ জাত্ব

নিরূপিত হয়, তাহা হইলে পূর্ববৎ আত্মা কিংবা বুদ্ধির জ্ঞাতৃত্ব নিরূপণ করা কঠিন হইয়া উঠে, পরন্তু প্রমাণভূত বেদ আত্মার জ্ঞাতৃত্বকে গতিশূন্যের মত অনুবাদ করিবেন না ॥ ৬২

টীকা । দ্বিতীয়মন্ত্র প্রত্যাহ—অভিযুক্তোতি । পূর্ববদিতি । বুৎসোঅনো বা জ্ঞাতৃত্বঃ ত্বনিরূপমিতি প্রাপ্তকদোষপ্রসঙ্গ ইত্যর্থঃ । যন্তেৎ ত্বি আন্বনো গতিশূন্যমিব জ্ঞাতৃত্বঃ বেদোহনুবদিষ্যতীতি তত্রাহ—গতীতি । প্রমাণমিতি হেতুগর্ভং বেদবিশেষণম্ ॥ ৬২

আদর্শে মুখসামান্যং মুখশ্চেষ্টং হি মানবৈঃ ।

মুখস্য প্রতিবিম্বো হি মুখা কারেণ দৃশ্যতে ॥ ৬৩

পদান্বয় । আদর্শে (দর্পণে) মুখসামান্যং (মুখের সমানত্ব) মুখস্ত (গ্রীবাস্থ বদনের) মানবৈঃ (লোককর্তৃক) ইষ্টম্ (অভিপ্রেত) হি (নিশ্চিত), হি (যেহেতু) মুখস্ত (মুখের) প্রতিবিম্বঃ (ছায়া) মুখা কারেণ (মুখাকারে, মুখরূপে) দৃশ্যতে (দৃষ্ট হয়) ॥ ৬৩

অনুবাদ । আদর্শে দৃশ্যমান মুখের সমানাকার যে গ্রীবাস্থ মুখ, ইহা লোকে প্রসিদ্ধ, কারণ, মুখের প্রতিবিম্ব মুখাকারে দৃষ্ট হইয়া থাকে * ॥ ৬৩

টীকা । চিদাশ্চৈবোপাধিকো জানাত্যাদিশব্দপ্রয়োগঃ সম্ভবতীত্যন্তিপ্রেত্য সিদ্ধান্তী দৃষ্টান্তমাহ—আদর্শেতি । আদর্শে দৃশ্যমানঃ যমুখং তেন সামান্যং সমানত্বমেকত্বং মুখস্তাদর্শাদবহিস্তিষ্ঠতো মানবৈরিষ্টং হি প্রসিদ্ধমিত্যকুর্যর্থঃ । আদর্শে মুখব্যক্ত্যন্তরোৎপাদানুপপত্তিসহকৃততয়া মদীরং মুখমিতি প্রত্যাজ্জয়া বিম্বপ্রতিবিম্বতাবেনোপাধিতো ভেদাবভাসেহপি মুখেক্যং মানবৈরিষ্যতে এব ইত্যুক্তং ভবতি । উক্তমেবৈকত্বং ফুটয়তি—মুখশ্চেষ্টং ॥ ৬৩

যত্র যশ্চাবভাসস্তু তয়োরেবাবিবেকতঃ ।

জানাতীতি ক্রিয়াং সর্কে। লোকো বক্তি স্বভাবতঃ ॥ ৬৪

* তাৎপর্য—আদর্শে মুখের প্রতিবিম্ব কথিত হয়, তাহা উপাধিক ; কারণ দর্পণরূপ উপাধি থাকার এইরূপ হয় । সেইরূপ জানাতী—ইত্যাদি শব্দ প্রয়োগ আত্মাতে উপাধিক হইতক । গ্রীবাস্থমুখ এবং দর্পণস্থ মুখ উপাধিক ভিন্ন হইলেও লোকে অভিন্ন বলিয়া থাকে, কারণ মুখের সমানাকার মুখ দর্পণে পতিত হয় এবং আমার মুখ—এইরূপ প্রত্যাজ্জয়িত হইয়া থাকে, এই লোকে দৃষ্টান্ত কথিত হইল ।

পদান্বয় । বত্র (বাহাতে) যন্ত (বাহার) অবভাসঃ (প্রকাশ) তয়োরেব (তাহাদেরই) অবিবেকতঃ (অজ্ঞানবশতঃ, অভিন্নত্বহেতু) সৰ্ব্বঃ লোকঃ (সমস্ত লোক) স্বভাবতঃ (স্বতঃ) জানাতি ইতি (জানাতি এইরূপ) ক্রিয়াম্ (ক্রিয়াকে) বক্তি (বলে) ॥ ৬৪

অনুবাদ । বাহাতে যে বস্তুর অবভাস হয়, সেই বস্তুদ্বয়ের অবিবেকবশতঃ সমস্ত লোক স্বভাবতঃ জানাতি ইত্যাদি ক্রিয়া প্রকাশ করিয়া থাকে * ॥ ৬৪

টীকা । যথা কল্পিতমুখশ্চ পরমার্থমুখশ্চ চ অন্তোক্তাবিবেকান্মলিনং মুখমন্নং বক্রমিত্যাদিব্যাপদেশ উপাধিনিবন্ধনঃ তথা আত্মন্যপি জ্ঞাতৃদ্ব্যাদিব্যাপদেশ উপাধিনিবন্ধন ইত্যুপপন্নমিতি দাষ্ট্যৈকমাহ—যত্রৈতি । অবভাস আভাসঃ প্রতিবিম্ব-ভাব ইতি যাবৎ ॥ ৬৪

বুদ্ধেঃ কর্তৃত্বমধ্যস্ত জ্ঞানাতীতি জ্ঞ উচ্যতে ।

তথা চৈতন্যমধ্যস্ত জ্ঞত্বং বুদ্ধেরিহোচ্যতে ॥ ৬৫

পদান্বয় । বুদ্ধেঃ (বুদ্ধির, বুদ্ধিগত) কর্তৃত্বম্ (কর্তৃত্ব) [আত্মনি = আত্মাতে] অধ্যস্ত (আরোপ করিয়া) জানাতি ইতি (জানে—এই) জ্ঞঃ (জ্ঞানকর্তা) উচ্যতে (কথিত হয়), তথা (সেইরূপ) ইহ (এস্থলে) [বুদ্ধৌ = বুদ্ধিতে] চৈতন্যম্ (চৈতন্যকে) অধ্যস্ত (আরোপ করিয়া) বুদ্ধেঃ (বুদ্ধির) জ্ঞত্বম্ (জ্ঞানবৎ) উচ্যতে (কথিত হয়) ॥ ৬৫

অনুবাদ । আত্মাতে বুদ্ধিগত কর্তৃত্ব আরোপ করিয়া জানাতি এই শব্দ দ্বারা আত্মা জ্ঞানবান্ বলিয়া উক্ত হ'ন, সেইরূপ এখানেও বুদ্ধিতে চৈতন্য আরোপ করিয়া বুদ্ধির জ্ঞানবৎ অভিহিত হয় † ॥ ৬৫

টীকা । যচ্ছব্দাভ্যামুক্তমর্থং স্পষ্টয়তি—বুদ্ধেরিতি । বুদ্ধ্যাগ্ননোক্তাদাত্মা-ধ্যাসে সতি অন্তোক্তধর্মসকরাৎ আত্মা জ্ঞানাত্যহং জানামীতি চ ব্যাপদেশো ভবতীতি সমুদারার্থঃ ॥ ৬৫

* তাৎপর্য—বুদ্ধের প্রতিবিম্ব দর্পণে গতিত হয়, কিন্তু লোকে মুখ ও দর্পণের বিবেক (পার্থক্য) করিতে না পারিয়া, দর্পণগত মালিন্যাদি মুখে আরোপ করিয়া থাকে; তদ্রূপ উপাধিবশতঃ আত্মাতে জ্ঞাতৃদ্ব্যাদি আরোপ হইয়া থাকে ।

† তাৎপর্য—আত্মা চৈতন, বুদ্ধি জড়া, আত্মাতে বুদ্ধিগত কর্তৃত্বের অধ্যাস হয়, তাহাতে জানাতি শব্দ দ্বারা আত্মা 'জ্ঞ' বলিয়া কথিত হন, সেইরূপ আত্মচৈতন্য বুদ্ধিতে অধ্যস্ত হইলে বুদ্ধিও 'জ্ঞ' বলিয়া কথিত হন ।

স্বরূপং চাত্মনো জ্ঞানং নিত্যং জ্যোতিঃ শ্রেণ্যতের্যতঃ ।

ন বুদ্ধ্যা ক্রিয়তে তস্মান্নাত্মনাগ্নেন বা সদা ॥ ৬৬

পদার্থায় । জ্ঞানম্ (জ্ঞান) আত্মনঃ (আত্মার) স্বরূপম্ (স্বরূপভূত), জ্যোতিঃ শ্রেণ্যতঃ (স্বয়ং প্রকাশস্বরূপ আত্মা এইরূপ শ্রুতি আছে) বতঃ (যাহেতু) [অতঃ = অতএব] নিত্যম্ (অবিনাশী) তস্মাৎ (তজ্জন্ত) বুদ্ধ্যা (বুদ্ধিকর্তৃক) [জ্ঞানম্ = জ্ঞান] ন ক্রিয়তে (কৃত হয় না) আত্মনা (আত্ম-কর্তৃক) অগ্নেন বা (অথবা অগ্নি কর্তৃক) সদা (সর্বদা, কখনও) ন (জ্ঞান উৎপাদিত হয় না) ॥ ৬৬

অনুবাদ । জ্ঞান আত্মার স্বরূপ, সুতরাং তাহা নিত্য, আত্মা স্বয়ং প্রকাশস্বরূপ—এইরূপ শ্রুতি বিদ্যমান আছে ; অতএব বুদ্ধি জ্ঞান উৎপাদন করে না, আত্মা কিংবা অগ্নি কেহ কখনও জ্ঞান উৎপাদন করে না ॥ ৬৬

টীকা । নহু বুদ্ধ্যাভিভিরাগ্নিনি জ্ঞানমুৎপাদতে ততঃ কথমিদমুচ্যতে আত্ম-চৈতন্ত্বং বুদ্ধাবধ্যস্তত ইতি ? তত্রাহ—স্বরূপশ্চেতি । জ্ঞানমাত্মনঃ স্বরূপং ‘তদেব জ্যোতিষাং জ্যোতিরাষ্ট্রৈবাস্ত জ্যোতিঃ’ ‘অত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতিঃ সাক্ষী চ’ ইত্যাদিশ্রুতেঃ । অতশ্চ নিত্যমেব বতন্তস্মান্ন বুদ্ধ্যা জ্ঞানং ক্রিয়তে । আত্মনাবাগ্নেন বা চক্ষুরাদিনা জ্ঞানং সদা কদাপি ন ক্রিয়ত ইত্যর্থঃ ॥ ৬৬

দেহেহংপ্রত্যয়ো যদ্বজ্জানাতীতি চ লৌকিকাঃ ।

বদান্তি জ্ঞানকর্তৃত্বং তদ্বদ্বুদ্ধেস্তুথাত্মনঃ ॥ ৬৭

পদার্থায় । যৎ (যেমন) লৌকিকাঃ (সাধারণ লোকেরা) দেহে (শরীরে) অহং প্রত্যয়ঃ (আমি মহুষ্য, স্থল, কৃশ ইত্যাদি প্রত্যয়) তৎ (সেইরূপ) জানাতি ইতি চ (এবং জানে এইরূপ) বুদ্ধেঃ (অন্তঃকরণের) জ্ঞান-কর্তৃত্বম্ (জ্ঞানকর্তৃত্ব) বদান্তি (বলে, ব্যবহার করে) তথা (সেইরূপ) আত্মনঃ (আত্মার) [জ্ঞান-কর্তৃত্বম্ = জ্ঞান কর্তৃত্ব] ॥ ৬৭

অনুবাদ । [বুদ্ধি এবং আত্মার পরস্পর অধ্যাসে ব্যবহার হয় একপক্ষে দৃষ্টান্ত প্রদত্ত হইতেছে—] যেমন সাধারণ লোক দেহে আত্মার আরোপ করিয়া আমি মহুষ্য, স্থল, কৃশ এইরূপে ব্যবহার করে, সেইরূপ বুদ্ধিতে চৈতন্ত্বের অধ্যাস করিয়া জানাতি এইরূপ শব্দ দ্বারা বুদ্ধির জ্ঞানকর্তৃত্ব বলিয়া থাকে ; সেইরূপ আত্মারও জানাত্মাদি ব্যবহার কালে সিদ্ধ হয় ॥ ৬৭

টীকা । বুদ্ধ্যান্নোরন্তোক্তধর্মাদ্যােসেটেনব ব্যবহার ইত্যাক্ষেপে দৃষ্টান্তমাহ—
 দেহ ইতি । রূপাদিমণ্ডেন ঘটাদিবদহংপ্রত্যয়াংযোগোহপি দেহে চেতনামধ্যস্ত
 যথাহং মনুষ্যঃ কৃশঃ স্থূল ইত্যাদি প্রত্যয়ো দৃশ্যতে তথা বুদ্ধেজ্জড়ম্ভেন জ্ঞাতৃ-
 যোগ্যেষেহপি চিদাত্মাসব্যাপ্ত্যা জ্ঞাতৃমারোপ্য জ্ঞানাত্মীতি লৌকিকা বদন্তি
 ব্যবহরন্তি । দার্ষ্টান্তিকমাহ—তথাত্মন ইতি । বিকাররহিতস্তাপ্যাত্মনো বিকারি-
 তিতো বিবেকাৎ বিকারিত্বাদিবাপদেশসিদ্ধিরিত্যর্থঃ । যদা স্থূলদেহে বদহং-
 প্রত্যয়ো মনুষ্যোহহমিত্যেবমাদিরহংপ্রত্যয়াযোগোহপি ব্যবহরিতে সর্কৈঃ ।
 লৌকিকাস্ত শাস্ত্রসংস্কাররহিতাঃ দেবদত্তো জ্ঞানাত্মীতি মনুত ইতি চ দেহশ্চৈব
 জ্ঞাতৃত্বং বদন্তি তদ্বদবুদ্ধেজ্জানকর্তৃত্বং তথাত্মনো জ্ঞানাত্মত্বং বিকারবস্তু
 ব্যবহারাস্পদং ভবতীত্যর্থঃ ॥ ৬৭

বৌদ্ধৈস্ত্ব প্রত্যয়েরেবং ক্রিয়মাণৈশ্চ চিন্মিতৈঃ ।

মোহিতাঃ ক্রিয়তে জ্ঞানমিত্যাছস্তার্কিকা জনাঃ ॥ ৬৮

পদাঙ্কয় । এবং (এইরূপ, পূর্কৌকুরূপে বুদ্ধি এবং আত্মার পরস্পর
 অধ্যাসবশতঃ) চিন্মিতৈঃ (চৈতন্যছায়াপতনে : চেতনাসদৃশ) বৌদ্ধৈঃ
 (বুদ্ধিপ্রভব) ক্রিয়মাণৈঃ (উৎপাদ্যমান) প্রত্যয়েস্ত্ব (প্রত্যয়সমূহের দ্বারা,
 বৃত্তি বিশেষের দ্বারা) মোহিতাঃ (মোহপ্রাপ্ত) তার্কিকা জনাঃ (নৈয়ায়িকগণ)
 জ্ঞানং (ব্রাহ্মজ্ঞান) ক্রিয়তে (উৎপাদিত হয়) ইতি (ইহা) আছঃ
 (বলিয়া থাকেন) ॥ ৬৮

অনুবাদ । [নৈয়ায়িকগণ জ্ঞানের উৎপত্তি ও বিনাশ দেখিয়া জ্ঞান
 আত্মকর্তৃক উৎপাদিত হয় এই কথা বলেন, তাহা হইলে নিত্যজ্ঞান আত্মস্বরূপ
 এই কথা কিরূপে সম্ভব হয়, এই আশঙ্কায় বলিতেছেন—] এইরূপ বুদ্ধিও আত্মার
 অধ্যাসবশতঃ চেতনাসদৃশ উৎপাদিত বুদ্ধি বৃত্তি (জ্ঞান) সমূহের দ্বারা মোহপ্রাপ্ত
 তার্কিকগণ আত্মা জ্ঞান উৎপাদন করেন, এইরূপ বলিয়া থাকেন * ॥ ৬৮

টীকা । নহু তার্কিকা জ্ঞানসোৎপত্তিবিনাশো পশ্যন্তো জ্ঞানমাত্মনা

* তাৎপর্য—আত্মা নিত্যজ্ঞানস্বরূপ, আত্মপ্রকাশ বুদ্ধিতে পড়িলে বুদ্ধি চেতনের দ্বারা
 হয় এবং ঘটজ্ঞান পটজ্ঞান এইরূপ বৃত্তিরূপ জ্ঞানের উৎপত্তি হয়, বুদ্ধি ও আত্মার পরস্পর
 অধ্যাসবশতঃ এইরূপ হয়, তাহা বুদ্ধিতে না পারিয়া নৈয়ায়িকগণ আত্মাকে জ্ঞানের কর্তা
 বলেন । যেমন আকাশ অখণ্ড, কিন্তু ঘটাদি উপাধিতে নানা প্রতীয়মান হয়, সেইরূপ
 আত্মা নিত্যজ্ঞানস্বরূপ হইলেও বুদ্ধিরূপ উপাধিতে নানা এবং আত্মারই বৃত্তিজ্ঞান,—এইরূপ
 প্রতীতি হয় ।

ক্রিয়তে ইত্যাহঃ, তৎকথং নিত্যং জ্ঞানমাশ্রয়রূপমিত্যুক্তমিত্যত আহ—বৌদ্ধৈ-
স্থিতি । এবং পূর্কোক্ত প্রকারেণাবুদ্ধ্যোরন্তোক্তাধ্যাসাচ্ছিন্নিতৈশ্চিচ্ছারাপত্ত্যা
চিদিব ভাসমানৈবৌদ্ধৈর্বুদ্ধিপ্রভবৈঃ ক্রিয়মাণৈঃ প্রত্যয়ের্বুদ্ধি বিশেষৈর্মোহিতা
স্তার্কিকা অনা জ্ঞানং ক্রিয়তে জায়তে ইত্যাহর্বদন্তি । তেষাং বুদ্ধ্যাশ্রয়বিবেক
এবাপরাধো নহু জ্ঞানং ক্রিয়তে । তথা সতি প্রত্যয়োৎপত্তিবিনাশরোরসাক্ষিক-
তয়াহসিদ্ধি প্রসঙ্গাদিত্তি ভাবঃ ॥ ৬৮

তস্মাজ্ জ্ঞাতাসবুদ্ধীনাংবিবেকাৎ প্রবর্তিতাঃ ।

জানাতিত্যাदिशकश्च प्रत्यायो या च तत्सृतिः ॥ ৬৯

পদাশ্রয় । তস্মাৎ (তজ্জন্ত) জ্ঞাতাসবুদ্ধীনাং (আত্মা, বুদ্ধিহ আত্মাতাস
এবং বুদ্ধির) অবিবেকাৎ (অজ্ঞানবশতঃ, পৃথক্ জ্ঞানের স্ভাববশতঃ) জানাতি
ইত্যাদি শব্দশ্চ (এবং জানাতি এইরূপ শব্দ) প্রত্যয়ঃ (তদ্বিষয়ক জ্ঞান) যা চ
তৎসৃতিঃ (এবং সেই সংস্কার ইত্য য়ে সৃতি, এই তিনটি) প্রবর্তিতাঃ (প্রবর্তিত
হইয়া থাকে) ॥ ৬৯

অনুবাদ । অতএব আত্মা, আত্মাস এবং বুদ্ধির অবিবেকবশতঃ জানাতি
এইরূপ শব্দ তদ্বিষয়ক জ্ঞান এবং সেই সংস্কার ইত্য সৃতি [এই তিনটি]
প্রবৃত্ত হয় ॥ ৬৯

টীকা । বস্মাদেবং বিচার্যমাণে প্রমাণসিদ্ধকোটহস্তাশ্রয়নো ন বিকারিত্বং
প্রামাণিকং বস্মাচ্চ জ্ঞানমাশ্রয়রূপত্বপ্রবণারিত্যমেবেতি ন কেনাপি ক্রিয়তে ।
বস্মাচ্চ বুদ্ধিসংসর্গং বিনাশ্রয়নো ন জাতৃত্বমুপলভ্যতে স্পৃষ্টাবদর্শনাৎ । বুদ্ধিশ্চ নাশ্রয়নঃ
পৃথক্ জাতৃত্বাশ্রয়াকারোপলভ্যতে তস্মাদাত্মবুদ্ধি তৎহাত্মাসানাংবিবেকাদ্ বধা
প্রসিদ্ধমেব ব্যাবহারিকং বুদ্ধ্যাশ্রয়নোরেকত্বং গৃহীত্বা জানাত্যাদিব্যপদেশ উপপত্ততে
ন পরমার্থতো মুখ্যমন্তদালম্বনম্ভীতি প্রকৃতমুপসংহরতি—তস্মাদিত্তি । জানাতি-
ত্যাदिशकश्च तदनन्तरभावो तद्विषयः प्रत्यायश्च, या च तत्संस्कारजा सृतिः सा चेति
अरोहर्थाः । জ্ঞাতাসবুদ্ধীনাংবিবেকাৎ প্রবর্তিতা ইতি যোজনা ॥ ৬৯

आदर्शानुविधायित्वं छायाया अश्रुते मुखम् ।

बुद्धिधर्मानुकारित्वं ज्ञातासस्रु तथेष्यते ॥ ৭০

পদাশ্রয় । [বধা = যেমন] ছায়ায়া (মুখাতাসের, দর্শনে মুখ প্রতিবিম্বের)

আদর্শানুবিধারিত্বম্ (দর্পণের সঙ্গে মুখাতাসের সজা তাহার অভাবে মুখাতাসের অভাব এইরূপ দর্পণানুবিধারিত্ব) মুখম্ (মুখে) অস্ততে (আরোপিত হয়), তথা (সেইরূপ) জ্ঞাতাসস্ত (আত্মাতে আতাসের) বুদ্ধিধর্ম্মানুকারণম্ (বুদ্ধির ধর্ম্ম—কর্তৃত্বাদির অনুকারিত্ব) ইষাতে (ইষ্ট হয়) ॥ ৭০

অনুবাদ। [আত্মাতে, আতাস এবং বুদ্ধির অবিবেকবশতঃ সমস্ত ব্যবহার হয়, সত্য নহে; তাহা দৃষ্টান্ত প্রদর্শন দ্বারা স্পষ্টরূপে বলিতেছেন—] যেমন মুখাতাসে দর্পণানুবিধান মুখে অধ্যস্ত হয়, সেইরূপ আত্মাতে আতাসের বুদ্ধি ধর্ম্মানুকারণ আরোপিত হইয়া থাকে ॥ ৭০

টীকা। জ্ঞাতাসবুদ্ধীনাংবিবেকমূলঃ সর্বো ব্যবহারো ন পারমাধিক ইত্যুক্ত-মর্থং দৃষ্টান্তেন স্পষ্টয়তি—আদর্শেতি। ছায়ায় মুখাতাসস্ত বদা দর্শানুবিধারিত্বং তন্মুখে অস্ততেহধ্যস্ততে বধেতি শেষঃ। তথাধ্যস্তস্ত চিদাতাসস্ত বুদ্ধিধর্ম্মানু-কারিত্বং স্তে আত্মনৌষাতেহধ্যস্ত ব্যবাহরিত ইত্যর্থঃ ॥ ৭০

বুদ্ধেস্ত প্রত্যয়ান্তস্মাদাত্মাতাসেন দীপিতাঃ।

গ্রাহিকা ইব ভাসন্তে দহন্তীবোল্লুকাদয়ঃ ॥ ৭১

পদার্থায়। তস্মাৎ (অতএব) বুদ্ধেস্ত (অস্তঃকরণেবই) প্রত্যয়াঃ (জ্ঞানসমূহ) আত্মাতাসেন (আত্ম প্রকাশের দ্বারা) দীপিতাঃ (প্রকাশিত হইয়া) গ্রাহিকা ইব (যেন গ্রাহিকার জ্ঞান, দাহকর্তার জ্ঞান) ভাসন্তে (প্রকাশ পায়) [এক্ষে দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে] উল্লুকাদয় ইব (যেমন অঙ্গার প্রভৃতি অগ্নির সহিত মিশ্রিত হইয়া দাহ করে, সেইরূপ) দহন্তি (দগ্ন করে) ॥ ৭১

অনুবাদ। যেমন অঙ্গার প্রভৃতি [অগ্নির সহিত অবিকল্প থাকিয়া] দগ্ন করে বলিয়া বোধ হয়, সেইরূপ বুদ্ধির প্রত্যয়সমূহ আত্মপ্রকাশের দ্বারা প্রকাশিত হইয়া প্রকাশকর্তার জ্ঞান প্রতিভাসমান হয় ॥ ৭১

টীকা। বস্মাৎ এবং চিদাতাসা বিবিক্তা বুদ্ধিঃস্মাৎ তৎপরিণামেষু গ্রাহক-প্রতিভাসসিদ্ধিরিত্যাহ—বুদ্ধেস্তিতি। নিগদব্যাত্যাতং পশ্যম্ ॥ ৭১

স্বয়মেবাবভাসন্তে গ্রাহকাঃ স্বয়মেব চ।

ইত্যেবং গ্রাহকাস্তিত্বং প্রতিষিধ্যন্তি সৌগতাঃ ॥ ৭২

পদার্থায়। [প্রত্যয়াঃ = জ্ঞানসমূহ] স্বয়মেব (নিজেই) অবভাসন্তে

(প্রকাশিত হয়) স্বয়মেব চ (এবং স্বয়ম্ ই) গ্রাহকাঃ (প্রকাশক) ইত্যেবম্ (এইরূপ) সৌগতাঃ (বৌদ্ধগণ) গ্রাহকাণ্ডিষম্ (প্রকাশকের সত্তাকে) প্রতি-
বিধ্যস্তি (প্রতিষেধ করে) ॥ ৭২

অনুবাদ । প্রত্যয় সমূহ স্বয়ং প্রকাশিত হয় এবং স্বয়ংই প্রকাশক,
বৌদ্ধগণ এইরূপে প্রকাশকের সত্তা নিষেধ করিয়া থাকেন ॥ ৭২

টীকা । এবমাত্মসবিবিকল্পদার্থস্বরূপাজ্ঞানাদ্ যথা ত্যাক্তিকাগাং ব্যামোহো
জ্ঞানং ক্রিয়ত ইতি তথা বৌদ্ধানাংপি বুদ্ধিব্যতিরিক্তো গ্রাহকো নাতীতি
ব্যামোহ এবত্যাহ—স্বয়মেবেতি । স্বয়মেব চ প্রত্যয়া ইতি শেষঃ ॥ ৭২

যদেবং নান্দৃশ্যাস্তে কিংতদ্বারণমুচ্যতাম্ ।

ভাবাভাবৌ হি তেষাং যৌ নান্য়গ্রাহৌ সতা যদি ॥ ৭৩

পদান্বয় । তে (সেই প্রত্যয়সমূহ) ন অন্তদৃশ্যাঃ (নিত্যসিদ্ধ অস্ত্র সাক্ষিকর্তৃক
গ্রাহ নহে) যদি (যদি) এবম্ (এইরূপ) [বৌদ্ধা বদন্তি = বৌদ্ধেরা বলে]
তদ্বারণম্ (সেই মতের বারণ) কিম্ (কি আছে) ? উচ্যতাম্ (বল) ; তেষাম্
(সেই সমস্ত প্রত্যয়ের) যৌ (যে) ভাবাভাবৌ (উৎপত্তি এবং বিনাশ) সতা
অন্যগ্রাহৌ (স্বতঃসিদ্ধ অস্ত্রসাক্ষিকর্তৃক গ্রাহ) যদি (যদিও) [তথাপি = তাহা
হইলেও] ন হি (আভাস করনার প্রয়োজন নাই, স্থায়ী আত্মাই সিদ্ধ হয়) ॥ ৭৩

অনুবাদ । প্রত্যয় সমূহ নিত্যসিদ্ধ অস্ত্র সাক্ষিকর্তৃক গ্রাহ হয় না, এইরূপ
বৌদ্ধ বলিলে তাহার বারণ কিরূপে হইবে তাহা বল ; বা [উত্তর] প্রত্যয়সমূহের
উৎপত্তি এবং বিনাশ যদি স্বতঃসিদ্ধ অস্ত্রসাক্ষীর গ্রাহ হয়, তাহা হইলে, [স্থায়ী
আত্মা গ্রাহক সিদ্ধ হইল] আভাস করনার প্রয়োজন কি ? * ॥ ৭৩

টীকা । যদেবং প্রত্যয়ানাং গ্রাহকমন্তঃ স্থিরমনাদৃত্য প্রত্যয়মেব গ্রাহগ্রাহ-
কাকারং বৌদ্ধা মন্তস্তে তর্হি তন্নতশাস্ত্রভবানুসারিত্বাৎ আভাসানভ্যুপগমে কথং
তে নিরাকর্তব্য ইত্যশয়েন স্বযুধ্যং পৃচ্ছতি—যদেবমিতি । তে প্রত্যয়া নান্য়-
দৃশ্যাঃ, অন্তেন সাক্ষিপা নিত্যসিদ্ধেন ন গ্রাহা ইতি, যদেবং বৌদ্ধা বদন্তি তন্নত-
বারণং কিমন্তি তদুচ্যতাম্ ইত্যুক্তে স্বযুধ্যঃ প্রত্যাহ—ভাবাভাবাবিতি । তেষাং
প্রত্যয়ানাং যৌ ভাবাভাবৌ উৎপত্তিবিনাশৌ সতা স্বতঃসিদ্ধেন সাক্ষিপাত্তেন

* তাৎপর্য—বৌদ্ধগণ এক বুদ্ধিকে গ্রাহক ও গ্রাহ বলিয়া থাকে

গ্রাহ্যে বস্তুপি তথাপি যস্মিন্ প্রত্যয়ানাং ভাবাত্যবো সোহহমিতি প্রত্যভিজ্ঞা-
ননাৎ তেষাং গ্রাহকোহস্মী স্থাধ্যাত্মা সিধ্যতি কিমাতাসকল্পনয়েতি বোজনা ॥ ৭৩

অনুয়ী গ্রাহকস্তেষামিত্যেতদপি তৎসমম্ ।

অচিতিত্বস্ত তুল্যত্বাদন্যস্মিন্ গ্রাহকে সতি ॥ ৭৪

পদান্বয় । তেষাম্ (প্রত্যয় সমূহের) গ্রাহকঃ (প্রকাশক) অনুয়ী (স্থায়ী)
ইতি এতদপি (এইরূপ প্রত্যভিজ্ঞাসিদ্ধ গ্রাহক) তৎসমম্ (প্রত্যয় তুল্য, অর্থাৎ
জড়), অন্তস্মিন্ (অন্ত) গ্রাহকে সতি (প্রকাশক থাকিলেও) অচিতিত্বস্ত
(জড়ত্বের) তুল্যত্বাৎ (সদৃশত্ব হেতু) [কথং গ্রাহকঃ = কিরূপে গ্রাহক হইবে]
[অথবা গ্রাহকে অসতি = গ্রাহক না থাকিলে] ॥ ৭৪

অনুবাদ । প্রত্যয়সমূহের স্থায়ী গ্রাহক আছে, এইরূপ গ্রাহকও প্রত্যয়ের
তুল্য জড় ; অন্তগ্রাহক থাকিলেও তাহার জড়ত্ববশতঃ গ্রাহক হইতে পারে না * ॥ ৭৪

টীকা । এবং স্বঘণ্টেনোক্তেনৈতাবতা বৌদ্ধো বারসিতুঃ শকাত ইতি দৃষ-
য়তি—এতদপীতি । এতদপি প্রত্যভিজ্ঞানসিদ্ধমপি গ্রাহকরূপং তৎসমং
প্রত্যয়সমং জড়মেবেত্যত্র হেতুমাহ—অচিতিত্বশ্চেতি । অস্মর্থঃ—প্রত্যয়-
গ্রাহকঃ অপ্রকাশঃ স্বপ্রকাশো বা ? আন্তঃ প্রত্যাহ—অচিতিত্বশ্চেতি । অন্ত-
স্মিন্ গ্রাহকে সতি গ্রাহকোটিপতিত্বেন জাড্যাপরিহারাৎ স্বয়মপ্যসিদ্ধঃ
কথং প্রত্যয়ানাং গ্রাহক ইত্যর্থঃ । অথবা অন্তস্মিন্ গ্রাহকে সতি স্বতঃসিদ্ধে
সাক্ষিন্যাবস্থামানে প্রত্যভিজ্ঞাগ্রাহ্যস্তাপি অচিতিত্বস্ত তুল্যত্বাদ্ গ্রাহকত্বাসিদ্ধি-
রিত্যর্থঃ । দ্বিতীয়ে স্ব প্রকাশস্ত সাক্ষিনো নির্বিকারত্বাভাসনিক্কারিত্যে দ্রষ্টব্যম্ ॥ ৭৪

অধ্যক্ষস্ত সমীপে তু সিদ্ধিঃ শ্রাদিতি চেন্নতম্ ।

নাধ্যক্ষেহনুপকারিত্বাদন্যত্রাপি প্রসঙ্গতঃ ॥ ৭৫

পদান্বয় । অধ্যক্ষস্ত তু (দ্রষ্টার, সাক্ষীরই) সমীপে (সান্নিধ্যে) সিদ্ধিঃ
(প্রত্যয়ের ভাব এবং অভাবের নিশ্চয়) শ্রাৎ (হয়) ইতি (এইরূপ) চেৎ
(যদি) মতম্ (অভিযত হয়), অধ্যক্ষে (সাক্ষীতে) অনুপকারিত্বাৎ (উপ-
কারিত্বের অনিৰূপণ হেতু), অন্তত্র অপি (অন্ত বস্তুতেও) প্রসঙ্গতঃ (সাক্ষি-
ত্বের প্রসঙ্গবশতঃ) ন (তাহা ঠিক নহে) ॥ ৭৫

* তাৎপর্য—প্রত্যয়গুলি জড়, তাহার গ্রাহক যদি জড় হয়, তবে সে প্রকৃত গ্রাহক হইতে
পারে । অপিচ, অনবস্থা দোষ ঘটে ।

অনুবাদ । [স্বয়ংপ্রকাশ সাক্ষী না থাকিলে যদি প্রত্যয়সমূহের সত্তা ও অভাব সিদ্ধ না হয়, তবে সাক্ষীর সান্নিধ্যবশতঃ ভাবাতাব সিদ্ধ হইলে আত্মস্বীকারের কি প্রয়োজন ইহাই আশঙ্কা করিতেছেন]—সাক্ষীর সান্নিধ্যবশতঃ যদি প্রত্যয়সমূহের সত্তা ও অভাব সিদ্ধ হয়,—ইহাই যদি অভিমত, তাহা বলিতে পার না ; কারণ [নির্বিকার] সাক্ষীতে কোন উপকারিত্ব সম্ভবে না, [সকলের সহিত সাক্ষীর তুল্য সম্বন্ধবশতঃ] কাষ্ঠ লোষ্ট্রাদিরও সিদ্ধি প্রসঙ্গ হয় * ॥ ৭৫

টীকা । স্বপ্রকাশে সাক্ষিগ্যসতি প্রত্যয়ানাং ভাবাতাবসিদ্ধিশ্চেৎ তচ্চি সাক্ষি-সান্নিধ্যমাত্রেণৈব তৎসিদ্ধেঃ কৃতমাত্মসাত্ব্যপগমেনেতি শঙ্কতে—অধ্যক্ষ-শ্ৰোতি । তত্র বক্তব্যং কিং সাক্ষিসম্বন্ধানমাত্রপ্রত্যয়সিদ্ধিহেতুঃ, কিংবা তৎ-কৃতবিশেষযোগোহপীতি । তত্র দ্বিতীয়ং তাবদ্ দুষয়তি—নেতি । নির্বিকারৈহধ্যক্ষে উপকারিত্বানিরূপণাদিত্যর্থঃ । পাঠান্তরে অধ্যক্ষে সাক্ষ্যে-হংকারাদৌ অনুপকারিত্বাৎ উপকারপদবাচ্যাতিশয়াজনকত্বাদিত্যর্থঃ । প্রথমং দুষ-য়তি—অন্যত্রাপীতি । সাক্ষিগঃ পূর্ণতয়া সর্বত্র সদা সান্নিধ্যবিশেষাৎ কাষ্ঠ-লোষ্ট্রাদীনাংপি সিদ্ধিপ্রসঙ্গাদিত্যর্থঃ ॥ ৭৫

অর্থী ছুঃখী চ যঃ শ্রোতা স ত্বধ্যক্ষোহথবেতরঃ ।

অধ্যক্ষশ্চ চ ছুঃখিত্বমথিত্বঞ্চ ন তে মতম্ ॥ ৭৬

পদান্বয় । যঃ (যিনি) ছুঃখী (সংসার ছুঃখভাগী) অর্থী (মোক্ষার্থী) শ্রোতা চ (এবং গুরুর উপদেশ শ্রোতা) স তু (সেই) অধ্যক্ষঃ (সাক্ষী) অথবা (কিংবা) ইতরঃ (অপর কেহ) অধ্যক্ষশ্চ চ (অধ্যক্ষের) ছুঃখিত্বম্ (ছুঃখিত্ব) অথিত্বঞ্চ (এবং অথিত্ব) তে (তোমার) মতং ন (মত নহে) ॥ ৭৬

অনুবাদ । যে সংসার-ছুঃখভাগী, মোক্ষার্থী গুরুর উপদেশ শ্রোতা সেই অধ্যক্ষ (সাক্ষী) অথবা অন্য কেহ? অধ্যক্ষের ছুঃখিত্ব এবং অথিত্ব ত তুমি স্বীকার করিতে পার না † ॥ ৭৬

* তাৎপৰ্য্য—পূৰ্বপক্ষকে জিজ্ঞাসা করা বাইতেছে যে কেবলমাত্র সাক্ষীর সান্নিধ্যবশতঃ প্রত্যয়সিদ্ধি অথবা সাক্ষিকৃত বিশেষ সম্বন্ধ । যদি দ্বিতীয়টি বল, তাহা সম্ভব নহে ; কারণ সাক্ষী অবিকারী, সে উপকারী হইতে পারে না । যদি কেবল সান্নিধ্য বল, তাহাও হইতে পারে না ; কারণ সাক্ষী ব্যাপক, সকল পদার্থের সহিত তুল্য সম্বন্ধ বিদ্যমান ; হতরাং কাষ্ঠ লোষ্ট্রাদিরও সত্তা সিদ্ধ হইতে পারে ।

† তাৎপৰ্য্য—যদি আত্মস্বীকার না কর তবে বৌদ্ধাদি মতের তুল্যত্ব হয় । সাক্ষীকে ছুঃখী এবং মোক্ষার্থী ত বলিতে পার না ; কারণ সাক্ষী অবিকার । আন্যর মতে আত্মস্বীকার ছুঃখাদিভাগী ।

টীকা । এবমাত্মাসানভ্যুপগমে বৌদ্ধাদিমতসাম্যাদোষপরিহারানুপপত্তিং
 স্বস্থান্ প্রত্যক্ত্বা শাস্ত্রীণো বন্ধমোকব্যবহারোহপি তেষাং ন সিধ্যতীতি বক্তুং
 বিকল্পরতি—অর্থীতি । যো হুঃখিৎসেন মোক্ষার্থিৎসেন চ প্রসিদ্ধো ঞ্জরূপদেশ-
 শ্রোতা স এবাধ্যাক্ষো মতন্ততোহন্তো বেতি বিকল্পার্থঃ আন্তে নিরনুগ্রহাধ্যাক্ষ-
 বাদিনস্তবাপসিদ্ধান্তপ্রসঙ্গ ইতি দুষয়তি—সধ্যাক্ষশ্চেতি । আত্মাত্মাসানঙ্গী-
 কারবাদিনস্তে দ্বারাভাবাৎ অবিজ্ঞাতংকার্যাসম্বন্ধাসিদ্ধেস্তুে ন চ বিনাধিহাত্তসিদ্ধেঃ
 আত্মাত্ম্যুপগম প্রসঙ্গ ইত্যর্থঃ ॥ ৭৬

কর্তাধ্যক্ষঃ সদস্মীতি নৈব সদগ্রহমহঁতি ।

সদেবাসীতি মিথ্যোক্তিঃ শ্রুতেরপি ন যুক্ত্যতে ॥ ৭৭

পদান্বয় । কর্তা (কর্তৃত্ব ধর্মক, বিকারী) অধ্যক্ষঃ (সাক্ষী)সৎ (ব্রহ্ম) অস্মি
 (আমি) ইতি (এইরূপ) সদগ্রহম্ (সংশ্লিষ্ট নির্দিষ্ট ব্রহ্মজ্ঞান) ন এব
 অহঁতি (হয় না), শ্রুতেঃ অপি (শ্রুতিরও) সদ এব (ব্রহ্মই) অসি (তুমি
 হও) ইতি (এইরূপ) মিথ্যোক্তিঃ (মিথ্যা কথা) ন যুক্ত্যতে (যুক্ত হয় না) ॥ ৭৭

অনুবাদ । কর্তা অধ্যক্ষ ব্রহ্ম আমি—এইরূপ ব্রহ্মজ্ঞান হয় না, তুমি
 ব্রহ্মরূপ এইরূপ শ্রুতির মিথ্যা কথনও যুক্তিযুক্ত নহে * ॥ ৭৭

টীকা । দ্বিতীয়ং দুষয়তি—কর্তেতি । শ্রোতুরধিনোহধ্যক্ষস্ত চ ভেদপক্ষে
 কর্তা কর্তৃত্বাদিধর্মকো বিকারী শ্রোতা জড়বর্ণপতিতত্বাৎ সদহমধ্যাক্ষোহস্মীতি
 সদগ্রহং সদাশিখকনির্দিষ্টব্রহ্মজ্ঞানগ্রহং নাইতি বিরোধাদিত্যর্থঃ । যদ্বা সদধ্যাক্ষো
 নির্বিকার আত্মাহমস্মীতি সদগ্রহং যথার্থবোধং নাইতি ন লভত ইত্যর্থঃ ।
 শ্রুতিবোধপ্রসঙ্গাচ্চ অয়ং পক্ষো ন যুক্ত ইত্যাহ—সদেবেতি ॥ ৭৭

অবিবিচ্যোভয়ং বক্তি শ্রুতিশ্চেৎ স্মাদগ্রহস্তথা ।

অস্মদস্তু বিবিচ্যেব ত্বমেবেতি বদেদৃষদি ॥

প্রত্যয়ান্বয়িনিষ্ঠত্বমুক্তদোষঃ প্রসজ্যতে ॥ ৭৮

পদান্বয় । উভয়ম্ (আত্মা এবং অহঙ্কারকে) অবিবিচ্য (আত্মাসের

* তাৎপর্য—কর্তা ও সাক্ষী স্বরূপে সম্ভব নহে, কারণ দুইটি বিরুদ্ধ পদার্থ, একটি
 বস্তুতে বিরুদ্ধপদার্থদ্বয়ের সমাবেশ হইতে পারে না । কর্তা কর্তৃত্বাদি ধর্মবৃত্ত, স্ততরাং বিকারী,
 অধ্যক্ষ সাক্ষী, কর্তৃত্বাদি ধর্মরহিত । অপিচ, শ্রুতি 'তুমি ব্রহ্মরূপ'—এইরূপ বলিয়াছেন,
 কর্তৃত্বাদি ধর্ম থাকিলে ব্রহ্মরূপত্ব সম্ভব নহে । শ্রুতি কখনও মিথ্যা প্রতিপাদন করে না ।

ধারা বিবেক না করিয়া) শ্রুতিঃ (বেদ) বক্তি (বলে) [ইতি = এইপক্ষ] চেৎ (যদি অভিমত) তথা (সেইরূপ, যথা শ্রুত্ব্যক্তের) গ্রহঃ (গ্রহণ) শ্রাৎ (হয়), অস্মদন্ত (চৈতন্ত হইতে অহকারকে) বিবিচ্য এব (বিবেক করিয়াই) যদি (যদি) স্বমেব (তুমিই ব্রহ্ম) ইতি (এইরূপ) প্রত্যয়াধিনিষ্ঠত্বম্ (অহকার নিষ্ঠত্ব) বদেৎ (বলেন) [তদা = তাহা হইলে] উক্তদোষঃ (শ্রুতির মিথ্যাকথনরূপ দোষ) প্রসজ্যাত (প্রসঙ্গ হয়) ॥ ৭৮

অনুবাদ । যদি আত্মা ও অহকারকে [আত্মাসের ধারা] বিবিক্ত না করিয়া শ্রুতি আত্মতত্ত্ব বলেন, তবে যথাশ্রুত কথনের গ্রহণ হয়, যদি আত্মা হইতে অহকারকে বিবিক্ত করিয়া শ্রুতি অহকার-নিষ্ঠত্ব বলেন, তবে শ্রুতির মিথ্যাকথনরূপ দোষ প্রসঙ্গ হয় * ॥ ৭৮

টীকা । চিদাভাসানভ্যুপগমপক্ষে ব্রহ্মমোক্ষানুপপত্তিমুপপাত্ত্ব স্বপক্ষে তদুপ-পত্তিমাহ—অবিবিচ্যেতি । উভয়মাখ্যানমহংকারঞ্চ দ্বয়মাভাসদ্বারেণ বিবেকোপস-মবিবিচ্য বিবিক্তমকৃত্বা যথা প্রাপ্তমর্থিত্বাত্যপাদায় শ্রোত্বেন স্থিতং প্রতি 'তদ্বমসি' ইতি শ্রুতিবক্তি আত্মতত্ত্বমিতি চেৎ পক্ষস্তদা তথা যথাশ্রুত্ব্যক্তস্ত গ্রহো গ্রহণং শ্রাদিতি যোজন্য । . অস্মদন্তিপ্রায়ঃ—অস্তঃকরণাদৌ চিদাভাসোদয়েহপি সতি তদ্-গতবিকারাধ্যাসাৎ অবিবিক্তাহংকার আত্মার্থিত্বাদিসম্পন্নো মুমুকুতাং প্রতিপত্ততে । তৎ তথৈবাবিবেকবস্থং স্বমিত্যানুত্ত আভাসদ্বারা সাভাসান্তঃকরণমাক্ষিতয়া লক্ষয়িত্বা তেজোব্রহ্মাদিজগৎকারণেনোপলক্ষিতং সচ্ছব্বাচ্যং ব্রহ্ম তদিত্যানুত্ত জীবেনাথুনা নামরূপসংঘাতানু প্রবিষ্টত্বেন অপরোকপ্রত্যক্তয়া লক্ষয়িত্বা 'স্বং তদসি' ইতি শ্রুতি-রূপদিশতি আত্মতত্ত্বমিতি তয়া গ্রহণমুপপত্তত ইতি । অহংকার এব শ্রোতা শ্রাৎ কিমাখ্যানাভাসাভ্যুপগমেনেতি সাংখ্যমতমনুত্ত দুষ্প্রতি—অস্মদাস্ত্বিতি । প্রত্যয়াধরী অহংকারো যদি বাক্যমস্মদঃ প্রত্যক্ চৈতন্তাদহংকারঃ বিবিচ্যেব স্বমেবেতি প্রত্যয়াধিনিষ্ঠত্বং বদেৎ তদা উক্তো দোষঃ শ্রুতেমিথ্যোক্তিঃ প্রসঙ্গরূপঃ প্রসজ্যাত ইত্যর্থঃ ॥ ৭৮

* তাৎপৰ্য্য—শ্রুতি বলেন 'তদ্বমসি'—তুমি ব্রহ্মরূপ, যদি আত্মাসের ধারা—আত্মা ও অহকারের পার্থক্য না করিয়া তদ্বমসি বলেন, তবে যথাশ্রুত কথন হইল, ইহাতে দোষ হইতে পারে না, সেই স্বং পদবাচ্য ব্রহ্মরূপ হইতে পারে । তাহারই সংসার দুঃখ এবং পরে জ্ঞানের ধারা মোক্ষ সম্ভব হয় । আর যদি আত্মা ও অহকারের বিবেক করিয়া অহকারকে ব্রহ্ম বলেন, তবে শ্রুতির মিথ্যাবাদিরূপ দোষপ্রসক্তি ঘটে । বাস্তবিক পক্ষে শ্রুতি তাহা বলেন না । যদি আভাস স্বীকার করা যায়—তবে তাহারই সংসার ও মোক্ষ সম্ভব হয় ।

ত্বমিত্যাধ্যক্ষনিষ্ঠশ্চেদহমধ্যক্ষয়োঃ' কথম্ ।

সম্বন্ধো বাচ্য এবাত্র যেন ত্বমিত লক্ষয়েৎ ॥ ৭৯

পদান্বয় । ত্বম্ ইতি (ত্বম্ এই পদ অহকারবাচী হইয়া) অধ্যক্ষনিষ্ঠঃ (সাক্ষী পর্য্যবসিত) চেৎ (যদি) অহমধ্যক্ষয়োঃ (অহকার এবং সাক্ষীর) সম্বন্ধঃ (সম্বন্ধ) বাচ্যঃ (বক্তব্য), অত্র (এখানে) [সঃ=সেই সম্বন্ধ] কথম্ (কিরূপে উপপন্ন হয়) যেন (বাহার দ্বারা) ত্বম্ ইতি (ত্বম্—এই পদ) লক্ষয়েৎ (সাক্ষীকে লক্ষিত করে) ॥ ৭৯

